# চাকমা বাংলা অভিধান

(চাঙমা বাংলা কধা তারা)



সুগত চাকমা

# কল্পতরু বই পিডিএফ প্রকল্প

কল্পতরু মূলত একটি বৌদ্ধধর্মীয় প্রকাশনা প্রতিষ্ঠান। ২০১৩ সালে "হৃদয়ের দরজা খুলে দিন" বইটি প্রকাশের মধ্য দিয়ে এর যাত্রা শুরু। কল্পতরু ইতিমধ্যে অনেক মূল্যবান ধর্মীয় বই প্রকাশ করেছে। ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে। কল্পতরু প্রতিষ্ঠার বছর খানেক পর "kalpataruboi.org" নামে একটি অবাণিজ্যিক ডাউনলোডিং ওয়েবসাইট চালু করে। এতে মূল ত্রিপিটকসহ অনেক মূল্যবান বৌদ্ধধর্মীয় বই pdf আকারে দেওয়া হয়েছে। সামনের দিনগুলোতে ক্রমান্বয়ে আরো অনেক ধর্মীয় বই pdf আকারে উক্ত ওয়েবসাইটে দেওয়া হবে। যেকেউ এখান থেকে একদম বিনামূল্যে অনেক মূল্যবান ধর্মীয় বই সহজেই ডাউনলোড করতে পারেন। আমাদের একমাত্র উদ্দেশ্য হচ্ছে, বর্তমান আধুনিক প্রযুক্তির যুগে লাখো মানুষের হাতের কাছে নানা ধরনের ধর্মীয় বই পৌঁছে দেওয়া এবং ধর্মজ্ঞান অর্জনে যতটা সম্ভব সহায়তা করা। এতে যদি বইপ্রেমী মানুষের কিছুটা হলেও সহায় ও উপকার হয় তবেই আমাদের সমস্ত শ্রম ও অর্থব্যয় সার্থক হবে।

**আসুন ধর্মীয় বই পড়ুন, ধর্মজ্ঞান অর্জন করুন!**
**জ্ঞানের আলোয় জীবনকে আলোকিত করুন!**

# চাকমা-বাংলা অভিধান

# 𑄌𑄋𑄴𑄟-𑄝𑄁𑄣 𑄃𑄞𑄨𑄙𑄚𑄴

সুগত চাকমা

রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
রাঙ্গামাটি

চাকমা-বাংলা অভিধান

**প্রকাশনায়**

**গবেষণা ও প্রকাশনা শাখা**

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট

রাঙ্গামাটি।

**প্রথম প্রকাশ**

রাঙ্গামাটি, ২০১৬ খ্রিস্টাব্দ

**প্রচ্ছদ**

মৃত্তিকা চাকমা

**মুদ্রণ তত্ত্বাবধান**

ছড়াথুম পাবলিশার্স এন্ড ষ্টেশনারীজ

বনরূপা, রাঙ্গামাটি।

**মূল্য**

৩২০.০০ (তিনশত বিশ) টাকা।

---

CHAKMA-BENGALI DICTIONARY (Changma-Bangla Kadha Tara) Published by Research & Publication Wing of the Khudra Nri-Goshthir Shanakritik Institute, Rangamati. 1st Edition-2016. Price: Taka 320.00 (Three hundred Twenty) only.

# প্রসঙ্গ কথা

বাংলাদেশের শীর্ষ স্থানীয় নৃগোষ্ঠী ভাষা সমূহের মধ্যে চাকমা ভাষা অন্যতম। চাকমা ভাষা পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের অন্যতম প্রধান ভাষা। রাঙ্গামাটি এবং খাগড়াছড়ি এই দুইটি পার্বত্য জেলায় বসবাসরত নৃগোষ্ঠী সমূহের মধ্যে চাকমারাই হলো সংখ্যাগরিষ্ঠ নৃগোষ্ঠী। এই দুটি পার্বত্য জেলাতেই বর্তমানে চার লক্ষাধিক চাকমা বসবাস করছে। অধিকন্তু বান্দরবান ও কক্সবাজার জেলায় টেকনাফ সংরক্ষিত বনাঞ্চলেও চাকমা ভাষা ভাষী লোকজনের বসবাস রয়েছে। সেই সাথে উচ্চ শিক্ষা, চাকরী ও নানা কাজে বহু চাকমা দেশের রাজধানী ঢাকাসহ নানা জেলাতে কর্মরত রয়েছে। পার্বত্য চট্টগ্রামেও অন্যান্য জাতিগোষ্ঠীর অনেকেই চাকমা ভাষা বুঝতে এবং বলতে পারেন। তাই পার্বত্য চট্টগ্রামে গণ যোগাযোগের মাধ্যম হিসেবেও চাকমা ভাষার অশেষ গুরুত্ব রয়েছে।

বাংলাদেশ স্বাধীন হওয়ার পর থেকে পার্বত্য চট্টগ্রামে ক্রমাগত ভাবে চাকমা ভাষার উত্তরোত্তর উন্নতি হয়েছে এবং তারই সমান্তরালে থেকে ৭০-এর দশক থেকে চাকমা সাহিত্যেরও নানা ক্ষেত্রে বিকাশ ঘটেছে এবং এর সমৃদ্ধির সাথে সাথে আর্থ-সামাজিক ক্ষেত্রে এর ব্যবহারও বৃদ্ধি পেয়ে চলেছে। যুগোপযোগী নতুন নতুন চিন্তা চেতনা এবং ধ্যান ধারনাকে ধারণ, মনন, ব্যবহার ও প্রকাশ করতে গিয়ে চাকমা ভাষার শব্দ ভান্ডারের পরিমাণও বৃদ্ধি পেয়েছে। এতে বর্তমান চাকমা ভাষার অভিধান প্রণয়ন অত্যাবশ্যক হয়ে পড়েছে। এই যুগোপযোগী কাজটিই ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের সাবেক পরিচালক (ভাঃ) জনাব সুগত চাকমা তাঁর প্রণীত চাকমা-বাংলা অভিধান প্রণয়নের মাধ্যমে করেছেন। বলা বাহুল্য যে, বিগত চার দশকেরও অধিক সময় ধরে এই শ্রমসাধ্য কাজটি তিনি করেছেন যার জন্য তিনি ধন্যবাদার্হ হয়ে থাকবেন। এই অভিধানটি প্রকাশের ব্যাপারে এর গ্রহণযোগ্যতা ও যথাযথভাবে সম্পাদনের জন্য অভিজ্ঞ ব্যক্তিদের নিয়ে ইনস্টিটিউট কর্তৃক দুটি কমিটি গঠন করা হয়েছে। ঐ দুটি কমিটির সম্মানিত সদস্যদেরকেও ধন্যবাদ জানাই।

উল্লেখ্য যে, অত্র ইনস্টিটিউটের জন্ম লগ্ন থেকেই অর্থাৎ ১৯৭৮ খ্রিঃ থেকে ইনস্টিটিউটটি ভাষাগত গুরুত্বের কারণে চাকমা, মারমা ও ত্রিপুরা ভাষার বিভিন্ন সময়ে নানা মেয়াদী উপজাতীয় ভাষা শিক্ষা কোর্স চালু করেছে এবং প্রশিক্ষণার্থীদেরকে সার্টিফিকেট প্রদান করে এসেছে। ইনস্টিটিউটের উদ্যোগে

ইতোমধ্যে ৪৫০-এরও অধিক প্রাইমারী স্কুলের শিক্ষককে চাকমা ভাষা ও বর্ণমালা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং বেশ কিছু (মডেল) স্কুলের বহু সংখ্যক ছাত্রছাত্রীদেরকেও চাকমা ভাষায় প্রশিক্ষণ দেওয়া হয়েছে। সম্প্রতি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ড (NCTB) ঢাকা কর্তৃক ও প্রী-প্রাইমারী লেভেলের চাকমা ছাত্রদেরকে নিজস্ব ভাষা ও বর্ণে শিক্ষায়নের উদ্দেশ্যে তাদের জন্য বই পুস্তক প্রস্তুত করে দেওয়া হচ্ছে। এমতাবস্থায়, এই চাকমা-বাংলা অভিধানটির প্রণয়ন একটি অত্যন্ত সময়োপযোগী পদক্ষেপ বলতে হবে।

এই অভিধানটি প্রকাশের সদয় অনুমতি দানের জন্য রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান জনাব বৃষকেতু চাকমা, সাবেক চেয়ারম্যান জনাব নিখিল কুমার চাকমাসহ অন্যান্য বিষয়ে সংশিষ্ট সবাইকে ধন্যবাদ জানাই।

পরিশেষে আশাকরি বাংলা ও চাকমা বর্ণে জনাব সুগত চাকমা কর্তৃক প্রণয়নকৃত "চাকমা-বাংলা অভিধান" শীর্ষক বইটি পাঠক সাধারণ ও ব্যবহারকারীদের নিকট সমাদৃত হলে প্রকাশের উদ্দেশ্য ও লক্ষ্যকে সফল ও সার্থক করে তুলতে সক্ষম হবে।

পরিচালক
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
রাঙ্গামাটি।

# ভূমিকা

বাংলাদেশের দক্ষিণ-পূর্বাংশে অবস্থিত পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের অধিবাসীদের মধ্যে প্রচলিত নানা ভাষার মধ্যে চাকমা ভাষার নাম অন্যতম। পার্বত্য চট্টগ্রামে স্মরণাতীত কাল থেকে চাকমা, মারমা, ত্রিপুরা, ম্রো (মুরং), তঞ্চঙ্গ্যা, লুসাই, পাংখোয়া/পাংখুয়া বম, খিয়াং/খেয়াং, খুমি, চাক যে সকল পাহাড়ি জনগোষ্ঠী বসবাস করে আসছে তাদের মাঝে চাকমারাই হলো সংখ্যাগরিষ্ঠ। তাই তাদের ভাষা অন্যান্য জনগোষ্ঠীর লোকেরাও কমবেশি বুঝেন ও বলতে পারেন। বিশেষত তঞ্চঙ্গ্যা ও ত্রিপুরাদের অনেকে চাকমা ভাষা বুঝেন এবং বলতে পারেন; মারমা, পাংখুয়া, লুসাই এবং বাঙালিদেরও কেউ কেউ বুঝতে ও বলতে পারেন। তাই চাকমা ভাষার গুরুত্ব অনেক। উল্লেখ্য যে পার্বত্য চট্টগ্রামের বিভিন্ন জনগোষ্ঠীর মধ্যেকার প্রচলিত ভাষাগুলির মধ্যে চাকমা এবং তঞ্চঙ্গ্যা এ দুটি ভাষা ইন্দো-ইউরোপীয়ান ভাষা পরিবারের ইন্দো-এরিয়ান শাখার অন্তর্গত ভাষা। তাই অন্যান্যদের চেয়ে তঞ্চঙ্গ্যারা সহজে চাকমা ভাষা বুঝতে পারে। পার্বত্য চট্টগ্রামের অন্যান্য ভাষাভাষীরা সিনো-টিবেটান ভাষা পরিবারের টিবেটো-বার্মেন শাখার নানা ভাষাভাষী হলেও তাদের মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক ত্রিপুরা এবং মারমা পার্বত্য চট্টগ্রামের উত্তরাংশে চাকমাদের কাছাকাছি এলাকাগুলিতে বাস করায় তাদেরও একটা উল্লেখযোগ্য অংশ চাকমা ভাষা বুঝতে পারে।

এটা অত্যন্ত গৌরবের বিষয় যে চাকমাদের নিজস্ব বর্ণমালা আছে। চাকমাদের ঐতিহ্যবাহী বণগুলি মৌলিকত্বের বিচারে বর্মী, শান, অহোম এবং খামতি বর্ণগুলির চেয়েও অধিক মৌলিকত্বের অধিকারী। ভারতবর্ষের ভাষা সম্পর্কে বিশাল গবেষণা ও ব্যাপক দেশ-অঞ্চল জুড়ে তথ্য সংগ্রহকারী বিখ্যাত ভাষাতাত্ত্বিক Dr.George Abraham Grierson-এর মতে ৬ষ্ঠ ও ৭ম শতাব্দীতে দক্ষিণ ভারতে প্রচলিত বর্ণগুলির সাথে সাদৃশ্যকারী একই উৎস থেকে খেমার লিপির উদ্ভব ঘটেছিল যা থেকে বর্মী বর্ণগুলিরও উদ্ভব ঘটে। তবে সেগুলিতে মৌলিকত্বের দিক থেকে চাকমা বর্ণগুলির চেয়ে অধিকতর বিকৃতি ঘটেছে। তাঁর এ বক্তব্য থেকে চাকমা বর্ণগুলির ঐতিহাসিক গুরুত্ব উপলব্ধি করা যায়। তাই সঙ্গত কারণে এই অভিধানটিতে চাকমা বর্ণগুলি দিয়ে বানানকৃত শব্দগুলি বাংলা বর্ণগুলি দিয়ে বানানকৃত শব্দগুলির পাশাপাশি প্রথমবারের মত ব্যবহার করা হয়েছে। এতে এ বিষয়ে গুরুত্ব এবং অভিনবত্ব বৃদ্ধি পাবে বলে বিশ্বাস। অধিকন্তু, এর ফলে এই চাকমা-বাংলা অভিধানটি একই সাথে দ্বিভাষিক ও দ্বিবর্ণিক অভিধান-এর বৈশিষ্ট্যধারী হয়েছে। তবে এর লিডিং-এ বাংলা বর্ণ থাকায় এর বর্ণানুক্রমে বাংলা অভিধানের বর্ণানুক্রম অনুসরণ করা হয়েছে। অবশ্য শব্দের বানানের ক্ষেত্রে যে সকল বানান অধিক প্রচলিত সে সকল বানান একাধিক বানানের ক্ষেত্রে একই সারিতে সে সব বানান সঙ্গত কারণে আগে স্থান দেওয়া হয়েছে এবং চাকমা

স্বরবর্ণগুলির চিহ্ন ব্যবহারের ক্ষেত্রে রাঙ্গামাটিস্থ ক্ষুদ্রনৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট (পূর্বেকার উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট) কর্তৃক ২০০১ খ্রিস্টাব্দে প্রকাশিত 𑄌𑄋𑄴𑄟 𑄛𑄖𑄴𑄗𑄟𑄴 𑄛𑄖𑄴 (**চাঙমা পত্থম পাত**) বইয়ে প্রদত্ত রীতি পদ্ধতির যথাসম্ভব ব্যবহার করা হয়েছে। তবে বিশেষ বিশেষ শব্দের বানানের ক্ষেত্রে কখনও কখনও আবশ্যিক হওয়ায় একাধিক বানানও প্রদান করা হয়েছে।

প্রসঙ্গত উল্লেখ্য যে চাকমা-বাংলা দ্বি-ভাষিক অভিধান রচনার উদ্যোগ শুরু হয়েছিল মাত্র ১৯৭৩ খ্রিস্টাব্দে যখন আমার প্রনীত 'চাঙমা-বাঙলা কধাতারা' নামক বাংলা বর্ণে লিখিত একটি বই জুমিয়া ভাষা প্রচার দপ্তর (জুভাপ্রদ) কর্তৃক প্রকাশিত হয়েছিল। এই প্রচেষ্টা বা উদ্যোগটি পরবর্তীকালে অনেক নবীন অভিধানকারককেও উৎসাহিত করে তুলতে সক্ষম হয়েছিল। এমনকি পরবর্তীকালে প্রবীণদের মধ্যেও অনেকেই যে কেবল চাকমা ভাষা নিয়ে কাজ করেছেন তা নয়, কেউ কেউ চাকমা ভাষায় গ্রন্থাদিও রচনা করেছেন। স্মর্তব্য যে, ১৯৭০-এর দশক থেকে চাকমা আধুনিক কবিতা ও সঙ্গীতে জোয়ারের সৃষ্টি হয়েছিল। এতে চাকমা জনপদগুলির সর্বত্র নতুন আশা, স্বপ্ন, কল্পনা ও নব নব ধ্যানধারণার সৃষ্টি হয়েছিল। সে সাথে সাথে চাকমা ভাষা-সাহিত্যেরও সমৃদ্ধি ঘটেছিল। এতে চাকমা ভাষার শব্দভান্ডারও ক্রমশঃ সমৃদ্ধ হচ্ছিল।

ইতিমধ্যে একটি উল্লেখযোগ্য ঘটনা ঘটছিল তা হলো চাকমাবর্ণের ব্যবহার ও ক্রমশ দিন দিন বৃদ্ধি পাচ্ছিল। এই অগ্রগতি আরো বেশি বেগ পেলো যখন কম্পিউটারে চাকমা বর্ণের নানা সফ্‌টওয়ারের সফলজনক ব্যবহার সম্ভব হলো। এরফলে চাকমা ভাষার অভিধান রচনায় বাংলাবর্ণের সাথে চাকমাবর্ণের ব্যবহারও সম্ভবপর হয়েছে। এ দিক থেকে এই চাকমা-বাংলা অভিধানটিকে একটি প্রথম অভিধান বলতে হবে। এতে সাফল্যের সাথে চাকমা শব্দের বানান চাকমা বর্ণেও বাংলা বর্ণের পাশাপাশি করা হয়েছে। যা নিঃসন্দেহে ভবিষ্যতে আরো অধিক উত্তরোত্তর ব্যবহৃত হবে।

সাম্প্রতিক কালে চাকমা ভাষা-সাহিত্যের বেশ উন্নতি হচ্ছে। বিংশ শতাব্দীর সত্তরের দশকে চাকমা সাহিত্যে যে জোয়ারের সৃষ্টি হয়েছিল তার গতি এখনও অব্যাহত রয়েছে। এতে চাকমা ভাষার শব্দভান্ডারও বৃদ্ধি পেয়েছে এবং ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। ইতিমধ্যে ইউ.এন. ডি.পি. এর আর্থিক সহযোগিতায় ও নানা এন. জি. ও কর্তৃক চাকমা ভাষায় ও চাকমাবর্ণে শিশুতোষ পাঠ্যবই প্রকাশিত হয়েছে। সেগুলি পরীক্ষামূলক ভাবে তাদের নির্মিত কোনো কোন স্কুলেও প্রী-স্কুলগোয়িং শিশুদেরকে পড়ানো হচ্ছে। ১৯৭৮ সালে রাঙ্গামাটিতে প্রতিষ্ঠিত ক্ষুদ্রনৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট (তৎকালে ট্রাইবেল কালচারেল ইনস্টিটিউট) উপজাতীয় ভাষাশিক্ষা কোর্স চালু করে। ইনস্টিটিউট সাড়ে চার শতাধিক প্রাইমারী স্কুলের শিক্ষককে এ বিষয়ে প্রশিক্ষণ ও তৎসঙ্গে বেশ কিছু

প্রাইমারী স্কুলে কয়েক শত ছাত্রছাত্রীকে চাকমা ভাষাকোর্স চালু করে পাঠদানের ব্যবস্থা করে। এ সব উদ্যোগ ও চর্চার ফলে চাকমা ভাষায় পাঠদানের সুযোগের সৃষ্টি হয়। ইতিমধ্যে সরকারিপর্যায়েও কার্যকর উদ্যোগ নেওয়ার ব্যাপারে প্রস্তুতির কথা জানা যাচ্ছে। এমতাবস্থায়, এই ঐকান্তিক প্রয়োজন ও এ সকল আন্তরিক উদ্যোগকে সাফল্যমন্ডিত করার জন্য বাংলা বর্ণের পাশাপাশি চাকমাবর্ণ ব্যবহার পূর্বক একটি চাকমা-বাংলা অভিধান আবশ্যিক ভাবে প্রয়োজন হয়ে পড়ায় এই দ্বিভাষিক এবং একই সাথে দ্বিবর্ণিক চাকমা-বাংলা অভিধানটি প্রস্তুত করা হয়েছে।

১৯৭৩ খ্রিস্টাব্দের পূর্ব থেকেই জুমিয়া ভাষা প্রচার দপ্তর (জুভাপ্রদ)-এর কর্মীরা চাকমা শব্দাবলী বাংলা বর্ণমালায় সংগ্রহের কাজ শুরু করেছিল। আমার প্রনীত "চাঙমা-বাঙলা কথাতারা" গ্রন্থটিও এ বিষয়ে অগ্রণী ভূমিকা পালন করেছিল। অতপর প্রায় এক দশক পরে ১৯৮৪ খ্রিস্টাব্দে প্রকাশিত সি.আর.চাকমার "চাঙ্‌মা কথা ভান্ডাল "প্রকাশিত হয়। তাতেও বেশকিছু চাকমা শব্দ স্থান পায়। পরবর্তীকালে ইংরেজী বর্ণে চাকমা শব্দের বানান ও অর্থ প্রদানের নতুন উদ্যোগ প্রথম লক্ষ্য করা যায়। ১৯৯৩ খ্রিস্টাব্দে পি.বি.চাকমার Chakma Dictionary (Chakma to English) নামক গ্রন্থটিতে। ইতিমধ্যে কুমার ব্রজবিহারী এবং থাকাভান পীতাম্বর কর্তৃক ১৯৭৬ খ্রিস্টাব্দে Hindi-Chakma vocabulary প্রকাশিত হয়েছিল বলে জানা যায়। অশোক কুমার দেওয়ান মহোদয়ের লেখা ''চাকমা ভাষার শব্দকোষ'' ১৯৯৬ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়; এতে কতিপয় দুর্লভ চাকমা শব্দের ব্যুৎপত্তি প্রথমবারের মত প্রকাশিত হয়েছিল। ইতিমধ্যে ২০০৬ খ্রিস্টাব্দে চিধন বর তুন্যা কর্তৃক *Changvijja* [𑄌𑄋𑄴𑄝𑄨𑄎𑄴𑄎] নামক একটি বই প্রকাশ করেছেন। এটিকে ইংরেজী বর্ণে লিখিত একটি চাকমা-টু-চাকমা ডিক্সিনারী বলা যেতে পারে। অতপর ২০০৭ খ্রিস্টাব্দে TSUBP–এর প্রকাশিত Chakma to English word book *দভাকাধি* (*Dabha Kadhi*) নামক পকেটসাইজ ওয়ার্ডবুক প্রকাশিত হয়েছে। সাম্প্রতিক কালে আর্য্যমিত্র চাকমার "চাকমা শব্দভান্ডাল" (২০১১ খ্রিঃ) নামক বইটি প্রকাশিত হয়েছে। নিরবিচ্ছিন্নভাবে এভাবে চাকমা শব্দ সংগ্রহ ও ব্যবহারের ক্ষেত্রে এ সব আন্তরিক উদ্যোগ বাসস্তবিকই প্রশংসাযোগ্য বিষয়।

লক্ষ্যণীয় বিষয় যে, বিগত চার দশক ধরে চাকমা শব্দ সংগ্রহের অব্যাহত প্রচেষ্টা নিরলস ভাবে শুধু নয়, বরঞ্চ বিপুল আগ্রহের সাথে বিরামহীন ভাবে বিভিন্ন জন কর্তৃক চলছে। এর মূল কারণ হিসেবে চাকমা ভাষার ক্রমাগত বিকাশ ও এই ভাষা সম্পর্কে উত্তরোত্তর আগ্রহবৃদ্ধি ও প্রয়োজনীয়তার বিষয়টি দিন দিন স্পষ্ট থেকে স্পষ্টতর হয়ে ওঠছে। বিভিন্ন লেখক, গবেষক ও পাঠকদের চাকমা ভাষার প্রতি এই ক্রমবর্ধমান আগ্রহ অবশ্যই একটি প্রশংসার বিষয়। যেখানে নানা দেশের ভাষাপন্ডিতেরা আগামী ১০০ বৎসরের মধ্যে বর্তমান বিশ্বের জীবন্ত ৬০০০-এর অধিক ভাষার মধ্যে অর্ধেক সংখ্যক ভাষা নিশ্চিহ্ন হয়ে যাবে বলে আশঙ্কা প্রকাশ করছেন সেখানে এ জাতীয় আগ্রহ ও

চেতনা নি:সন্দেহে প্রশংসনীয় বিষয়। বিশেষত বিশ্বব্যাপী ভাষার গূরুত্বকে উর্ধ্বে তুলে ধরে বর্তমানে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' কে নিয়ে বাংলাদেশ এ ক্ষেত্রে অগ্রণী ভূমিকা রেখে চলেছে।

এমতাবস্থায়, চাকমা-বাংলা অভিধান প্রণয়নের ক্ষেত্রে বাংলা বর্ণের পাশাপাশি চাকমা বর্ণের ব্যবহারও নানাদিক দিয়ে প্রয়োজন হয়ে পড়েছে। এ বিষয়টিকে গূরুত্ব দিয়ে এই অভিধানটিতে বাংলা বর্ণের পাশাপাশি চাকমা বর্ণেও চাকমা শব্দগুলির বাংলা প্রতিশব্দ বা বঙ্গার্থ দেওয়া হয়েছে। এক্ষেত্রে চাকমা বর্ণ নিয়ে এ জাতীয় কাজের ক্ষেত্রে এটিতেই চাকমা বর্ণে শব্দগুলির প্রত্যেকটির লিখনেরও উদ্যোগ নেওয়া হয়েছে। আশা করা যায় যে, এ নব উদ্যোগটি চাকমা বর্ণে লিখনের কাজকে আরো সহজতর ও গতিশীল করবে। নানা কারণে সময়ের দাবীতে এ অভিধানটিতে চাকমা শব্দগুলির বর্ণানুক্রম বাংলা অভিধানসমূহের বর্ণানুক্রমকে অনুসরণ করে সাজানো হয়েছে। তৎ পাশাপাশি চাকমাবর্ণেও সেগুলির বানান দেওয়া হয়েছে। এর ফলে অধিকতর আকাঙ্ক্ষিত সুফল পাওয়া যাবে। বিশেষ বিশেষ ক্ষেত্রে গবেষকদের কোনো গবেষণার প্রয়োজন হতে পারে কিংবা আগ্রহী পাঠকদের ঔৎসুক্য থাকতে পারে সে কথা বিবেচনা করে কোনো কোনো চাকমা শব্দের ব্যুৎপত্তি এবং কখনও কখনও এর অর্থ ও প্রয়োগের ব্যাপারে বিশদ বিবরণ প্রদান করা হয়েছে। এতে এই অভিধানটির গূরুত্ব অধিকতর বৃদ্ধি পাবে বলে বিশ্বাস।

এই অভিধানটির জন্য চাকমা শব্দ সংগ্রহের সময় ও সেগুলির অর্থ নিয়ে অনেকের সাথে আলাপ আলোচনা করেছি। তারা নানাভাবে অনেক সাহায্য সহযোগিতা করেছেন। তাদের সকলকে ধন্যবাদ জানাই। বিশেষ ভাবে কৃতজ্ঞতা জানাই রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান জনাব বৃষকেতু চাকমা ও সাবেক চেয়ারম্যান জনাব নিখিল কুমার চাকমাকে। সেই সাথে সংশ্লিষ্ট সম্পাদনা পরিষদের মধ্যে সহযোগী অধ্যাপক শান্তি কুমার চাকমা, শ্রীমৎ শ্রদ্ধালঙ্কার মহাথেরো, অন্যান্য কমিটির সদস্যদের মধ্যে জনাব চাঁদ রায়, জনাব মুজিবুল হক বুলবুল, জনাব মৃত্তিকা চাকমা এবং অন্যান্যদের মধ্যে ইনস্টিটিউটের ভারপ্রাপ্ত পরিচালক জনাব রুনেল চাকমা, রিসার্চ অফিসার জনাব শুভ্রজ্যোতি চাকমা এবং ইউ.ডি.এ জনাব পলাশ চাকমার নাম উল্লেখযোগ্য। পরিশেষে এই অভিধানটি যে উদ্দেশ্যে প্রস্তুত করা হয়েছে তা যদি সফল হয় তবে বহু বৎসর ধরে করা পরিশ্রম সার্থক হবে। আবারও যারা কোনো না কোনো ভাবে এতে সাহায্য সহযোগিতা প্রদান করেছেন সকলকে কৃতজ্ঞ চিত্তে ধন্যবাদ জানাই।

সুগত চাকমা

# তালিকা - ১

**এই অভিধানে ব্যবহৃত বর্ণানুক্রমঃ অ আ ই ঈ উ ঊ এ ঐ ও ং ঃ ঁ ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ঞ ট ঠ ড ঢ ণ ত থ দ ধ ন প ফ ব ভ ম য য় র ল ব শ স হ।**
উল্লেখ্য যে, বাংলাবর্ণে চাকমাশব্দের বানানের পাশাপাশি এগুলির পাশে চাকমাবর্ণেও ঐ শব্দগুলির বানান দেওয়া হয়েছে।

চাকমাতে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার / h / এবং / ʔ / রয়েছে। লেখার জন্য চাকমাদের নিজস্ব বর্ণমালা রয়েছে। চাকমাদের উচ্চারণে ঐ দুটি ধ্বনি পাওয়া যায়। বাংলা বর্ণমালায় বাংলা শব্দের আদিতে দ্বিতীয়টির ব্যবহার লক্ষ্য করা যায় না। এক্ষেত্রে এই অভিধানটিতে এ জন্য / হ্ / এবং অন্যটির বেলায় আপাত ব্যবহারের জন্য / হ্ / ব্যবহার করা হয়েছে। প্রকৃতপক্ষে, বিগত সত্তরের দশক থেকে অনেকে সাহিত্য চর্চায় বাংলা বর্ণে চাকমা শব্দগুলির প্রতিবর্ণকরণের ক্ষেত্রে এটি ব্যবহার করে আসছেন। এতে এ জাতীয় কাজে এটির ব্যবহারে উপযোগিতা রয়েছে। সেই দৃষ্টিকোন থেকে ব্যাবহারিক সুবিধার জন্য/ ʔ / ধ্বনির জন্য / হ্ / চিহ্ন অভিধানটিতে ব্যবহার করা হয়েছে।

কারচিহ্ন :

া ি ী ু ূ ে ৈ ো ।

অভিধানটিতে বাংলায় চাকমাশব্দের বানানে কারচিহ্নাদি উপরোক্ত নিয়মে করা হয়েছে। তবে চাকমাবর্ণে লেখার সময় যেখানে যেখানে প্রয়োজন সেখানে সেখানে অ-কার [ / ] ব্যবহার করা হয়েছে। এটি প্রকৃতপক্ষে চাকমালিপির একটি বিশেষ বৈশিষ্ট্য। উল্লেখ্য যে, চাকমা বর্ণগুলি আ-কারান্ত হওয়ায় যখন কোনো বর্ণকে অ-ধ্বনিযুক্ত অবস্থায় পাওয়ার দরকার পড়ে তখন তার সাথে অ-কার [ / ] যুক্ত করতে হয়।

**ফলা চিহ্ন :**

য-ফলা ( ্য ) , র-ফলা ( ্র ) র-ফলা , ওয়া-ফলা / w - ফলা, হ -ফলা ।

চাকমাতে এতদস্থলে এসব চিহ্ন যথাক্রমে হলো - য়া-ফলা ( ), র-ফলা ( ) ওয়া-ফলা / w - ফলা, ( ) হ - ফলা ( )।

**অভিধানে ব্যবহৃত সংকেত**

অব্য. অব্যয়
ক্রি: ক্রিয়া
ক্রি:বি: ক্রিয়া বিশেষ্য
ক্রি:বিণ ক্রিয়া বিশেষণ
ধ্বন্যা. ধ্বন্যাত্মক
বি: বিশেষ্য
বিণ বিশেষণ
স সংস্কৃত
সর্ব. সর্বনাম

**উচ্চারণ ও প্রতিবর্ণীকরণ**

**স্বরধ্বনিসমূহ :** চাকমাতে ৭টি স্বরধ্বনি রয়েছে। এই স্বরধ্বনিগুলি হলো যথাক্রমে ই / i /𑄃𑄨 / 𑄨 /. ঈ / i: /𑄃𑄩 . এ / e / 𑄆 , এ্যা / অ্যা / ɛ / 𑄃𑄬 /, আ / a / 𑄃 /, অ /ɔ / 𑄃𑄴 /, ও / o / 𑄃𑄮 / এবং উ / u / 𑄃𑄪 / 𑄅 /, ঊ / 𑄃𑄫 / 𑄅𑄫 /। অধিকন্তু , এ সকল মৌখিক স্বরধ্বনির সাথে আরো কয়েকটি অনুনাসিক স্বরধ্বনিরও ব্যবহার রয়েছে। সেগুলি হলো - ইঁ/ ĩ /, / এ্যাঁ / ɛ̃ /, আঁ / ã /, অঁ / ɔ̃ / এবং উঁ / ũ / . অবশ্য তন্ত্রমন্ত্রের ক্ষেত্রে এবং চাকমাদের ঐতিহ্যবাহী উভাগীত জাতীয় গানের ক্ষেত্রে অন্যান্য দীর্ঘ অনুনাসিক স্বরধ্বনিরও ব্যবহার আছে। চাকমা বর্ণগুলিকে অতীতে *অঝাপাঠ* নামক বিশেষ পাঠে ঐতিহ্যগত ভাবে কেবল ৩৩ টি আকারান্ত বর্ণ বা হরফ দিয়ে সাজানো হতো। এতে ৩২ টি ব্যঞ্জনবর্ণ ও একটি স্বরবর্ণ সাজানো হতো। ঐ বিশেষ স্বরবর্ণটির নাম *পিছপুঝা-আ* [ 𑄃 ] এবং এর মূলধ্বনি হলো 'আ / a' / 𑄃 /। যা **আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায়** অর্থাৎ International Phonetic Alphabet (IPA)-তে / a / চাকমাতে এই ***পিছপুঝা-আ*** [ 𑄃 ] নামক বর্ণটির সাথে বিভিন্ন কারাদি যুক্ত করে ব্যবহারযোগ্য সব স্বরধ্বনি সৃষ্টি করা যায়। এই বিশেষ পাঠটিকে কেউ কেউ ***আর্যপাঠ***, কেউ কেউ (নোয়ারাম চাকমার অপ্রকাশিত পান্ডুলিপি আঙ্গীপাঠ-এর মত) ***আর্যীপাঠ*** এবং কেউ কেউ (হরকিশোর চাকমার বই চাকমা লেখা শিক্ষা, ১৯৬০-এর মত) *আদ্যপাঠ*, লিখেছেন। এ বিষয়ে উল্লেখ্য যে, চাকমাতে পূর্ব থেকেই এ-ধ্বনির জন্য 𑄆 বর্ণটির ব্যবহার ছিল (সতীশ চন্দ্র ঘোষ ১৯৬০ খ্রিঃ)। *এ্যা / অ্যা* / ɛ / æ / **ধ্বনির জন্য চাকমাতে** 𑄃𑄬 - **এর ব্যবহার আছে। চাকমাতে** / উ / ধ্বনির জন্য / 𑄅 / বর্ণটিরও ব্যবহার রয়েছে; আবার কেউ কেউ 𑄅𑄫 এভাবেও লিখেন। কেউ কেউ / উ / ধ্বনির জন্য 𑄅𑄫 -এর ব্যবহার করেন ; **বিশেষত মন্ত্র সিদ্ধ** হওয়ার জন্য চাকমা *অঝাবৈদেরা* তিব্বতীদের "ওঁ স্বহা ফট্ " **উচ্চারণ করার মতো** চাকমাতে " **উং স্বাগা ফুয়াঃ"** উচ্চারণ করতেন। প্রসঙ্গত চাকমাতে বাংলার ঐ-কারের মত একটি কার আছে ; তবে সেটি হলো 'আই / ai / ' - কার।

**অর্ধস্বরধ্বনি :** চাকমাতে দুটি অর্ধ স্বরধ্বনি আছে। এ দুটি অর্ধ স্বরধ্বনি হলো, / য় / y / 𑄠 / এবং / 'ওআ' / w/o / চাকমা বর্ণ *চিমোর্জ্যা-য়া* নামক বর্ণটি (𑄠 ) এই / য় / 𑄠 / ধ্বনির ব্যবহার শব্দের আদিতে, মধ্যে ও অন্ত্যে এ তিনটি অবস্থানেই রয়েছে। যেমন, 𑄠𑄢𑄨𑄁 / য়ারিঙ, 𑄠𑄦𑄮𑄢𑄨𑄁 / য়াহোরিং (এক প্রকার পাহাড়ি বন্য ছাগজাতীয় হরিণ)। প্রসঙ্গত নেপালে সিদ্ধার্থ গৌতম বুদ্ধের জন্মস্থান লুম্বিনীতে সম্রাট অশোক কর্তৃক স্থাপিত শিলাস্তম্ভটির লিপিতে শুরুতেই দ্বিতীয় দেবতাদের প্রিয় অর্থে "*দেবানপিযেন*" শব্দে / 𑄠 / বর্ণটি পাওয়া যায়। প্রসঙ্গত চাকমাদের ভাঝোন্যা-ওয়া নামক বর্ণটির উচ্চারণ ইংরেজী /w/- এর উচ্চারণের সাথে সমতুল্য। ইংরেজীতে পানি অর্থে water (ওয়াটার) উচ্চারণে যেভাবে ডব্লিউ-এর ধ্বনি পাওয়া যায়, এক্ষেত্রেও তৎসমতুল ধ্বনি পাওয়া যায় এবং

চাকমাদের *ভাঝোন্যা-ওয়া* বর্ণটি [ o ] শব্দের আদিতে ও অন্ত্যে পাওয়া যায়। যেমান, চাকমা ভাষায় এক প্রকার চিলের নাম "ওয়াঙ" [ o𑄋𑄴 ]। এই বর্ণটিও উল্লেখিত লুম্বিনীর অশোকস্তম্ভে উৎকীর্ণ প্রথম লাইনেই Dewano/দেবান/ দেওয়ান ও বিশ অর্থে "wisati / বিসতি" শব্দের বানানে পাওয়া যায়। উল্লেখ্য যে উল্লেখিত দুটি বর্ণ ফলাকারেও চাকমা লেখায় যথেষ্ট ব্যবহৃত হয়।

**ব্যঞ্জনবর্ণ ও ব্যঞ্জন ধ্বনিসমূহ :** চাকমাতে / ক / k /, / চ / c / এবং / প / p / স্পৃষ্ট (plossive) ধ্বনি তিনটি একাক্ষর বিশিষ্ট শব্দের অন্তে পাওয়া যায়। যেমন, মোক্ [ mok / 𑄟𑄮𑄇𑄴 ] = স্ত্রী ; তচ্ [ toc/ 𑄖𑄮𑄌𑄴 ] = আদ্রতা; ধাপ [ dhap / 𑄙𑄛𑄴 ] = আগ্রহ; ইত্যাদি।

উপরে যে তিনটি চাকমা বর্ণকে তিনটি একাক্ষর বিশিষ্ট শব্দের অন্তে দেখানো হয়েছে সেই তিনটি চাকমা বর্ণ হলো যথাক্রমে - 𑄇, 𑄌, 𑄛। প্রকৃতপক্ষে একাক্ষর বিশিষ্ট শব্দের আদিতে মূলধ্বনি রূপে এদের ধ্বনি **আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায়** হলো যথাক্রমে /**x** /, / *S* / এবং /*ɸ* /। যেমন, 𑄇𑄮 [ xɔ ] = বি. ঘুঘু। ক্রি. বলো (বহুবচনে); 𑄌𑄮 [ Sɔ ] = (তোমরা) দেখো; 𑄛𑄮 [ ɸɔ ] = বি. একপদ পরিমাণ (পায়ের পাতা দিয়ে মাপার ক্ষেত্রে)। ক্রি.পাও (বহুবচনে)। ]

আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার তালিকাভুক্ত / m / ম / , / n / ন / এবং / ŋ / ঙ / এই ধ্বনি তিনটি নাসিক্যধ্বনি চাকমাতে রয়েছে; এগুলি হলো চাকমাতে / 𑄟 /, / 𑄚 /এবং/ 𑄋/। চাকমা বর্ণমালায় / 𑄐 / এবং / 𑄕 / এ দুটি বর্ণের স্থান ও ধ্বনি বাংলা ব্যঞ্জনবর্ণের 'ঞ ' এবং ' ণ ' এ বর্ণ দুটি বর্ণের সমতুল্য।

এতদস্থলে উল্লেখ করা প্রয়োজন যে চাকমা বর্ণগুলি বাংলা বর্ণের মত ধ্বনিতে অ-কারান্ত বিশিষ্ট নয়; চাকমা বর্ণগুলি হলো আকারান্ত বিশিষ্ট। যেমন, 𑄖 = তা, 𑄝= বা 𑄟 = মা। চাকমাবর্ণগুলির উপর সৌজা একটি দাগ/চিহ্ন দিয়ে এগুলিকে আকারান্ত করতে হয়। যেমন, 𑄖𑄴 = ত, 𑄝𑄴 = ব, 𑄟𑄴 = ম।

চাকমাতে ত-বর্গের ধ্বনিগুলি যেমন / ত / t / 𑄖 /, /থ / ø /th / 𑄗/, / দ / d / 𑄘 /, / ধ / dh / 𑄙 / রয়েছে। মহাপ্রাণ বর্ণ ও ধ্বনির মধ্যে চাকমাতে / ফ / 𑄜 / ph / , / ভ / 𑄞 / v / bh /, / ঘ / 𑄊 / gh / এবং / ঝ / 𑄎 / zh / পাওয়া যায়।

১৯০৩ খ্রিস্টাব্দে ড. জি.এ.গ্রীয়ার্সন Linguistic Survey of India, volume-v, part – I (1903)-এ চাকমা বর্ণ *জিল্যা-জা* (𑄏) নিয়ে বিশেষ আলোচনা করেছেন। চাকমা অঝাপাঠে বর্ণটির অবস্থান চ-বর্গে এবং বর্ণানুক্রমিক অনুযায়ী এর স্থান অঝাপাঠে ৮ম। এ

বর্ণটির ডান দিকে জিহ্বা (চাকমাতে জিল)-এর মত একটি (আকারবিশিষ্ট) চিহ্ন থাকায় এটিকে চাকমাতে *জিল্যা-জা* বলা হয়। ৭ম শতকে সম্রাট হর্ষবর্ধনদের সময়ে যখন এ বর্ণটির আদিরূপ যখন ব্যবহৃত হয়েছিল তখন তার সাথে কোনো আকার জাতীয় চিহ্ন ছিল না। অতীতে কোনো একসময়ে কোনো অজ্ঞাত কারণে এই বর্ণগুলি অকারান্ত থেকে আকারান্তে রূপান্তরের সাক্ষর এতে আছে বলে স্যার গ্রীয়ার্সন যথার্থই আজ থেকে শতবর্ষ পূর্বেই অনুমান করেছিলেন। আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় এর মূলধ্বনিটি হলো / z /। ইদানীং বাংলায় বর্ণান্তকরণের কাজে এটি (𑄎) -কে অনেক সময় 'য' বর্ণের জন্যেও ব্যবহার করা হয়। আর লেখার সুবিধার্থে চাকমা বর্ণমালায় তদস্থলে (৮ম স্থানে) প্রায়শ *দ্বিপদলা-জা* [ 𑄏 ] বা মঘা-ঝা বর্ণটিকে ব্যবহার করা হয়।

প্রসঙ্গত উল্লেখ্য যে, চাকমাতে বাংলার ট, ঠ, ড, ঢ বর্ণের স্থলে কখনো কখনো বর্ণান্তকরণের কাজে যথাক্রমে 𑄑, 𑄒, 𑄓, 𑄔 বর্ণগুলি ব্যবহৃত হলেও এগুলির উচ্চারণ ত-বর্গের ধ্বনিগুলির মতো করা হয়ে থাকে। তবে সমধ্বনিবিশিষ্ট একাধিক শব্দের অর্থের পার্থক্যকরণ ও বিশিষ্টকরণের ক্ষেত্রে এদের ফলপ্রসূ ব্যবহার রয়েছে। পাওয়া যায়। সাধারণত এই উপমহাদেশে অন্যান্য ইন্দো-এরিয়ান ভাষাগুলির শব্দের আদিতে যে সকল শব্দে মহাপ্রাণ/খ/ধ্বনি পাওয়া যায়, একই উৎস থেকে উদ্ভূত সে সকল চাকমা শব্দে তদস্থলে/h/ধ্বনিটি পাওয়া যায়। যেমন, বাংলায় খ/ kha /, চাকমাতে /ha /। তবে চাকমা শব্দগুলির মধ্যে য়্যা-ফলা এবং ওয়া-ফলার সাথে যুক্ত অবস্থায় /খ/ kh/𑄈/ ধ্বনি পাওয়া যায়। যেমন, 𑄘𑄬𑄈𑄳𑄠𑄁 / দেখ্যঙ/দেখ্যং = দেখেছি; 𑄛𑄬𑄇𑄴𑄈𑄪𑄠 /পেক্খুয়া=পাখিটি ইত্যাদি। এতে /𑄈/ ধ্বনির উচ্চারণ/kh /খ/ -এর সমতুল অর্থাৎ /খ/ হিসেবে উচ্চারিত হয়। উল্লেখ্য যে ইংরেজীতে hour, honour উচ্চারণকালে h বর্ণের যে জাতীয় ব্যবহার যেমন ধ্বনিলুপ্তি জাতীয় বৈশিষ্ট লক্ষ্য করা যায় তদ্রুপ একাক্ষরবিশিষ্ট শব্দের আদিতে চাকমাতেও 𑄦 বর্ণটির অর্ধস্বরধনির মত বৈশিষ্ট্য লক্ষ্য করা যায়। যেমন, 𑄦𑄖𑄴 [ħatl/ a´t হাত] = হাত; 𑄦𑄬𑄣𑄴 [ ħel / e´ l / হে্ল ] = সবুজ, 𑄦𑄨𑄟𑄴/𑄦𑄨𑄚𑄴 [ ħim / i´m, ħin / i´n , হি্ম / হি্ন ] = [হীম] ইত্যাদি। পার্শ্বিক ধ্বনি/ ল / l / 𑄣 / এবং কম্পনজাত ধ্বনি / র / r / 𑄢 / চাকমাতে শব্দের আদিতে, মধ্যে ও অন্ত্যে ব্যবহৃত হয়।

চাকমাতে বাংলা বর্ণ অনুস্বার ( ং ) - এর প্রতিবর্ণকরণের সময় একফুদা( ˙ ) নামক বর্ণ বা হরফটি তদস্থলে ব্যবহৃত হয়। এই একফুদা ( ˙ ) বর্ণটি লুম্বিনীর অশোকলিপিতেও শেষ লাইনের প্রথম দুটি শব্দে 'লুম্বিনী গ্রামে' অর্থে "লুংমিনি গামে" শব্দ দুটিতে সহ অন্যত্রও বর্ণের উপরিভাগে ব্যবহৃত অবস্থায় পাওয়া যায়; যা চাকমাতেও বর্ণের উপরিভাগে ব্যবহৃত হয় এবং ঐ বর্ণের সাথে চাকমা একফুদা বর্ণটির হুবহু সাদৃশ্য রয়েছে। প্রসঙ্গত ড.

জি.এ.গ্রীয়ার্সন (১৯০৩) মৌলিকত্বের বিচারে বর্মী বর্ণগুলির চেয়ে চাকমা বর্ণগুলিতে অধিকতর মৌলিকত্ব রক্ষিত হওয়ার বিষয়টি যথার্থই উল্লেখ করেছেন।

**শ্বাসাঘাত** (stress): চাকমাতে শ্বাসাঘাত একটি ধ্বনিমূলীয় (phonemic) উপাদান ; এটি একটি বিশেষ টোন (tone)-এরও বৈশিষ্ট্যসম্পন্ন। স্বরধ্বনিগুলির সাথে শ্বাসাঘাত (stress) যুক্ত হলে শব্দার্থের ক্ষেত্রে পার্থক্যের সৃষ্টি হয়। যেমন, ম [ mɔ / 𑄟𑄧 ] = আমার; মহ্/ম্হ [ mɔ´ /𑄟𑄴𑄦𑄧 ] = স্তম্ভিত হয়ে বা চলা থামিয়ে থেমে গেছে এমন । উল্লেখ্য যে চাকমাতে বর্ণের নিচে হ্া-ফলা [ 𑄴𑄦 ] দিয়ে শ্বাসাঘাত প্রকাশ করে অর্থের পার্থক্য করা হয়।যেমন, ন যাঙ [ 𑄚𑄧 𑄎𑄁/ nɔ zaŋ ] = যাই না ; নহ্ যাঙ [ 𑄚𑄴𑄦𑄧 𑄎𑄁/ nɔ´ zaŋ ] = যাই নি।

## অ [ 𑄃𑄧 ]

**অ** [ 𑄃𑄧 ] - অব্য. ‘অ ’ নঞার্থক অ যেমন, অ-কাল ( 𑄃𑄇𑄣𑄴), অ-জাত ( 𑄃𑄎𑄖𑄴), **অনালত** (𑄃𑄚𑄣𑄖𑄴 = বেহাল), অভেলোর (𑄃𑄞𑄬𑄣𑄮𑄢𑄴 = অগোছালো), অমকধ (𑄃𑄟𑄇𑄙= সাংঘাতিক অশিষ্টাচারী ) ইত্যাদি।

**অক্কর ,অক্খর** { 𑄃𑄇𑄴𑄇𑄢𑄴, 𑄃𑄇𑄴𑄈𑄢𑄴, 𑄦𑄇𑄴𑄇𑄢𑄴 } - বি. অক্ষর, হরফ, বর্ণ।

**অক্ত** [𑄃𑄇𑄴𑄖𑄴 ] - বি. সময়কাল। {আরবীঃ ওয়াক্ত >}।

~ **অক্ত** [𑄃𑄇𑄴𑄖𑄴 𑄃𑄇𑄴𑄖𑄴 ] - ক্রিঃ বিণ. মাঝেমধ্যে ; কখনো কখনো।

**অগধা** [𑄃𑄉𑄙] - বি. ১. গালি। ২. বকুনি।

**অগলানা** [𑄃𑄉𑄣𑄚 ] - ক্রি. বমি করা।

**অঘা** [ 𑄃𑄊 ] - বিণ. বোকা ।

**অঘোর, ওঘোর** [ 𑄃𑄊𑄮𑄢𑄴, 𑄃𑄮𑄊𑄮𑄢𑄴 ] - বিণ. গভীর, গহীন ।

**অজগর** [𑄃𑄎𑄉𑄢𑄴 ] - বি. অজগর ।

**অজবা** [𑄃𑄎𑄝] - বিণ. জপ করার অযোগ্য (অজবা ভাচ-জপ করার অযোগ্য কথা)

**অজল** [𑄃𑄎𑄣𑄴] - বি. উচ্চতা। বিণ. উচ্চ।

**অজা** [𑄃𑄎] - বি. গদা, মুগর। ঢেঁকির মুষল

**অজাত** [𑄃𑄎𑄖𑄴] - অব্য. গালি বিশেষ । {তুলনীয় : বজ্জাত। }

**অজেঅচ** [ 𑄃𑄎𑄬𑄃𑄌𑄴 ] - বিণ. প্রয়োজন মত।

**অঝত** [𑄃𑄏𑄖𑄴] - ক্রিঃ বিণ. আদতে ; আসলে ; প্রকৃতপক্ষে।

**অঝভ** [𑄃𑄏𑄞𑄴 ] - বি.ফুসফুস।

**অঝর** [𑄃𑄏𑄢𑄴] - ক্রিঃ বিণ. আদতে, আসলে, প্রকৃতপক্ষে।

**অঝা [𑄃𑄏]** বি. ১.ওঝা, ২. বৈদ্য ৩. ধাই, ধাত্রী।

**অঝা-জু [𑄃𑄏 -𑄎𑄪]** - (বি) চাকমাদের ঐতিহ্যবাহী নক্‌শাকাপড় *আলাম* বুনন কালে তাতে কোমরতাঁত দিয়ে প্রথম যে মোটিফ বুনা হয় তাকে *অঝা-জু* বলে।

**অহ্ঝানা, হ্ঝানা [𑄃𑄏𑄚, 𑄦𑄏𑄚]** - ক্রি. কাউকে কোনো কাজ করতে বলা।

**অঝা-পাঠ/ অঝা-পাত্ [𑄃𑄏-𑄛𑄒𑄴 / 𑄃𑄏-𑄛𑄖𑄴]** - (বি) আদ্যপাঠ। ঐতিহ্যবাহী চাকমা বর্ণমালা।

**অঝা-বান্দর [𑄃𑄏-𑄝𑄚𑄳𑄘𑄢𑄴]** - (বি) বানর দলের সর্দার। গালি বিশেষ।

**অঝা-বান্দরী [ 𑄃𑄏-𑄝𑄚𑄳𑄘𑄢𑄩 ]** - বি. বানর দলের সর্দারণী। গালি বিশেষ ।

**অঝাবুরিহ্ [ 𑄃𑄏-𑄝𑄪𑄢𑄨𑄦𑄴 ]** - বি. ধাই, ধাত্রী।

**অঝার [𑄃𑄏𑄢𑄴]** - বিণ. প্রশস্ত।

**অঝেমনে [𑄃𑄏𑄬𑄟𑄧𑄚𑄬]** - ক্রিঃ বিণ. ঘটনাক্রমে।

**অদঙ্-ক-র-ল , অদং-ক-র-ল [ 𑄃𑄘𑄋𑄴𑄇𑄢𑄣, 𑄃𑄘𑄁𑄇𑄢𑄣]** - (বিণ).১. বেপরোয়া। ২.একগুঁয়ে। ৩. অশিষ্টাচারী।

**অদ্ধেক [ 𑄃𑄘𑄳𑄙𑄬𑄇𑄴 ]** - বিণ. অর্ধেক।

**অদা-হ্না [ 𑄃𑄘-𑄦𑄳𑄚 ]** - ক্রি. (খাদ্যশস্য) বাতাসের আর্দ্রতার কারণে নষ্ট হওয়া।

**অধক [ 𑄃𑄙𑄇𑄴 ]** - বি. ডিমপাড়া বা তা-দেওয়া মুরগীর বাসা।

**অ-ধ [ 𑄃𑄙 ]** বিণ. অধঃ।

**অদা [ 𑄃𑄘 ]** – বিণ. আর্দ্র ( ধান-চাল ইত্যাদিও আর্দ্র হওয়ার ক্ষেত্রে প্রযোজ্য)।

**অধা [ 𑄃𑄙 ]** – ক্রিঃ বিণ. আসলে ; আদতে ; প্রকৃতপক্ষে।

**অধ্রম [ 𑄃𑄙𑄳𑄢𑄟𑄴 ]** -বিণ. অধম ; হীন।

**অনতিত্যা [ 𑄃𑄚𑄖𑄨𑄖𑄳𑄡 , 𑄃𑄚𑄖𑄨𑄖𑄴𑄡 ]** -বিণ. ১.অনটন; অভাব অনটন। ২. অপরিণত বয়স্ক (বালক বা বালিকার ক্ষেত্রে প্রযোজ্য)।

**অনসন [ 𑄃𑄚𑄥𑄚𑄴 ]** - বিণ.১.বয়সের বিচারে অপরিণত; বুঝে না বুঝে বয়সের উঠতি বালক বা বালিকা অথবা ঐ জাতীয় কিশোর বা কিশোরী।
২. মস্তিক বিকৃতি বা অপরিনতি কারণে মানসিক বা আচরণে কিছুটা অপ্রকৃতিস্থ।

**অনুসুর, অনুঝুর [𑄃𑄚𑄪𑄥𑄪𑄢𑄴, 𑄃𑄚𑄪𑄏𑄪𑄢𑄴]** - ক্রিঃ বিণ. নিত্য; সর্বদা।

**অন্দেসন্দে [ 𑄃𑄚𑄳𑄘𑄬𑄥𑄚𑄳𑄘𑄬 ]** - ক্রিঃ বণ. অভিপ্রায়ে।

**অবাং, আরাঙ [ 𑄃𑄝𑄁, 𑄃𑄢𑄋𑄴]** - বি.টিউমার বিশেষ।

**অবাংপাদারে, অবাঙ্পাদারে [ 𑄃𑄝𑄁𑄛𑄘𑄢𑄬 , 𑄃𑄝𑄋𑄴𑄛𑄘𑄢𑄬 ]** - বিণ. যত্রতত্র ।

**অবুচ [ 𑄃𑄝𑄪𑄌𑄴 ]** - বিণ. অবুঝ।

**অভকবক [ 𑄃𑄞𑄇𑄴𑄝𑄇𑄴 ]** -বিণ. প্রয়োজনের অতিরিক্ত।

**অমকদ, অমগদ** [ 𑄃𑄟𑄇𑄘, 𑄃𑄟𑄉𑄘 ] - বিণ. একরোখা, বেপরোয়া; অশিষ্টচারী। [ অ+ মগধ ]

**অম্ভ** [ 𑄃𑄟𑄴𑄞 ] - অব্য. গরুর ডাক, হাম্বা [ **স : হম্বা** ]।

**অয়, অহ্য়** [ 𑄃𑄠𑄴, 𑄦𑄠𑄴 ] - অব্য.হ্যাঁ ,হাঁ । স্বীকৃতিসূচক শব্দ। সাড়া প্রদানদূচক শব্দ। ক্রি. হয়।

**অরাহ্ - বাচ** [ 𑄃𑄢𑄦𑄴𑄝𑄌𑄴 ] - বি. এক প্রকার বাঁশ।

**অলর** [ 𑄃𑄣𑄢𑄴 ] - বিণ. নড়াচড়াহীন ; অনড়।

**অলাক** [ 𑄃𑄣𑄇𑄴 ] - বি. খোসপাঁচড়া জাতীয় চর্মরোগ বিশেষ।

**অলাহ্না** [ 𑄃𑄣𑄦𑄴𑄚, 𑄃𑄣𑄦𑄴𑄚 ] - ক্রি. চুলি থেকে নামানো।

**অলিডাগনি** [𑄃𑄣𑄨𑄓𑄉𑄚𑄨/ 𑄃𑄣𑄨𑄓𑄉𑄚𑄨 ] - বিণ. ঘুমপাড়ানি।

**অসিভিল** [𑄃𑄥𑄨𑄞𑄨𑄣𑄴] - বিণ. অশিষ্টচারী। { অ + সিভিল ( civil ) }

## আ [𑄃]

**আ** [ 𑄃 ] - অব্য. আর ; আরও ; ও এবং 'নঞর্থ' জ্ঞাপক চাকমা উপসগ 'আ'। যেমন, আ-কারা (𑄃-𑄇𑄢 আকাড়া), আ-গোর্জ্যা (𑄃-𑄉𑄮𑄢𑄴𑄎𑄳𑄠 অকৃত, অসম্পাদিত), আ-ছুল্যা (𑄃-𑄍𑄪𑄣𑄳𑄠 খোসা ছাড়ানো হয়নি এমন), আ-তুল্যা (𑄃-𑄖𑄪𑄣𑄳𑄠 তোলা হয়নি এমন), আধুইয়া (𑄃𑄙𑄪𑄃𑄨𑄠 আধোয়া), আনুনি (𑄃-𑄚𑄪𑄚𑄨 আলুনি), আ-বাদা (𑄃𑄝𑄘 বাটা হয়নি এমন), আ-মাত (𑄃-𑄟𑄖𑄴 বাকহীন / অচেতন) ইত্যাদি।

**আইফাই** [ 𑄃𑄃𑄨𑄜𑄃𑄨 ] - বি. ঘনিষ্টতা, ভালবাসাবাসি।

**আইমা ছরাহ্** [𑄃𑄃𑄨𑄟-𑄍𑄢𑄦𑄴 ] -বি. রাঙ্গামাটি জেলাস্থিত একটি ছোট নদী বা ছড়ার নাম।

**আউআউ** [𑄃𑄃𑄪𑄃𑄃𑄪 / 𑄃𑄃𑄫𑄃𑄃𑄫 ] - অব্য. কুকুরকে ডাকার শব্দ।{ তুলনীয় উর্দূ : আও আও }

**আউম, হ্যাউম** [ 𑄃𑄃𑄪𑄟𑄴. 𑄦𑄃𑄪𑄟𑄴 ] -অব্য. বাঘের গর্জন {তুলনীয় বাংলঃ হালুম} ।(ধ্বন্যা.)।

**আউঝা** [ 𑄃𑄃𑄪𑄏 ] - ক্রি. থাবাত্তোলন।

**আও আও , তু-তু** [𑄃𑄃𑄮 𑄃𑄃𑄮 , 𑄖𑄪-𑄖𑄪 ] - অব্য. কুকুরকে ডাকার শব্দ। {তুলনীয় উর্দূ : আও=এসো।}

**আওলপাওল, আহোলপাহোল** [ 𑄃𑄃𑄮𑄣𑄴𑄛𑄃𑄮𑄣𑄴 , 𑄃𑄦𑄮𑄣𑄴𑄛𑄦𑄮𑄣𑄴 ] - বিণ. আকুলপরাণ।

**আওলত্যে,আগুলত্যে** [ 𑄃𑄃𑄮𑄣𑄴𑄖𑄳𑄠𑄬, 𑄃𑄉𑄪𑄣𑄴𑄖𑄳𑄠𑄬 ] - ক্রিঃ বিণ. প্রথমে; শুরুতে; আদিতে।

**আক্কল** [ 𑄃𑄇𑄴𑄇𑄣𑄴 ] - বি. আক্কেল ; কান্ডজ্ঞান । ক্রিঃ বিণ. অগ্রে ; সম্মুখে।

~ **দাত** [𑄃𑄇𑄴𑄇𑄣𑄴 -𑄘𑄖𑄴 ] - বি. আক্কেল দাঁত ।

**আক্কুরি [𑄃𑄇𑄴𑄇𑄪𑄢𑄨]** - বিণ. পূর্বেকার ; আগেকার।

**আক্যাঙ , আক্যাং [𑄃𑄇𑄳𑄠𑄋𑄴 , 𑄃𑄇𑄳𑄠𑄁]** - বি. অভ্যাস।

**আক্‌চুয়ানা [𑄃𑄇𑄴𑄌𑄪𑄠𑄚 , 𑄃𑄇𑄴𑄌𑄪𑄠𑄚]** - ক্রিঃ পথ অবরোধ করা।

**আক্যা [ 𑄃𑄇𑄳𑄠 , 𑄃𑄇𑄴𑄇𑄳𑄠 ]** - ক্রিঃ বিণ. অঙ্কিত; আঁকা হয়েছে এমন।

**আক্যাং, আক্যাঙ [ 𑄃𑄇𑄳𑄠𑄁 , 𑄃𑄇𑄳𑄠𑄋𑄴 ]** - বি. অভ্যাস।

**আখ্যাআখ্যা [ 𑄃𑄈𑄳𑄠𑄃𑄈𑄳𑄠 ]** - ক্রিঃ বিণ. এড়িয়ে চলার মনোভাবে।

**আগকথা [ 𑄃𑄉𑄴𑄇𑄗 ]** - বি. প্রারম্ভের কথা।

**আগ-চানা,** আক্‌চানা **[ 𑄃𑄉𑄴-𑄌𑄚, 𑄃𑄇𑄴-𑄌𑄚 ]** - ক্রি. কোথাও যাত্রার পূর্বে (আম) পাতা মাটিতে ফেলে সেগুলির উপরদিক বা পৃষ্ঠ কোন পার্শ্ব কিভাবে মাটিতে পড়েছে দেখে শুভাশুভ গণনা করা। ২. কোনো কাজের প্রারম্ভে এর সম্ভাব্য ফলাফল সম্পর্কে কিংবা বরকনের বিবাহকালন *চুঙুলাঙ* পূজার শেষে পূজায় নৈবদ্য হিসেবে প্রদত্ত মুরগীর ঠ্যাঙের আঙ্গুলাদির অবস্থান দেখে নব দম্পতির ভাবী জীবনের শুভাশুভ গণনা করা।

**আগ্‌চুয়ানি, আক্‌চুয়ানি [ 𑄃𑄉𑄴 𑄌𑄪𑄠𑄚𑄨 , 𑄃𑄇𑄴𑄌𑄪𑄠𑄚𑄨 ]** - বি. প্রথম চুয়ানোকৃত মদ।

**আগ-বারানা,** আক্‌বারানা **[ 𑄃𑄉𑄴-𑄝𑄢𑄚, 𑄃𑄇𑄴-𑄝𑄢𑄚 ]** - ক্রি.পূজার নৈবদ্য দেবদেবীদের উদ্দেশ্যে সর্বাগ্রে নিবেদন করা। ২. পরলোকগত জ্ঞাতির উদ্দেশ্যে পিন্ডদান অনুষ্ঠান।

**আগমুলি [𑄃𑄉𑄴𑄟𑄪𑄣𑄨]** - বিণ. অগদূত ; অগ্রপথিক ; দিশারি।

**আগর [𑄃𑄉𑄧𑄢𑄴]** - বি. আগর গাছ। বিণ. আগেকার, পূর্বেকার, প্রথমের, অতীতের।

**আগরতারা , আঘরতারা [ 𑄃𑄉𑄧𑄢𑄴𑄖𑄢, 𑄃𑄊𑄧𑄢𑄴𑄖𑄢 ]** - বি. লুরি নামক বৌদ্ধ সম্প্রদায় কর্তৃক ব্যবহৃত পালি ভাষায় লিখিত চাকমাদের প্রাচীন ধর্মীয় গ্রন্থ।

**আগা [ 𑄃𑄉]** -বিণ. আগা।

**আগাচ, আকাস [ 𑄃𑄉𑄌𑄴, 𑄃𑄉𑄥𑄴 ]** - বি. আকাশ।

**আগাঝ'বাজ [ 𑄃𑄉𑄏𑄮𑄝𑄎𑄴 ]** - বি. বজ্রপাত ।

**আগানা [ 𑄃𑄉𑄚 ]** - ক্রি. আঁকা

**আগাজা [ 𑄃𑄉𑄎 ]** - বি. এক প্রকার চর্ম (খোস, পাঁচড়া, একজিমা )

**আগাঝা [ 𑄃𑄉𑄏 ]** - বি. আগাছা

**আগাথ্যা [ 𑄃𑄉𑄗𑄳𑄠 , 𑄃𑄉𑄴𑄗𑄳𑄠 ]** - ক্রিঃ বিণ. সাংঘাতিক; কঠিন। অস্নাত (ব্যক্তি ক্ষেত্রে প্রযোজ্য।

**আগাব-ভুই [ 𑄃𑄉𑄝𑄴-𑄞𑄪𑄃𑄨 ]** - বি. কুমারী-মৃত্তিকা। পূর্বে চাষাবাদ করা হয় নাই এমন উর্বর ভূমি।

**আগারে [ 𑄃𑄉𑄢𑄬 ]** - ক্রিঃ বিণ. উজানে।

আগিয়া [ 𑄃𑄉𑄨𑄠] - বি. অঙ্কনকারী।

আগুন [ 𑄃𑄉𑄪𑄚𑄴 ] - বি.আগুন।

আগুলত্যে [ 𑄃𑄉𑄪𑄣𑄴𑄖𑄳𑄠𑄬 ] - ক্রিঃ বিণ. প্রথমে ; অগ্রে।

আগে [ 𑄃𑄉𑄬] - ক্রিঃ বিণ. ১. প্রথমে , পূর্বে ; আগে। ২.সামনে , অগ্রে।

আগোন, আঘোন [ 𑄃𑄉𑄮𑄚𑄴, 𑄃𑄊𑄮𑄚𑄴 ] - বি. অগ্রহায়ণ মাস, অঘ্রাণ।

আঘর [ 𑄃𑄊𑄧𑄢𑄴 ] - বি. অক্ষর , আখর ; হরফ ; বর্ণ।

আঘরতারা, আগরতারা, আঘরত্রা [ 𑄃𑄊𑄧𑄢𑄴𑄖𑄢, 𑄃𑄉𑄧𑄢𑄴𑄖𑄢, 𑄃𑄊𑄧𑄢𑄴𑄖𑄳𑄢 ] - বি. পালি ভাষায় চাকমা বর্ণে লিখিত চাকমাদের প্রাচীন ধর্মগ্রন্থ।

আঘরতলি, হাঘরতলি [ 𑄃𑄊𑄧𑄢𑄴𑄖𑄧𑄣𑄨, 𑄦𑄊𑄧𑄢𑄴𑄖𑄧𑄣𑄨 ] -বি.বগল।

আঘাআঘি [ 𑄃𑄊𑄃𑄊𑄨 ] - বি. অনাশক্তি অনাগ্রহ; আগ্রহ হারিয়ে ফেলেছে এমন ।

আঘানা [ 𑄃𑄊𑄚 ] - ক্রি. ১. অনাশক্ত হওয়া ২. অরুচি হওয়া।

আঘে [ 𑄃𑄊𑄬 ] - ক্রি. আছে। { < **অসমীয়া : আহে <সং/পালি. অস্ + এ < তি** }

আঘেইয়া [ 𑄃𑄊𑄬𑄃𑄨𑄠, 𑄃𑄊𑄬𑄨𑄠 ] - ক্রিঃ বিণ. অনাশক্তি হওয়া.অরুচি হওয়া।

আঘোন, আগোন [ 𑄃𑄊𑄮𑄚𑄴 , 𑄃𑄉𑄮𑄚𑄴 ] - বি. অগ্রহায়ণ, অঘ্রাণ ( মাস )।

আঙ, আং [ 𑄃𑄋𑄴 , 𑄃𑄁 ] - বি. মন্ত্র অঙ্কিত চিত্র।

আঙরপাদা [ 𑄃𑄋𑄧𑄢𑄴𑄛𑄘 ] - বি দেহে সেঁক দেওয়ার কাজে ব্যবহারযোগ্য এক প্রকার ঔষধি গাছের পাতা। আকন্দ গাছের পাতা

আঙারা [ 𑄃𑄋𑄢 ] - বি. অঙ্গার; কয়লা।

আঙু-গঝা [ 𑄃𑄋𑄪-𑄉𑄧𑄏 ] -বি. চাকমাদের একটি বিশেষ সামাজিক দল ।
{< অতীতে সল্যাআমুর নামানুসারে সামাজিক দলটির নামাকরণকৃত}

আঙুচ্যা, আঙোচ্যা [ 𑄃𑄋𑄪𑄌𑄳𑄠 , 𑄃𑄋𑄮𑄌𑄳𑄠 ] - বি. অমাবশ্যা।

আঙুঝা [ 𑄃𑄋𑄪𑄏 ] - বি.তাপের ফলে পাত্রের তলায় জমা শক্ত তলানি।

আঙুদা [ 𑄃𑄋𑄪𑄘 ] - ক্রি. আংটা।

আঙুদানা [ 𑄃𑄋𑄪𑄘𑄚 ] - ক্রি. আঁচড় মারা।

আঙুর [ 𑄃𑄋𑄪𑄢𑄴 ] - বি. আঙুর ; আঙ্গুর।

আঙুরবিঙুর [ 𑄃𑄋𑄪𑄢𑄴𑄝𑄨𑄋𑄪𑄢𑄴 ] - বিণ. আঁকিবুঁকি।

আঙুরা [ 𑄃𑄋𑄪𑄢 ] - বি. নখর। ২. আঁকড়ি ; আকর্ষী।

আঙুল [ 𑄃𑄋𑄪𑄣𑄴 ]- বি. অঙ্গুলি।

~ কেল্যা আঙল [ 𑄇𑄬𑄣𑄳𑄠-𑄃𑄋𑄪𑄣𑄴 ] - বি. কনিষ্ঠাঙ্গুলি।

~ দিয়ান্যা আঙল [ 𑄇𑄬𑄣𑄳𑄠-𑄃𑄋𑄪𑄣𑄴 ] - বি. তর্জনি।

~ বুজ্যা আঙল [ 𑄝𑄪𑄎𑄳𑄠-𑄃𑄋𑄪𑄣𑄴 , 𑄝𑄪𑄢𑄳𑄠-𑄃𑄋𑄪𑄣𑄴 ] - বি. বৃদ্ধাঙ্গুলি।

**আভোচ্যা [ 𑄃𑄞𑄮𑄌𑄳𑄠 ]** - বি. অমাবশ্যা।

**আচ, আশ [ 𑄃𑄌𑄴, 𑄃𑄥𑄴 ]** - বি. আঁশ।

~ মাগরগ আচ [ 𑄟𑄉𑄧𑄢𑄧𑄉𑄴-𑄃𑄌𑄴 ] - বি.মাকড়সার আঁশ বা তন্তু।

**আচ [ 𑄃𑄌𑄴 ]** - ক্রি. (তুমি) ছেঁচে দাও।

**আচ্চালা [𑄃𑄌𑄴𑄌𑄣 ]** - বি. মূলগৃহের চালের সাথে যুক্তকৃত আধখানা চাল (ছাউনি)।

**আজতে [𑄃𑄎𑄴𑄖𑄬]** - ক্রিঃ বিণ. বিনাশ্রমে পর্যাপ্ত ভাবে লব্ধ।

**আজা [ 𑄃𑄎 ]** -বি.আলিঙ্গন ; জড়াজড়ি।

**আজাআজি [ 𑄃𑄎𑄃𑄎𑄨 ]** - বি. জড়াজড়ি ,আলিঙ্গন।

**আজারপীরা [ 𑄃𑄎𑄢𑄴𑄛𑄩𑄢 ]** - বি. স্ত্রীরোগ বিশেষ।

**আজিনা [ 𑄃𑄎𑄨𑄚 ]** - বি. আঁচিল।

**আজু [ 𑄃𑄎𑄪 ]** - বি. পিতামহ (দাদা) ; মাতামহ (নানা) ।

**আজুরানা [ 𑄃𑄎𑄪𑄢𑄚 ]** - ক্রি. আঁচড়ানো।

**আজের [ 𑄃𑄎𑄬𑄢𑄴 ]** - বিণ. খালাস ; কর্মমুক্ত ।

**আঝল [ 𑄃𑄏𑄧𑄣𑄴 ]** - বি.আসল ; খাঁটি।

**আঝলং [ 𑄃𑄏𑄧𑄣𑄴/𑄃𑄏𑄧𑄣𑄧𑄁 ]** - বি.খাগড়াছড়ি জেলার মৌজা বিশেষ; আসলং মৌজা (নং ১৩৬)

**আঝা [𑄃𑄏]** - বি.আশা।

**আঝাআচ্যা [𑄃𑄏𑄃𑄌𑄳𑄠]** - বি.গলার খুশখুশে ভাব।

**আঝানা [𑄃𑄏𑄚]** - ক্রি.চাঁছা; চেঁছা।

**আঝার [𑄃𑄏𑄢𑄴]** - বি. ১. আষাঢ় । ২. আছাড় । ৩. এক প্রকার গাছ।

**আঝারানা [𑄃𑄏𑄢𑄚]** -ক্রি. আছাড় মারা।

**আঝি [𑄃𑄏𑄨 ]** - বি ,বিণ. আশি। ক্রি. (আমরা) চাঁছি।

**আঝিপুঝি [𑄃𑄏𑄨𑄛𑄪𑄏𑄨]** - বিণ.১. চেঁছেপুছে, চেটেপুটে ; ২. সর্বসাকুল্যে ; নিঃশেষে।

**আত্রিচ [ 𑄃𑄑𑄴𑄖𑄳𑄢𑄨𑄌𑄴]** - বি,বিণ. আটত্রিশ।

**আটচোল্লিচ, আচ্চোল্লিস [𑄃𑄑𑄴𑄌𑄮𑄣𑄴𑄣𑄨𑄌𑄴, 𑄃𑄌𑄴𑄌𑄮𑄣𑄴𑄣𑄨𑄌𑄴]** - বি,বিণ. আটচল্লিশ।

**আটসোত্তি [𑄃𑄑𑄴𑄥𑄮𑄖𑄴𑄖𑄨]** বি. বিণ. আটষট্টি।

**আটাত্তোর [ 𑄃𑄑𑄖𑄴𑄖𑄮𑄢𑄴 ]** -বি. বিণ. আটাত্তর।

**আটানোব্বোই [ 𑄃𑄑𑄚𑄮𑄝𑄴𑄝𑄮𑄃𑄨 ]** - বি, বিণ. আটানব্বই।

**আটান্ন [ 𑄃𑄑𑄚𑄴𑄚]** - বি, বিণ. আটান্ন।

**আট্য , আত্ত্য** [ 𑄃𑄑𑄳𑄠 , 𑄃𑄖𑄴𑄖𑄳𑄠 ] - বিণ. আট । { পালি. অট্ঠ >}

**আঠ্যাকলা** [ 𑄃𑄒𑄳𑄠𑄇𑄣 ] -বি. বন্য বীচিকলা ।

**আঢার, আধার** [𑄃𑄔𑄢𑄴, 𑄃𑄘𑄢𑄴 ] - বি. বিণ. আঠার ।

**আত্তুবা** [𑄃𑄖𑄴𑄖𑄪𑄝 / 𑄃𑄖𑄪𑄝] - বি. ডগাভাঙ্গা এমন অপরিপক্ক বাঁশ ।

**আখুয়া** [𑄃𑄈𑄴𑄈𑄪𑄠 ,𑄃𑄈𑄴𑄈𑄪𑄠 , 𑄃𑄈𑄴𑄈𑄪𑄠𑄃 ] -বি. মাটি বা ইটের জিনিস দিয়ে রাস্তায় বাঁধের মত প্রস্তুতকৃত প্রতিবন্ধক । বড় আইল ।

**আথ্যা, আধ্যা** [𑄃𑄗𑄴𑄗𑄳𑄠 , 𑄃𑄗𑄳𑄠 , 𑄃𑄙𑄳𑄠 ] - বিণ. অনর্থক; শুধু শুধু ।

**আথ্যে** [𑄃𑄗𑄴𑄗𑄳𑄠𑄬 , 𑄃𑄗𑄳𑄠𑄬 ] - বিণ. আস্তে ; ধীরে ।

**আদা** [ 𑄃𑄘 ] - বি. আদা ।

**আদাঙা** [ 𑄃𑄘𑄋 ] - বি.আতঙ্ক হওয়া ।

**আদানা** [ 𑄃𑄘𑄚] - ক্রি. এঁটে যাওয়া; স্থান সঙ্কুলান হওয়া ।

**আদাম** [ 𑄃𑄘𑄟𑄴] - বি. গ্রাম; পাড়া, পল্লী ।

**আদাম্যা** [ 𑄃𑄘𑄟𑄴𑄟𑄳𑄠, 𑄃𑄘𑄟𑄳𑄠 ] - বিণ. গ্রামবাসী; গ্রাম্য ।

~ মানুচ [ 𑄃𑄘𑄟𑄳𑄠 𑄟𑄚𑄪𑄌𑄴 ] - বিণ. গ্রাম্যলোক; গেঁয়ো মানুষ ।

~ মিলা [𑄃𑄘𑄟𑄳𑄠 𑄟𑄨𑄣] -বিণ. গ্রাম্যমেয়ে; গ্রাম্যমহিলা; গেঁয়ো মেয়ে; গেঁয়ো স্ত্রীলোক

**আদার, আধার** [𑄃𑄘𑄢𑄴, 𑄃𑄙𑄢𑄴] - বি.পশুপাখির খাদ্য ।

**আদারক-ছরাহ্** [𑄃𑄘𑄢𑄇𑄴-𑄍𑄢𑄦𑄴] -বি.রাঙ্গামাটি জেলাস্থিত একটি ছোট নদী বা ছড়ার নাম

**আদারা** [ 𑄃𑄘𑄢] - বি. ১. পূজার নৈবেদ্য বিশেষ । ২. (ভাতদ্যা পূজার) মৃতের উদ্দেশ্যে থালায় সাজানো পিন্ড সাজানো ভাত/খাবার ।

~ পোই [ 𑄃𑄘𑄢𑄛𑄮𑄃𑄨 ] - বি. মতিভ্রমগ্রস্থ শিশুকে সুস্থ করার উদ্দেশ্যে থালায় প্রদত্ত খাবার ।

**আদারাখানা** [ 𑄃𑄘𑄢𑄈𑄚] - ক্রি.ত্রাসপ্রাপ্ত হওয়া ।

**আদুর** [ 𑄃𑄘𑄪𑄢𑄴 ] - বি. খোঁড়া; পঙ্গু ।

**আদুরি** [ 𑄃𑄘𑄪𑄢𑄨 ] - বি. আঁতড়ি , অন্ত্র ।

**আদুলি** [ 𑄃𑄘𑄪𑄣𑄨 ] - বিণ. ঘন (দুধ জাতীয় জিনিসের ক্ষেত্রে প্রযোজ্য) ।

**আদিধন,আদেই ধন** [𑄃𑄘𑄨𑄙𑄧𑄚𑄴] - বি. গুপ্তধন ; আদিকালের ধন ।

**আদেক্যা, আদিক্যা** [ 𑄃𑄘𑄬𑄇𑄴𑄇𑄳𑄠, 𑄃𑄘𑄬𑄇𑄳𑄠, 𑄃𑄘𑄨𑄇𑄳𑄠 ] - ক্রি: বিণ. হঠাৎ ; দৈবাৎ ।

**আদেচ** [ 𑄃𑄘𑄬𑄌𑄴 ] - বি.বিণ. আটাশ ।

**আদ্ধান** [ 𑄃𑄘𑄴𑄙𑄚𑄴 ] - বিণ. আধখানা; অর্ধেক ।

**আদ্ধান্যা** [ 𑄃𑄘𑄴𑄙𑄚𑄴𑄚𑄳𑄠 , 𑄃𑄘𑄴𑄙𑄚𑄴𑄚𑄳𑄠 ] - বিণ. অসম্পূর্ণ ।

**আদ্যা, আত্যা** [ 𑄃𑄘𑄳𑄠 - 𑄃𑄖𑄳𑄠 ] - বি.পিতামহ; মাতামহ; দাদা; নানা ।

**আদ্যা-নাদিন,আত্যা-নাদিন** [𑄃𑄘𑄳𑄠 ] - বি. নানা-নাতি; নানা-নাতনী; দাদা-নাতি , দাদা-নাতনী ।

**আধঙ্ , আধং** [ 𑄃𑄙𑄋𑄴, 𑄃𑄙𑄁 ] - বিণ. অপরিচ্ছন্ন; আবর্জনাপূর্ণ; নোংরা (স্থানের ক্ষেত্রে প্রযোজ্য) ।

**আধকবালি** [ 𑄃𑄙𑄇𑄝𑄣𑄨 ] - বি. আধকপালি

**আধঙকাজর** [ 𑄃𑄙𑄋𑄇𑄎𑄢𑄴 ] - বি. আবর্জনা ; ময়লা ।

**আধা** [ 𑄃𑄙 ] - বি. আঠা । বিণ. আধা; অর্ধেক ।

~ শলা [𑄃𑄙𑄥𑄣 ] - বি. আঠা ও তৈল দিয়ে মাখানো পাখি ধরার শলাকা ।

**আধা** [ 𑄃𑄙 ] - বিণ. আধা, অর্ধেক ।

~ জেদা [ 𑄃𑄙𑄎𑄬𑄘 ] - অর্ধজীবিত ।

~ মরা [ 𑄃𑄙𑄟𑄢] - বিণ. অর্ধমৃত ।

**আধাবগা** [𑄃𑄙𑄝𑄉 ] - ক্রিঃ বিণ. অর্ধ সমাপ্ত ।

**আধার্জ্যাপাধার্জ্যা** [𑄃𑄙𑄢𑄴𑄎𑄳𑄠𑄛𑄙𑄢𑄴𑄎𑄳𑄠] - ক্রিঃ বিণ. এলোপাতাড়ি ।

**আধার** [𑄃𑄙𑄢𑄴 ] - বি. ১. টোপ । ২. পশুর খাবার ।

**আধালি, আদালি** [𑄃𑄙𑄣𑄨, 𑄃𑄘𑄣𑄨 ] - বি. এক জাতীয় রক্তশোষা ক্ষুদ্র পোকা ; এঁটুলি ।

**আধু , হাদু** [𑄃𑄙𑄪 ,𑄦𑄘𑄪 ] - বি. হাঁটু ।

~ ঘিলা [𑄃𑄙𑄪𑄊𑄨𑄣, 𑄦𑄘𑄪𑄊𑄨𑄣 ] - বি. হাঁটুস্থিত গোলাকার অস্থি ।

**আনক্যা** [𑄃𑄚𑄇𑄳𑄠] - বি.আরাকানের পশ্চিমাংশ বা পশ্চিম দিকস্থ অধিবাসী ।
{ বর্মী, রাখাইন : *আনক/অনক* = পশ্চিম ।}

**আনা** [𑄃𑄚] -বি. ১.আয়না । ২. আনা (১৬ আনা=১ টাকা) । ক্রি.আনা; নিয়ে আসা ।

**আনাচ,আনাজ** [ 𑄃𑄚𑄌𑄴 , 𑄃𑄚𑄎𑄴 ] - বি. আনারস ।

**আনানা** [𑄃𑄚𑄚 ] - ক্রি. আনা, নিয়ে আসা ।

**আনি** [𑄃𑄚𑄨] - ক্রি. (আমরা) আনি । সংখ্যাবাচক শব্দে বহুবচনে ব্যবহৃত বিভক্তি বিশেষ । যেমন *আদাম* ( গ্রাম ) + *আনি* = *আদামানি* ( গ্রামগুলি) ।{ পালিঃ নি > । যেমন *ফলানি* = ফলগুলি}*আনিজা-তারা, অনিজা-তারা* [ 𑄃𑄚𑄨𑄎-𑄖𑄢/𑄃𑄚𑄨𑄎𑄖𑄳𑄢, 𑄃𑄚𑄨𑄎𑄖𑄢 ] বি. চাকমাদের প্রাচীন ধর্মগ্রন্থ *আঘরতারা*-এর অন্তর্গত একটি *তারা* (সুত্র) (জগতের অনিত্যতা সম্পর্কে এতে বলা হয়েছে । মৃতব্যক্তির ভ দিবার সময় এটি ব্যবহৃত হতো ।)

**আনুধার** [𑄃𑄚𑄪𑄙𑄢𑄴] -বিণ. হতাশাব্যঞ্জক; নিরূপায় ।

**আনেআনে** [𑄃𑄚𑄬𑄃𑄚𑄬] - ক্রি.বিণ. গোপনে গোপনে ।

**আহ্নাজ**- মুখ গহ্বর নষ্ট ।

**আনেঘানে [𑄃𑄚𑄬𑄊𑄚𑄬]** - ক্রি.বিণ. ইঙ্গিতে ইশারায়।

**আন্দাচ [𑄃𑄚𑄴𑄘𑄌𑄴 ]** - বি. অনুমান; আন্দাজ ।

**আন্দাচ্যা, আন্দাজে [𑄃𑄚𑄴𑄘𑄌𑄳𑄠 , 𑄃𑄚𑄴𑄘𑄎𑄬]** - ক্রি.বিণ. আন্দাজে।

**আন্দিক [𑄃𑄚𑄴𑄘𑄨𑄇𑄴 ]** - বি. আংটি।

**আন্ধার ,আনধার [𑄃𑄚𑄴𑄙𑄢𑄴 ]** - বি. অন্ধকার, আঁধার।

**আন্নুয়া [𑄃𑄚𑄴𑄚𑄪𑄠 ]** - বি. ঝুল।

**আপাদার্জ্যা [𑄃𑄛𑄘𑄢𑄴𑄎𑄳𑄠 ]** -ক্রি.বিণ. আগুপিছু না ভেবে।

**আব [ [𑄃𑄝𑄴 ]** - বি.আয়না। আরশি দর্পণ।

**আবা আবা, আভা আভা [ [𑄃𑄝 𑄃𑄝, 𑄃𑄞𑄃𑄞]** - অব্য. শিশুদের খেলার সময় মুখে হাত দিয়ে খেলা স্থগিত রাখার বা সমাপ্ত করার সংকেত ধ্বনি।

**আবাং, আবাঙ [𑄃𑄝𑄁 , 𑄃𑄝𑄋𑄴 ]** -বি. টিউমার।

**আবাংপাং, আবাঙপাঙ [𑄃𑄝𑄁𑄛𑄋𑄴, 𑄃𑄝𑄋𑄴𑄛𑄋𑄴, 𑄉𑄝𑄁𑄛𑄁]** -ক্রি.বিণ.উন্মুক্ত।

**আবাচ, আবাজ [𑄃𑄝𑄌𑄴, 𑄃𑄝𑄎𑄴]** - বি. আওয়াজ।

**আবাধা, আভাধা [𑄃𑄝𑄙, 𑄃𑄞𑄙 ]** -ক্রি.বিণ. অকস্মাৎ, সহসা,হঠাৎ।

**আবারানা [𑄃𑄝𑄢𑄚]** - ক্রি. দরজার কপাট ভেজানো।

**আবিদ্যনে, আবিদ্দনে [𑄃𑄝𑄨𑄘𑄳𑄠𑄚𑄬, 𑄃𑄝𑄨𑄘𑄳𑄘𑄚𑄬 ]** - ক্রি.বিণ. অবিদ্যমানে।

**আবুজানা [𑄃𑄝𑄪𑄎𑄚 ]** -ক্রি. ১. দরজার কপাট ভেজানো। ২. কুকুর বা অন্য কোনো গৃহপালিত পশুর গৃহস্থের বাড়িতে আশ্রয়গ্রহণ করা।

**আভা [ 𑄃𑄞]** - বি. উচ্চ বার্মার মধ্যযুগীয় রাজধানী আভা (২২ ডিগ্রী উত্তর অক্ষাংশ ও ৯৪ ডিগ্রী পূর্ব দ্রাঘিমাংশে)। { শানঃ ইনওয়া = প্রবেশ পথ}

~ রাজা [𑄃𑄞𑄢𑄎 ] = আভারাজ; বর্মীরাজা।

**আভাধা [𑄃𑄞𑄙]** - ক্রি.বিণ. হঠাৎ, অকস্মাৎ।

**আভুখদা [𑄃𑄞𑄪𑄈𑄴𑄘 ]** - বিণ. অভুক্ত। ক্রি.বিণঃ অভুক্তাবস্থায়।

**আভুরুত-ঝাভুরুত, আভোত-ঝাভোত [𑄃𑄞𑄪𑄢𑄪𑄖𑄴 - 𑄏𑄞𑄪𑄢𑄪𑄖𑄴, 𑄃𑄞𑄮𑄖𑄴 - 𑄏𑄞𑄮𑄖𑄴 ]** - বিণ. সময় অসময়ে।

**আম [𑄃𑄟𑄴 ]**-বি. আম।

~ পাদা [ 𑄃𑄟𑄴𑄛𑄘] -বি. আম্রপল্লব।

~ঘেরে [𑄊𑄬𑄢𑄬𑄃𑄟𑄴 ] বি. পার্বত্য চট্টগ্রামের এক প্রকার ছোট আকৃতিবিশিষ্ট বন্যআম।

**আমক, আম্মক [ 𑄃𑄟𑄇𑄴, 𑄃𑄟𑄴𑄟𑄇𑄴 ]** - বিণ. অবাক, বিস্মিত, আশ্চর্যান্বিত।

**আমন' [ 𑄃𑄟𑄚𑄴 ]** - বিণ. স্বীয়; আপন; নিজস্ব।

**আমবরা [ 𑄃𑄟𑄴𑄝𑄢 ]** - বি. আমের আঁটি।

~ বাঝি [ 𑄃𑄟𑄴𑄝𑄢-𑄝𑄏𑄨 ] বি. আমের আঁটির মধ্যস্থলে আমপাতা রেখে তৈরি ভেঁপু।

**আমবোচ** [𑄃𑄟𑄴𑄝𑄮𑄌𑄴 ] - বি. এক প্রকার শাক, কুকুর মুঠা।

**আমরা** [𑄃𑄟𑄴𑄢] - বি. আমড়া।

**আমল** [𑄃𑄟𑄣𑄴] - ১.বি. আমল। ২. গুরুত্ব। ৩. নেশা দ্রব্যে আসক্তি

**আমা** [𑄃𑄟 ] - বি. চোখে আবরণ সৃষ্টিকারী রোগবিশেষ; ছানি।

**আমাত** [𑄃𑄟𑄖𑄴] - বিণ নির্বাক; বাকশূন্য।

**আমার, আমা', আহ্মার** [𑄃𑄟𑄢𑄴, 𑄃𑄟', 𑄃𑄟𑄳𑄦𑄢𑄴 ] - সর্ব. আমাদের।

**আমাহ্ , আমার** [ 𑄃𑄟𑄳𑄦 , 𑄃𑄟𑄢𑄴 ] - সর্ব. আমাদের, মোদের।

**আমি, আহ্মি** [𑄃𑄟𑄨, 𑄃𑄟𑄳𑄦𑄨 ] - স. আমরা। ]

**আমিলা** [𑄃𑄟𑄨𑄣] - বি. মেস্তা।

**আমুলি** [𑄃𑄟𑄪𑄣𑄨] - বি. আসক্ত ( সুপারি ইত্যাদি খাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য)।

**আমেনে** [𑄃𑄟𑄪𑄣𑄨] - ক্রি.বিণ. আপনা হতে বা থেকে।

**আর** [ 𑄃𑄢𑄴 ] - বি. আড়। অব্য. আর।

**আর** [𑄃-𑄢𑄧 ] - অব্য. আবারও; আরো।

**আরা** [𑄃𑄢 ] - বি. করাত। ক্রি. (তুমি ) কাজের প্রস্তুতি শুরু করো।

**আরাকরা** [𑄃𑄢 ] - বিণ. ১.অর্ধপোড়া। ২. অর্ধসমাপ্ত।

**আরানা** [𑄃𑄢𑄚 ] - ক্রি.কোনো কাজের শুরু করা।

**আরাকুঝি** [𑄃𑄢𑄇𑄪𑄏𑄨] - বি. করাতি। { ফারসি : আরাকশ > }

**আরাকুর** [𑄃𑄢𑄇𑄪𑄢𑄴 ] - বি.কাঠবাঁশের স্তুপ।

**আরাঙ, আরাং** [𑄃𑄢𑄋, 𑄃𑄢𑄁] -বি. মূলধন, পুঁজি।

**আরাঙা** [𑄃𑄢𑄋] - বি. জলবসন্ত ; Small pox .

**আরাপাগল** [𑄃𑄢-𑄛𑄉𑄣𑄴] - বিণ. আধাপাগল।

**আরি, আরিহ্** [ 𑄃𑄢𑄨, 𑄃𑄢𑄳𑄦𑄨 ] - বি.১. বেতের তৈরি ধান বা চাল মাপার পাত্র। ২.ধান্যের মাপবিশেষ (আড়, আড়ি) { স.আঢ়ক}

**আরুক** [ 𑄃𑄢𑄪𑄇𑄴 ] - বি. আকৃতি।

**আরেস্তামা-তারা** [ 𑄃𑄢𑄬𑄥𑄳𑄖𑄟-𑄖𑄢 ] - বি.চাকমাদের প্রাচীন ধর্মগ্রন্থ *আঘরতারা*-এর অন্তর্ভুক্ত একটি *তারা/ত্রা*। পূর্বে বা পুরুষ কিংবা বড়লোকদের মৃত্যু হলে এটি পিন্ডোৎসর্গ কালে পঠিত হতো।

**আলক** [𑄃𑄣𑄇𑄴 ] - বিণ. মাটি থেকে উর্ধাবস্থাজনিত।

~ ঘর [𑄃𑄣𑄇𑄴 - 𑄊𑄢𑄴] - বি. ঐতিহ্যবাহী মাচাংঘর।

**আলগা [𑄃𑄣𑄉]** -বিণ. আলাদা, পৃথক। ক্রি. ১. (তুই)আলগা। ২.(তুমি) উত্তোলন করো

**আলগানা [ 𑄃𑄣𑄉𑄚]** - ক্রি. উত্তোলন করা।

**আলগাজিল [ 𑄃𑄣𑄉-𑄎𑄨𑄣]** - বি. আলজিহ্বা।

**আলসি, আলঝি [𑄃𑄣𑄥𑄨, 𑄃𑄣𑄏𑄨 ]** - বিণ. অলস; আলসে।

**আলসি কবিতা [ 𑄃𑄣𑄥𑄨 𑄇𑄧𑄝𑄨𑄖]** - বি. কবি প্রবোধচন্দ্র চাকমা ওরফে ফিরিং চান্দ কর্তৃক রচিত
এবং ১৯২৬ সালে প্রকাশিত কবিতা বই আলসি কবিতা।

**আলস্যা, আল্ঝ্যা [ 𑄃𑄣𑄥𑄳𑄠 ]** - বি. মালসা। বিণ. আলসে, অলস।

**আলস্যামি, আলঝ্যামি - [ 𑄃𑄣𑄥𑄳𑄠𑄟𑄨, 𑄃𑄣𑄏𑄳𑄠𑄟𑄨 ]** - বি. কুঁড়েমি, আলস্য।

**আলাঝালা [ 𑄃𑄣𑄏𑄣 ]** - বিণ. পর্যাপ্ত ; সুপ্রচুর।

**আলাঝে [ 𑄃𑄣𑄏𑄬]** - ক্রি.বিণ. আসলে।

**আলাম [ 𑄃𑄣𑄟𑄴 ]** - বি.চাকমা মহিলাদের বয়নের ঐতিহ্যবাহী নক্‌শাকাপড়; design cloth. তুলনীয় অসমীয়াঃ ফুলাম কাপোর।

**আলিকদম [ 𑄃𑄣𑄨𑄇𑄧𑄘𑄟𑄴 ]** - বি.আলিকদম [ 𑄃𑄣𑄨𑄇𑄧𑄘𑄟𑄴 ] - বি.আলিকদম উপজেলা ও সদর এবং ঐ নামের মৌজা (বান্দরবান জেলার বোমাং সার্কেলের মৌজা Alikwadaung নং ২৮৮)। আলে-খ-দং (জনশ্রুতি:পর্বতগাত্রের মধ্যে কবুতর বাস করে এমন পর্বত।{ বর্মী/রাখাইন/মারম : *আলে/আলি* = মধ্য। *খ*=কবুতর। *দং/* তং = পাহাড়।}/{আলে-খ্যঙ-দং (পাহাড় ও নদীর মধ্যস্থল)> ]

**আলিসিরিবের [𑄃𑄣𑄨𑄥𑄨𑄢𑄨𑄝𑄬𑄢𑄴]** - বি.সাধারণ বারান্দা ও অন্দর বারান্দার মধ্যবর্তী বেড়া

**আলু [ 𑄃𑄣𑄪 ]** - বি ১. আলু। ২. ধানশিষের আঁটি।

~ কইয়াং [𑄇𑄧𑄃𑄨𑄠𑄁𑄃𑄣𑄪] - বি. একপ্রকার লম্বাটে বন্য আলু। { ত্রিপুরা রাজমালায়: ঘোইয়াঙ্গ আলু । মারমাঃ য়াং = আলু; yam }

~ গুল [𑄉𑄪𑄣𑄴𑄃𑄣𑄪] - বি.গোল আলু; potato।

~ ছাগলদুধ [𑄉𑄪𑄣𑄴𑄃𑄣𑄪] - বি. একপ্রকার সাদাটে বন্য আলু।

~ জুর [𑄎𑄪𑄢𑄴𑄃𑄣𑄪] - বি. এক প্রকার ঠান্ডা বন্য আলু।

~ পিলা [𑄉𑄪𑄣𑄴𑄃𑄣𑄪] -বি.পাতিলার মত বর্তুলাকার বন্য আলু।

~ মু [𑄉𑄪𑄣𑄴𑄃𑄣𑄪] - বি. একপ্রকার বন্য আলু।

**আলিসিরি-বের [𑄃𑄣𑄨𑄥𑄨𑄢𑄨𑄁, 𑄃𑄣𑄨𑄢𑄨𑄁,𑄝𑄬𑄢𑄴 ]**·- বি.মাচাংঘরে সম্ভ্রান্ত পরিবারের মহিলাদেরকে বহিরাগতদের কাছ থেকে আড়াল করার বেড়া।

**আলেই-চানা [ 𑄃𑄣𑄬𑄃𑄨-𑄌𑄚 ]** - ক্রি.বিণ. তৌলন করে দেখা।

**আলেখ্যাঙ-[𑄃𑄣𑄬𑄈𑄳𑄠𑄁]** -বি.বান্দরবান জেলার মৌজাবিশেষ (নং ২৮০) ও ঐ নামের নদী

**আলেইয়া [ 𑄃𑄣𑄬𑄄𑄠 ]** - ক্রি.বিণ.দীর্ঘসূত্রীতা বিশিষ্ট ।(অতিধীরে বা আস্তে আস্তে)

**আল্যাং, আল্যাঙ [ 𑄃𑄣𑄳𑄠𑄁 , 𑄃𑄣𑄳𑄠𑄋𑄴, 𑄃𑄣𑄳𑄠𑄋𑄴]** - বি. আবদার; আহ্লাদ ।

## ই [𑄄 ]

**ই [ 𑄄, 𑄨 ]** - বি. চাকমা তে ই-ধ্বনির জন্য ব্যবহৃত চিহ্ন অবশ্য 𑄨 এই বর্ণটির স্বর হলো /ই/ ।

**ইআন, ইয়ান [𑄄𑄃𑄚𑄴, 𑄄𑄠𑄚𑄴]** - সর্ব. এটি,এটা,ইহা ।

**ইউন, ইগুন [ 𑄄𑄅𑄚𑄴 , 𑄄𑄉𑄪𑄚𑄴 ]** - সর্ব. এইগুলি; এইগুলো ।

**ইংরেজি, ইঙরেজি [𑄄𑄁𑄢𑄬𑄎𑄨 , 𑄄𑄋𑄴𑄢𑄬𑄎𑄨 ]** - বি. ইংরেজি; English .

**ইঁ [ 𑄄𑄀 ]** - অব্য. হ্যাঁ সূচক শব্দ। স্বীকৃতি সূচক বা সম্মতি সূচক শব্দ।

**ইঁহিক [ 𑄄𑄀𑄦𑄨𑄇𑄴 ]** - অব্য. না সূচক শব্দ। অস্বীকৃতি সূচক বা অসম্মতি সূচক শব্দ।

**ইঁহিজক [ 𑄄𑄀𑄦𑄨𑄎𑄇𑄴 ]** - অব্য. (বগল বাজিয়ে) নিন্দাপ্রকাশক শব্দ। অস্বীকৃতি সূচক বা অসম্মতি সূচক শব্দ।

**ইক্কুয়া, ইকখুয়া, উক্কুয়া, এক্কুয়া [ 𑄄𑄇𑄴𑄇𑄪𑄠 , 𑄄𑄇𑄴𑄈𑄪𑄠 , 𑄅𑄇𑄴𑄇𑄪𑄠, 𑄆𑄇𑄴𑄇𑄪𑄠 ]** - বি. বিণ. একটি; একটা।

**ইকখুনু [𑄄𑄇𑄴𑄈𑄪𑄚𑄪]** - ক্রি.বিণ. এক্ষণে।

**ইগুন [𑄄𑄉𑄪𑄚𑄴]** - সর্ব. এইগুলি।

**ইঙিল্যা [𑄄𑄋𑄨𑄣𑄳𑄠 ]**- বিণ. ইদানীং।

**ইথিক্যা [𑄄𑄗𑄨𑄇𑄳𑄠, 𑄄𑄗𑄨𑄇𑄴𑄇𑄳𑄠 ]** - বিণ. এইরূপ, এমন।

**ইচ্চর, ইস্‌সর [𑄄𑄌𑄴𑄌𑄧𑄢𑄴, 𑄄𑄌𑄧𑄢𑄴, 𑄄𑄥𑄴𑄥𑄧𑄢𑄴]** - বি. ঈশ্বর।

**ইচ্যা [𑄄𑄌𑄳𑄠, 𑄄𑄌𑄴𑄌𑄳𑄠 ]** - বিণ. আজ; অদ্য।{ স. অজ্জ }

**ইজা, ইঝা [𑄄𑄎, 𑄄𑄏 ]** - বি. চিংড়ি, ইঁচা (কুঁচো চিংড়ি )।

**ইজাদার-শাক, ইজেদার -শাক [ 𑄄𑄎𑄘𑄢𑄴 , 𑄄𑄎𑄬𑄘𑄢𑄴 ]** - বি. শাক বিশেষ।

**ইজামুজি [𑄄𑄎𑄟𑄪𑄎𑄨 ]** - বি. চিংড়ি , ইঁচা ( কুচো চিংড়ি ), ছোট ছোট মাছ ধরার জন্য খাঁচাবিশিষ্ট ফাঁদ বিশেষ।

**ইজিবিজি-গাচ, ইজিমিজি-গাচ [𑄄𑄎𑄨𑄝𑄨𑄎𑄨 - 𑄉𑄌𑄴, 𑄄𑄎𑄨𑄟𑄨𑄎𑄨 - 𑄉𑄌𑄴 ]** - বি এক প্রকার ছোট আকারের গাছ।

**ইজোর,ইজর [𑄄𑄎𑄮𑄢𑄴, 𑄄𑄎𑄢𑄴 ]** - বি. (মাচাংঘরের সম্মুখস্থ ) জলের পাত্র সংরক্ষণের মাচাং; ঘরের সম্মুখের খোলা মাচাং।

**ইজ্জত [ 𑄄𑄎𑄴𑄎𑄖𑄴 ]** - বি. ইঁজ্জত , সম্মান।

**ইঝানা [ 𑄄𑄏𑄚 ]** - ক্রি. সেচন করা।

**ইঝিখের [ 𑄄𑄏𑄨𑄈𑄬𑄢𑄴 ]** - বি.এক প্রকার ছোট উদ্ভিদ। ]

**ইঝিরা** [ 𑄄𑄏𑄨𑄢 ] - বি. ইশারা।

**ইত্তুক** [ 𑄄𑄖𑄴𑄖𑄪𑄇𑄴 ] - বিণ. একটু , এতটুকু।

**ইথকুদুম** [ 𑄄𑄖𑄴𑄗𑄇𑄪𑄘𑄪𑄟𑄴 ] - বি. ইষ্টকুটুম।

**ইদা** [ 𑄄𑄘 ] - বি. ঢিল।

**ইধু** [ 𑄄𑄙𑄪 ] - ক্রি.বিণ. এখানে; অত্র।

**ইন্দি** [ 𑄄𑄚𑄴𑄘𑄨 ] - ক্রি.বিণ. এদিকে; এইদিকে।

**ইন্দিরবিন্দির, ইন্দোরবিন্দোর** [ 𑄄𑄚𑄴𑄘𑄨𑄢𑄴𑄝𑄨𑄚𑄴𑄘𑄨𑄢𑄴, 𑄄𑄚𑄴𑄘𑄮𑄢𑄴𑄝𑄨𑄚𑄴𑄘𑄮𑄢𑄴 ] - বিণ. ভিতরবাহির। { ইংরেজিঃ indoors (ইনডোর্‌স)=বাড়ির মধ্যে}

**ইধিক্যা এধোক্যা** [𑄄𑄙𑄨𑄇𑄳𑄡 , 𑄆𑄙𑄮𑄇𑄳𑄡 ] - বিণ. এমন; এরকম; এরূপ।

**ইবলিচ্‌চালান** [ 𑄄𑄝𑄣𑄨𑄌𑄴-𑄌𑄣𑄚𑄴 ] বি. মন্ত্র দ্বারা (কারোর ক্ষতির উদ্দেশ্যে ভূত কিংবা অশরীরী শক্তির চালান। (ইবলিশ চালান)

**ইভা, ইবা** [ 𑄄𑄞, 𑄄𑄝 ] - সর্ব. এটি; এটা; ইহা।

**ইমা-খানা** [ 𑄄𑄟-𑄈𑄚 ] - ক্রি. কোনো বিশেষ কাজ করে বিরক্ত হয়ে আর ঐ জাতীয় কাজ করবে না বলে মনোভাব ব্যক্ত করা।

**ইয়ত** [ 𑄄𑄠𑄖𑄴 ] - বিণ. এখানে; হেথায় ।

**ইরানা, ইরি-দেনা** [ 𑄄𑄢𑄚, 𑄄𑄢𑄨-𑄘𑄬𑄚 ] - ক্রি.ত্যাগ করা; ছেড়ে দেওয়া।

**ইরাইরি** [ 𑄄𑄢𑄄𑄢𑄨 ] - বিণ.ছাড়াছাড়ি।

**ইরুক** [ 𑄄𑄢𑄪𑄇𑄴 ] - বিণ. ইদানীং।

**ইয়ত** [ 𑄄𑄠𑄖𑄴 ] - ক্রি.বিণ. এখানে।

**ইয়া** [ 𑄄𑄠 ] - অব্য. মনে পড়েছে এমন ভাববোধক শব্দ।

**ইয়ান, ইয়েন** [ 𑄄𑄠𑄚𑄴, 𑄄𑄬𑄚𑄴 , 𑄄𑄠𑄬𑄚𑄴 ] - সর্ব. এটি; এটা; ইহা; এইখানি।

**ইয়ানি, ইয়েনি** [ 𑄄𑄠𑄚𑄨, 𑄄𑄬𑄚𑄨 ] - সর্ব. এইগুলি।

**ইয়ারিং, ইয়ারিঙ** [𑄄𑄠𑄢𑄨, 𑄄𑄠𑄢𑄨𑄋𑄴] - বি. কর্ণদুল বিশেষ।

**ইয়ারেংছোরি** [𑄄𑄠𑄢𑄬𑄁𑄍𑄧𑄢𑄨 , 𑄄𑄠𑄢𑄬𑄋𑄴𑄍𑄧𑄢𑄨 ] - বি.ঐ নামের একটি ছোটনদী ও মৌজা আছে। ( নং ২৬)।

**ইয়োরেং-(বরনা শাক)-** বরুন গাছের শাক

**ইয়াহ্‌রিঙ, ইয়াহ্‌রিং** [ 𑄄𑄠-𑄦𑄴𑄢𑄨𑄋𑄴 ] - বি. এক জাতীয় বিলুপ্তপ্রায় বন্য ছাগল। (তুলনীয়ঃ পাংখুয়াঃ রাহ্‌)।

## ঈ [𑄃𑄩]

**ঈঝাঈঝা** [ 𑄃𑄩𑄏𑄃𑄩𑄏] - বি. প্রতিহিংসার তৃপ্তি ঘটা।

**ঈঝানা** [ 𑄃𑄩𑄏𑄚 ] - ক্রি.সেচন করা; সেঁচা।

**ঈদত্** [ 𑄃𑄩𑄘𑄖𑄴 ] - বিণ. স্মৃতিতে।

**ঈদি** 𑄃𑄩𑄘𑄨 ] - বি. (খরগোস বন্য পাখি, ছোট জাতের প্রানী ধরার বিশেষ ফাঁদ) সাধারনত বাঁশের কঞ্চি বা ছোট আকারের সরু গাছের টুকরা ও ফাঁসযুক্ত দড়ি দিয়ে প্রস্তুতকৃত ফাঁদ।

**ঈনানা** [ 𑄃𑄩𑄚𑄚,𑄃𑄨𑄚𑄚 ] - ক্রি. গবাদি পশু কর্তৃক শিং দিয়ে গুঁতা মারা।

**ঈর** [ 𑄃𑄩𑄢𑄴 ] - বি. ঝোপঝাড়ের ভিতর দিয়ে হওয়া বা করা প্রশস্থ ফাঁক, শিরা।

**ঈল** [ 𑄃𑄩𑄣𑄴 ] - বি. তৃপ্তি।

**ঈলানা** [ 𑄃𑄩𑄣𑄚 ] - ক্রি.কাউকে কথামত কাজ করতে বাধ্য করা।

**ঈয়ত** [ 𑄃𑄩𑄠𑄖𑄴 ] - বি.আয়ু ; হায়াত।

## উ [𑄃𑄪/𑄅]

**উ** [ 𑄃𑄪/d ] - বি. চাকমা ঐতিহ্যবাহী অঝাপাঠ বহির্ভূত একটি স্বরবর্ণ ; এই মৌখিক স্বরধ্বনিটির স্বর হলো হলো /উ/ ।

**উই, উইপুক** [ 𑄃𑄪𑄃𑄨 , 𑄃𑄪𑄃𑄨𑄛𑄪𑄇𑄴 ] - বি. উই, উইপোকা।

**উঃ** [ 𑄃𑄪𑄂 ] - অব্য. ১. ব্যথা প্রকাশক বা তাচ্ছিল্য প্রকাশক ধ্বনি।

**উগুধা, উঘুধা** [ 𑄃𑄪𑄉𑄪𑄙, 𑄃𑄪𑄊𑄪𑄙 ] - বিণ. উল্টা; উল্টাস্বভাববিশিষ্ট।

**উগুন** [ 𑄃𑄪𑄉𑄪𑄚𑄴 ] -বি. উকুন।

**উগুধা** [ 𑄃𑄪𑄉𑄪𑄙 ] -বিণ. উল্টা; বিপরীত স্বভাবের।

**উগুর, উবুর** [ 𑄃𑄪𑄉𑄪𑄢𑄴, 𑄃𑄪𑄝𑄪𑄢𑄴 ] - বিণ. উপুড়।

**উগুরানা, উবুরানা** [ 𑄃𑄪𑄉𑄪𑄢𑄚 , 𑄃𑄪𑄝𑄪𑄢𑄚 ] - ক্রি. ১. উদ্বৃত্ত হওয়া। ২. উপড়ানো।

**উগুর্জ্যা** [ 𑄃𑄪𑄉𑄪𑄢𑄴𑄎𑄳𑄡 ] - ক্রি.বিণ. উদ্বৃত্তকৃত।

**উগোল** [ 𑄃𑄪𑄉𑄮𑄣𑄴 ] - বি. চ্যাং মাছ।

**উঘুরি** [ 𑄃𑄪𑄊𑄪𑄢𑄨 ] - ক্রি. বিণ. আঁতকে। (যেমন, *উঘুরি উধানা* = আঁতকে ওঠা। }

**উঘুরিক, উউরিক** [𑄃𑄪𑄊𑄪𑄢𑄨𑄇𑄴, 𑄃𑄪𑄃𑄪𑄢𑄨𑄇𑄴 ] -বি. এক প্রকার ক্ষুদ্র পাখি মুনিয়া পাখি।

**উঙুচ্যা, উমুচ্যা** [𑄃𑄪𑄋𑄪𑄌𑄳𑄡, 𑄃𑄪𑄟𑄪𑄌𑄳𑄡 ] -বি.শরীরে উষ্ণতার অনুভবতা।

**উঙুদো** [ 𑄃𑄪𑄋𑄪𑄘𑄮 ] -বি. ঢেউ।

**উঙুল্যা** [ 𑄃𑄪𑄋𑄪𑄣𑄳𑄡, 𑄃𑄪𑄋𑄪𑄣𑄪𑄣𑄳𑄡 ] -বিণ.তৎকালে ; ঐ সময়ে।

**উচ্চ** [ 𑄃𑄪𑄌𑄴𑄌 ] - বিণ. সহজ।

**উচ্ছ** [ 𑄃𑄪𑄌𑄴𑄍 ] - বিণ. উৎসাহিত। উহ্‌গুন-ঐ গুলো/গুলি

**উচ্ছরানা** [𑄃𑄪𑄍𑄴𑄍𑄢𑄚] - বি. নৈবদ্য উৎসর্গ করা।

**উচ্ছফুচ্ছ** [𑄃𑄪𑄍𑄴𑄍𑄜𑄪𑄍𑄴𑄍] - বি. উৎফুল্ল ; উৎসাহিত।

**উচ্ছুরি-গঝা/উস্‌সুরী-গঝা** [𑄃𑄪𑄍𑄴𑄍𑄪𑄢𑄨-𑄉𑄏/ 𑄃𑄪𑄥𑄴𑄥𑄪𑄢𑄩-𑄉𑄏] - বি. চাকমাদের একটি বিশেষ সামাজিক দল।

**উছ্যা** [ 𑄃𑄪𑄍𑄳𑄠 ] - ক্রি.বিণ.সিদ্ধকৃত।

**উজানা, উযানা** [𑄃𑄪𑄎𑄚 , 𑄃𑄪𑄠𑄚 ] - ক্রি. এগুনো; অগ্রসর হওয়া।

**উজানি** [𑄃𑄪𑄎𑄚𑄨 ] - বি. উজান।

**উজানিলামোনি** [𑄃𑄪𑄎𑄚𑄨𑄣𑄟𑄮𑄚𑄨] - বি. উজানভাটি।

**উজু** [𑄃𑄪𑄎𑄪] - বিণ. ১. সোজা। { < পালি : উজু < সং : ঋজু} ২. সরল স্বভাবের।

**উজুকচুক** [𑄃𑄪𑄎𑄪𑄇𑄴𑄌𑄪𑄇𑄴 ] - বিণ. স্তুপীকৃত।

**উজোল** [𑄃𑄪𑄎𑄮𑄣𑄴 ] - বি. খেপ, ক্ষেপ। প্রবাদঃ উজোলে ন মরে, বুগিয়ে মরে।}

**উঝানা** [𑄃𑄪𑄏𑄚 ] - ক্রি. সিদ্ধ করা।

**উঝুলা-হ্‌না** [𑄃𑄪𑄏𑄪𑄣-𑄦𑄴𑄚] - ক্রি. কোনো পীড়ার পুনঃ প্রাদুর্ভাব হওয়া।

**উঝোত** [ 𑄃𑄪𑄏𑄮𑄖𑄴 ] - বি. হোঁচট।

~ খানা [ 𑄃𑄪𑄏𑄮𑄖𑄴-𑄈𑄚] - ক্রি. হোঁচট খাওয়া।

**উঝোল** [𑄃𑄪𑄏𑄮𑄣𑄴] -বি. ১.উশুল; উসুল। ২. ক্ষেপ। যেমন, **কয় উঝোল? = কত ক্ষেপ?**

**উত** [ 𑄃𑄪𑄖𑄴 ] - বি. ওষ্ঠ।

**উত্তমাজা** [ 𑄃𑄪𑄖𑄴𑄖𑄧𑄟𑄎, 𑄃𑄪𑄖𑄴𑄟𑄎] - বি.উনুনশালে চুল্লির উর্ধদিকে (লবণ শুকনো রাখার কাজে ব্যবহৃত) ছোট্ট মাচা। { উভাগীত-এর চরণঃ উত্তমাজাত নুন থোইয়ন। বুরাহ্‌বুরিহ্‌য়ে ঘুম যেইয়ন}

**উত্তর** [ 𑄃𑄪𑄖𑄴𑄖𑄧𑄢𑄴, 𑄃𑄪𑄖𑄴𑄢𑄴 ] -বি. জবাব। বি.উত্তর (দিক)।

~ কুল্যা [ 𑄃𑄪𑄖𑄴𑄢𑄴𑄇𑄪𑄣𑄳𑄠 ] - বিণ. ভারতের চাকমা অধিবাসী।(ফেণী নদীর উত্তর দিকস্থ অঞ্চল সমূহে বসবাসকারী চাকমা অধিবাসী )

**উদ** [ 𑄃𑄪𑄘𑄴 ] - বি. উদ্বিড়াল; ভোঁদড়।

**উদানা, উধানা** [ 𑄃𑄪𑄘𑄚, 𑄃𑄪𑄙𑄚 ] - ক্রি. উঠা, ওঠা।

**উদিচ** [ 𑄃𑄪𑄘𑄨𑄌𑄴 ] - বি. হদিস।

**উদু** [𑄃𑄪𑄘𑄪] -বি.নোড়া। (যেমন,বাগধারাঃ উদুপাদায় ঘঝাঘঝি,উলুখেরর পরাণ যায়।)

**উদুরানা** [𑄃𑄪𑄘𑄪𑄢𑄚] - ক্রি. উত্তাপে পানি বা তরলের টগবগিয়ে ফুটা; টগবগ করা।

**উদো** [ 𑄃𑄪𑄘𑄮 ] - বি. ১. নোড়া । ২. খোঁজখবর।

**উদোনেইয়া** [ 𑄃𑄪𑄘𑄮𑄚𑄬𑄭𑄠 ] - বিণ. সীমাহীন/ অথৈ (জলাধারের ক্ষেত্রে প্রযোজ্য) ।

**উদোল** [𑄃𑄪𑄘𑄮𑄣𑄴 ] -বি.এক প্রকার তন্তুধারী গাছ। (উলট কম্বল)

~ দোরি [𑄅𑄘𑄮𑄣𑄴𑄘𑄮𑄢𑄨] -বি.*উদোল* গাছের দড়ি।

**উদো-লনা [ 𑄅𑄘𑄮-𑄣𑄧𑄚 ]** -ক্রি. হদিস নেওয়া, খোঁজ খবর নেওয়া।

**উদ্ধ [𑄅𑄘𑄴𑄙]** - বিণ. উর্ধ্ব। উদ্ধার [𑄅𑄘𑄴𑄙𑄢𑄴] - বি. উদ্ধার; রেহাই; নিস্কৃতি।

**উধানা, উদানা [ 𑄅𑄙𑄚, 𑄅𑄘𑄚 ]** - ক্র.১.উঠা; ওঠা। ২. উঠানো। ৩. (গাছে) চড়া।

**উধাউথ্যা [ 𑄅𑄙𑄅𑄗𑄳𑄠 ]** - ক্রি.বিণ. উপর্যুপোরি।

**উধার [ 𑄅𑄙𑄢𑄴 ]** - বি.ঋণ; কর্জ।

**উধাউথ্যা [ 𑄅𑄙𑄅𑄗𑄳𑄠 ]** - ক্রি.বিণ.উপযুপোরি।

**উধোন্ [ 𑄅𑄙𑄮𑄚𑄴]** - বি.উঠান।

**উধানা [ 𑄅𑄙𑄚 ]** - ক্রি.উঠা; ওঠা; উঠানো; ওঠানো।

**উধার [ 𑄅𑄙𑄢𑄴 ]** - বি.ঋণ; ধার; কর্জ।

**উধুমধুমা [ 𑄅𑄙𑄪𑄟𑄴𑄙𑄪𑄟 ]** -ক্রি.বিণ. ঝটপট; তড়িঘড়ি ; চটজলদি।

**উধ্যা [ 𑄅𑄙𑄳𑄠 , 𑄅𑄖𑄴𑄙𑄳𑄠 ]** - বিণ.১.অনাবৃত; ২. উদোম।

**উধ্যালাংধা [ 𑄅𑄙𑄳𑄠𑄣𑄁𑄙 ]** - বিণ. উলঙ্গ; নগ্ন।

**উন [ 𑄅𑄚𑄴 ]** - বিণ. ঊন; অপূর্ণ।

**উনঝুর [𑄅𑄚𑄴𑄏𑄪𑄢𑄴]** - বিণ. সর্বদা।

**উনত্রিচ্ [ 𑄅𑄚𑄴𑄖𑄳𑄢𑄨𑄌𑄴 ]** - বি. বিণ. ঊনত্রিশ। ,

**উনচল্লিচ [𑄅𑄚𑄴𑄌𑄣𑄴𑄣𑄨𑄌𑄴]** - বি. বিণ.ঊনচল্লিশ।

**উনপন্জাচ্ [𑄅𑄚𑄴𑄛𑄚𑄴𑄎𑄌𑄴 ]** - বি. বিণ. ঊনপঞ্চাশ।

**উনসাইত্ [𑄅𑄚𑄴𑄥𑄅𑄨𑄖𑄴]** - বি. বিণ.ঊনষাট।

**উনসোত্তর্, উনোসোত্তর [𑄅𑄚𑄴𑄥𑄮𑄖𑄴𑄖𑄮𑄢𑄴 , 𑄅𑄚𑄮𑄥𑄮𑄖𑄴𑄖𑄮𑄢𑄴 ]** - বি. বিণ.ঊনসত্তর।

**উনা [𑄅𑄚]** - বিণ.ঊন।

**উনাঝি [𑄅𑄚𑄏𑄨]** - বি. বিণ.ঊনআশি; ঊনাশি।

**উননোব্বোই [𑄅𑄚𑄴𑄚𑄮𑄝𑄴𑄝𑄮𑄃𑄨]** - বি. বিণ.ঊনানব্বই।

**উনিচ,উনেচ [𑄅𑄚𑄨𑄌𑄴, 𑄅𑄚𑄬𑄌𑄴]** - বি. বিণ. ঊনিশ।

· **উন্দুর [𑄅𑄚𑄴𑄘𑄪𑄢𑄴]** - বি. ইঁদুর।

**উন্দুরকান [𑄅𑄚𑄴𑄘𑄪𑄢𑄴𑄇𑄚𑄴]** - বি. ইঁদরের কান।

~ উল [ 𑄅𑄚𑄴𑄘𑄪𑄢𑄴𑄇𑄚𑄪𑄣𑄴] - বি. এক প্রকার ছোট আকারের মাশরুম/ব্যাঙের ছাতা।

**উবর, উগর [𑄅𑄝𑄢𑄴 ]** - বিণ. উপর।

**উবরপদলা-ফা [𑄃𑄪𑄝𑄢𑄴𑄛𑄘𑄣- 𑄜]** - বি. ঐতিহ্যবাহী চাকমা বর্ণমালা অঝাপাঠ-এর ২২তম বর্ণ বা হরফ। {এই বর্ণটির *পদলা* মানে পোটলা আছে এবং মুখ উপর দিকে বলে।}

**উবরমুয়া-বা [𑄃𑄪𑄝𑄢𑄴𑄟𑄪𑄠-𑄝 / 𑄃𑄪𑄝𑄢𑄴𑄟𑄪𑄳𑄠 -𑄝 ]** - বি. ঐতিহ্যবাহী চাকমা বর্ণমালা অঝাপাঠ-এর ২৩তম বর্ণ বা হরফ। {এই বর্ণটির মুখ উপর দিকে বলে।}

**উবরমুয়া-হা [𑄃𑄪𑄝𑄢𑄴𑄟𑄪𑄠-𑄦 / 𑄃𑄪𑄝𑄢𑄴𑄟𑄪𑄳𑄠- 𑄦 ]** - বি. ঐতিহ্যবাহী চাকমা বর্ণমালা অঝাপাঠ-এর ৩১তম বর্ণ বা হরফ। {এই বর্ণটির মুখ উপর দিকে বলে।}

**উবুর, উগুর [𑄃𑄪𑄝𑄪𑄢𑄴, 𑄃𑄪𑄉𑄪𑄢𑄴 ]** - বিণ. উপুড়।

**উবুরানা, উগুর [𑄃𑄪𑄝𑄪𑄢𑄚, 𑄃𑄪𑄉𑄪𑄢𑄚]** - ক্রি. উপড়ানো।

**উর্বুয়াবলাহ্ [𑄃𑄪𑄢𑄴𑄝𑄪𑄠𑄝𑄣𑄦𑄴 ]** - বি. গাছের শাখায় শাখায় বিচরণকারী সবুজ রঙের লম্বাতে এক প্রকার উড়ুক্কু সাপ।

**উভা [𑄃𑄪𑄞 ]** - বিণ.দন্ডায়মান; খাড়া।

~ কাক্কাক [𑄃𑄪𑄞𑄇𑄴𑄇𑄇𑄴] - বিণ. ঝুলন্তাবস্থা।

~ ফাল [𑄃𑄪𑄞𑄜𑄣𑄴 ] - বি. উর্ধলম্ফ।

~ মু [𑄃𑄪𑄞𑄟𑄪] - বি. উর্ধমুখ।

**উভাগীত, উভাগিত[𑄃𑄪𑄞𑄉𑄩𑄖𑄴,𑄃𑄪𑄞𑄉𑄨𑄖𑄴]** - **বি.**এক প্রকার ঐতিহ্যবাহী চাকমা লোকগীতি

**উভাচ, উভোচ [𑄃𑄪𑄞𑄌𑄴, 𑄃𑄪𑄞𑄮𑄌𑄴]** - বিণ. উপোস; উপবাস।

~ কাবাচ [𑄃𑄪𑄞𑄌𑄴𑄇𑄝𑄌𑄴 , 𑄃𑄪𑄞𑄮𑄌𑄴𑄇𑄝𑄌𑄴] - ক্রি.বিণ.অভুক্তাবস্থায়।

**উভাচুল [𑄃𑄪𑄞𑄌𑄪𑄣𑄴 ]** -বিণ.খাড়া খাড়া চুল।

**উভামু [𑄃𑄪𑄞𑄟𑄪 ]** - বিণ. উর্ধমুখী।

**উভোত্ [𑄃𑄪𑄞𑄮𑄖𑄴 ]** - বিণ, ক্রি. বিণ. উল্টানোকৃত।

~ গরানা [𑄃𑄪𑄞𑄮𑄖𑄴-𑄉𑄧𑄢𑄚 ] - ক্রি.উল্টানোকৃত।

**উভোত্ঝাবত্ [𑄃𑄪𑄞𑄮𑄖𑄴𑄏𑄝𑄧𑄖𑄴 ]** - বিণ. উলটপালট, ওলটপালট।

**উভোতপুন্দুরি [𑄃𑄪𑄞𑄮𑄖𑄴𑄛𑄪𑄚𑄴𑄘𑄪𑄢𑄨 ]** - ক্রি.বিণ.মাথা মাটিতে রেখে নিতম্ব উর্ধে তুলে রাখা।

**উভোলফাল [𑄃𑄪𑄞𑄮𑄣𑄴𑄜𑄣𑄴 ]** - ক্রি.বিণ. প্রমত্ত ।

**উম [𑄃𑄪𑄟𑄴 ]** - বি. তা (ডিমের উপর দেওয়া মুরগির তাপ)। বিণ. উষ্ণ।

~ কুহ্‌রা [𑄃𑄪𑄟𑄴𑄇𑄪𑄦𑄴𑄢 ] - বিণ.(ডিমে) তা দেওয়া মুরগি।

~ দেনা [𑄃𑄪𑄟𑄴-𑄘𑄬𑄚] - ক্রি. ডিমে তা দেওয়া।

**উমর [𑄃𑄪𑄟𑄧𑄢𑄴 ]** - বিণ. জীবনভর, আজীবন।

**উমানা [𑄃𑄪𑄟𑄚 ]** - ক্রি. উমানো; ভ্যাপসা গরমে ধান ইত্যাদি নষ্ট হওয়া।

**উযানা [𑄃𑄪𑄎𑄚 ]** - ক্রি. এগিয়ে চলা।

**উযানি [𑄅𑄎𑄚𑄨]** - বিণ. উজানের দিকে।

~ **লামোনি [𑄅𑄎𑄚𑄨𑄣𑄟𑄮𑄚𑄨]** - ক্রি.বিণ. উজানে-ভাটিতে গমনাগমন বা আসাযাওয়া।

**উযোনলামোন [𑄅𑄎𑄮𑄚𑄴-𑄣𑄟𑄮𑄚𑄴]** - ক্রি.বিণ. আসা-যাওয়া।

**উয়োল [𑄅𑄤𑄮𑄣𑄴]** - বি. চ্যাংমাছ।

**উয়াঙ, উয়াং, ওয়াং [𑄅𑄤𑄋𑄴 , 𑄅𑄤𑄁, 𑄁 ]** - বি. এক জাতীয় বড় আকারের চিল।

**উয়োর-পরানা [𑄅𑄤𑄮𑄢𑄴-𑄛𑄢𑄚]** - ক্রি. কারোর সুস্বাস্থ্য বা আর্থিক উন্নতির উপর কুনজর পড়া।

**উর [ 𑄅𑄢𑄴 ]** -বি.গবাদিপশুর খোঁয়ার। যেমন, গোরুউর = গরুর খোঁয়ার। ক্রি. (তুই উর্ধাঙ্গে) গায়ে দে।

**উরং-উরং, উরঙ-উরঙ [𑄅𑄢𑄧𑄋𑄴- 𑄅𑄢𑄧𑄋𑄴, 𑄅𑄢𑄧𑄁- 𑄅𑄢𑄧𑄁]** । ক্রি.বিণ. উড়ুউড়ু।

**উরংকানা [ 𑄅𑄢𑄧𑄁𑄇𑄚 ]** - বিণ. খরগোসের কানের মত কানওয়ালা পুরুষ।

**উরঘুমা [𑄅𑄢𑄴𑄊𑄪𑄟]** - ক্রি.বিণ. ঘুমহীন; বিনিদ্র; নির্ঘুম।

**উরভা [𑄅𑄢𑄧𑄞]** - বিণ. উড়ু উড়ু স্বভাববিশিষ্ট (মেয়েদের ক্ষেত্রে প্রযোজ্য)।

**উরাউরি [ 𑄅𑄢𑄅𑄢𑄨 ]** - বি. বি. উড়াউড়ি; ওড়াওড়ি।

**উরাউরি-ঝা [ 𑄅𑄢𑄅𑄢𑄨-𑄏 ]** - বি. ঐতিহ্যবাহী চাকমা বর্ণমালা অঝাপাঠ-এর ৯ম বর্ণ বা হরফ।

**উরানা [𑄅𑄢𑄚]** - ক্রি.১. উড়া; ওড়া। ২. উর্ধাংগে জামাকাপড় ইত্যাদি পোশাকপরিচ্ছদ পরিধান করা।

**উরুঙ-তুলানা, উরুং-তুলানা [ 𑄅𑄢𑄪𑄋𑄴- 𑄖𑄪𑄣𑄚, 𑄅𑄢𑄪𑄁- 𑄖𑄪𑄣𑄚]** - ক্রি. (শিশুদের) রাগ করা।

**উরুচ্-আরাচ [𑄅𑄢𑄪𑄌𑄴-𑄃𑄢𑄌𑄴]** - অব্য.হন্তদন্ত বা রাগের সাথে কাজ করার শব্দ। (ধ্বন্যা)

**উরোচ [𑄅𑄢𑄮𑄌𑄴]** - বি. মুরগির বাসায় পাওয়া যায় এমন অতি ক্ষুদ্রকীট।

**উরোচপুনা [𑄅𑄢𑄮𑄌𑄴𑄛𑄪𑄚]** - বি.বসতেও অস্থির প্রকৃতির লোক; ছটফটকারী।

**উরোন [𑄅𑄢𑄮𑄚𑄴]** - বি. উর্ধাঙ্গে ব্যবহৃত কাপড়চোপড়।

**উরোনপিনোন [ 𑄅𑄢𑄮𑄚𑄴𑄛𑄨𑄚𑄮𑄚𑄴 ]** - বি. কাপড়চোপড়।

**উরোনি-কাবর [ 𑄅𑄢𑄮𑄚𑄨-𑄇𑄝𑄧𑄢𑄴]** - বি. ১. ওড়না-কাপড়। ২. গায়ে দেওযার কাপড়চোপড়।

**উরুরানা [𑄅𑄢𑄪𑄢𑄚]** - ক্রি.হুলুস্থুল ( কোনো কাজ ) করা।

**উর্বুয়াবলাহ্সাপ [𑄅𑄢𑄴𑄝𑄪𑄤𑄝𑄧𑄣𑄦𑄴𑄥𑄛𑄴]** - বি. গাছের শাখায় শাখায় বিচরণকারী সবুজ রঙের লম্বাতে এক প্রকার উড়ুক্কু সাপ।

**উল [𑄅𑄣𑄴]** - বি.১.ব্যাঙের ছাতা; mashroom ( মাশরুম)। ২. পশম; উল।

**উলকোজু** [𑄃𑄪𑄣𑄴𑄇𑄮𑄎𑄪] - বি.ওল (কচু)।

**উলমত্য** [𑄃𑄪𑄣𑄴𑄟𑄧𑄖𑄳𑄠, 𑄃𑄪𑄣𑄴𑄟𑄧𑄖𑄴𑄖𑄳𑄠] - বিণ. উন্মত্ত।

**উলু** [𑄃𑄪𑄣𑄪] - বি. চালতা।

~ গাচ [𑄃𑄪𑄣𑄪𑄉𑄌𑄴] -বি. চালতা গাছ।

~ ঝুল [𑄃𑄪𑄣𑄪𑄏𑄪𑄣𑄴] বি. চালতা গাছ। {বারমাসীঃ 'তান্যাবির পরাণে মাগের ইত্তুক ইত্তুক উলুঝুল, গাভুরমদ্দে পারি দেদন কুহ্‌রি কুহরি রেগোচফুল।'}

~ ফুল [𑄃𑄪𑄣𑄪𑄜𑄪𑄣𑄴] -বি. চালতা গাছের ফুল।

**উলুখুল** [𑄃𑄪𑄣𑄪𑄈𑄪𑄣𑄴] - বি. পাছার উঁচু অংশ; ককুন্দর।

**উলুখের** [𑄃𑄪𑄣𑄪𑄈𑄬𑄢𑄴] - বি. উলুখড়।

**উলুগবান্দর** [𑄃𑄪𑄣𑄪𑄉𑄝𑄚𑄴𑄘𑄧𑄢𑄴] - বি. উলুক; উল্লুক,মুখ লুকানো বান্দর, লজ্জাবতী বানর।

**উলুগমাচ** [𑄃𑄪𑄣𑄪𑄉𑄟𑄌𑄴] - বি. এক প্রকার মাছ।

**উলুগ'মাচ** [ 𑄃𑄪𑄣𑄪𑄉𑄟𑄌𑄴 ] - বি. এক প্রকার ছোট জাতীয় মাছ।

**উলুগ-শুগুনি** [𑄃𑄪𑄣𑄪𑄉𑄴-𑄥𑄪𑄉𑄪𑄚𑄨] - বি. 'উলুগ' মাছের শুটকি।

**উলোনশাল** [𑄃𑄪𑄣𑄮𑄚𑄴-𑄥𑄣𑄴] - বি. উনুনশালা; রান্নাঘর। { স. উনুনশাল}

**উলোমত্য/উলমস্ত** [𑄃𑄪𑄣𑄮𑄟𑄧𑄖𑄳𑄠 / 𑄃𑄪𑄣𑄮𑄟𑄧𑄥𑄴𑄖𑄴] - বিণ. হুলুস্থুল।

**উল্যানা** [𑄃𑄪𑄣𑄳𑄠𑄚] - ক্রি. উল্টানো।

**উয়োল মাচ, উওল মাচ** [𑄃𑄪𑄠𑄮𑄣𑄴- 𑄟𑄌𑄴, 𑄃𑄪𑄃𑄮𑄣𑄴- 𑄟𑄌𑄴] - বি. চেঙ মাছ; চ্যাং মাছ।

**উসান্যা** [ 𑄃𑄪𑄥𑄚𑄳𑄠 ] -বিণ.ক্রি.বিণ. তেমন।

**উহ্** [𑄃𑄪𑄦𑄴] - অব্য. বেদনা প্রকাশক শব্দ। (ধ্বন্যা) উ [ 𑄅 / 𑄅 ]

**উইয়া** [ 𑄅𑄃𑄨𑄠, 𑄅𑄨𑄠 ] - সর্ব. ঐটা; ঐটি।

**উংস্বাগা-পুয়াহ্** [ 𑄅𑄁𑄥𑄳𑄤𑄉-𑄛𑄪𑄠𑄂 ] - অব্য. মন্ত্র সিদ্ধ হওয়ার জন্য উচ্চারিত শব্দবিশেষ। { তুলনীয় তিব্বতীঃ ওঁ স্বহা ফট।}

**উঃ** [ 𑄅𑄂 ] - অব্য. ব্যথা প্রকাশক শব্দ।

**উচ, হুচ** [ 𑄅𑄌𑄴, 𑄦𑄪𑄌𑄴, 𑄦𑄪𑄥𑄴 ] - বি. হুঁশ।

**উন** [ 𑄅𑄚𑄴 ] - বিণ.উন।

**উয়োর-পরানা** [ 𑄅𑄠𑄮𑄢𑄴-𑄛𑄧𑄢𑄚 ] - ক্রি.কারোর স্বাস্থ্যের প্রতি কুনজর পড়া।

**উল, হুল** [ 𑄅𑄣𑄴, 𑄦𑄪𑄣𑄴 ] -বি.হুল । ২. পুংলিঙ্গ (যেমন, বাগধারাঃ উলত্ নেই তেনা, মিধাগুলি ভাত খানা) (অন্ডকোষ) সজ কাবরে উহ্‌ল ডাঙর। প্রবাদ

**এ [ 𑄆 ]** - বি. চাকমাতে এ ধ্বনির জন্য ব্যবহৃত চিহ্ন বা বর্ণ 𑄆 এই বর্ণটি মৌলিক স্বরধ্বনি /এ/ এবং /এ্যা/ অথবা /অ্যা/ উভয় স্থলে ব্যবহৃত হয়। এল [𑄃𑄬𑄣𑄴 ] =জমির আইল; ছিল। আবার এ্যা-ল [𑄃𑄬𑄣𑄳 𑄃𑄬𑄣𑄳 ]=এলো; ছিল।

**এইধ্যা [𑄃𑄬𑄃𑄨𑄙𑄳𑄠, 𑄃𑄬𑄖𑄳𑄠 ]** - বিণ. এঁটো।

**এইন, আইন [𑄃𑄬𑄃𑄨𑄚𑄴, 𑄃𑄃𑄨𑄚𑄴 ]** - বি. আইন।

**এইয়া [𑄃𑄬𑄃𑄨𑄠]** - অব্য. এইতো।

**এইল, এল [𑄃𑄬𑄃𑄨𑄣𑄴, 𑄃𑄬 𑄣𑄴]** - বি. জমির আইল। ক্রি. ছিল,আছিল।

**এক [𑄃𑄬𑄇𑄴 ]** - বি. বিণ. এক।

~ কথা [𑄃𑄬𑄇𑄴𑄇𑄧𑄗𑄴𑄗] - বিণ. একটুকরা।

~ কেথ্যা 𑄃𑄬𑄇𑄴𑄇𑄬𑄗𑄴𑄗𑄳𑄠] - বিণ. একদিকে।

~ খান [𑄃𑄬𑄇𑄈𑄚𑄴, 𑄃𑄬𑄇𑄴𑄈𑄚𑄴 ] - বি , বিণ. একখান; একখানা; একখানি।

~ গগ্যা [𑄃𑄬𑄇𑄴 𑄉𑄉𑄳𑄠] - বিণ. একগুঁয়ে ; একরোখা।

~ ঘাচ্যা [𑄃𑄬𑄇𑄊𑄌𑄳𑄠 , ] - বিণ. এক পার্শ্বে অবস্থান যার। one sided position.

~ চিল্যা, চিল্যা [𑄃𑄬𑄇𑄴𑄌𑄨𑄣𑄴𑄣𑄳𑄠] - বিণ. এক টুকরা; এক ফালি।

~ জন [𑄃𑄬𑄇𑄴𑄎𑄧𑄚𑄴 ] - বিণ. একজন।

~ দমা [𑄃𑄬𑄇𑄴𑄘𑄧𑄟 / ] - বিণ. একখন্ড (মাছ বা মাংসের ক্ষেত্রে প্রযোজ্য)।

~ দিন [𑄃𑄬𑄇𑄴𑄘𑄨𑄚𑄴 ] - বিণ. একদিন।

~ পুনফেদা [𑄃𑄬𑄇𑄛𑄪𑄚𑄴𑄜𑄬𑄘] - বিণ.একই মতাবলম্বী (অপ্রিয় ব্যক্তিবর্গের ক্ষেত্রে প্রযোজ্য)।

~ বার [𑄃𑄬𑄇𑄴𑄝𑄢𑄴 / 𑄆𑄇𑄴𑄝𑄢𑄴 ] - বিণ. একবার।

~ মুখ্যা [𑄃𑄬𑄇𑄴𑄟𑄪𑄈𑄳𑄠] - বিণ. একদিকে।

~ হ্রেরা [𑄃𑄬𑄇𑄴𑄦𑄬𑄢, 𑄃𑄬𑄇𑄴𑄦𑄳𑄢𑄬𑄢 ] -বি. একই বংশের লোক।

**একাউকু [𑄃𑄬𑄇𑄴𑄇𑄃𑄪𑄇𑄴𑄇𑄪]** - বিণ.একটুআধটু; অল্পস্বল্প।

**এক্কুই [𑄃𑄬𑄇𑄴𑄇𑄪𑄃𑄨 , 𑄃𑄬𑄇𑄴𑄇𑄪𑄨 ]** - বিণ. একই রকম; একই ধরনের।

**এক্কানা এক্কেনা [𑄃𑄬𑄇𑄴𑄇𑄚 , 𑄃𑄬𑄇𑄴𑄇𑄬𑄚 ]** - বিণ. একটুখানি।

**এক্কুয়া, এক্কোয়া, ইক্কুয়া, উক্কুয়া [𑄃𑄬𑄇𑄴𑄇𑄪𑄠, 𑄃𑄨𑄇𑄴𑄇𑄪𑄠, 𑄃𑄪𑄇𑄴𑄇𑄪𑄠 ]** -বিণ.একটি; একটা।

**এক্কুর [𑄃𑄬𑄇𑄴𑄇𑄪𑄢𑄴,𑄃𑄬𑄇𑄴𑄇𑄪𑄢𑄴 ]** - বিণ. বিস্তর; প্রচুর।

**একচোল্লিচ, একচোল্লিশ [𑄃𑄬𑄇𑄴𑄌𑄮𑄣𑄴𑄣𑄨𑄌𑄴 ]** - বি. বিণ. একচল্লিশ।

**একাত্তোর [𑄃𑄬𑄇𑄖𑄴𑄖𑄮𑄢𑄴]** - বি. বিণ. একাত্তর।

**একসোত্তি [𑄃𑄬𑄇𑄴𑄥𑄮𑄖𑄴𑄖𑄨, 𑄃𑄬𑄇𑄴𑄥𑄮𑄖𑄴𑄖𑄨]** - বি. বিণ. একষট্টি।

**একান্ন [𑄃𑄬𑄇𑄚𑄴𑄚𑄧]** - বি. বিণ. একান্ন।

**একানোব্বোই [𑄃𑄬𑄇𑄚𑄮𑄝𑄴𑄝𑄮𑄃𑄨]** - বি. বিণ. একানব্বই।

**একশত, একশ [𑄃𑄬𑄇𑄴𑄥𑄧𑄖𑄴, 𑄃𑄬𑄇𑄴𑄥𑄧]** - বি, বিণ. একশত ; একশ।

**একাশি [𑄃𑄬𑄇𑄥𑄨]** - বি , বিণ. একাশি।

**এগজা [ 𑄃𑄬𑄉𑄴𑄎 ]** - ক্রি.বিণ. ক্রমাগত; এক নাগারে; একধারসে। একাধিক্রমে।

**এগত্তর [𑄃𑄬𑄉𑄴𑄖𑄧𑄖𑄴𑄖𑄧𑄢𑄴]** - ক্রি.বিণ. একত্র ; একত্রিত।

**এগাচার্য্যা [𑄃𑄬𑄉𑄌𑄢𑄴𑄎𑄳𑄠]** - বিণ. একা চরে যে ( বন্যহাতিবিশেষ) ; অসামাজিক, একাচারী (ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য) ।

**এগাপরাহ্ [𑄃𑄬𑄉𑄛𑄧𑄢𑄦𑄴]** - বিণ.সীমার বাড়া ( শাসনের অযোগ্য)।

**এগাদাবু [𑄃𑄬𑄉𑄘𑄝𑄪]** - বি. মহৌষধ; একমাত্র ঔষধ।

**এগাপরাহ্ [ 𑄃𑄬𑄉𑄛𑄧𑄢𑄦𑄴 ]** - বিণ.সীমার বাড়া।

**এগামনে [𑄃𑄬𑄉𑄟𑄧𑄚𑄬]** - ক্রি.বিণ. একাকী চিত্তে; একান্তভাবে।

**এগার [ 𑄃𑄬𑄉𑄢𑄴 ]** - বি. বিণ. এগার।

**এগেম [ 𑄃𑄬𑄉𑄬𑄟𑄴 ]** - ক্রি.বিণ. ঐকান্তিকতার সাথে; একান্তভাবে একিন (আরবী)।

**এগোচ [𑄃𑄬𑄉𑄮𑄌𑄴]** - বি. বিণ. একুশ।

**এগোচ্যা [𑄃𑄬𑄉𑄮𑄌𑄳𑄠]** - বি. এক জাতীয় বাঁশ(মুলিবাঁশ)।

**এঙেরি, এঙোরি [𑄃𑄬𑄋𑄬𑄢𑄨 , 𑄃𑄬𑄋𑄮𑄢𑄨]** - ক্রি.বিণ. এভাবে; এমনি করে।

**এজান [𑄃𑄬𑄎𑄚𑄴]** - বিণ. এরকম; এমন।

**এজাল, এঝাল [ 𑄃𑄬𑄎𑄣𑄴 , 𑄃𑄬𑄏𑄣𑄴]** - বি.সাহায্য।

**এজেলা, এঝেলা [ 𑄃𑄬𑄎𑄬𑄣]** - বি. জলজ উদ্ভিদবিশেষ; একপ্রকার জলজ ছত্রাক।

**এঝান, এনঝান [ 𑄃𑄬𑄏𑄚𑄴, 𑄃𑄬𑄚𑄴𑄏𑄚𑄴]** - বিণ. এমনই।

**এ-তে [𑄃𑄬𑄖𑄬]** - সর্ব. এ লোকটা; সে।

**এগোত্রিচ, এগোত্রিশ [𑄃𑄬𑄉𑄮𑄖𑄳𑄢𑄨𑄌𑄴, 𑄃𑄬𑄉𑄮𑄖𑄳𑄢𑄨𑄥𑄴]** - বি, বিণ. একত্রিশ।

**এথমান [𑄃𑄬𑄗𑄴𑄟𑄚𑄴]** - বিণ.এতখানি।

**এথুমুয়া [𑄃𑄬𑄗𑄪𑄟𑄪𑄠, 𑄃𑄬𑄗𑄪𑄟𑄪𑄠]** - বিণ. এতবড়।

**এথে [𑄃𑄬𑄗𑄬]** - বি. অতীতে; পূর্বে। যেমন, এথে ইক্কুয়া রাজা এল = অতীতে একজন রাজা ছিল / এক যে ছিল রাজা। তুলনীয় পালি : অতীতে বারাণসীযং .. = অতীতে বারাণসীতে .. । অসমাপিকা ক্রি. আসতে।

**এদা-দাগানা [𑄃𑄬𑄘-𑄘𑄉𑄚]** - ক্রি. (থালায় 'আদারা' অর্থাৎ নৈবদ্য / খাবার সহ)অসুস্থ ব্যক্তির ( সাধারণত শিশুদের ) আত্মাকে আহবান করা।

**এদা-জুরানা** [𑄆𑄘-𑄎𑄪𑄢𑄚] - ক্রি. ভীষণ ভয় পাওয়া (ভয়ে আত্মা জুড়িয়ে যাওয়া)।

**এধক** [𑄆𑄙𑄇𑄴] - বিণ. এরূপ; এরকম।

**এন** [𑄆𑄚𑄴] - বিণ. এমন।

**এনে** [𑄆𑄚𑄬] - বিণ. এমনি করে।

~ **এনে** [𑄆𑄚𑄬𑄆𑄚𑄬] - বিণ. এমনি এমনি।

**এনেয্য** [𑄆𑄚𑄬𑄠𑄳𑄠] - বিণ. এমনিতেও।

**এব্বেরে** [𑄆𑄝𑄳𑄝𑄬𑄢𑄬] - অব্য. আরে(তুলনীয়)।

**এভ** [𑄆𑄞𑄴] - বিণ. এখনও।

**এভেল** [𑄆𑄞𑄬𑄣𑄴] - অব্য. যেহেতু ।

**এভেলা, এবেলা** [𑄆𑄞𑄬𑄣, 𑄆𑄝𑄬𑄣] - বিণ. এপাড়ে।

**এম্বা** [𑄆𑄟𑄴𑄝] - বিণ. এতবড়।

**এযানা** [𑄆𑄎𑄚] - ক্রি. আসা।

**এয়োজি** [𑄆𑄠𑄮𑄎𑄨] - **বি. প্রতিভূ সৈন্য।** { রাধামন-ধনপুদি পালায় রাধামনকে তৎপরিবর্তে প্রতিভূ সৈন্য ' *এয়োজি*, খুঁজতে জয়নারায়ন রোয়াজা কর্তৃক পরিচালিত ত্রিপুরা গ্রামে যাওয়ার কথা পাওয়া যায়।}

**এরানা** [𑄆𑄢𑄚] - ক্রি. খোসা ছাড়ানো; পরিত্যাগ করা।

**এরাবেরা** [𑄆𑄢𑄝𑄬𑄢] - বিণ.আত্মীয়তার দিক থেকে নানাভাবে সম্পর্কীয়।

**এরেতিতি** [𑄆𑄢𑄬𑄖𑄨𑄖𑄨] - ক্রি.হালচাষ করার সময় বৃষকে/গরুকে পরিচালিত করার শব্দ

**এরোপেলেন, এরোপ্লেন** [𑄆𑄢𑄮𑄛𑄬𑄣𑄬𑄚𑄴] - বি. এরোপ্লেন।

**এল** [𑄆𑄣𑄴] - ক্রি. ১. ছিল। ২. এসেছিল।

**এলেলেহ্** [𑄆𑄣𑄬𑄣𑄬𑄣] - ক্রি: বিণ. ফ্যালফ্যাল।

**এসান্যা, এঝান্যা** [𑄆𑄥𑄚𑄳𑄠, 𑄆𑄏𑄚𑄳𑄠] বিণ. এমন; এরূপঃ এরকম; এধরনের।

**এহ্যত** [𑄆𑄦𑄳𑄠𑄖𑄴] - অব্য. হঠাৎ; অকস্মাৎ; আচমকা।

**এহ্ঝেলা, হেঝেলা** [𑄦𑄬𑄏𑄬𑄣] - বি.জলজ উদ্ভিদ বিশেষ।

**এহ্ধক** [𑄆𑄦𑄴𑄙𑄇𑄴] - ক্রি.বিণ. এত যে।

**এহধে, হেধে** [𑄆𑄦𑄴𑄙𑄬, 𑄦𑄬𑄙𑄬] - বিণ. ভাটিতে; নদীর নিম্নদিকে।

**এহ্রা, হেরা** [𑄦𑄬𑄢] - বি মাংস।

# ঐ [𑄃𑄰]

**ঐ (𑄃𑄰)** - অব্য. দূরের কাউকে ডাকার শব্দ। তুলনীয় ইংরেজিঃ hellow .

**ঐয়া (𑄃𑄰𑄠)**- অব্য. ঐযে। লুরিদের পৌরহিত্যে সম্পাদিত একপ্রকার ধর্মীয় অনুষ্ঠান। ১। ঐয়া মেঝবান ২। সাজেলে ঐয়া বাশ্চুঁয়ায়ো ডোল হয়- প্রবাদ।

**ঐরান (𑄃𑄰𑄢𑄚𑄴)** - বি. হুলুস্থুল কান্ড; **হুটোপটি**।

# ও [𑄃𑄮/𑄃𑄧]

**ওইয়াপুজা,হোইয়াপুজা [𑄃𑄮𑄄𑄠𑄛𑄪𑄎, 𑄦𑄮𑄄𑄠𑄛𑄪𑄎]** -বি.(গৃহস্তের মঙ্গলার্থে) পূজাবিশেষ।

ওথ্যা **[𑄃𑄮𑄗𑄳𑄠, 𑄃𑄮𑄗𑄳𑄠]** -ক্রি.বিণ. এমনিতেই; একেতো ।

ওঘির **[𑄃𑄮𑄊𑄨𑄢𑄴]** - বি. শোয়ার জন্য ব্যবহৃত বাঁশের তর্জা বিছানো মাচা।

ওঘোই **[𑄃𑄮𑄊𑄮𑄃𑄨]** - বি.উদূখল, উখলি।

**ওঘোর [𑄃𑄮𑄊𑄮𑄢𑄴]** - বিণ. গভীর, গহীন ।

**ওজোলেং, ওজলেং, ওজোলেঙ [𑄃𑄮𑄎𑄮𑄣𑄬𑄁, 𑄃𑄮𑄎𑄣𑄬𑄁, 𑄃𑄮𑄎𑄮𑄣𑄬𑄋𑄴]** - বি. মাচাংঘরের পিছনের অংশ (শয়নকক্ষসহ)।

**ওঝোনশাক [𑄃𑄮𑄏𑄮𑄚𑄴 -𑄥𑄇𑄴]** -বি. এক প্রকার ঝিনঝিনে স্বাদের শাক।

**ওয়াংঝাগঝা [𑄃𑄮𑄠𑄁𑄏𑄉𑄏]** - বি. চাকমাদের একটি বিশেষ সামাজিক দলের নাম। [ বর্তমান চাকমা রাজপরিবার এই ওয়াংঝা গঝা-ও লোক।]

**ওয়াংঝা-গঝা [𑄃𑄮𑄠𑄁𑄏-𑄉𑄏 𑄃𑄮𑄠𑄁𑄏-𑄉𑄏]** - বি. চাকমাদের সমাজিক দলবিশেষ।বর্তমান চাকমা রাজপরিবারের লোকেরা 'ওয়াংঝা - গঝা 'ভুক্ত **কাঙারাগুথি** - এর অর্থাৎ গোত্রের বা বংশের লোক।

{ অতীতে কক্সবাজার অঞ্চলের প্রধান ওয়াংঝা পদাধিকারী ছিলেন।}

**ওয়াংঝাগুথি [𑄃𑄮𑄠𑄁𑄏𑄉𑄪𑄗𑄨]** - বি. চাকমাদের একটি গোত্রবিশেষ ।

**ওভিত [𑄃𑄮𑄞𑄨𑄖𑄴]** -বি. আওয়াজ সৃষ্টিতে সক্ষম এক মুখ খোলা এবং এক প্রান্তে গ্রন্থিযুক্ত সরু বাঁশের টুকরা যাতে খোলামুখে ফুঁ দিয়ে শব্দ সৃষ্টি করা যায়।

**ওরোনিকাবর, উরোনিকাবর [𑄃𑄮𑄢𑄮𑄚𑄨-𑄇𑄝𑄢𑄴/𑄃𑄮𑄢𑄮𑄚𑄨-𑄇𑄝𑄢𑄴]** - বি. ওড়নাকাপড়।

**ওরোলি [𑄃𑄮𑄢𑄮𑄣𑄨]** - বি. এক প্রকার বিষাক্ত পিঁপড়া।

**ওল [𑄃𑄮𑄣𑄴]** - বিণ. দিকভ্রান্ত

**ওলি, ওলিদাগানি(-গীত) [𑄃𑄮𑄣𑄨, 𑄃𑄮𑄣𑄨𑄘𑄉𑄚𑄨(-𑄉𑄩𑄖𑄴)]** - বি. ঘুমপাড়ানি গান।

**ওলোঝোলো [𑄃𑄮𑄣𑄮𑄏𑄮𑄣𑄮]** - বিণ. গোলমেলে।

**ওয়া [𑄃𑄮𑄠]** - বি. বৌদ্ধভিক্ষুদের তিনমাসব্যাপী বর্ষাবাস উদযাপন ব্রত।

**ওয়াং; ওয়াঙ ; এটি অন্য প্রানী বোঝায় [𑄃𑄮𑄁 ; 𑄃𑄮𑄋𑄴 ; ]** - বি. এক প্রকার বড় চিল।

**ওয়াংওয়াং** [ 𑄤𑄋𑄴𑄤𑄋𑄴 ] - অব্য.বাঁশের ছোট ফালি দিয়ে তৈরি মাউথঅর্গেন খেংগ্রং নামক বাদ্যযন্ত্রের তালবিশেষ। ( ধ্বন্যা.) ২. উচ্চস্বরে কাউকে ডাকা।

## ক [𑄇 /𑄈]

[ IPA - তে শব্দের আদিতে এর উচ্চারণ / x / এবং শব্দের অন্ত্যে/ k / ]

**ক** [ 𑄇 ] - বি. ঘুঘু ।

~ **ধুঙ/ধুং** [ 𑄙𑄪𑄋𑄴/𑄙𑄪𑄁-𑄇 ] -বি.বড় আকারের এক প্রকার ঘুঘু।

~**জেত** [ 𑄎𑄬𑄖𑄴-𑄇 ] -বি. তিলা ঘুঘু।

~ **রাঙি** [ 𑄢𑄋𑄨-𑄇 ] -বি. বুকে লাল রঙের ছোপের পালকওয়ালা এক প্রকার ঘুঘু।

**ক** [𑄇 ] - ক্রি. ১.কহ, বলো (তুমি বলো ) , ২. বলুন (আপনি/আপনারা ) বলুন।

**কই, কোই** [𑄇𑄧𑄃𑄨, 𑄇𑄮𑄃𑄨 ] - বি. কইমাছ ২.বিণ,সর্ব. কোথায়। ৩. (আমরা) কহি; বলি।

**কংগর, কঙ্গর** [𑄇𑄁𑄉𑄧𑄢𑄴, 𑄇𑄋𑄴𑄉𑄧𑄢𑄴] - বি. কঙ্কর।

**কঁঅনা, কঙনা** [𑄇𑄀𑄃𑄧𑄚, 𑄇𑄋𑄴𑄚] -বিণ. অস্নানজনিত ময়লা দেহধারী।(অপভাষা)

**কক** [𑄇𑄇𑄴] - বি ১.বেতের ভাজ। ২. বেতের বুনন মজবুত করার জন্য ঐভাবে অতিরিক্ত বুননের কাজ।

**ককোরেই** [𑄇𑄇𑄴𑄇𑄮𑄢𑄬𑄭 / 𑄇𑄇𑄴𑄇𑄮𑄢𑄬𑄃𑄨 ] - বি. ঝুড়িবিশেষ।

**কক্কেঙ, কক্কেং, হক্কেং** [ 𑄇𑄇𑄴𑄇𑄬𑄋𑄴, 𑄇𑄇𑄴𑄇𑄬𑄁 ] - বি.তক্ষক।

**ককখে** [ 𑄇𑄇𑄴𑄈𑄬 ] - বিণ.কখন।

**ককখনে, ককখেনে** [𑄇𑄇𑄴𑄈𑄧𑄚𑄬 , 𑄇𑄇𑄴𑄈𑄬𑄚𑄬 ] - বিণ. কখন, কোনক্ষণে।

**কক্রেং, কক্রেঙ** [𑄇𑄇𑄴𑄇𑄳𑄢𑄬𑄁] - বি. বেতের তৈরি ঝুড়িবিশেষ।

**কক্রেকক** [𑄇𑄇𑄴𑄇𑄳𑄢𑄬𑄇𑄇𑄴] - অব্য. মোরগের ডাক। (ধ্বন্যা.)।

**কক-গরানা** [𑄇𑄇𑄴-𑄉𑄧𑄢𑄚] - ক্রি বেতের তৈরি ঝুড়ির মুখের বেতের ভাজকরণ।

**কগনা** [𑄇𑄉𑄚] - বিণ. অস্নানজনিত নোংরাদেহধারী।

**কগরা** [𑄇𑄉𑄢] - বিণ. বাসি।

~ **তোন** [𑄇𑄉𑄢-𑄖𑄮𑄚𑄴] - বি. বাসি তরকারি।

~ **ভাত** [𑄇𑄉𑄢-𑄞𑄖𑄴] - বি. বাসি ভাত ।

**কগই, কোগোই** [𑄇𑄉𑄧𑄃𑄨, 𑄇𑄮𑄉𑄮𑄃𑄨 ] - বি. বাঁশের শলা ও টুকরার তৈরি চিরুনিবিশেষ।

**কঙদা** [𑄇𑄋𑄴𑄘 ] - বি. আঁকশি।

**কঙধা** [𑄇𑄋𑄴𑄙] -বি.গাছের গুঁড়ি কুঁদে তৈরি করা বিশেষ ধরনের নৌকা।

**কঙধাহ্যার** [𑄇𑄋𑄴𑄙𑄦𑄢𑄴] -বি.স্কন্ধের হাড় (ইংরেজি: কলার বোন)।

**কঙনা, কগনা** [𑄇𑄋𑄴𑄚, 𑄇𑄉𑄚 ] - বি, বিণ স্নান না করে নোংরা হয়ে আছে এমন লোক

**কঙরং** [𑄇𑄧𑄋𑄧𑄢𑄧𑄁] - অব্য. ফাঁপা ধাতব জিনিসে আঘাত লাগার ফলে উৎপন্ন শব্দ।

**কঙা** [𑄇𑄧𑄋 ] -বি.নুলা হাত। [ তুলনীয় হিন্দীঃ কুঁআ=বাঁকা,বক্র]।

**কঙাত্যা** [𑄇𑄧𑄋𑄖𑄳𑄠 ] - বি. আঁকশি; চুল্লি থেকে হাঁড়িপাতিল নামানোর জন্য লোহার তৈরি আংটা।

**কঙানা** [𑄇𑄧𑄋𑄚 ] -ক্রি. ব্যথায় কাতরানো ।

**কঙানি** [𑄇𑄧𑄋𑄚𑄨 ] -বি. ব্যথায় কাতরানো; গোঙানি ।

**কচ** [𑄇𑄧𑄌𑄴,𑄇𑄧𑄥𑄴 ] - বি. ফল ও গাছ থেকে নির্গত রসবিশেষ; কস ।

**কজ** [𑄇𑄧𑄎𑄴 ] - বি. জ্বালাতনকারী এক প্রকার অতি ক্ষুদ্র পোকা।

**কজদানা, কজলানা** [𑄇𑄧𑄎𑄴𑄘𑄚, 𑄇𑄧𑄎𑄴𑄣𑄚 ] - ক্রি. ১.কচলানো। ২. মর্দন করা।

**কজফুল** [𑄇𑄧𑄎𑄴𑄜𑄪𑄣𑄴] -বি. ১. পদ্মফুলের আকৃতি বিশিষ্ট রৌপ্য নির্মিত কর্ণদুল বিশেষ। ২. ঐ আকৃতির বন্য গাছ ও তার ফুল।

**কজমজ** [𑄇𑄧𑄎𑄴𑄟𑄧𑄎𑄴] -বি. গোলমাল; ঝামেলা।

**কজমা** [𑄇𑄧𑄎𑄴𑄟] -বিণ.অল্পবয়সী।

**কজরা** [𑄇𑄧𑄎𑄴𑄢] - বি, বিণ. নোংরা; ময়লা; অপরিচ্ছন্ন।

**কজানা** [𑄇𑄧𑄎𑄚] - ক্রি. কাপড় উপরে তোলা; কোঁচানো।

**কজ্জ, কর্জ** [𑄇𑄧𑄎𑄴𑄎𑄧,𑄇𑄧𑄢𑄴𑄎𑄧 ] - বি.ঋণ; কর্জ।

**কজ্জাল** [𑄇𑄧𑄎𑄴𑄎𑄣𑄴] -বি. মোটাসুতা বা কাপড়ের তৈরি ছোট থলি।

**কঝা** [𑄇𑄧𑄏] - বি.কোষ ( যেমন, কাত্তল' কঝা = কাঁঠালের কোষ)। ক্রি.(নিম্নাঙ্গের কাপড়) গুটিয়ে উপর দিকে তোলা।

**কঝা, গঝা** [𑄇𑄧𑄎] - বি.চাকমাদের সামাজিক দলবিশেষ ( যেমন, লার্মা-কঝা, ধামেই-গঝা, চেগে-গঝা ইত্যাদি )।

**কত** [𑄇𑄧𑄖𑄴] - বি. খয়ের।

**কতকদানা** [𑄇𑄧𑄖𑄴𑄇𑄧𑄘𑄚] - অব্য.মুরগির কটকাট শব্দ করা।

**কতদেনা** [𑄇𑄧𑄖𑄴𑄘𑄬𑄚] - ক্রি. কর্তিত বৃক্ষাংশ থেকে নতুন ডালপালা গজানো। [ *উবাগীত* : কাপ্যাথেঙা কত দিল । বাগ'লেজাত চর দিল ]

**কত্তমান** [𑄇𑄧𑄖𑄴𑄖𑄧𑄟𑄚𑄴] - বিণ.কী পরিমাণ (চ্যাপ্টা ও তরল পদার্থের ক্ষেত্রে প্রযোজ্য )।

**কত্তা** [𑄇𑄧𑄖𑄴𑄖] -বি. ১.কর্তা (ব্যক্তি),২.টুকরা।

**কথা** [𑄇𑄧𑄖𑄴𑄗 ] -বি. টুকরা, খন্ড।

**কদক্কানি** [𑄇𑄧𑄘𑄧𑄇𑄴𑄇𑄚𑄨 ] -বিণ. কতগুলি (স্থান, চ্যাপ্টা জাতীয় জিনিসেরক্ষেত্রে প্রযোজ্য)।

**কদমথংজা ,কদমথঙজা, কদমথংঝা** [𑄇𑄧𑄘𑄧𑄟𑄧𑄗𑄧𑄁𑄎, 𑄇𑄧𑄘𑄧𑄟𑄧𑄗𑄧𑄋𑄎, 𑄇𑄧𑄘𑄧𑄟𑄧𑄗𑄧𑄁𑄏 ]

- বি. এই নামে অভিহিত একজন চাকমা রাজা (তাঁর রাজধানী কদমতলীর নামানুসারে নামকরণ)। তৎপুত্র রসদংসা {আরাকানের রাসিদঙ অঞ্চলের চীফ/প্রধান (রাসিদংসা?) ছিলেন}। ২. (?) আলিকদম (< আল্লেখ্য -দং/তঙ <আলে-খ্যঙ-দং) অঞ্চলের প্রধান বা চীফ।

**কদরা,কাহ্** [𑄇𑄧𑄘𑄧𑄢, 𑄇𑄦𑄴]-বি. বাটি, কোটরা। [**তুলনীয় হিন্দি: কোটরা। বর্মী: কাহ্**]।

**কদলানা** [𑄇𑄧𑄘𑄧𑄣𑄚] - ক্রি. ( কোদাল ইত্যাদি দিয়ে ) মাটি কোপানো।

**কদা** [𑄇𑄧𑄘] - বি. ক্ষেত পরিমাণ ( যেমন, **ধানকদা= ধানের ক্ষেত**।)

**কদ্ধা, কথা** [𑄇𑄧𑄘𑄴𑄙, 𑄇𑄧𑄖𑄴𑄗] - বিণ.টুকরা।

**কধক** [𑄇𑄧𑄙𑄧𑄇𑄴] - বিণ, সর্ব. কত; কতো।

**কধক্কানি** [𑄇𑄧𑄙𑄧𑄇𑄴𑄇𑄚𑄨] - বিণ. কতগুলি।

**কধগি** [𑄇𑄧𑄙𑄧𑄉𑄨] - বিণ. কথক ।

**কধা** [𑄇𑄧𑄙] - বি. কথা ।

**কধাককধাক** [𑄇𑄧𑄙𑄇𑄴𑄇𑄧𑄙𑄇𑄴] - অব্য. ভীতসন্ত্রস্ত মুরগীর ডাকাডাকি।

**কধাতারা** [𑄇𑄧𑄙𑄖𑄢] - বি. কথা বা শব্দের ভান্ডার।

**কধানা** [𑄇𑄧𑄙𑄚] - বি. **কোঁথানো; কোঁৎ দেওয়া**।

**কধানি** [𑄇𑄧𑄙𑄚𑄨] - বি. ১. কথাগুলি ।২. কোঁথানো ।

**ক-ন** [𑄇𑄧𑄚𑄧] - সর্ব, বিণ. কোনো।

**কনক** [𑄇𑄧𑄚𑄧𑄇𑄴] - বি.এক জাতীয় গাছ।

**কনকনি** [𑄇𑄧𑄚𑄧𑄇𑄴] - বি. বনবিলাস নামক রূপকথায় এক রাক্ষুসীর নাম।

**কনকিও** [𑄇𑄧𑄚𑄧𑄇𑄨𑄃𑄪, 𑄇𑄧𑄚𑄧𑄇𑄨ó] - সর্ব. কেউ একজন।

**কনকেত্যা** [𑄇𑄧𑄚𑄴𑄇𑄬𑄖𑄳𑄠] -সর্ব. ক্রি.বিণ. কোনদিকে, কোথাও ।

**কনজাত্যা** [𑄇𑄧𑄚𑄴𑄎𑄖𑄳𑄠] - সর্ব. বিণ. কোন জাতীয়।

**কনধগে** [𑄇𑄧𑄚𑄴𑄙𑄧𑄉𑄬] - সর্ব. বিণ ও ক্রি.বিণ. কী রূপ, কী প্রকারে।

**কনবাবত্যা** [𑄇𑄧𑄚𑄝𑄝𑄧𑄖𑄳𑄠] - সর্ব. বিণ. ক্রি.বিণ. কী রকম, কী প্রকারের।

**কনা** [𑄇𑄧𑄚] - বি. কোণা। ক্রি. বলা; কওয়া।

**কনাকুনি** [𑄇𑄧𑄚𑄇𑄪𑄚𑄨] - বি. কোনাকুনি।

**কনাকন্যা** [𑄇𑄧𑄚𑄇𑄧𑄚𑄳𑄠] - ক্রি.বিণ. কোনাকুনি ভাবে ।

**কনেত, কহ্নেত** [𑄇𑄧𑄚𑄬𑄖𑄴, 𑄇𑄧𑄦𑄳𑄚𑄬𑄖𑄴] - বিণ.কনিষ্ঠ।

**কন্দাল** [𑄇𑄧𑄚𑄴𑄘𑄣𑄴] - বি. জাম্বুরা; বাতাবি লেবু।

**কন্নাহ্ ,কন্না** [𑄇𑄧𑄚𑄴𑄚𑄦𑄴 / xɔnná/] - সর্ব. কে;

**কপ** [𑄇𑄧𑄛𑄴] - বি.বাখারি।

**কপকোবেই** [𑄇𑄛𑄴𑄇𑄮𑄝𑄬𑄄] - ক্রি. বিণ.দ্রুততার সাথে ও শক্তভাবে।

**কপকোপ্যা** [𑄇𑄛𑄴𑄇𑄮𑄛𑄳𑄠] - ক্রি.বিণ. ধরার ব্যাপারে নাছোড়বান্দার ন্যায়।

**কবক** [𑄇𑄝𑄇𑄴] - বি.ঘরের চালের ভিতরাংশে সংযুক্ত করে বাঁধার বাঁশের লম্বা ফালি।

**কবরক** [𑄇𑄝𑄢𑄇𑄴] - বি.এক প্রকার সুগন্ধিযুক্ত ধান এবং ঐ ধানের চাল।

**কবা** [𑄇𑄝] - বি.কাক। [< **হিন্দিঃ কৌয়া**]।

  ~ **ঈঝানা** [𑄇𑄝𑄃𑄩𑄏𑄚] - বি.কাকস্নান। ক্রি. ঐভাবে স্নান করা।

**কবাখালি** [𑄇𑄝𑄈𑄣𑄨] - বি. খাগড়াছড়ি পার্বত্য জেলায় একটি নদী।

**কবাতেঙেরা** [𑄇𑄝𑄖𑄬𑄋𑄬𑄢] - বি. ফুলবাগানের চারিপাশে দেওয়া বিশেষ ধরনের বাঁশের বেড়া।

**কবানা** [𑄇𑄝𑄚] - ক্রি. কদলানো।

**কবারোন** [𑄇𑄝𑄢𑄮𑄚] - বি.এক প্রকার সাদা রঙের দোপাট্টা লিলি জাতীয় ফুল।

কবাগাঞ্জ - এক প্রকার ঔষধি গুল্ম।

**কবাজাঙ, কবাযাং** [𑄇𑄝𑄎𑄋𑄴, 𑄇𑄝𑄎𑄁] - বি.এক হাতের দু'আঙুল দিয়ে অপর হাতের উপরস্থ চামড়া পাখির ঠোঁটের মত করে তা ধরে 'কবাজাঙ-কবাজাঙ' শব্দ করে শিশুদের এক প্রকার খেলা।

**কবাল** [𑄇𑄝𑄣𑄴] - বি.কপাল, ললাট।

  ~ **পরা** [𑄇𑄝𑄣𑄴-𑄛𑄢] - বি. গালিবিশেষ। { কপাল পুড়ে গেছে এমন লোক }

  ~ **পুরুনি** [𑄇𑄝𑄣𑄴-𑄛𑄪𑄢𑄪𑄚𑄨] - বি. গালি বিশেষ। [কপাল পুড়ে গেছে এমন স্ত্রীলোক]।

**কবাল্যা** [𑄇𑄝𑄣𑄳𑄠] - বিণ. ভাগ্যধারী (ভাগ্যবান, ভাগ্যবতী)।

**কবি** [𑄇𑄝𑄨] - বি. কবি। চাকমা রূপকথা কবিধবি এর নায়িকা।

**কবিতা, কোবিতা** [𑄇𑄝𑄨𑄖, 𑄇𑄮𑄝𑄨𑄖] - বি. কবিতা।

**কবিধবি** [𑄇𑄝𑄨]- বি.বিখ্যাত চাকমা রূপকথা কবিধবি (কবি ও ধবি নামক দুজন সৎবোনের কাহিনী নিয়ে রচিত রূপকথা)।

**কম** [𑄇𑄟𑄴] - বি. কম নামক বৃক্ষ বা গাছ। বিণ. কম ।

**কমতলি** [𑄇𑄟𑄴𑄖𑄣𑄨] - বি. রাঙ্গামাটি পার্বত্য জেলার একটি গ্রামের নাম।

**কমর, ফার** [𑄇𑄟𑄢𑄴, 𑄜𑄢𑄴] - বি. কোমর।

**কমলগর** [𑄇𑄟𑄣𑄉𑄢𑄴] - বিণ.কবেকার।

**কমলা** [𑄇𑄟𑄣] - বি. কমলা।

**কমলে** [𑄇𑄟𑄣𑄬] -বিণ.কবে; কোন আমলে।

**কমানা** [𑄇𑄟𑄚] - ক্রি. কমা বা কমানো; হ্রাস পাওয়া।

**কম্ভা, কোতুমুয়া** [𑄇𑄟𑄴𑄞, 𑄇𑄮𑄖𑄪𑄟𑄪𑄠] -বিণ. কত বড়।

**কহ্র** [𑄇𑄳𑄦𑄧𑄢𑄴, 𑄇𑄧𑄢𑄴] - বি. কোল; ক্রোড়।

**কহ্রা** [𑄇𑄳𑄦𑄢, 𑄇𑄢] - বি. কচি।

**কর** [𑄇𑄧𑄢𑄴] - বি.কোল; ক্রোড়। ক্রি. ( সে) বলছে; কহিতেছে।

**করই, কোরোই** [𑄇𑄧𑄢𑄧𑄃𑄨, 𑄇𑄮𑄢𑄮𑄃𑄨] - বি.১.(তরকরিতে ব্যবহৃত) চালবাটা। ২. চাকমাদের *ঘিলাখারা* নামক খেলার আইটেমবিশেষ। ৩. কড়ই গাছ।

**করক-করক** [𑄇𑄧𑄢𑄧𑄇𑄴𑄇𑄧𑄢𑄧𑄇𑄴] - অব.১. ব্যাঙের ডাক। [ যেমন, চকমা ঘুমপাড়ানি গান *অলিদাগোনি-গীতে*: বেঙ্ দগর্তন করক-করক ভার্জ্যাদুবা তলে।] ২. হাড়গোড় ভাঙ্গার শব্দ। { যেমন বনবিলাস রূপকথায়: থেঙ করক করক গরের রে মা। }

**কররানা** [𑄇𑄧𑄢𑄴-𑄇𑄢𑄚] - ক্রি. ( ডিমপাড়া ) মুরগির কড় কড় জাতীয় শব্দ করা।

**করকারা** [𑄇𑄧𑄢𑄧𑄇𑄢] -বি. আক্রমণাত্মক ও দন্ডায়মান ভঙ্গিতে রক্ষিত ব্যক্তি, হাতিয়ার বা কাঠের দন্ডাদি।

**করঙা** [𑄇𑄧𑄢𑄧𑄋] -বি.কামরাঙ্গা।

**করদানা, কোর-উধানা** [𑄇𑄧𑄢𑄧𑄘𑄚, 𑄇𑄮𑄢 - 𑄅𑄙𑄚] - ক্রি. নতুন পাতা অঙ্কুরিত হওয়া।

**করঙাকাপ্যা** [𑄇𑄧𑄢𑄧𑄋𑄇𑄛𑄳𑄠] - বি. চাকমা নক্‌শাকাপড় আলাম-এর অন্তর্গত কামরাঙ্গার মত দেখতে নক্‌শা বা ডিজাইন।

**করদিপাদা** [𑄇𑄧𑄢𑄧𑄘𑄨𑄛𑄘] - বি. এক প্রকার পাতা।

**করলাহ্** [𑄇𑄧𑄢𑄧𑄣𑄳𑄦] - বিণ. নোংরা; ময়লা।

**করম** [𑄇𑄧𑄢𑄧𑄟𑄴] - বি.কারসাজি।{কর্ম >}। [ রূপকথাতে ব্যবহৃত। (যেমন,কা করম রে কা' করম?)।

**করমপুক** [𑄇𑄧𑄢𑄧𑄟𑄴𑄛𑄪𑄇𑄴] - বি. ছাড়পোকা। [তুলনীয় **মারমা শব্দ: ক্রাইংবো** ]।

**করমর** [𑄇𑄧𑄢𑄧𑄟𑄧𑄢𑄴] - বি.**কাটখোট্টা**; রূঢ়প্রকৃতিবিশিষ্ট ।

**করমা** [𑄇𑄧𑄢𑄧𑄟] - বি. নবোদ্গাত পত্রাঙ্কুর।

**করানা** [𑄇𑄢𑄚] -ক্রি. নারিকেলের অভ্যন্তরস্থ সাচ টুকরা টুকরা করে ক্ষুদ্রাকারে বের করা

**করলাহ্ /করহ্রা** [𑄇𑄧𑄢𑄧𑄣𑄳𑄦] - বিণ.অস্নানজনিত দেহের ময়লা।

**করানা** [𑄇𑄢𑄚] -ক্রি. নারিকেলের অভ্যন্তরস্থ সাচ টুকরা টুকরা করে ক্ষুদ্রাকারে বের করা

**করাহ্, কহ্রা** [𑄇𑄢𑄳𑄦] - বিণ.কচি (ফল)।

**ক-ল** [𑄇𑄧𑄣] -ক্রি. ( সে ) কহিল; বললো।

**কল** [𑄇𑄧𑄣𑄴] -বি.কল, যন্ত্র, মেশিন।

~ **বর** [𑄝𑄧𑄢𑄴𑄇𑄧𑄣𑄴] - বি. ১. বড় কল। ২. বরকল{রাঙগামাটি জেলার একটি উপজেলা ও এর সদর}

**কলক** [𑄇𑄧𑄣𑄧𑄇𑄴] - বি. দুই পাহাড়ের মধ্যবর্তী নিম্নস্থ সমতল স্থান বা ভূমি, উপত্যকা।

**কলকাদা** [𑄇𑄧𑄣𑄴𑄇𑄘 ] - বি. কোলকাতা শহর।

**কলগান** [𑄇𑄧𑄣𑄴𑄉𑄚𑄴] -বি. গ্রমোফোন।

**কলঘর** [𑄇𑄧𑄣𑄴𑄊𑄧𑄢𑄴 ] - বি. যন্ত্রগৃহ; মেশিনহাউস; ধান মাড়াইয়ের মেশিনঘর।

**কলম** [𑄇𑄧𑄣𑄧𑄟𑄴 ] -বি. ১. কলম, ২.ঘরের উর্ধাংশে আড়াআড়ি ভাবে বাঁধার গাছ।

**কলা** [𑄇𑄧𑄣 ] - বি. কলা, কদলী।

~ কানি [𑄇𑄧𑄣𑄇𑄚𑄨 ] - বি. কলার কাঁদি।

~গাচ [𑄇𑄧𑄣𑄉𑄌𑄴 ] - বি.কলাগাছ।

~ থুর [𑄇𑄧𑄣𑄖𑄴𑄗𑄪𑄢𑄴 ] - বি. কলার **ফুল**।

~ পাদা [𑄇𑄧𑄣𑄛𑄘] -বি. কলাগাছের পাতা।

~ পিধা [𑄇𑄧𑄣𑄛𑄨𑄙] - বি. কলাপাতা দিয়ে চালের গুঁড়া মুড়িয়ে ভাপে সিদ্ধ করা পিঠা।

~ বাগল [𑄇𑄧𑄣𑄝𑄉𑄧𑄣𑄴] বি. কলার খোসা।

~ বোগোলিক [𑄇𑄧𑄣-𑄝𑄮𑄉𑄮𑄣𑄨𑄇𑄴 ] -বি. কলার **মোচা**।

~ তোন্যা [ 𑄖𑄮𑄚𑄳𑄠𑄇𑄧𑄣 ] - বি. **আনাজি কলা**।

~ বদা [𑄝𑄘𑄇𑄧𑄣 [ = বি. ডিম্বাকৃতি গোড়াবিশিষ্ট বিশেষ জাতীয় কলাগাছের কলা।

~ বিজি [𑄝𑄨𑄎𑄨𑄇𑄧𑄣] = বি. বিচিযুক্ত কলাবিশেষ ।

**কলাবেল** [𑄇𑄧𑄣𑄝𑄬𑄣𑄴] - বি. কলাবতী ফুল।

**কলি** [𑄇𑄧𑄣𑄨] - বি. কুঁড়ি ।

**কলেজ** [𑄇𑄣𑄬𑄎𑄴] - বি. কলেজ।

**কাউখালি** [𑄇𑄅𑄈𑄣𑄨] - বি. রাঙামাটি জেলার একটি উপজেলা কাউখালি ও এর সদর।}

**কাংগেরেঙ্যা, কাঙগেরেঙ্যা** [𑄇𑄁𑄉𑄬𑄢𑄬𑄋𑄳𑄠 , 𑄇𑄋𑄴𑄉𑄬𑄢𑄬𑄋𑄳𑄠] - বি.অতিশয় শুষ্ক।

**কাঁউত-কাঁউত** [𑄇𑄀𑄅𑄖𑄴 𑄇𑄀𑄅𑄖𑄴 ] - অব্য. মুড়ি জাতীয় জিনিস চিবানোর শব্দ।

**কাক** [𑄇𑄇𑄴 ] - বি. দড়ি, লতা ইত্যাদির চাক।

**কাক্কাবাচ্যা** [𑄇𑄇𑄴𑄇𑄝𑄌𑄳𑄠 ] - বিণ. রসহীন।

**কাক্কা** [𑄇𑄇𑄴𑄇 ] - বি. কাকা; বাবার ছোটভাই।

**কাক্কি, কাক্কি** [𑄇𑄇𑄴𑄇𑄨, 𑄇𑄇𑄴𑄇𑄩 ] - বি.কাকী।

**কাক্যা** [𑄇𑄇𑄳𑄠, 𑄇𑄇𑄴𑄇𑄳𑄠 ] - বি. (নদীতে ভাসানোর উপযোগী) বাঁশের চালি।

**কাগোই, কাগই** [𑄇𑄉𑄮𑄃𑄨 ] - বি.এক প্রকার চিরুনি; কাঁকুই।

**কাগোচ** [𑄇𑄉𑄮𑄌𑄴 ] - বি. কগোজ।

**কাগোজি** [𑄇𑄉𑄮𑄎𑄨 ] - বি. এক প্রকার লেবু।

**কাঙারা** [𑄇𑄋𑄢] - বি. কাঁকড়া।

~ মুহ্‌য়া [𑄟𑄪𑄦𑄳𑄠-𑄇𑄋𑄢] - বি.এক প্রকার কাঁকড়া। [ কখনো কখনো জন্ডিস রোগে *'মুহ্‌য়া-কাঙারা'* এবং *'সোর্বুয়া- আমিলা'* নামক মেস্তার শাক পানিতে সিদ্ধ করে রোগীকে তার ঝোল ঔষধ রূপে খাওয়ানো হয়।]

**কাঙারাকেইম [𑄇𑄋𑄢𑄇𑄬𑄃𑄨𑄟𑄴]** - বি. মাচাংঘরের সামনে নির্মিত খোলা মাচাং (ইজর) তৈরিতে ব্যবহৃত এক প্রকার স্বল্প দৈর্ঘ্যের বাঁশের ফালির টুকরা।

**কাঙারাগুথি [𑄇𑄋𑄢𑄉𑄪𑄗𑄨 ]** -বি. গোত্রবিশেষ বা বংশবিশেষ। [ বর্তমান চাকমা রাজপরিবারের লোকেরা *ওয়াংঝা-গঝার কাঙারা-গুথির* লোক।]

**কাঙারাগুলা [𑄇𑄋𑄢𑄉𑄪𑄣]** - বি. কাঁকরোল।

~ শাক [𑄇𑄋𑄢𑄉𑄪𑄣-𑄥𑄇𑄴] - বি. কাঁকরোল লতার শাক।

**কাঙুর-বদানা [𑄇𑄋𑄪𑄢𑄴-𑄝𑄘𑄚]** - ক্রি. কুঁকড়ে যাওয়া।

**কাঙুরা [𑄇𑄋𑄪𑄢 ]** -বিণ. কোঁকড়ানো ।

**কাঙুরাচুলি, খিঙিশাকখুলি [𑄇𑄋𑄪𑄢𑄌𑄪𑄣𑄨, 𑄈𑄨𑄋𑄨𑄥𑄇𑄴𑄈𑄪𑄣𑄨 ]** -বি. কোঁকড়ানো চুলের মেয়ে/নারী।

**কাঙেল [𑄇𑄋𑄬𑄣𑄴 ]** - বি. মেরুদন্ড।

**কাঙেলছোরি, কাঙেলছরি [𑄇𑄋𑄬𑄣𑄴𑄍𑄮𑄢𑄨 ]** - বি.খাগড়াছড়ি জেলার একটি ছোটনদী ও ঐ নামের মৌজার নাম ( নং-৭১)।

**কাঙোর [𑄇𑄋𑄮𑄢𑄴]** - বি. গবাদিপশুর মুখে পরিয়ে তাদের মুখ বন্ধ রাখার জন্য তৈরি করা বিশেষ ধরনের খাঁচা।

**কাচ, কাশ [𑄇𑄌𑄴, 𑄇𑄥𑄴]** - বি. কাশি।

**কাজর [𑄇𑄎𑄧𑄢𑄴 ]**- বি. বিণ. নোংরা; ময়লা; অপরিচ্ছন্ন।

**কাজলঙ, কাজলং [𑄇𑄎𑄧𑄣𑄧𑄋𑄴, 𑄇𑄎𑄧𑄣𑄧𑄁 ]** - বি. **কাসালং / কাচালং। { ত্রিপুরার তিহাসগ্রন্থ রাজমালায় উল্লেখিত কাচরঙ্গ। লুসাইঃ কাইসা = বাঘ। খিয়াংঃ লুহং / লুং = নদী} তবে লুসাই ও পাংখোয়াদের ভাষায় এই নদীর নাম** *সামাত* **}**

**কাজা [𑄇𑄎 ]** - বি. কিনার। বিণ. কাঁচা (অপরিপক্ক, অসিদ্ধ)। ক্রি.পরিস্কার করো (তুমি পরিস্কার করো)। [তুলনীয় অসমীয়াঃ কষ]।

**কাজাকজরা [𑄇𑄎𑄇𑄧𑄎𑄧𑄢]** - বিণ.কচিকাচা।

**কাজানা [𑄇𑄎𑄚 ]** - ক্রি. সাফ করা, পরিষ্কার করা।

**কাজেইয়া [𑄇𑄎𑄬𑄃𑄨𑄠/𑄇𑄎𑄬𑄠]** - বিণ.পরিস্কার করে যে।

**কাঝানা [𑄇𑄏𑄚 ] - ক্রি. কাশা।**

**কাঝি [𑄇𑄏𑄨]** - বি. ১. কাশি । ২. দড়ি; কাছি।

**কাজ্জি [𑄇𑄎𑄴𑄎𑄨, 𑄇𑄎𑄳𑄎𑄨]** - বি. এক জাতীয় পানীয় (মদ্য বিশেষ)। [বর্মীঃকাচৌ]
{ তুলনীয় বর্মী : *কাজৌ* । }

**কাতকাত্যা [𑄇𑄖𑄴𑄇𑄖𑄳𑄠]** - বিণ. **কটুস্বাদের; টকটকে।**

**কাতকোজু [𑄇𑄖𑄴𑄇𑄮𑄎𑄪]** - বি. এক জাতীয় কচু।

**কাত্তোন [𑄇𑄖𑄴𑄖𑄮𑄚𑄴]** -বি.(ব্যবসায়িক উদ্দেশ্যে গভীর) বনে গিয়ে বাঁশগাছ কাটার অভিযান

**কাত্তোন্যা [𑄇𑄖𑄴𑄖𑄮𑄚𑄳𑄠 ]** -বি. কাঠুরে।

**কাথুয়ারানি [𑄇𑄗𑄪𑄠𑄢𑄚𑄨]** - বি. চাকমা ইতিহাসের জনৈক রাণী 'কাথুয়ারানি'। রাজা সাথুয়া বোরুয়ার মহিষী। রাজা সাথুয়া বোরুয়াকে হত্যার ষড়যন্ত্রের সাথে সম্পৃক্ততার কারণে ঐ নামে আখ্যায়িত হয়েছিলেন]।

**কাথোল, কাত্তোল [𑄇𑄗𑄮𑄣𑄴, 𑄇𑄖𑄴𑄖𑄮𑄣𑄴 ]** - বি. কাঁঠাল।

**কাথোলপাগোক [𑄇𑄗𑄮𑄣𑄴-𑄛𑄉𑄮𑄇𑄴]** - বি. বউ কথা কও (পাখি)।

**কাথোলথেঙি [𑄇𑄗𑄮𑄣𑄴𑄗𑄬𑄋𑄨]** - বি. সবজিরূপে ব্যবহৃত এক জাতীয় ছোট আকারের সবজিগাছ।

**কাত্যাসুদা [𑄇𑄖𑄳𑄠𑄥𑄪𑄘]** - বি. চর্কা ঘুরিয়ে সংগ্রহ করা সুতা।

**কাত্যে / কাদ্যায় [𑄇𑄖𑄳𑄠𑄬 /𑄇𑄘𑄳𑄠𑄠𑄴]** - সর্ব. কার জন্য; কার লাগি।

**কাথ্য [𑄇𑄗𑄳𑄠 ]** - শুষ্ক কাষ্ঠবৎ। (মাংসের ক্ষেত্রে প্রযোজ্য)

**কাদা [𑄇𑄘]** - বি. কাঁটা; কন্টক।

**কাদাকাদি, কাদাককাদিক [𑄇𑄘𑄇𑄘𑄨, 𑄇𑄘𑄇𑄴𑄇𑄘𑄨𑄇𑄴 ]** - বিণ. গাদাগাদি; ঠাসাঠাসি স্থানজনিত অসংকুলান অবস্থা।

**কাদামহ্লা, কাদামলা [𑄇𑄘𑄟𑄳𑄦𑄣]** - বি.আমলকী। **{< পালিঃ কদম্ল}**(কাঠ+ আমলা)

**কাদামা [𑄇𑄘𑄟]** - বি. এক প্রকার চর্মরোগ; কদমা।

**কাদামারেচ [𑄇𑄘𑄟𑄢𑄬𑄌𑄴 ]** - বি. এক প্রকার ছোট আকারের সবজিগাছ।(কাটা নটে)।

**কাদাকাত্যা [𑄇𑄘𑄇𑄖𑄳𑄠 ]** - বি. বিণ. গাদাগাদি।

[ যেমন, কাদাকাত্যা-জাগা=গাদাগাদি জায়গা বা স্থান।

**কাদাল্যা [𑄇𑄘𑄣𑄳𑄠 ]** বিণ. কালীন।

**কাদিঙিরেচ [𑄇𑄘𑄨𑄋𑄨𑄢𑄬𑄌𑄴 ]** - বি. ফিঙে।

**কাদিরা [𑄇𑄘𑄨𑄢 ]** - বি. কেদারা।

**কাদিমাস [𑄇𑄘𑄨-𑄟𑄥𑄴, 𑄇𑄘𑄨-𑄟𑄌𑄴 ]** - বি. কার্তিক মাস।

**কাদ্যায় / কাত্যায়, কাল্যায় / কাল্লায়** [𑄇𑄘𑄳𑄠𑄠𑄴 / 𑄇𑄖𑄳𑄠𑄠𑄴, 𑄇𑄣𑄳𑄠𑄠𑄴 / 𑄇𑄣𑄴𑄣𑄠𑄴} - সর্ব. কার তরে, কার লাগি।

**কাথি [𑄇𑄗𑄨, 𑄇𑄙𑄨]** - বি. কাঠি।

**কান [𑄇𑄚𑄴 /xan/ ]** - বি.কান; কর্ণ;

**কান [𑄇𑄚𑄴]** - বিণ.অন্ধ। ক্রি.(তুমি) কাঁদো।

**কানজাবা** [𑄇𑄚𑄴𑄎𑄝]- বি. কানের পার্শ্বস্থ গন্ডদেশ।

**কানজি [𑄇𑄚𑄴𑄎𑄨] - বি. বিশেষ স্বাদের পানীয়, এক প্রকারের মদ; [ তুলনীয় বর্মী : 'কা-জ' / কাচৌ ]।**

**কানফুল** [𑄇𑄚𑄴𑄜𑄪𑄣𑄴] - বি. কর্ণদুল।

**কানলুদি** [𑄇𑄚𑄴𑄣𑄪𑄘𑄨] - বি. কর্ণমূল।

**কানা** [𑄇𑄚] - বি.ছিদ্র । বিণ. অন্ধলোক।

**কানানা** [𑄇𑄚𑄚 **/xanana/** ] - ক্রি. কাঁদা;

**কানাপোয়ঝা** [𑄇𑄚𑄛𑄮𑄠𑄏] - বি.ছিদ্রযুক্ত পয়সা। [ ২০ শতাব্দীর ৬০-এর দশকে ৪টি তাম্রনির্মিত (কানা) পয়সা = ১ আনা ছিল]।

**কানানা** [𑄇𑄚𑄚] - ক্রি. কাঁদা।

**কানাহ্** [𑄇𑄚𑄴 **/xaná /** ] - বি. কাঁধ; স্কন্ধ; ঘাড়; shoulder.

**কানি** [𑄇𑄚𑄨]- বি. ১ অন্ধস্ত্রীলোক। ২. কাঁদি [ যেমন, এককানি কলা = এককাঁদি কলা ৩.ন্যাকড়া। ৪. জমির পরিমাপবিশেষ (আড়াই কানি = এক একর)। ক্রি. (আমরা) কাঁদি।

**কান্থা** [𑄇𑄚𑄴𑄗] - মাটির তৈরি গুলি, মার্বেল ইত্যাদি ছোড়ার হাতিয়ার বিশেষ।

**কান্দরি** [𑄇𑄚𑄴𑄘𑄢𑄨] - বি. বেশি কান্নাকাটি করে এমন স্বভাবের মেয়ে বা স্ত্রীলোক।

**কান্দরিফুল** [𑄇𑄚𑄴𑄘𑄢𑄨𑄜𑄪𑄣𑄴] - বি. এক প্রকার বন্য ফুল।

**কান্দারা** [𑄇𑄚𑄴𑄘𑄢𑄨] - বি. বেশি কান্নাকাটি করে এমন ছেলে বা পুরুষ।

**কান্ধা** [𑄇𑄚𑄴𑄙] - বি. কাঁধ; স্কন্ধ; ঘাড় ।

**কাপ** [𑄇𑄛𑄴] -বি. কাপ ; পেয়ালা। ক্রি. (তুমি) কর্তন কর।

**কাপকাপ** [𑄇𑄛𑄴𑄇𑄛𑄴] -বিণ. স্তরে স্তরে।

**কাপ্তাই** [𑄇𑄛𑄴𑄖𑄭/𑄇𑄛𑄴𑄖𑄬 ] - বি. রাঙামাটি জেলার কাপ্তাই উপজেলা, এর সদর ও মৌজাবিশেষ ( নং ৩২৯) এবং ঐ নামের নদী।{< ত্রিপুরা : *কাপ্* = কাঁদা + *তোই* = নদী} । মারমা: কত্বই খ্যঙ।

**কাপ্যা** [𑄇𑄛𑄳𑄠] - ক্রি.বিণ.কর্তনকৃত, কাটা হয়েছে এমন।

**কাপ্যাথেঙা** [𑄇𑄛𑄳𑄠𑄗𑄬𑄋] - বি.মাটির কিছু উপরে কর্তনকৃত গাছের মাটিসংলগ্ন অংশ। [উবাগীতেঃ কাপ্যাথেঙা কত্(কর্) দিল]।

**কাবর** [𑄇𑄝𑄢𑄴] - বি.কাপড়।

~ **গুলা** [𑄇𑄝𑄢𑄴𑄉𑄪𑄣] - বি.ন্যাপটালিন।

**কাবা** [𑄇𑄝] - বিণ. ক্রি.বিণ. কাটা; কর্তৃনকৃত।

**~কেরেত** [ 𑄇𑄬𑄢𑄬𑄖𑄴 ] - বি. রাঙামাটি জেলার একটি এলাকা বা মৌজার নাম (কেরেককাটা নং ৯৩)। { তান্যাবি-পালাহ্-এর চরণ: তান্যাবি বেইন বুনে বেনোর তলে ব-দলা। তান্যাবিরে ধোরি নিলাক কেরেতকাবা মোনতলা } ক্রি. বেতসলতা কাটা।

**কাবাকাবি** [𑄇𑄝𑄇𑄝𑄨] - বি. ক্রি.বিণ.কাটাকাটি।

**কাবানা** [𑄇𑄝𑄚] - ক্রি.কাটা; কর্তন করা।

**কাবিদাং, কাবিদাঙ** [𑄇𑄝𑄨𑄘𑄁, 𑄇𑄝𑄨𑄘𑄋𑄴] - বি. ১. (গভীর বনে গিয়ে) বাঁশগাছ কর্তনকারী দলের সর্দার। ২. নৌকা প্রস্তুত কারক; ঐ কাজের কারিগর [ তুলনীয় ত্রিপুরা: কাবিদাং ]

**কাবিদাঙ, কাবিদ্যাঙ** [𑄇𑄝𑄨𑄘𑄋𑄴, 𑄇𑄝𑄬𑄘𑄋𑄴] - বি. বিশেষ কার্য সম্পাদনকারী; ইদানীং কোথাও কোথাও 'সম্পাদক' শব্দের পরিভাষা হিসেবেও ব্যবহৃত হচ্ছে।

**কাবিল** [𑄇𑄝𑄨𑄣𑄴] - বিণ. পারদর্শী; দক্ষ; কর্মপটু।

**কাবুক** [𑄇𑄝𑄪𑄇𑄴 ] - বি.বাঁশ, গাছ ও শেল (সুঁচালো বাঁশের শেল/বল্লশ) দিয়ে প্রস্তুতকৃত বিশেষ ধরনের ফাঁদ যা খরগোস থেকে শুরু করে বনবিড়াল এবং বাঘও মেরে ফেলতে সক্ষম। [ লুসাই ভাষার শব্দ 'কাবুক' - এর সাথে তুলনীয়]।

**কাম** [𑄇𑄟𑄴] - বি. কাজ, কর্ম, কাম।

**কামান** [𑄇𑄟𑄚𑄴 ] - বি. কামান।

**কামানা** [𑄇𑄟𑄚 ] - ক্রি.অর্থ উপার্জন করা।

**কামার** [𑄇𑄟𑄢𑄴] -বি.কামার; কর্মকার।

**কামারানা** [𑄇𑄟𑄢𑄚 / *xamarana* / ] - ক্রি. কামড়ানো; **bite.**

**কামারাকামারি** [𑄇𑄟𑄢𑄇𑄟𑄢𑄨 ] - বি. কামড়াকামড়ি।

**কামাহ্, কামা** [𑄇𑄟𑄦𑄴 ] - বি. পাহাড়ের পার্শ্বস্থিত খাড়া স্থান।

**কামেইয়া** [𑄇𑄟𑄬𑄃𑄨𑄠] - বি. বিণ.অর্থ উপার্জনকারী।

**কামেচ** [𑄇𑄟𑄬𑄌𑄴] - বি. কামিজ।

**কাম্ভে-গঝা, কাম্বে-গঝা** [𑄇𑄟𑄴𑄞𑄬-𑄉𑄏, 𑄇𑄟𑄴𑄝𑄬𑄃𑄨-𑄉𑄏 ] -বি. চাকমাদের একটি বিশেষ সামাজিক দল।

**কাম্মুয়া** [𑄇𑄟𑄴𑄟𑄪𑄠 ] - বিণ. ১.কর্মঠ। ২. কামেল।

**~ বানা** [𑄇𑄟𑄴𑄟𑄪𑄠𑄝𑄚] - বিণ.কর্মঠ।

**~ বানি** [𑄇𑄟𑄴𑄟𑄪𑄠𑄝𑄚𑄨] - বিণ.কর্মঠ স্ত্রীলোক।

**~ মানুচ** [𑄇𑄟𑄴𑄟𑄪𑄠-𑄟𑄚𑄪𑄌𑄴] - বিণ.কর্মঠ লোক ।

**~ মিলা** [𑄇𑄟𑄴𑄟𑄪𑄠-𑄟𑄨𑄣] - বিণ.কর্মঠ মহিলা।

**কায়** [𑄇𑄠𑄴] - বিণ. ক্রি.বিণ. কাছে; নিকটে।
[ প্রবাদ: দুরকুদুম ফুলবাচ, কায়কুদুম চিন্দাবাচ ।]

**কায়কুরে** [𑄇𑄭𑄇𑄪𑄢𑄬] - ক্রি.বিণ. আশেপাশে।

**কার, কা'** [𑄇𑄢𑄴, 𑄇] - সর্ব. কার; কাহার। (যেমন, কা বই? কার বই ?)

**কার্বারী, কারবারী** [𑄇𑄢𑄴𑄝𑄢𑄩] - বি. গ্রামের প্রধান;১. গ্রাম্যপ্রধান। ২. পদবী বিশেষ।

**কারমা** [𑄇𑄢𑄴𑄟] -বি. নীলগাছ থেকে প্রস্তুতকৃত নীল রঙের রঞ্জক পদার্থ।

**কারমা-গাচ** [𑄇𑄢𑄴𑄟-𑄉𑄌𑄴] - বি. এক জাতীয় গাছ (নীলগাছ)।

**কারমাবিজি** [𑄇𑄢𑄴𑄟𑄝𑄨𑄎𑄨] - বি. নীল গাছের বিচি।

**কারমা-রঙ** [𑄇𑄢𑄴𑄟-𑄢𑄧𑄋𑄴] - বি.নীল রঙ; নীল গাছ থেকে প্রস্তুতকৃত রঞ্জক পদার্থ।

**কারাগা, কারাঘা** [𑄇𑄢𑄉, 𑄇𑄢𑄊] - বি. প্যাগোডার বৌদ্ধ ভিক্ষুর সেবা যত্নকারী বা তত্ত্বাবধায়কের সহকারী।

**কারানা, কারাহ্না** [𑄇𑄢𑄦𑄳𑄚] - ক্রি. ১. কাঁড়া। ২. গলার অভ্যন্তর থেকে স্বর বের করা। ৩. *রেইং* (এ-হো হো-) ধ্বনি করা।

**কারাহ্কারিহ্** [𑄇𑄢𑄦𑄴𑄇𑄢𑄨𑄦𑄴] - ক্রি.বিণ.কাড়াকাড়ি।

**কারিহ্-লনা** [𑄇𑄢𑄨𑄦𑄴-𑄣𑄧𑄚] - ক্রি. কেড়ে নেওয়া।

**কারুককারুক, কুরুত-কুরুত** [𑄇𑄢𑄪𑄇𑄴𑄇𑄢𑄪𑄇𑄴, 𑄇𑄪𑄢𑄪𑄖𑄴-𑄇𑄪𑄢𑄪𑄖𑄴] -অব্য. মচেমচে বা শক্ত জিনিস চিবিয়ে খাওয়ার শব্দ (তুলনীয়ঃ মচমচ শব্দ)।

**কারুল** [𑄇𑄢𑄪𑄣𑄴] -বি. বকনা বাছুর।

**কার্বুয়াচেগে** [𑄇𑄢𑄴𑄝𑄪𑄠𑄌𑄬𑄉𑄬]-বি.কার্বুয়া নামক দলের সেনাকর্মকর্তা (*চেগে/সাইকে*>); কাম্ভেগঝাভুক্ত একজন ব্যক্তিবিশেষ।

**কাল** [𑄇𑄣𑄴] - বি. ১. সময়; কাল। ২. বিপদ (বাগধারাঃ চাল তাঙেলে, কাল এযে।)। ৩.বধির; কালা।

**কালকাদা** [𑄇𑄣𑄴𑄇𑄘] - বি.দশা; বিপদ; বিপর্যয়।

**কালঘুঙুরা** [𑄇𑄣𑄴𑄊𑄪𑄋𑄪𑄢] - বি. এক জাতীয় ঝিঁঝিঁ পোকা। কালো রঙের ঝিঁঝিঁ পোকা।

**কাললোঙ, কাললোং, কালুয়াং** [𑄇𑄣𑄴𑄣𑄮𑄋𑄴, 𑄇𑄣𑄴𑄣𑄮𑄁, 𑄇𑄣𑄴𑄣𑄮𑄁] - বি. পিঠে শাকসবজি, ফলমূল ও শস্যাদি নিয়ে বহনযোগ্য বেতের তৈরি ঝুড়িবিশেষ। { তুলনীয় সাই, পাংখোয়া : ***লান*** = পাত্র}

**কালা** [𑄇𑄣 / xala / ] - বিণ.কাল; কালো; black .

~ **চখা** [𑄇𑄣𑄌𑄧𑄊] - বি চোখ কালো যে লোকের ।

~ **চান** [𑄇𑄣𑄌𑄚𑄴] - বি.লোকের নামবিশেষ। { তুলনীয়ঃ কালাচাঁদ}

~ **চুলা** [𑄇𑄣𑄌𑄪𑄣] - বি চোখ কালো যে স্ত্রীলোকের ।

~ **চুলি** [𑄇𑄣𑄌𑄪𑄣𑄨] বি চুল কালো যে স্ত্রীলোকের ।

~ **চোখি** [𑄇𑄣𑄌𑄮𑄊𑄨] - বি. চোখ কালো যে স্ত্রীলোকের ।

~ চোঘি [𑄇𑄣𑄌𑄮𑄊𑄨] - বি. চোখ কালো যে স্ত্রীলোকের ।

~ জামুরা [𑄇𑄣-𑄎𑄟𑄪𑄢] - বি. কাল গোখরা; কাল কেউটে ।

~ পিনোন [𑄇𑄣-𑄛𑄨𑄚𑄮𑄚𑄴 ] -বি.কাল পিনোন [ চাকমা মহিলাদের স্কার্টবিশেষ] ।

~ পুনা [𑄇𑄣𑄛𑄪𑄚 ] -বি. নিতম্বে কাল দাগ বা চিহ্নের অধিকারী এমন ছেলে/পুরুষ ।

**কালাজর** [𑄇𑄣𑄎𑄢𑄴] - বি. **কালাজ্বর** ।

**কালাতংজা, কালাথংঝা** [𑄇𑄣𑄖𑄁𑄎, 𑄇𑄣𑄗𑄁𑄏] - বি. আরাকানের অন্তস্থিত কালাদন/ কুলাদেন(?) উপত্যকা অঞ্চলের প্রধান বা চীফ ।

**কালাম** [𑄇𑄣𑄟𑄴 ] - বি. ভারী জিনিস চাড় দিয়ে তোলার দন্ড ।

**কালাহ্ , কাহ্লা** [𑄇𑄦𑄳𑄣 ] - বি. বধির; কালা ।

**কালি** [𑄇𑄣𑄨] - বি. ১. কালি । ২. হিন্দুদেবী কালী ।

**কালিক** [𑄇𑄣𑄨𑄇𑄴 ] - অব্য. অবশ্য ।

**কালিহ্,কাহ্লি** [𑄇𑄦𑄳𑄣𑄨 ] - বি.বধির স্ত্রীলোক ।

**কালিকুচ্যাল** [𑄇𑄣𑄨-𑄇𑄪𑄌𑄳𑄡𑄣𑄴 ] - বি.এক জাতীয় আঁখ ।

**কালিঘন্যা, কালিঘোন্যা** [𑄇𑄣𑄨𑄊𑄚𑄳𑄡 , 𑄇𑄣𑄨𑄊𑄮𑄚𑄳𑄡 ] - বি.কালবাউশ ।

**কালিচাবারা** [𑄇𑄣𑄨-𑄌𑄝𑄢] - বি. রান্নকরা হাঁড়িপাতিল রাখার জন্য বেতের তৈরি ছোট আকৃতির চাটাই ।

**কালিসিরি-কুচ্যাল** [𑄇𑄣𑄨𑄥𑄨𑄢𑄨-𑄇𑄪𑄌𑄳𑄡𑄣𑄴 ] - বি.এক জাতীয় আঁখ ।

**কালিসুরি-বাচ** [𑄇𑄣𑄨𑄥𑄪𑄢𑄨-𑄝𑄌𑄴 ] - বি. এক জাতীয় বাঁশ ।

**কালিহ্, কাহ্লি** [𑄇𑄦𑄳𑄣𑄨] - বি. বধির স্ত্রীলোক ।

**কালুককালুক** [𑄇𑄣𑄪𑄇𑄴𑄇𑄣𑄪𑄇𑄴 ] -ক্রি. বিণ. কোটরাগত (অক্ষির ক্ষেত্রে প্রযোজ্য); চোখ গর্তে বসে যাওয়া ।

**কালোচ্যা** [𑄇𑄣𑄮𑄌𑄳𑄡] - বিণ. কালচে ।

**কাল্যাজিরা** [𑄇𑄣𑄳𑄡𑄎𑄨𑄢] - বি. এক প্রকার সুগন্ধিযুক্ত ধান ও ঐ ধানের চাল ।

**কাস্থ্য, কাথ্থ্য** [𑄇𑄥𑄳𑄗𑄳𑄡, 𑄇𑄗𑄳𑄗𑄳𑄡] - বিণ.শুষ্ক কাষ্ঠবৎ রসহীন ।

**কাহ্** [ 𑄇𑄦𑄴 ] - বি. ধাতু নির্মিত বাটি [ অধুনা লুপ্তপ্রায় **'কাহ্'** জাতীয় বাটি ] ।
{ তুলনীয় রাখাইনঃ কাহ্}

**কাহ্না** [ 𑄇𑄦𑄳𑄚] - বি.কাঁধ; স্কন্ধ ।

**কি** [𑄇𑄨 / **xi** / , **কী** [ 𑄇𑄩 ] -সর্ব. ক্রি.বিণ. কি, কী; **what** .

**কিঅ, কিও** [𑄇𑄨𑄃 / 𑄇𑄨**ó** ] -সর্ব. কেহ, কেউ ।

~ **কিঅ** [𑄇𑄨𑄃𑄇𑄨𑄃 ] - সর্ব. কেহ কেহ; কেউ কেউ ।

**কিঙিরি, কেঙোরি** [𑄇𑄨𑄋𑄨𑄢𑄨, 𑄇𑄬𑄋𑄮𑄢𑄨 ] - ক্রি.বিণ. কিরূপে; কিভাবে; কেমন করে ।

কিজাক [𑄇𑄨𑄎𑄇𑄴] - বি. চিৎকার ।

কিজিঙ্ , কিজিং [𑄇𑄨𑄎𑄨𑄋𑄴] - বি. ১. সঙ্কীর্ণ গিরিপথ, ২.পাহাড়ের শিরদাঁড়ার মধ্যবর্তী খাদ বা নিম্নস্থান । [তুলনীয় ত্রিপুরা শব্দ : 'হাচিং'/হাকচেন<হা- কেচেন=দুই পাহাড়ের সংযোগকারী নিচু পার্বত্যভূমি । এস.এল.ত্রিপুরা ১৩৯৬ বাং:১১৫] ।

**কিজিক, কেজিক** [𑄇𑄨𑄎𑄨𑄇𑄴, 𑄇𑄬𑄎𑄨𑄇𑄴 ] - বি. কাঁচি ।

**কিঝিক্কাঝাক্** [𑄇𑄨𑄏𑄨𑄇𑄴𑄇𑄏𑄇𑄴 ] - অব্য.(বানরের) কিচিরমিচির । (ধ্বন্যা)

**কিঝিম** [𑄇𑄨𑄏𑄨𑄟𑄴 ] - বি. **প্রকার; কিসিম; রকমফের** ।[ তুলনীয় ফারসি: কিসম ] ।

**কিঝু** [𑄇𑄨𑄏𑄪] - বিণ. কিছু ।

**কিতকিদেই / কেতকেদেই** [𑄇𑄨𑄖𑄴𑄇𑄨𑄘𑄭 , 𑄇𑄬𑄖𑄴𑄇𑄬𑄘𑄭] - ক্রি.বিণ. খিলখিল করে ।

**কিত্যা** [𑄇𑄨𑄖𑄳𑄡] - বি. বিণ. দিক । ( যেমন পুবকেত্যা=পূর্বদিক; পূর্বদিকস্থ)

**কিত্যায়, কিদ্যায়** [𑄇𑄨𑄖𑄳𑄡𑄠𑄴, 𑄇𑄨𑄘𑄳𑄡𑄠𑄴] - সর্ব. কেন; কি জন্য ।

**কিথ্যা** [𑄇𑄨𑄗𑄳𑄡, 𑄇𑄨𑄖𑄴𑄗𑄳𑄡 ] - বি. কিস্তা, কাহিনী ।

**কিথ্যে** [𑄇𑄨𑄗𑄳𑄡𑄬 ] -বি. কাহিনী; কিস্তা; গল্প; রূপকথা । ক্রি.বিণ.কী হেতু; কী জন্যে ।

**কিদি** [𑄇𑄨𑄘𑄨 ] - বিণ.ক্ষুদ্রকায় ।

~ গাভুর [𑄇𑄨𑄘𑄨𑄉𑄞𑄪𑄢𑄴] - বি. ক্ষুদ্রকায়বিশিষ্ট যুবক ।

**কিদিং, কিদিঙ** [𑄇𑄨𑄘𑄨𑄋𑄴 ] - বি. ১. দেহের খিঁচুনি । ২. রোদে প্রসারিত ঘরের বেড়ার শীতল হওয়ার সময় ঠাসঠাস শব্দ করে সংকুচিত হওয়ার প্রক্রিয়া ।

**কিদিককিদিক** [𑄇𑄨𑄘𑄨𑄇𑄴𑄇𑄨𑄘𑄨𑄇𑄴 ] - অব্য. হাসির শব্দ ( খিলখিল ) (ধ্বন্যা)

**কিধিক্যা, কিধোক্যা, কিধুক্যা** [𑄇𑄨𑄙𑄨𑄇𑄳𑄡,𑄇𑄨𑄙𑄮𑄇𑄳𑄡, 𑄇𑄨𑄙𑄪𑄇𑄳𑄡 ] - সর্ব, বিণ.ও ক্রি.বিণ.কী রকম, কী রূপ ।

**কিদিক্যা/ কিধোক্যা** [𑄇𑄨𑄘𑄨𑄇𑄳𑄡/𑄇𑄨𑄙𑄮𑄇𑄳𑄡 ] - বিণ,সর্ব. কী রূপ; কী রকম ।

**কিনানা** [ 𑄇𑄨𑄚𑄚 ] - ক্রি. কিনা; ক্রয় করা ।

**কিনিয়া** [ 𑄇𑄨𑄚𑄨𑄠 ] - বি. ক্রেতা; গ্রাহক ।

কিনে [ 𑄇𑄨𑄚𑄬 ] - ক্রি. কিনে ( সে) কিনে । অব্য. যেহেতু ।

কিন্দুবাঘ [𑄇𑄨𑄚𑄴𑄘𑄪𑄝𑄊𑄴] - বি. কেঁদোবাঘ । কোফ বাঘ ।

কিন্যা [ 𑄇𑄨𑄚𑄳𑄡] - ক্রি.বিণ. কৃত ।

কিয়ত [𑄇𑄨𑄠𑄖𑄴] - বিণ. সর্ব. কোথায় ।

কিয়াচ [𑄇𑄨𑄠𑄌𑄴 ] - বি. অনুমান, আন্দাজ ।

কিরিঙকিরিঙ, কিরিংকিরিং [𑄇𑄨𑄢𑄨𑄋𑄴𑄇𑄨𑄢𑄨𑄋𑄴] - ক্রি.বিণ. থৈ থৈ ।

কিরিচ [𑄇𑄨𑄢𑄨𑄌𑄴] - বি.তরবারি; কিরিচ ।{ চাকমা পালাগানে তরবারি অর্থে ব্যবহৃত শব্দ }

কিরিজা [𑄇𑄨𑄢𑄨𑄎 ] - বি.এক প্রকার কাঁটাযুক্ত বন্যলতা ।

**কিরিমিহ্‌রি** [𑄇𑄨𑄢𑄨𑄟𑄨𑄦𑄳𑄢𑄨] - বি.শিশু বা বালকবালিকাদের কৌতুক; ঠাট্টামশকরা।

**কির্বা, কির্‌বা** [𑄇𑄨𑄢𑄴𑄝] - বি. আদর।

**কিলা** [𑄇𑄨𑄣] - বি. ঢেঁকির অক্ষদন্ড স্থাপনের জন্য উর্ধাংশে দু'পাশে স্থাপিত গাছের খুঁটি(দ্বয়)।

{ রূপকথায়ঃ কবা কোদরর ব নেই, ধেঙিকিলার র নেই।}

**কী** [𑄇𑄩] - বিণ.সর্ব. কী।

**কুআ-পাত, কুয়া-পাত** [𑄇𑄪𑄃-𑄛𑄖𑄴] - বি.চাকমা বর্ণমালার পাঠবিশেষ।

{কুয়াপাঠে ওয়া/w ধ্বনি ব্যঞ্জনবর্ণের সাথে যুক্ত হয়}

**কুই** [𑄇𑄪𑄃𑄨 / 𑄇𑄪𑄨] -অব্য. কুকুরকে তাড়িয়ে দেওয়ার সময় উচ্চারণকৃত শব্দ।

{ মারমা খুই = কুকুর}

**কুই-কারানা** [𑄇𑄪𑄃𑄨-𑄇𑄢𑄚] - বি. গভীর বনে হারিয়ে গেলে সাহায্য লাভের আশায় অথবা পরস্পরকে বিশেষ সংকেত দেওয়ার জন্য কু , কী প্রভৃতি সাংকেতিক ধ্বনি সৃষ্টি করে উচ্চ এবং দীর্ঘায়িত স্বরে কাউকে ডাকা বা সাড়া দেওয়া।

**কুইদেওন** [𑄇𑄪𑄃𑄨𑄘𑄬𑄃𑄮𑄚𑄴] - বি.অতীতে কোনো ঘটনা বিশেষে গ্রাম থেকে গ্রামান্তরে লোক আহ্বান করার বিশেষ ধ্বনি। (বিরাজ মোহন দেওয়ান, চাকমা জাতির ইতিবৃত্ত। রাঙামাটি, ১৯৬৯)

**কুইয়াপেইক/ কুইয়াপেক, গর্বাপেইক** [𑄇𑄪𑄃𑄨𑄠𑄛𑄬𑄃𑄨𑄇𑄴, 𑄉𑄢𑄴𑄝𑄛𑄬𑄃𑄨𑄇𑄴] - **বি** হলদে পাখি বিশেষ

**কুং-গাচ, খুং-গাচ** [𑄇𑄪𑄁𑄉𑄌𑄴/𑄇𑄪𑄋𑄴𑄉𑄌𑄴, 𑄈𑄪𑄁-𑄉𑄌𑄴] - বি. চিতার চারকোণ প্রোথিত গাছের কাচা চারটি দন্ড।

**কুংগী, কুঙ্গী** [𑄇𑄪𑄁𑄉𑄩, 𑄇𑄪𑄋𑄴𑄉𑄩] - বি. মাদী হাতি।

**কুক্কুরুককাক্কারাক** [𑄇𑄪𑄇𑄴𑄇𑄪𑄢𑄪𑄇𑄴𑄇𑄇𑄴𑄇𑄢𑄇𑄴] - বি.গাছবাঁশের তালানো স্তুপ।

অব্য. কুড়মুড় জাতীয় শব্দ।

**কুক্যা** [𑄇𑄪𑄇𑄳𑄠] - বি. কুকি, কুকীঃ কুকি-চিন ভাষাভাষী লুসেই, পাংখুয়া, বম, খিয়াং জাতীয় লোক।

**কুক্যাছোরি** [𑄇𑄪𑄇𑄳𑄠𑄍𑄮𑄢𑄨] - বি.রাঙামাটি জেলার কুক্যাছড়ি নামক মৌজা (নং) এবং ঐ নামের নদী। { কুকি-চিন ভাষাভাষী লুসেই, পাংখুয়া, বম, খিয়াং জাতীয় লোক}।

**কুক্যাহিঝাব** [𑄇𑄪𑄇𑄳𑄠𑄦𑄨𑄏𑄝𑄴] - বি.সর্টকাট হিসাবনিকাশ।

**কুগুর** [𑄇𑄪𑄉𑄪𑄢𑄴] - বি. কুকুর।

**কুগি** [𑄇𑄪𑄉𑄨] - বি.কুকী [লুসাই, পাংখোয়া,বম এবং এ জাতীয় কুকি-চিন ভাষাভাষী লোক]।

**কুগিছরা** [𑄇𑄪𑄉𑄨𑄍𑄢] - বি.খাগড়াছড়ি জেলার কুকিছড়া নামক মৌজা (নং ৩৬) এবং ঐ নামের নদী। { *কুকি*= কুকি-চিন ভাষাভাষী লুসেই, পাংখুয়া, বম জাতীয় লোক}।

**কুগিসত্রং, কুগিসত্রঙ [𑄇𑄪𑄉𑄨𑄥𑄖𑄳𑄢𑄧𑄁, 𑄇𑄪𑄉𑄨𑄥𑄖𑄳𑄢𑄧𑄋𑄴 ]** - বি. খয়েরি রঙের এক প্রকার ছোট আকৃতির পাহাড়ি গাঁদাফুল।

**কুগিসাবারাং [𑄇𑄪𑄉𑄨𑄥𑄝𑄢𑄁]** - বি.শনের মত দেখতে সুগন্ধিযুক্ত তৃণ বিশেষ।

**কুগুন, কুঘুন [𑄇𑄪𑄉𑄪𑄚𑄴,𑄇𑄪𑄊𑄪𑄚𑄴 ]** - সর্ব কোনগুলি।

**কুচ [𑄇𑄪𑄌𑄴]** - বি. ১. বেত তোলার জন্য প্রস্তুতকৃত বাঁশের কঞ্চির টুকরা। ২.পাখির বাসা তৈরির জন্য আহরিত খড়কুটা। ৩. ধনুর ছিলা [ যেমন, উভাগীতের চরণঃ পভাংলুদি ধনু কুচ]। ৪. কোমরস্থিত বস্ত্রের ছোট পকেট।

**কুঙগি, কুংগি, মগনা [𑄇𑄪𑄋𑄴𑄉𑄨, 𑄇𑄪𑄁𑄉𑄨, 𑄟𑄧𑄉𑄚 ]** - বি. মাদী হাতি।

**কুচ্যা, কুচ্যা মাচ [𑄇𑄪𑄌𑄳𑄠-𑄟𑄌𑄴]** - বি. কুঁচিয়া, কুঁচে ( বিল, জলাশয় ইত্যাদিতে পানিমিশ্রিত কাদার নিচে বাসকারী) এক প্রকার লম্বাটে সর্পাকৃতি বিশিষ্ট মাছ।

**কুচ্যাল, কুচছ্যাল [𑄇𑄪𑄌𑄳𑄠𑄣𑄴, 𑄇𑄪𑄌𑄴𑄍𑄳𑄠𑄣𑄴 ]** - বি. ইক্ষু, আঁখ।

**কুজানা [𑄇𑄪𑄎𑄚]** - ক্রি. বীজ রোপন করা।

**কুজি, কুঝি [𑄇𑄪𑄎𑄨, 𑄇𑄪𑄏𑄨]** - বিণ. কচি। ক্রি. (আমরা) বপন করি।

**কুজিত্রা, কুজিত্তারা [𑄇𑄪𑄎𑄨𑄖𑄳𑄢, 𑄇𑄪𑄎𑄨𑄖𑄴𑄖𑄢]** -বি. (ধুতির) কুঁচি করা সম্মুখভাগ; কোঁচোর কুঞ্চন।

**কুজু , কোজু [𑄇𑄪𑄎𑄪, 𑄇𑄮𑄎𑄪 ]** = বি. কচু।

**কুজুক [𑄇𑄪𑄎𑄪𑄇𑄴, 𑄇𑄪𑄎𑄪𑄇𑄴 ]** - বি. ১. কুটিলতা। ২. ক্ষোভ।

**কুজুককুজুক [𑄇𑄪𑄎𑄪𑄇𑄴𑄇𑄪𑄎𑄪𑄇𑄴]** - বিণ. ঈষৎ ক্ষুব্ধাবস্থায়।

**কুজুরা [𑄇𑄪𑄎𑄪𑄢 ]** - বি. ক্ষোভ। বিণ. কুটিল, হীনস্বভাববিশিষ্ট।

**কুজুরুক [𑄇𑄪𑄎𑄪𑄢𑄪𑄇𑄴 ]** - বি. এক প্রকার বিষাক্ত রসের বন্যলতা।

**কুজ্যা্যা, কোজ্যা [𑄇𑄪𑄎𑄳𑄠, 𑄇𑄪𑄎𑄨𑄎𑄳𑄠, 𑄇𑄮𑄎𑄳𑄠 ]** - বি. ১. (মরিচ, আদা, পিঁয়াজ, রসুন ইত্যাদি মশলা জাতীয় জিনিস) পিষার জন্য প্রস্তুতকৃত মাটি বা পাথরের তৈরি একমুখ খোলা এক প্রকার পাত্রাকৃতি জিনিস। {তুলনীয় রাখাইনশব্দঃ *ক্যক্‌সু* } ।২. খড়ের গাদা। ৩. ঝগড়া; কাইজ্যা।

**কুঝি, কুজি [𑄇𑄪𑄏𑄨, 𑄇𑄪𑄎𑄨 ]** - বিণ.কচি।

~ কুমুরা [𑄇𑄪𑄏𑄨𑄇𑄪𑄟𑄪𑄢, - বি.কচিকুমড়া।

~মোক্যা [ 𑄇𑄪𑄏𑄨𑄟𑄮𑄇𑄳𑄠] - বি.কচিভূট্টা।

**কুঝুম [𑄇𑄪𑄏𑄪𑄟𑄴]**- বি. ১. ডিমের কুসুম। ২. ফুলের কুসুম। বিণ. ঈষৎ উষ্ণ।

**কুঝুমগুলা [𑄇𑄪𑄏𑄪𑄟𑄴-𑄉𑄪𑄣 ]** -বি.এক প্রকার গোলাকৃতি বিশিষ্ট ক্ষুদ্রাকৃতির বন্যফল

**কুট্টিংকাট্টাং [𑄇𑄪𑄑𑄴𑄑𑄨𑄋𑄴𑄇𑄑𑄴𑄑𑄋𑄴/𑄇𑄪𑄖𑄴𑄖𑄨𑄋𑄴𑄇𑄖𑄴𑄖𑄋𑄴]** -ক্রি.বিণ.কুটিকটি; টুকরাটুকরা

**কুতকুদানা [𑄇𑄪𑄖𑄴𑄇𑄪𑄘𑄚]** - ক্রি. কটুস্বাদের জন্য গলা ধরা ( চুলকানি) ।

**কুত্তি** [𑄇𑄪𑄖𑄴𑄖𑄨] - বি.পানীয় জল রাখার জন্য মাটির তৈরি পাত্রবিশেষ।
{ পালিঃ কুদ্দি (= জলের পাত্র ) > কুদ্দি> }
~**তামুলুক** [𑄖𑄟𑄪𑄣𑄪𑄇𑄴-𑄇𑄪𑄖𑄴𑄖𑄨] = শৌচকার্যে ব্যবহৃত পাত্রবিশেষ।
{ অতীতে তাম্রলিপ্ত থেকে আনীত মৃৎপাত্রবিশেষ}

**কুত্তিংকাত্তাং, কুত্তিঙকাত্তাঙ** [ 𑄇𑄪𑄖𑄴𑄖𑄨𑄁𑄇𑄖𑄴𑄖𑄁 , 𑄇𑄪𑄖𑄴𑄖𑄨𑄋𑄴𑄇𑄖𑄴𑄖𑄋𑄴 ] - বিণ, ক্রি.বিণ. কুটিকুটি; টুকরো টুকরো।

**কুত্তুমুয়া, কুত্তুম** [ 𑄇𑄪𑄖𑄴𑄖𑄪𑄟𑄪𑄠 , 𑄇𑄪𑄖𑄴𑄖𑄪𑄟𑄴/𑄇𑄪𑄖𑄴𑄟𑄴 ] - বিণ. কত বড়।

**কুত্থুন** [ 𑄇𑄪𑄖𑄴𑄗𑄪𑄚𑄴, 𑄇𑄪𑄖𑄴𑄗𑄪𑄚𑄴 ] - অব্য, সর্ব. কোত্থেকে।

**কুতবন, কুঠবন** [𑄇𑄪𑄖𑄴𑄝𑄚𑄴, 𑄇𑄪𑄗𑄴𑄝𑄚𑄴 ] - বি. কোষ্ঠবদ্ধতা।

**কুত্যা** [ 𑄇𑄪𑄖𑄴𑄠,𑄇𑄪𑄖𑄳𑄠 ] - বিণ. কুটা হয়েছে এমন।

**কুত্যাপাদা** [ 𑄇𑄪𑄖𑄴𑄠-𑄛𑄘, 𑄇𑄪𑄖𑄳𑄠-𑄛𑄘 ] -বিণ কুটা হয়েছে এমন তামাকপাতা।

**কুত্যারি, কুট্যারি** [ 𑄇𑄪𑄖𑄳𑄠𑄢𑄨,𑄇𑄪𑄑𑄳𑄠𑄢𑄨 ] -বি. কুটিলতা। বিণ. হিংসুটে; কুটিল; ঈর্ষাপরায়ণ

**কুদানা** [𑄇𑄪𑄘𑄚] - ক্রি. কুটা।

**কুদুক** [𑄇𑄪𑄘𑄪𑄇𑄴] -বি. সজারু।
~ **কাদাক** [𑄇𑄪𑄘𑄪𑄇𑄴-𑄇𑄘𑄇𑄴 ] -বি. সজারুর কাঁটা।
~ **ঝুনঝুনি** [𑄇𑄪𑄘𑄪𑄉𑄴-𑄏𑄪𑄚𑄴𑄏𑄪𑄚𑄨 ] - বি. সজারুর পিছনের ঝুনঝুনি।

**কুদুকছোরি** [𑄇𑄪𑄘𑄪𑄇𑄴𑄍𑄮𑄢𑄨] - বি. রাঙামাটি জেলার কুতুকছড়ি নামক মৌজাবিশেষ ( নং ১১১) ।{ চাকমা *কুদুক* = সজারু}

**কুদুক্কুন** [𑄇𑄪𑄘𑄪𑄇𑄴𑄇𑄪𑄚𑄴, 𑄇𑄮𑄘𑄪𑄇𑄴𑄇𑄪𑄚𑄴 ] - বিণ. কতগুলি।

**কুদুক্কুন, কোদুক্কুন** [𑄇𑄪𑄘𑄪𑄇𑄴𑄇𑄪𑄚𑄴, 𑄇𑄪𑄘𑄪𑄇𑄴𑄚𑄴, 𑄇𑄮𑄘𑄪𑄇𑄴𑄇𑄪𑄚𑄴 ] - বি.সজারুগুলি। বিণ. কতগুলি (প্রাণীবাচক শব্দের ক্ষেত্রে প্রযোজ্য)।

**কুদুগ-গঝা** [𑄇𑄪𑄘𑄪𑄇𑄴-𑄉𑄏] - বি. চাকমাদের একটি বিশেষ সামাজিক দল। [ প্রাণহরি তালুকদারঃ *কুদুক পেসু* (নামক) এক শক্তিশালী ব্যক্তি হইতে কুদুগো গোজা”। তৎলিখিত ও মরণোত্তর প্রকাশিত গ্রন্থ : চাকমা জাতি ও চাকমা রাজবংশের ইতিহাস ১৯৮১:৯৫]। রাখাইন, বর্মীঃ **প্রেসুগ্রী/প্রেথুগ্রী (মন্ত্রীবিশেষ)> পেসু ?**

**কুদুগুলা** [ 𑄇𑄪𑄘𑄪𑄉𑄪𑄣 ] - বি. লাউ।

**কুদুম** [ 𑄇𑄪𑄘𑄪𑄟𑄴 ] -বি. কুটুম, আত্মীয়।
~লোক [𑄣𑄮𑄇𑄴𑄇𑄪𑄘𑄪𑄟𑄴] - বি.আত্মীয়স্বজন।

**কুদুশাক** [𑄇𑄪𑄘𑄪𑄉𑄪𑄣 ] -বি. লাউগাছের শাক।

**কুধু** [𑄇𑄪𑄙𑄪] - সর্ব. কোথায়।

কুধুগর, কুধুগ’ [𑄇𑄪𑄙𑄪𑄉𑄧𑄢𑄴, 𑄇𑄪𑄙𑄪𑄉𑄧] - বিণ, সর্ব. কোথাকার।

**কুধুম** [𑄇𑄪𑄙𑄪𑄟𑄴] - বিণ. দলবদ্ধ ; একত্রিত ।

**কুনকুনানা** [𑄇𑄪𑄚𑄴𑄇𑄪𑄚𑄚 ] - ক্রি. গুনগুন করা ।

**কুনানা** [ 𑄇𑄪𑄚𑄚 ] - ক্রি. কুঁদা ।

**কুনি** [ 𑄇𑄪𑄚𑄨 ] - বি. জমির পরিমাপবিশেষ [ ১ কানির এক চতুর্থাংশ] ।

~ **নক** [𑄚𑄧𑄇𑄴𑄇𑄪𑄚𑄨] - নখের কোণ ।

**কুন্দি, কুন্ধি** [𑄇𑄪𑄚𑄴𑄘𑄨, 𑄇𑄪𑄚𑄴𑄙𑄨] - বিণ. সর্ব, কোনদিকে ।

**কুপ** [𑄇𑄪𑄛𑄴] - বি. কোপ ।

**কুপ্যা** [ 𑄇𑄪𑄛𑄳𑄠 ] - বি. রোপিত; পুঁতা হয়েছে এমন ।

**কুবানা** [ 𑄇𑄪𑄝𑄚 ] - ক্রি. প্রোথিত করা; পুঁতা ।

**কুভত** [ 𑄇𑄪𑄞𑄧𑄖𑄴 ] - বিণ. কোনটাতে; কোনটিতে ।

**কুভুয়া, কু-ভ, কোনুভুয়া** [𑄇𑄪𑄞𑄪𑄠, 𑄇𑄪𑄞𑄧, 𑄇𑄮𑄚𑄪𑄞𑄪𑄠 ] - সর্ব. কোনটা; কোনটি ।

**কুম** [𑄇𑄪𑄟𑄴] -বি. ১. কুম্ভ, কলসি; ২.স্বল্প পুঁজি; ক্ষুদ্র পুঁজি [ রহস্যচ্ছলে ব্যববহৃত শব্দ] ।

**কুমুককামাক/ কুম্মুককাম্মাক** [𑄇𑄪𑄟𑄪𑄇𑄴𑄇𑄟𑄇𑄴 /𑄇𑄪𑄟𑄴𑄟𑄪𑄇𑄴𑄇𑄟𑄴𑄟𑄇𑄴] -বি.কলসির কানা; কলসির ভাঙ্গা গলার টুকরা (কলসির কানা) ।

**কুমার** [𑄇𑄪𑄟𑄢𑄴 ] - বি. ১. কুমার ।২. রাজকুমার (রাজপুত্রকে সম্বোধনের শব্দ । (যেমন, মুলঝিকন্যা-কিথ্যাঃ কুমার রে কুমার । লেজত ন ধোরিচ পেজত ধর) ।

**কুমুরা** [𑄇𑄪𑄟𑄪𑄢] - বি.কুমড়া ।

~ **তোন** [𑄇𑄪𑄟𑄪𑄢𑄖𑄮𑄚𑄴) ] - বি. কুমড়া তরকারি ।

~ **দাদি** [𑄇𑄪𑄟𑄪𑄢-𑄘𑄘𑄨) ]=- বি.কুমড়াডাঁটা ।

~ **শাক** [𑄇𑄪𑄟𑄪𑄢-𑄥𑄇𑄴) ] =বি.কুমড়া শাক ।

**কুমুরাগুথি, কুমুজগুথি** [𑄇𑄪𑄟𑄪𑄢𑄉𑄪𑄗𑄨,𑄇𑄪𑄟𑄪𑄢𑄉𑄪𑄗𑄨 ] -বি.চাকমা সমাজের গোত্রবিশেষ

**কুমুর্জ্যাপুক, কুমুর্জ্যাপুক, মুর্য্যাপুক** [𑄇𑄪𑄟𑄪𑄢𑄴𑄎𑄳𑄠𑄛𑄪𑄇𑄴,𑄇𑄪𑄟𑄪𑄢𑄴𑄡𑄳𑄠𑄛𑄪𑄇𑄴] - বি. কুমার পোকা ।

**কুমুলুক** [𑄇𑄪𑄟𑄪𑄣𑄪𑄇𑄴] - অব্য.পানিতে ছোট ঢিল পড়ার শব্দ । (ধ্বন্যা)

**কুমোর** [𑄇𑄪𑄟𑄮𑄢𑄴 ] - বি. কুমীর ।

**কুম্ভোই** [𑄇𑄪𑄟𑄴𑄞𑄮𑄭 ] - বি.এক জাতীয় গাছ ।

**কুর্য্যা, কুর্জ্যা** [𑄇𑄪𑄢𑄴𑄡𑄳𑄠, 𑄇𑄪𑄢𑄴𑄎𑄳𑄠 ] - বি.চাকমাদের গোত্রবিশেষ বা বংশবিশেষ ।

**কুয়ত, কুভত** [𑄇𑄪𑄠𑄧𑄖𑄴, 𑄇𑄪𑄞𑄧𑄖𑄴 ] - **বিণ** কোথায়; কোনটাতে ।

**কুয়া** [ 𑄇𑄫 , 𑄇𑄪𑄠 ] - বি. কূপ, কুয়া ।

**কুয়াচ** [ 𑄇𑄫 , 𑄇𑄪𑄠𑄌𑄴 ] - বি. কৌশলগত সুবিধা ।

**কুয়ান** [𑄇𑄪𑄠𑄚𑄴, 𑄇𑄪𑄃𑄚𑄴] -সর্ব. কোনটা; কোনটি ।

**কুয়ানত** [𑄇𑄪𑄠𑄚𑄖𑄴, 𑄇𑄮𑄠𑄚𑄖𑄴] -বিণ. কোনখানে।

**কুর** [ 𑄇𑄪𑄢𑄴 ] - বি. ১. শ্বেতী; শ্বেত কুষ্ঠ। ২. তালানোকৃত স্তুপ।

**কুরকুর** [𑄇𑄪𑄢𑄴𑄇𑄪𑄢𑄴 ] - বিণ.স্তুপের পর স্তুপ; অনেক স্তুপ।

**কুরবুয়া, কুর্বুয়া/কোর্বুয়া** [𑄇𑄪𑄢𑄴𑄝𑄪𑄠 , 𑄇𑄮𑄢𑄴𑄝𑄪𑄠 ] -বি. সালাদ জাতীয় খাবারবিশেষ।

**কুরানা** [𑄇𑄪𑄢𑄚] - ক্রি. কুড়ানো; সংগ্রহ করে স্তুপকৃত করা।

**কুরাহ্ , কুহ্‌রা** [𑄇𑄪𑄢𑄦𑄴 ] - বি. কুক্কুট (মোরগ বা মুরগি)।

**কুরাহ্‌কুত্যা-গঝা/কুরাকুট্যা/ নারান'গঝা** [𑄇𑄪𑄢𑄦𑄴𑄇𑄪𑄖𑄳𑄠-𑄉𑄏/ 𑄚𑄢𑄚𑄴 𑄉𑄏 ] - বি. চাকমাদের একটি বিশেষ সামাজিক দলের নাম। বিস্মৃত অতীতের কোনো এক '*কুহ্‌রা-আঙুত্যা-ছরাহ্*' (মোরগ কর্তৃক আঁচড়কৃত তীরভূমি সংলগ্ন ছোটনদী-এর নামানুসারে।

**কুরা্হ্দ্যা-ছরা** [𑄇𑄪𑄢𑄦𑄴𑄘𑄳𑄠-𑄍𑄢 ] - বি. একটি ছোট নদীর নাম (খাগড়াছড়ি পার্বত্য জেলায়)।
[ স. সরিৎ (>সরি/সরা) = স্রোতস্বিনী; নদী]।

**কুরাহ্‌না** [𑄇𑄪𑄢𑄦𑄴𑄚] - অব্য.ঘুঘুর ডাকছে। [ যেমন, কভুয়া কুর্রের = ঘুঘুটি ডাকছে।

**কুরি** [𑄇𑄪𑄢𑄨 ] - বি, বিণ. কুড়ি; বিশ।

**কুরিহ্,কুহ্‌রি, কুহ্রি** [𑄇𑄪𑄢𑄨𑄦𑄴 ] -বি. মুরগি, কুক্কুটী। ২. কলি; কলিকা।

**কুরুক** [𑄇𑄪𑄢𑄪𑄇𑄴] - বি. ১. ক্রোক। ২.বৃক্ষবিশেষ (এক প্রকার সাদাফুলের গাছ)।

**কুরুক-কুরুক** [𑄇𑄪𑄢𑄪𑄇𑄴- 𑄇𑄪𑄢𑄪𑄇𑄴] -অব্য.মচমচে জিনিস চিবিয়ে খাওয়ার শব্দ (ধ্বন্যা)।

**কুরুত-কুরুত** [𑄇𑄪𑄢𑄪𑄖𑄴-𑄇𑄪𑄢𑄪𑄖𑄴] - অব্য. ১. ইঁদুরের দাঁতে (কাপড়) কাটার শব্দ। ২. সালাদ বা ফল জাতীয় জিনিসকে জোরে চিবিয়ে খাওয়ার শব্দ।

**কুরুম** [𑄇𑄪𑄢𑄪𑄟𑄴] - বি. বীজবপনের কাজে ব্যবহারের জন্য বেতের তৈরি প্রকার ক্ষুদ্র ঝুড়ি।

**কুরে** [𑄇𑄪𑄢𑄬] - **বিণ. কাছে; নিকটে।**

**কুরোকুর্জ্যা, কুরাকুর্জ্যা** [𑄇𑄪𑄢𑄮𑄇𑄪𑄢𑄴𑄎𑄳𑄠] - বিণ. কাছাকাছি।

**কুর্জ্যা** [𑄇𑄪𑄢𑄴𑄎𑄳𑄠 ] -বি. চাকমাদের একটি বিশেষ বংশের নাম।

**কুল** [𑄇𑄪𑄣𑄴] - বি.নদীর তীর; নদীর পাড়; কূল। (এলাকা,অঞ্চল)

**কুলকুলানা** [𑄇𑄪𑄣𑄴𑄇𑄪𑄣𑄚] - ক্রি. কুলি করা । ২. পেঁচার ডাকাডাকি (করা); ঐ জাতীয় উলুধ্বনি(হুলু)।{ বাগধারাঃ পেজায় কুলকুলায়, খুরোল্যা সনাত্তুক পায়।}

**কুলা** [𑄇𑄪𑄣] - বি. কুলা।

**কুলাচাক-সাপ** [ 𑄇𑄪𑄣𑄌𑄇𑄴 -𑄥𑄛𑄴 ] বি.সাদা ও কাল রিং (ring) যুক্ত একপ্রকার সাপ

**কুলানা** [𑄇𑄪𑄣𑄚 ] - ক্রি. ১. নদীর তীরে বা কূলে সাঁতার পৌঁছা। ২. নৌকা, লঞ্চ ইত্যাদি তীরে ভিড়ানো। ৩. কোনো বস্তু বা দ্রব্যাদি ভাগ করার সময় প্রয়োজন মতো বা পরিমাণ মতো হওয়া; কুলিয়ে ওঠা।

**কুলাবান-সাপ** [𑄇𑄪𑄣𑄝𑄚𑄴-𑄥𑄛𑄴] - বি. এক প্রকার সাপ। (শঙ্খচূড়)

**কুলুক** [𑄇𑄪𑄣𑄪𑄇𑄴]- বিণ. ঘোলা; কর্দমাক্ত।

**কুল্যা** [𑄇𑄪𑄣𑄳𑄠] - বি.কৃপণ (সম্বোধনে)। বিণ. নদীতীরবাসী; তীরবর্তী। (যেমন, বরগাঙ-কুল্যা = কর্ণফুলী নদীর তীরবাসী বা উপত্যকাবাসী )

**কুল্যাঙ্, কুল্যাং,পুল্যাঙ্,পুল্যাং** [𑄇𑄪𑄣𑄳𑄠𑄋𑄴, 𑄇𑄪𑄣𑄳𑄠𑄁 , 𑄛𑄪𑄣𑄳𑄠𑄋𑄴,𑄛𑄪𑄣𑄳𑄠𑄁] - বি. (*'কাল্লোঙের'* চেয়ে ক্ষুদ্রতর ) মাঝারি আকারের বেতের ঝুড়ি।

**কুহ্‌রিকান** [𑄇𑄪𑄦𑄳𑄢𑄨𑄇𑄚𑄴] -বি. মুরগির রাতকানা রোগ।

**কেই** [ 𑄇𑄬𑄃𑄨/𑄇𑄭 ] - বি. ১. শ্যাওলা। ২ দেহের উপর ঘাম, ধুলি ইত্যাদি যোগে সৃষ্ট ময়লার আবরণ; দেহের জমাট ময়লা।

~ **বান্যা** [ 𑄇𑄬𑄃𑄨𑄝𑄚𑄳𑄠 ] - বি.শ্যাওলাবৃত।

**কেইত, কেত** [ 𑄇𑄬𑄃𑄨𑄖𑄴, 𑄇𑄬𑄖𑄴] - বিণ. একপার্শ্বে ঢলে পড়ার অবস্থা।

**কেইপিধা** [ 𑄇𑄬𑄃𑄨𑄛𑄨𑄙 ] - বি. এক প্রকার পিঠা।

(ছান্যা পিঠার তৈরির জন্য চালের গড়ার প্রাথমিক সিদ্ধ)।

**কেইম, কেম** [ 𑄇𑄬𑄃𑄨𑄟𑄴, 𑄇𑄬𑄟𑄴 ] - বি. (ক্ষেতের বেড়া বুনার জন্য তৈরী) বাঁশের টুকরা বা ফালি

**কেইয়া** [ 𑄇𑄬𑄃𑄨𑄠 ] - বি.শরীর; কায়া; দেহ।

**কেওক্রাদং** [𑄇𑄬𑄃𑄮𑄇𑄳𑄢𑄘𑄋𑄴 / 𑄇𑄳𑄠𑄇𑄴-𑄇𑄴-𑄘𑄋𑄴] - বি. বান্দরবান জেলার সুউচ্চ পর্বত বিশেষ। {মারমা ক্যক(পাথর)+ ক্রাঃ ( ফাঁকে) + দং/তং (পর্বত)}

**কেংকেং, কেঙকেঙ** [𑄇𑄬𑄁𑄇𑄬𑄁 /𑄇𑄬𑄋𑄴𑄇𑄬𑄋𑄴 ] - অব্য. কুকুরের আর্তনাদ ।

**কেঁককেঁক** [𑄇𑄬𑄀𑄇𑄴𑄇𑄬𑄀𑄇𑄴] - অব্য. নৌকার দাড় টানার শব্দ।

**কেঁতকেঁত** [𑄇𑄬𑄀𑄖𑄴𑄇𑄬𑄀𑄖𑄴] - অব্য. গিলার শব্দ; কাঁধে বাখারিসহযোগে ভারী মাল নিয়ে বহনের শব্দ (ধ্বন্যা)।

**কেঁপুক** [𑄇𑄬𑄀𑄛𑄪𑄇𑄴] - বি. এক জাতীয় লাল রঙের ক্ষুদ্রকার পোকা।

**কেক্রেক-কেক** [𑄇𑄬𑄇𑄳𑄢𑄬𑄇𑄴-𑄇𑄬𑄇𑄴] - অব্য.(ধানভানার সময়) ঢেঁকির ওঠানামার শব্দ (ঢেঁকি পাড় দেওয়ার শব্দ)।

**কেগর** [𑄇𑄬𑄉𑄢𑄴] - বিণ. ট্যারা।

**কেঙকেঙ** [𑄇𑄬𑄋𑄴𑄇𑄬𑄋𑄴] - অব্য. কুকুরের আর্তনাদ।

**কেঙরবেঙর** [𑄇𑄬𑄋𑄢𑄴𑄝𑄬𑄋𑄢𑄴] - বিণ.বাঁকাট্যারা।

**কেঙোরি,কেঙরি,কেঙেরি** [𑄇𑄬𑄋𑄮𑄢𑄨, 𑄇𑄬𑄋𑄢𑄨, 𑄇𑄬𑄋𑄬𑄢𑄨] - ক্রি.বিণ. কেমন করে।

**কেচ, কেশ** [𑄇𑄬𑄌𑄴, 𑄇𑄬𑄥𑄴 ] - বি. লোম; কেশ।

~ **কেচ /কেশ** [𑄇𑄬𑄌𑄴𑄇𑄬𑄌𑄴] -বিণ. কেশময় বা লোমময়।

**কেচকুমারি** [𑄇𑄬𑄌𑄴𑄇𑄪𑄟𑄢𑄨, 𑄇𑄬𑄌𑄳𑄇𑄪𑄟𑄢𑄨] -বি.কাঁচপোকা।

**কেচকুমারিকন্যা** [𑄇𑄬𑄌𑄴𑄇𑄪𑄟𑄢𑄨𑄇𑄧𑄚𑄳𑄡, 𑄇𑄬𑄌𑄳𑄇𑄪𑄟𑄢𑄨𑄇𑄧𑄚𑄳𑄡] -বি. কেচকুমারিকন্যা নামক রূপকথা বিশেষ।

**কেচ্চা/কেচ্ছা** [𑄇𑄬𑄌𑄴𑄌 / 𑄇𑄬𑄌𑄴𑄍] - বিণ. খেলো; ফাল্তু; তুচ্ছ।

**কেচ্ছুয়া** [𑄇𑄬𑄌𑄴𑄍𑄪𑄠] -বি. কেঁচুয়া, কেঁচো।

**কেচফরা** [𑄇𑄬𑄌𑄴𑄜𑄢] - বি. ফোঁড়াবিশেষ।

**কেচবিজি** [𑄇𑄬𑄌𑄴𑄝𑄨𑄎𑄨] -বি.কুঁচবিচি; অর্ধেক লাল ও অর্ধেক কালো রঙের ক্ষুদ্রবিচি বিশেষ।

**কেচ্যা, কেইচ্যা** [𑄇𑄬𑄌𑄳𑄠, 𑄇𑄬𑄃𑄨𑄌𑄳𑄠] - বি. কাশ।

**কেজানা** [𑄇𑄬𑄎𑄚] - ক্রি. মাজা, ঘষা, মাজাঘষা করা।

**কেজিক, কিজিক** [𑄇𑄬𑄎𑄨𑄇𑄴, 𑄇𑄨𑄎𑄨𑄇𑄴] - বি. কাঁচি।

**কেজিয়া** [𑄇𑄬𑄎𑄨𑄠] - ক্রি. মাজাঘষাকারী।

**কেজেরেক** [𑄇𑄬𑄎𑄬𑄢𑄬𑄇𑄴] -ক্রি.অব্য.দা জাতীয় জিনিস বা হাতিয়ার শান দেওয়ার শব্দ।

**কেঝান, কেনঝান** [𑄇𑄬𑄏𑄚𑄴, 𑄇𑄬𑄚𑄴𑄏𑄚𑄴] - বিণ. কেমন; কিরূপ।

**কেঝান্যা, কেনঝান্যা** [𑄇𑄬𑄏𑄚𑄳𑄠, 𑄇𑄬𑄚𑄴𑄏𑄚𑄳𑄠] - বিণ. কেমন্তর।

**কেত্তকেত্যা** [𑄇𑄬𑄖𑄴𑄇𑄬𑄖𑄳𑄠] - বি. এক প্রকার বড় আকারের পাখি।(ধনেশ পাখি)

**কেত্তকেদেই** [𑄇𑄬𑄖𑄴𑄇𑄬𑄘𑄬𑄃𑄨, 𑄇𑄬𑄖𑄴𑄇𑄬𑄘𑄭] - ক্রি.বিণ. খিলখিল।

**কেত্যা, কেথ্যা** [𑄇𑄬𑄖𑄳𑄠, 𑄇𑄬𑄗𑄳𑄠] - বি. দিক। বিণ. দিকস্থ।

**কেত্রাঙশাক, কেত্রাং-শাক** [𑄇𑄬𑄖𑄳𑄢𑄋𑄴𑄥𑄇𑄴] -বি. এক জাতীয় ছোট আকারের ঔষধিগাছ।

**কেদাকতুক** [𑄇𑄬𑄘𑄇𑄴𑄖𑄪𑄇𑄴, 𑄇𑄬𑄘𑄇𑄳𑄖𑄪𑄇𑄴] - বি. ১.ঘরের চালে ব্যবহৃত গাছ। ২.ঘরের সম্মুখস্থ জলরাখার মাচাং *'ইজোর'* তৈরিতে আড়াআড়িভাবে স্থাপিত বংশদন্ড।

**কেদেককেদেক** [𑄇𑄬𑄘𑄬𑄇𑄴𑄇𑄬𑄘𑄬𑄇𑄴] - অব্য.খিলখিল (হাসির শব্দ)

**কেধা** [𑄇𑄬𑄙] - বি.কাঁথা।

**কেধাফল** [𑄇𑄬𑄙𑄜𑄧𑄣𑄴] - বি. মাকাল (ফল)।

**কেধাবক্সা** [𑄇𑄬𑄙𑄝𑄧𑄇𑄴𑄥] - বি. এক জাতীয় ছোট আকারের ঔষধি লতা জাতীয় উদ্ভিদ।

**কেন** [𑄇𑄬𑄚𑄴] – বিণ, কেমন; কিরূপ।

কেনকেন্যা [𑄇𑄬𑄚𑄴𑄇𑄬𑄚𑄳𑄠] - বিণ.তীক্ষ্ণ (শব্দবিশিষ্ট)।

কেনঝান, কেনজান [𑄇𑄬𑄚𑄴𑄏𑄚𑄴, 𑄇𑄬𑄚𑄴𑄎𑄚𑄴] - বিণ, ক্রি.বিণ, সর্ব. কেমন।

কেনা [𑄇𑄬𑄚] - বি. ১.আক্রোশ ২. প্রতিশোধস্পৃহা ৩. প্রতিহিংসা।

কেনাহ্, কেনাহ্-শুগোর [𑄇𑄬𑄚𑄦𑄴, 𑄇𑄬𑄚𑄦𑄴-𑄥𑄪𑄉𑄮𑄢𑄴] - বি. মর্দা শূকর বিশেষ।

**কেনিহ্-শুগোর** [ 𑄇𑄬𑄚𑄨𑄦𑄴-𑄥𑄪𑄉𑄮𑄢𑄴 ] - বি. মাদী শূকর বিশেষ ।

**কেনেহ্** [𑄇𑄬𑄚𑄬𑄦𑄴] - ক্রি.বিণ. কেমনে, কিভাবে, কিসে ।[ **তুলনীয় হিন্দিঃ কিঁউ** ] ।

**কেপদারি-বোন্দুক** [𑄇𑄬𑄛𑄴𑄘𑄢𑄨-𑄝𑄮𑄚𑄴𑄘𑄪𑄇𑄴] - বি.গাদাবন্দুক ।

**কেবা** [𑄇𑄬𑄝 ] - বি.আংটা ।

**কেবাং,কেবাঙ** [𑄇𑄬𑄝𑄁,𑄇𑄬𑄝𑄋𑄴 ] -বি.বিশেষ পদ্ধতিতে কলাপাতায় মুড়িয়ে অথবা বাঁশের চোঙ্গায় নিয়ে মরিচ,লবণসহ রান্নাকরা [মাছ বা মাংস অথবা শুটকি জাতীয় তরকারি] ।

**কেবার** [𑄇𑄬𑄝𑄢𑄴] বি.কপাট ।[তুলনীয় হিন্দীঃ কেওয়ার ] ।

**কেমা** [𑄇𑄬𑄟] - জঙ্গলী টগর ও তার ফল ।

**কেমা** [𑄇𑄬𑄟] -বি. এক প্রকার উদ্ভিদ ।(এর ছাল মদ তৈরির ঈস্ট রূপেও ব্যবহারযোগ্য ।)

**কেরঙ, কেরঙমেহ্রঙ, কেরংমেরং** [𑄇𑄬𑄢𑄧𑄋𑄴, 𑄇𑄬𑄢𑄧𑄋𑄴𑄟𑄬𑄦𑄴𑄢𑄧𑄋𑄴, 𑄇𑄬𑄢𑄧𑄁𑄟𑄬𑄢𑄧𑄁 ] - বিণ. পাগলাটে ।

**কেরাপ** [ 𑄇𑄬𑄢𑄛𑄴 ] - বি. বাঁশ দিয়ে প্রস্তুতকৃত পাখি এবং ক্ষুদ্রকার পশু ধরার বিশেষ ধরনের ফাঁদ ।

**কেলেংকার** [𑄇𑄬𑄣𑄬𑄁𑄇𑄢𑄴 ] -বি. ১.ঝামেলা, ঝঞ্ঝাট ২. কলঙ্কর কান্ড ।

**কেরেংজু , কেরেঙজু** [𑄇𑄬𑄢𑄬𑄁𑄎𑄪 , 𑄇𑄬𑄢𑄬𑄋𑄴𑄎𑄪] - বি. বেত দিয়ে দোলনা ও ঝুড়ি বুনার কাজে ব্যবহৃত মটিফ (নক্সা) বিশেষ ।

**কেরেঙা** [ 𑄇𑄬𑄢𑄬𑄋 ] - বি.শিশুদের অঙ্গে খিঁচুনি সৃষ্টিকারী এক প্রকার মৃগীরোগ; তড়কা) । চেংগী উপত্যকার একটি মৌজাবিশেষ কেরেতকাটা নং) ।

**কেরেত** [𑄇𑄬𑄢𑄬𑄖𑄴]-বি. বেতস লতা ।

**কেরেত কেরেত** [𑄇𑄬𑄢𑄬𑄖𑄴 𑄇𑄬𑄢𑄬𑄖𑄴]-বি. অব্য. দাঁতের সাথে দাঁতের ঘর্ষণজনিত শব্দ (ধ্বন্যা) । ২. পোকায় কাঠ ছিদ্র করার শব্দ ।

**কেরেতকাবা** [ 𑄇𑄬𑄢𑄬𑄖𑄴 ] - বি. চেংগী নদীর উপত্যকার একটি এলাকা এবং মৌজাবিশেষ ( কেরেতকাটা ।(মৌজা নং ৯৩) [ তান্যাবীপালাঃ তান্যাবি বেইন বুনে বেনোর তলে বদলা ।তান্যাবিরে ধরি নিলাক কেরেতকাবা মোনতলা ]

**কেলোঙি** [𑄇𑄬𑄣𑄮𑄋𑄨] -বি. কনুই ।

**কেল্যা** [𑄇𑄬𑄣𑄳𑄠 ] -বিণ.কল্য (আগের দিন (গেল্লে কেল্যা) বা পরের দিন (এযেত্তে কেল্যা) ।

**কেল্যাআঙুল** [𑄇𑄬𑄣𑄳𑄠-𑄃𑄋𑄪𑄣𑄴 ] -বি.কড়ে আঙ্গুল; কনিষ্ঠ আঙ্গুল ।

**কোই/কই, কোইমাচ** [𑄇𑄮𑄃𑄨/𑄇𑄭, 𑄇𑄮𑄃𑄨𑄟𑄌𑄴] -বি. কৈ; কই; কইমাছ ।

**কোই/কই** [𑄇𑄮𑄃𑄨 ] - ক্রি. ১. (আমরা) বলি বা কহি ।২. কহিয়া; বলে ।(অসমাপিকা ক্রি.)

**কোইআঙ-আলু , কোইআং-আলু** [𑄇𑄮𑄃𑄨𑄃𑄋𑄴-𑄃𑄣𑄪, 𑄇𑄮𑄃𑄨𑄃𑄁-𑄃𑄣𑄪] -বি. এক প্রকার জংলী আলু ।

**কোইধ্যা** [𑄇𑄮𑄃𑄨𑄙𑄳𑄠 ] -বি. চিচিঙ্গা ।

~ **মালাহ্** [𑄇𑄮𑄃𑄨𑄠-𑄟𑄣𑄦𑄴 ] - বি. চিচিঙ্গার ভিতরে *ঙাপি/নাপ্পি* রেখে রান্না করা বিশেষ ধরনের তরকারি ।

**কোইয়া** [𑄇𑄮𑄃𑄨𑄠] - বিণ. কথক; যে কহে বা বলে ।

**কোঁইয়া, কোঁগিয়া, কোগেইয়া** [𑄇𑄮𑄀𑄃𑄨𑄠, 𑄇𑄮𑄀𑄉𑄨𑄠, 𑄇𑄮𑄉𑄬𑄠 ] - বি. পেঁপে ।[ তুলনীয় **ত্রিপুরা : ককিয়া**] ।

**কোগিল** [𑄇𑄮𑄉𑄨𑄣𑄴 -] - বি. কোকিল ।

~**চোক** [𑄇𑄮𑄉𑄨𑄣𑄴-𑄌𑄮𑄇𑄴 ] - বিণ.নীলাক্ষি ।

**কোগুলা** [𑄇𑄮𑄉𑄪𑄣 ] - বি. এক প্রকার অম্লস্বাদের বন্যফল । কোয়াফল

**কোচপানা** [𑄇𑄮𑄌𑄴𑄛𑄚 ] - বি. ভালবাসা; প্রেম ।

**কোচপাপি** [𑄇𑄮𑄌𑄴𑄛𑄛𑄨] - বি. ভালবাসাবাসি ।

**কোচ্যা** [𑄇𑄮𑄌𑄳𑄠 ] বি. সর্পাকৃতিবিশিষ্ট মাছবিশেষ । বিণ. অল্পবয়স্ক উঠতি বয়সী কিশোর বা কিশোরী (উঠতি তরুণ বা তরুণী) ।[ তুলনীয় **অসমীয়াঃ কেঁচুয়া** ] ।

**কোজু , কুজু** [ 𑄇𑄮𑄎𑄪, 𑄇𑄪𑄎𑄪 ] - বি.কচু ।

~ দিক/দিগ [ 𑄇𑄮𑄎𑄪𑄘𑄨𑄇𑄴/ 𑄇𑄮𑄎𑄪𑄘𑄨𑄉𑄴] - বি.কচুগাছের ডগা বা আগা ।

~ পঙা [ 𑄇𑄮𑄎𑄪-𑄛𑄧𑄋 ] - বি.কচুফুল ।[মারমা শব্দঃ পেঁই=ফুল] ।

~ পাদা [ 𑄇𑄮𑄎𑄪-𑄛𑄘] - বি.কচুপাতা ।

~ ব [ 𑄇𑄮𑄎𑄪-𑄝𑄧 ] - বি.কচুর লতা ।

~ বোইল্যা [ 𑄇𑄮𑄎𑄪-𑄝𑄮𑄃𑄨𑄣𑄳𑄠] - বি.কচুপাতার নিচ থেকে কান্ড পর্যন্ত অংশ ।

~ লুদি [ 𑄇𑄮𑄎𑄪-𑄣𑄪𑄘𑄨 ] -বি.কচুলতা ।

**কোজুপঙা, কুজপঙা** [ 𑄇𑄮𑄎𑄪𑄛𑄧𑄋, 𑄇𑄪𑄎𑄪𑄛𑄧𑄋] - বি.কচুফুল ।

**কোজুপাদারঙ** [𑄇𑄮𑄎𑄪𑄛𑄘𑄢𑄧𑄋𑄴] - বি.কচুপাতার মত রঙ; উজ্জ্বল সবুজ রঙ ।

**কোজোই, কজই** [𑄇𑄮𑄎𑄮𑄃𑄨 ] - বি.এক প্রকার ছোট আকারের বন্য তেঁতুল; কাঁই ।
{তামিলঃ কাঁই?}

**কোজোইপানি** [𑄇𑄮𑄎𑄮𑄃𑄨-𑄛𑄚𑄨 ] - বি. ১.এক প্রকার ছোট আকারের বন্য তেঁতুল '*কোজোই*' মিশ্রিত পানি ।২. ঐ পবিত্র হওয়ার জন্য অনুষ্ঠানবিশেষ ।

**কোজোইখারু** [𑄇𑄮𑄎𑄮𑄃𑄨𑄈𑄢𑄪] -বি.বিশেষ ধরনের রৌপ্যনির্মিত খাড়ু বা চুড়ি ।

**কোজোলি, কজোলি, কৈঝালি** [𑄇𑄮𑄎𑄮𑄣𑄨, 𑄇𑄰𑄏𑄣𑄨] - বি. মিনতি; আবদার ।

**কোজ্যা** [ 𑄇𑄮𑄎𑄳𑄠, 𑄇𑄮𑄎𑄳𑄎𑄳𑄠 ] - বি.ঝগড়া ।

**কোত্তমুয়া** [ 𑄇𑄮𑄖𑄴𑄖𑄧𑄟𑄪𑄠 ] - বিণ.কত বড় (গোলাকার বস্তুর ক্ষেত্রে প্রযোজ্য ) ।

**কোদাল** [𑄇𑄮𑄘𑄣𑄴] - বি. কোদাল ।

**কোদুক্কুন কুদুক্কুন** [𑄇𑄮𑄘𑄪𑄇𑄴𑄇𑄪𑄚𑄴 , 𑄇𑄪𑄘𑄪𑄇𑄴𑄇𑄪𑄚𑄴] -বিণ. কতগুলি (প্রাণীবাচক শব্দের ক্ষেত্রে প্রযোজ্য)।

**কোদোর** [𑄇𑄮𑄘𑄮𑄢𑄴] - বি. কবুতর; পায়রা ।

**কোদ্দুর** [𑄇𑄮𑄘𑄴𑄘𑄪𑄢𑄴] -বিণ. কত দূর।

**কোনকেত্যা** [𑄇𑄮𑄚𑄴𑄇𑄬𑄖𑄳𑄠𑄬] - অব্য, সর্ব - কোনদিকে।

**কোনচোল** [𑄇𑄮𑄚𑄴𑄌𑄮𑄣𑄴] - বি. কাউন ; কাকুন। {স : কঙ্গুনী > }

**কোনমুখ্যা** [𑄇𑄮𑄚𑄴𑄟𑄪𑄈𑄳𑄠𑄬] - অব্য , সর্ব - কোনমুখী।

**কোনুয়ান** [𑄇𑄮𑄚𑄪𑄠𑄚𑄴] -সর্ব. কোনখানি।[ চ্যাপ্টাকৃতি ও স্থানবাচক শব্দের প্রতি ইঙ্গিত করে ব্যবহৃত। যেমন, কোনুয়ান ত' ভুই ? = কোনটি তোমার জমি ? ]

**কোনুয়ানত** [𑄇𑄮𑄚𑄪𑄠𑄚𑄖𑄴] -সর্ব. কোনখানিতে।

**কোনুভুয়া** [𑄇𑄮𑄚𑄪𑄞𑄪𑄠] - সর্ব. কোনটি।[ গোলাকৃতি ও প্রাণীবাচক শব্দের প্রতি ইঙ্গিত করে ব্যবহৃত। যেমন, কোনুভুয়া ত' কুগুর ? = কোনটি তোমার কুকুর?]

**কোনোকিত্যা, কোনোকেত্যা** [𑄇𑄮𑄚𑄮𑄇𑄨𑄖𑄳𑄠𑄬, 𑄇𑄮𑄚𑄮𑄇𑄬𑄖𑄳𑄠𑄬] - বি. কোথাও, কুত্রাপি; কোনোদিকে।

**কোবি** [𑄇𑄮𑄝𑄨] - বি.কপি।

**কোবোই** [𑄇𑄮𑄝𑄮𑄃𑄨] - বি. (জুমের কাজে) মহিলাদের ব্যবহৃত আধা আস্তিনযুক্ত ( সাধারণত নীল রঙের ) একপ্রকার জামা।[তুলনীয় ত্রিপুরা: *কাবুই / গোবাই* = জামা।]

**কোর্বুয়া** [𑄇𑄮𑄢𑄴𑄝𑄪𑄠] - বি. সালাদ বিশেষ।[তুলনীয় হিন্দি:কব্‌ওয়া]।

**কোমরেং / কোমরেঙ** [𑄇𑄮𑄟𑄴𑄢𑄬𑄁 / 𑄇𑄮𑄟𑄴𑄢𑄬𑄋𑄴] -বি. এক জাতীয় গাছ।

**কোমরেঙ-পুক** [𑄇𑄮𑄟𑄴𑄢𑄬𑄋𑄴-𑄛𑄪𑄇𑄴] -বি. এক জাতীয় পোকা।

**কোয়াক** [𑄇𑄮𑄠𑄇𑄴] - অব্য.ডাহুক ইত্যাদি পাখির ডাক।

**কোরকোর্জ্যা** [𑄇𑄮𑄢𑄴𑄇𑄮𑄢𑄴𑄎𑄳𑄠𑄬] - বিণ. কড়কড়ে ।

**কোরকোর** [𑄇𑄮𑄢𑄴𑄇𑄮𑄢𑄴] -বি. দানা দানা।

**কোরকোরি-বেঙ** [𑄇𑄮𑄢𑄴𑄇𑄮𑄢𑄨-𑄝𑄬𑄋𑄴] -বি. এক জাতীয় ছোট আকারের ব্যাঙ (কটকটে ব্যাঙ)।

**কোরিহ্** [𑄇𑄮𑄢𑄨𑄦𑄴] - বি.কড়ি।

কোরোই [𑄇𑄮𑄢𑄮𑄃𑄨] - বি.কড়ই (গাছ) ২. (তরকারিতে ব্যবহৃত) চাউলের গুঁড়া।

কোরেইয়া [𑄇𑄮𑄢𑄬𑄃𑄨𑄠] - বি. কড়াই। ]

কোরোই [𑄇𑄮𑄢𑄮𑄃𑄨] - বি. চালের চূর্ণ ; (তরকারিতে ব্যবহৃত) চালের গুঁড়া।

কোরোলি [𑄇𑄮𑄢𑄮𑄣𑄨] - বি. মোটা দানার বালু।

**কোরোল্যাছোরি, কোরোল্যাছরি [𑄇𑄮𑄢𑄮𑄣𑄳𑄡𑄍𑄮𑄢𑄨, 𑄇𑄮𑄢𑄮𑄣𑄳𑄡𑄍𑄧𑄢𑄨 ]** - বি. পার্বত্য চট্টগ্রামের একটি ছোট নদীর নাম।

**কোর্মানা [𑄇𑄮𑄢𑄴𑄟𑄚]** - ক্রি. গাছের গোড়া থেকে নতুন চারা গজানো।

**কোল [𑄇𑄮𑄣𑄴]** - বি.১.ঝগড়া; কোন্দল। ২. হল্লা।

**কোলকালা [𑄇𑄮𑄣𑄴𑄇𑄣]** - বি.হট্টগোল; হল্লা; কোলাহল।

**কোলকোজ্যা [𑄇𑄮𑄣𑄴𑄇𑄮𑄎𑄳𑄠]** - বি.ঝগড়াবিবাদ।

**কোলগি [𑄇𑄮𑄣𑄴𑄉𑄨 ]** - বি. (হুঁকায় অঙ্গার সহযোগে তামাক সাজানোর জন্য মাটির তৈরি জিনিস্ বিশেষ।

**কোলজ্যা [𑄇𑄮𑄣𑄴𑄎𑄳𑄠 ]** - বি.কলিজা; যকৃৎ।

**কোলি [𑄇𑄮𑄣𑄨 ]** - বিণ.কৃপণ; কঞ্জুস।

**কোলোই, কলই [𑄇𑄮𑄣𑄮𑄃𑄨 ]** - বি. দানা; কেলাস।

**কোলোকালা, কোলোকাল্লা [𑄇𑄮𑄣𑄮𑄇𑄣𑄳𑄣 ]** - বি. কোলাহল; হট্টগোল।

**ক্যাং, ক্যাঙ, কিয়াং [𑄇𑄳𑄠𑄁, 𑄇𑄳𑄠𑄋𑄴]** - বি. প্যাগোডা; বৌদ্ধমন্দির (ক্যাং)।
{ তুলনীয় বর্মী, রাখাইন, মারমাঃ ক্যাং = ১.বৌদ্ধমন্দির। ২. স্কুল}

**ক্যাংথাঘা, ক্যাঙথাবা [𑄇𑄳𑄠𑄁-𑄗𑄊, 𑄇𑄳𑄠𑄋𑄴-𑄗𑄝 ]** - বি. প্যাগোডার তত্ত্বাবধায়ক ( বৌদ্ধমন্দিরের তত্ত্বাবধায়ক) ।

**ক্যাকক্রাডং [𑄇𑄳𑄠]** - বি.বান্দরবান জেলাস্থিত কেওক্রাডং পর্বত ( ৩০৩৪ ফুট)।
{ মারমাঃ ক্যাক (=পাথর) + ক্রা ঃ (=ফাঁকে) + তং/দং=পাহাড়}

**ক্যাজনে [𑄇𑄳𑄠𑄎𑄧𑄚𑄬]** -সর্ব. কোনোজনে।

**ক্যা [𑄇𑄳𑄠]** - বি.অব্য. কেন। [তুলনীয় হিন্দীঃ কেঁউ] ।

**ক্রা-পাত [𑄇𑄳𑄢-𑄛𑄖𑄴 ]** - বি. *রা-ফলা* যুক্ত করার ব্যাপারে চাকমা বর্ণমালার পাঠবিশেষ।

**ক্রুত্তাক [𑄇𑄳𑄢𑄪𑄖𑄴𑄖𑄇𑄴 ]** - অব্য. ঢোলের তাল বিশেষ।

**ক্রুক [𑄇𑄳𑄢𑄪𑄇𑄴, 𑄇𑄳𑄢𑄪, 𑄇𑄴]**- অব্য.লুকোচুরি খেলার সময় কাউকে লুক্কায়িত ব্যক্তিকে খোঁজ করার আহ্বান জানানোর উদ্দেশ্যে লুক্কায়িত ব্যক্তি কর্তৃক করা শব্দ।
[তুলনীয় মারমা শব্দঃ *ক্রো* ]।

## খ [𑄈]

**[ IPA - তে শব্দের আদিতে এর উচ্চারণ / h / আর দ্বিত্ব বা যুক্ত অবস্থায়/ kh / ]**

**খ [𑄈 ]** - ক্রি. খান। [ আপনি/আপনারা খান)

~ ফেলানা [𑄈-𑄜𑄬𑄣𑄚] - ক্রি. বিশেষ পূজার দ্বারা আপদ দূর করা।

**খই, খোই [𑄈𑄃𑄨, 𑄈𑄮' ]** - বি. খই।

**খঙখঙ, খংখং [𑄈𑄋𑄴𑄈𑄋𑄴, 𑄈𑄁𑄈𑄁]** - বিণ.চুঁচালো (নাক); উন্নত নাসা; টিকালো নাক।

**খক** [𑄈𑄇𑄴] - বি. বাঁশ থেকে চাঁছা বেতের ভাঁজ। ২.শরীরের বাঁকাকরণ ।

~ **গরানা** [𑄈𑄇𑄴-𑄉𑄢𑄚] - ক্রি. বেত ভাঁজ করা।

~ **হুনা** [𑄈𑄇𑄴-𑄦𑄪𑄚] - ক্রি. দেহকে বাঁকানো।

**খক্করক** [𑄈𑄇𑄴𑄇𑄢𑄇𑄴] - দরজার খিল পড়ার বা বন্ধ করার শব্দ।

**খক্কেঙ, খক্কেং** [𑄈𑄇𑄴𑄇𑄬𑄋𑄴, 𑄈𑄇𑄴𑄇𑄬𑄁] - বি.তক্ষক।

**খক্যানা** [𑄈𑄇𑄳𑄡𑄚] - ক্রি. গাট্টা মারা ।

**খক্রক** [𑄈𑄇𑄳𑄢𑄇𑄴] - অব্য. ধাতব জিনিসের তৈরি খিল বা বাক্সের ঢাকনি ইত্যাদি খোলার বা বন্ধ করার শব্দ। (ধ্বন্যা)

**খক্লুক** [𑄈𑄇𑄳𑄣𑄪𑄇𑄴] - অব্য. ছোট খোল জাতীয় জিনিসের মধ্যে হালকা জিনিস পতনের বা নড়ার শব্দ (ধ্বন্যা)।

**খক্যানা, খোক্যানা** [𑄈𑄇𑄳𑄡𑄚, 𑄈𑄮𑄇𑄳𑄡𑄚] - ক্রি. গাট্টা মারা।

**খগরা** [𑄈𑄉𑄢]- বি. হাঁটুর পিছনের বা বিপরীত দিকের ভাঁজ।

**খর্গ** [𑄈𑄢𑄴𑄉] - বি. খড়্গ।

**খচ** [𑄈𑄌𑄴] - বি. খোস; পাঁচড়া। [স. খস]।

**খচখজানা** [𑄈𑄌𑄴𑄈𑄎𑄚] - ক্রি. ১. খসখস শব্দ করা (ধ্বন্যা), ২. নাড়াচাড়া করা।

**খচখচ্যা** [𑄈𑄌𑄴𑄈𑄌𑄳𑄡] - বিণ. খসখসে; অমসৃণ ।

**খচখোজি-গাচ, চামফাদা-গাচ** [𑄈𑄌𑄴𑄈𑄮𑄎𑄨-𑄉𑄌𑄴, 𑄌𑄟𑄴𑄜𑄘-𑄉𑄌𑄴] - বি. এক প্রকার গাছ।

**খজা-গাচ** [𑄈𑄎-𑄉𑄌𑄴] - বি. এক জাতীয় গাছ।

**খজাযানা** [𑄈𑄎𑄡𑄚] - ক্রি. আনতে যাওয়া।

**খঝকখঝক** [𑄈𑄏𑄇𑄴𑄈𑄏𑄇𑄴] - অব্য.খসখস শব্দ (ধ্বন্যা)।

**খঝকমঝক** [𑄈𑄏𑄇𑄴𑄟𑄏𑄇𑄴] - ক্রি:বিণ.দুমড়ানো (ধ্বন্যা)।

**খঝরানা** [𑄈𑄏𑄢𑄚] - ক্রি. আঁচড় মেরে মেরে কোনো কিছু তোলা বা খনন করা।

**খঝানা** [𑄈𑄏𑄚] - ক্রি. মন্ত্র চালান দিয়ে কারোর (স্বাস্থ্যের) ক্ষতি করা।

**খঝেধরানা** [𑄈𑄏𑄬𑄙𑄢𑄚]-ক্রি.কুকুরের লোম ঝওে পড়া রোগ বিশেষ।

**খঞ্জন** [𑄈𑄧𑄐𑄴𑄎𑄧𑄚𑄴, 𑄈𑄧𑄚𑄴𑄎𑄧𑄚𑄴] - বি.এক প্রকার ছোটপাখি ( খঞ্জন)।

**খঞ্জনি** [𑄈𑄧𑄐𑄴𑄎𑄧𑄚𑄨, 𑄈𑄧𑄚𑄴𑄎𑄧𑄚𑄨] - বি.একদিকে চর্মাবৃত ক্ষুদ্র গোলাকার একতারবিশিষ্ট বাদ্যযন্ত্রবিশেষ ( খঞ্জনি)।

**খত্তাল** [𑄈𑄖𑄴𑄖𑄣𑄴] -বিণ. ঝগড়াটে। [ < হিন্দি: খরতল =স্পষ্টভাষী ]।

**খত্তালি** [𑄈𑄖𑄴𑄖𑄣𑄨] - বিণ. ঝগড়াটে বা দজ্জাল স্বভাবের স্ত্রীলোক।

**খত্তাল্যা** [𑄈𑄖𑄴𑄖𑄣𑄳𑄡] - বিণ. ঝগড়াটে স্বভাবের পুরুষ।

দা [𑄈𑄘]-বি. খোঁটা। অব্য. ১.ব্যথাসূচক শব্দ, ২.সমবেদনা প্রকাশক শব্দ।

**খদাজগার [𑄈𑄘𑄎𑄉𑄢𑄴]** - বি. আর্তচিৎকার,বজ্রপাত।

**খদাত্তালাক [𑄈𑄘]** - বি.গালিবিশেষ(অভিশাপ বিশেষ হিসেবেও ব্যবহার্য)।

**খন, খনা [𑄈𑄚𑄴, 𑄈𑄚 ]** - বিণ. তোতলা; তোৎলা।

**খনাগুলা, ফনাগুলা [𑄈𑄚𑄉𑄪𑄣, 𑄜𑄚𑄉𑄪𑄣]** - বি. এক প্রকার তেতোস্বাদের লম্বাটে ফলবিশেষ।

**খ-নিঝাচ, খ-নিঝাস [𑄈-𑄚𑄨𑄏𑄌𑄴, 𑄈-𑄚𑄨𑄏𑄥𑄴 ]** - বি. ঘনঘন শ্বাসগ্রহণ।

**খ-নিঝাচ্যা [𑄈-𑄚𑄨𑄏𑄌𑄳𑄡]** - বিণ. শ্বাসরুদ্ধকর ।

**খন্থা [𑄈𑄚𑄴𑄗]** - বি. খনন করার যন্ত্রবিশেষ; খন্তা।{সং: খনিত্র >}

**খন্দানা [𑄈𑄚𑄴𑄘𑄚]** - ক্রি. খন্ডন করা।

**খ- ফেলেনা [𑄈-𑄜𑄬𑄣𑄬𑄚]** - ক্রি.আপদবালাই ঝেড়ে ফেলা।

**খবঙ, খবং [𑄈𑄝𑄋𑄴, 𑄈𑄝𑄁 ]** - বি. পাগড়ি।[তুলনীয় বর্মী, মারমা: গংবং ]।

**খবর, সাম্বাত, বাত্তা [𑄈𑄝𑄢𑄴, 𑄥𑄟𑄴𑄝𑄖𑄴, 𑄝𑄖𑄴𑄖]** - বি. খবর, সংবাদ, বার্তা।

**খ-র [𑄈𑄢𑄴 ]** - বিণ. টক।{হিন্দী: খট্টা >}

**খরগোচ [𑄈𑄢𑄴𑄉𑄮𑄌𑄴]** - বি. খরগোস; শশক।

**খরচ [𑄈𑄢𑄌𑄴]** - বি. খরচ; ব্যয়।

**খরম [𑄈𑄢𑄟𑄴]** - বিণ. খড়ম।

~ **বাচ [𑄝𑄌𑄴𑄈𑄢𑄟𑄴]** – বি.বংশদন্ড দিয়ে তৈরি দ্রুত দৌঁড়ানোর জন্য একপ্রকার খরম।

**খরমুচশাক [𑄈𑄢𑄴𑄟𑄪𑄌𑄴𑄥𑄇𑄴]** - বি. কলমি; শাকবিশেষ।

**খরাক [𑄈𑄢𑄇𑄴 ]** - বি. খোরাক; খোরাকি।

**খরাগি [𑄈𑄢𑄉𑄨]** - বি. খোরাকি।

**খরান [𑄈𑄢𑄚𑄴 ]** - বি. ১. খরান (একটানা প্রখর রৌদ্র; অনাবৃষ্টি) ।২. ভীষণ গরম সময়।

**খরান্যা [𑄈𑄢𑄚𑄳𑄡]** - বিণ. খরাকালীন; গ্রীষ্মকালীন।

~ [𑄈𑄢𑄚𑄳𑄡-𑄇𑄣𑄴]বি. খরাকালীন সময়।

**খর্গ [𑄈𑄢𑄴𑄉]** - বি. খড়গ।

**খল [𑄈𑄣𑄴]** - বিণ. (শত্রুপরিবেষ্টিত) বসবাসের বা অবস্থান করার অনুপযোগী; বিষাক্ত (পরিবেশের ক্ষেত্রে প্রযোজ্য)।

**খলকখলক [𑄈𑄣𑄇𑄴𑄈𑄣𑄇𑄴 ]** -অব্য. খলজাতীয় কোনো পাত্রের বা জিনিসের মধ্যে গুটি জাতীয় কোনো জিনিসের নাড়ানোর শব্দ।

**খলগানা [𑄈𑄣𑄴𑄉𑄚 ]** - ক্রি. ঢলকানো।

**খলা** [𑄈𑄣] - বি.তেল দিয়ে বিশেষ প্রকারের রান্না (অল্প তেল ও অল্প পানি সহযোগে রান্না)।

˜মাচ [𑄈𑄣𑄟𑄌𑄴] - বি. অল্প তেল ও অল্প পানি সহযোগে মাছ রান্না।

˜ভাত [𑄈𑄣𑄞𑄖𑄴] - বি. অল্প তেল সহযোগে গরম করা ভাত।

**খলা** [𑄈𑄣] - বি. খোলামেলা জায়গা বিশেষ (যেমন ধানখলা, শনখলা)

**খলানা** [𑄈𑄣𑄚] - ক্রি. জাহির করা।

**খল্যা, খোল্যা** [𑄈𑄣𑄳𑄠, 𑄈𑄮𑄣𑄳𑄠] - বি. কাপড়ের থলি।

**খল্যাগুরা** [𑄈𑄣𑄳𑄠𑄉𑄪𑄢] - বি. ক্ষুদ্রাকৃতিবিশিষ্ট মাছ বিশেষ। (কেচকি মাছ)।

**খল্যাঝারা** [𑄈𑄣𑄳𑄠𑄏𑄢, 𑄈𑄮𑄣𑄳𑄠𑄏𑄢] - ক্রি.বিণ. ১.থলি ( বা পকেট ) **ঝেড়েঝুড়ে**। **২. কপদক শূণ্য (বাগধারা)**

**খা** [𑄈] - ক্রি. খা; খাও।

**খাকখন্যা** [𑄈𑄇𑄴𑄈𑄚𑄳𑄠] - বিণ. ক্ষণিকের।

**খাঙ/খাং** [𑄈𑄋𑄴 /𑄈𑄂] - বি. পূজাবিশেষ।

**খাঙ-বানানা, খাং-বানানা** [𑄈𑄋𑄴-𑄝𑄚𑄚, 𑄈𑄂-𑄝𑄚𑄚] - **বি.** দেবদেবীকে ডিম সহযোগে বা মুরগীর ছানা বলি দিয়ে সম্পাদিত এক প্রকার বিশেষ পূজা।

**খাক-গরানা** [𑄈𑄇𑄴-𑄉𑄢𑄚] - ক্রি. পাতা ( বা টিস্যুপেপার) প্রভৃতি দিয়ে শৌচ করা (মলদ্বার পরিষ্কার করা)।

**খাক্কনে** [𑄈𑄇𑄴𑄇𑄚𑄬] - বিণ. কিছুক্ষণ পরে।

**খাক্কে** [𑄈𑄇𑄴𑄇𑄬] - বিণ. কিছুক্ষণের মধ্যে।

**খাগারা** [𑄈𑄉𑄢] - বি. খাগড়া; নলজাতীয় দীর্ঘ ঘাস বা শর)।

**খাগারাছোরি, খাগরাছরি** [𑄈𑄉𑄢𑄍𑄮𑄢𑄨, 𑄈𑄉𑄴𑄢𑄍𑄮𑄢𑄨] - বি. খাগড়াছড়ি পার্বত্য জেলা, জেলাসদর ও তৎপার্শ্বে প্রবাহিত ঐ নামের একটি ছোটনদী ।[ স. খড়্গ]।

**খাচ, খাস** [𑄈𑄌𑄴, 𑄈𑄥𑄴] - বি. খাস (জমি বা ভূমির ক্ষেত্রে প্রযোজ্য)।

**খাচ্ছুয়ানা** [𑄈𑄌𑄴𑄍𑄪𑄠𑄚] - ক্রি. চুলকানো।

**খাচ্ছুয়াপাদা** [𑄈𑄌𑄴𑄍𑄪𑄠𑄛𑄘] - বি.তামাক পাতা।

**খাচ্যাঙ, খাচ্যেঙ, খাজ্যাঙ, খারাঙ** [𑄈𑄌𑄳𑄠𑄋𑄴, 𑄈𑄌𑄳𑄠𑄬𑄋𑄴, 𑄈𑄎𑄳𑄠𑄋𑄴, 𑄈𑄢𑄋𑄴] - বি. খাঁচি ( খাঁচা সদৃশ টুকরিবিশেষ)।

**খাচ্যেত** [𑄈𑄌𑄳𑄠𑄬𑄖𑄴] - বি. বদভ্যাস; কুঅভ্যাস। { তুলনীয়ঃ খাসলত }

**খাজা** [𑄈𑄎] -বি. খাঁচা।

**খাজানা** [𑄈𑄎𑄚] -বি. খাজনা; কর।

**খাজুর** [𑄈𑄎𑄪𑄢𑄴] -বি.খেজুর।

~ রোঝি [𑄈𑄎𑄪𑄢𑄴𑄢𑄮𑄏𑄨] - বি. খেজুরের রস।

**খাঝি** [𑄈𑄏𑄨] - বি.মদ্যপানীয়ের সাথে গৃহীত স্বল্প পরিমাণের আহার্য (সাধারণত শুঁটকি ইত্যাদি)।

**খা-দ** [𑄈-𑄘𑄧] - ক্রি. ১. (তোমরা) চোখ মুদ্রিত করো বা বন্ধ করো। ২. (তোমরা) খাটাখাটি করো।

**খাদ** [𑄈𑄘𑄴] - বি.(সজারু ইত্যাদি বন্যপ্রাণী থাকার গহ্বর বিশেষ। [ যেমন, 'কুদুগ'খাদ = সজারুর থাকার গহ্বর] ।

**খাদা** [𑄈𑄘 ] - বি. এক প্রকারের তামাক পাতা।

**খাদানা** [𑄈𑄘𑄚 ] - ক্রি. খাটাখাটি করা।

**খাদাচ্যাবাস** [𑄈𑄘𑄌𑄳𑄠-𑄝𑄥𑄴 ] - বি.ঝিনঝিনে গন্ধ; খাটাসের গন্ধের মত গন্ধ(?) সাধারনত ব্যঘ্র্যাদি শ্বাপদ প্রানীর সূত্রের গন্ধ।

**খাদানা** [𑄈𑄘𑄚 ] - ক্রি. খাটা; পরিশ্রম করা।

**খাদি** [ 𑄈𑄘𑄨 ] -বি. চাকমা মহিলাদের ঐতিহ্যবাহী বক্ষবন্ধনী কাপড়। { কাঁচুলির মত করে ব্যবহারযোগ্য }

**খাদিঝার** [ 𑄈𑄘𑄨𑄏𑄢𑄴 ] -বি. মস্তকস্থিত কেশারণ্য [ক্ষুদ্র/খাটো ঝাড়; যেমন ধাঁধা : খাদিঝারত বাঘ থান। (উকুনের ধাঁধা)]

**খাদুনি** [𑄈𑄘𑄪𑄚𑄨] - বি. খাটুনি।

**খাদ্দুয়া** [𑄈𑄘𑄴𑄘𑄪𑄠] - বিণ. গর্তবিশিষ্ট।

~দেমেলাক [𑄈𑄘𑄴𑄘𑄪𑄠𑄘𑄬𑄟𑄬𑄣𑄇𑄴 ] - বি. খানাখন্দ; এবড়োখেবড়ো।

**খাদ্য** [𑄈𑄘𑄳𑄠] - বি. সাধাসাধি।

**খানা** [𑄈𑄚 ] - বি.খাবার। ক্রি.খাওয়া।

**খানাদানা** [𑄈𑄚𑄘𑄚] - বি.খাবারদাবার।

**খানাপিনা** [𑄈𑄚𑄛𑄨𑄚] - বি. খানপিনা ; খাদ্যপানীয়।

**খাপ** [ 𑄈𑄛𑄴 ] - বি. ১. পানীয় রাখার জন্য প্রস্তুতকৃত চোঙ্গা সদৃশ একমুখ খোলা বাঁশের টুকরা। ২. তরবারির খাপ।

**খাপখানা** [ 𑄈𑄛𑄴𑄈𑄚 ] - ক্রি.খাপ খাওয়া।

**খাপদেনা** [𑄈𑄛𑄴𑄘𑄬𑄚, 𑄈𑄛𑄳𑄠𑄚] - ক্রি.ওৎ পেতে থাকা।

**খাপ্যানা, খাপ্পুয়ানা** [𑄈𑄛𑄳𑄠𑄚, 𑄈𑄛𑄴𑄛𑄪𑄠𑄚 ] - ক্রি.উঁকিঝুঁকি মেরে এগুনো।

**খাম্বা** [𑄈𑄟𑄴𑄝 ] - বি. স্তম্ভ। { স. খম্ভ}

**খামখানা, হামখানা** [𑄈𑄟𑄴𑄈𑄚] - ক্রি. ১.অপরাধ স্বীকার করা। ২.রাজী হওয়া। ৩. অঙ্গীকার করা।

**খামাক্কায় [𑄈𑄟𑄇𑄭𑄴]** - ক্রি.বিণ. নিশ্চয়ই; অবশ্যই।

**খাম্ভা [𑄈𑄟𑄴𑄝]** - বি.থাম; স্তম্ভ { হিন্দিঃ খম্ভ >}

**খার [𑄈𑄢𑄴]** - বি. ক্ষার। ক্রি. ( সে ) খাচ্ছে।

**খারকুচ্যা, হারকুর্জ্যা [𑄈𑄢𑄴𑄇𑄪𑄌𑄳𑄠]** - বিণ. কিশোরবয়সী (কিশোর বা কিশোরী)।

~ **মরত [𑄈𑄢𑄴𑄇𑄪𑄌𑄳𑄠-𑄟𑄢𑄧𑄖𑄴]** - বি. কিশোর ( ছেলে)।

~ **মাদান [𑄈𑄢𑄴𑄇𑄪𑄌𑄳𑄠- 𑄟𑄘𑄚𑄴]** - বি. কৈশোরকাল।

~ **মিলা [𑄈𑄢𑄴𑄇𑄪𑄌𑄳𑄠-𑄟𑄨𑄣]** - বি. কিশোরী ( মেয়ে)।

**খারা [𑄈𑄢]** - বি. ক্রীড়া; খেলা।

**খারাঙ, খারাং [𑄈𑄢𑄋𑄴, 𑄈𑄢𑄁]** - বি. খাঁচার মত করে বোনা একমুখ খোলা বেতের ঝুড়ি বিশেষ। [ মারমাঃ খরাং = ঝুড়ি বিশেষ >}

**খারু [𑄈𑄢𑄪]** - বি.হাতের বালাবিশেষ (খাড়ু, খারুয়া)।[ < হিন্দিঃ খড়ুআ = বালা ]।

**খালিক, হালিক [𑄈𑄣𑄨𑄇𑄴]** - অব্য. প্রসঙ্গত; প্রসঙ্গক্রমে; তবে।

**খিঝা, খিসা, খীসা [𑄈𑄨𑄏, 𑄈𑄨𑄏, 𑄈𑄩𑄥 ]** - বি. উপাধিবিশেষ। {রাখাইন, মারমা *খিসা* = খাজনা আদায়কারী। { ১৪১৮ খ্রিস্টাব্দে রাখাইনরাজ্যে একই অর্থে প্রচলিত পদ}

**খিঝা [𑄈𑄨𑄏]** - বি.টাকা ও মুদ্রা রাখার কাজে ব্যবহৃত ক্ষুদ্রথলি বিশেষ।

**খিঝাখিচ্যা, হিঝাহিচ্যা [𑄈𑄨𑄏𑄈𑄨𑄌𑄳𑄠]** - ক্রিবিণ. তাড়াতাড়ি; জলদি।

**খিঝানা [𑄈𑄨𑄏𑄚]** - ক্রি.বিণ. টেনে বাঁধা। [হিন্দিঃখিঁচ্না]।

**খির [𑄈𑄨𑄢𑄴]** - বি.ক্ষীর, খির (মধ্য.বাং)। [স. ক্ষীর]।

**খিরা [𑄈𑄨𑄢]** - বি.শসা জাতীয় ফলবিশেষ (ক্ষীরা), খিরা। [ তুলনীয় হিন্দীঃখীরা]।

**খিল [𑄈𑄨𑄣𑄴]** - বি.হুড়কা।

**খিলা [𑄈𑄨𑄣]** - বিণ. অকর্ষিত ও খালি (জমির ক্ষেত্রে প্রযোজ্য)।

**খিলাখিলি [𑄈𑄨𑄣𑄈𑄨𑄣𑄨]** - বি. অকর্ষিত ও খালি এলাকা। পাহাড় পর্বতময় এলাকায় ঐ জাতীয় ভূমি।

**খিলিক [𑄈𑄨𑄣𑄨𑄇𑄴]** - বি.পানের খিলি।

**খিসা, খীসা, খিঝা [𑄈𑄨𑄥, 𑄈𑄩𑄥, 𑄈𑄨𑄏]** - বি. চাকমা সমাজের উপাধিবিশেষ। [১৪১৮ খ্রিস্টাব্দে আরাকানে *ক্যেজা* (কর-আদায়কারী) পদাধিকারী ছিল।]।

**খিয়াং, খেয়াং [𑄈𑄨𑄠𑄁, 𑄈𑄨𑄠𑄋𑄴, 𑄈𑄬𑄠𑄁]** - বি. মিয়ানমার ও বাংলাদেশের পার্বত্য চট্টগ্রামের একটি জনগোষ্ঠীর নাম। [মিয়ানমারে বা মায়ানমারে 'চিন' নামেও পরিচিত। তারা পার্বত্য চট্টগ্রামে নিজেদেরকে 'শো'/জো/যো' বলে। ]

**খিয়াংসিক, খিয়াংশিক, খ্যাংশিক [𑄈𑄨𑄠𑄁𑄥𑄨𑄇𑄴 / 𑄈𑄨𑄠𑄋𑄴𑄥𑄨𑄇𑄴]** - বি. বিজয় ও উল্লাসসূচক ধ্বনিবিশেষ; মুখে দু'দিক থেকে আঙ্গুল ঢুকিয়ে তীব্র বেগে সুতীক্ষ্ণভাবে সৃষ্ট শিষধ্বনি

**খুক্কুরকথাক্কারাক** [𑄈𑄪𑄇𑄴𑄇𑄪𑄢𑄴𑄇𑄗𑄇𑄴𑄇𑄢𑄇𑄴] - বি, বিণ. গাছবাঁশের অগোছালো স্তূপ।

**খুঙ-গাচ, খুং-গাছ** [𑄈𑄪𑄋𑄴-𑄉𑄌𑄴, 𑄈𑄪𑄁-𑄉𑄌𑄴] - বি. ১. এক প্রকার গাছ। ২. চিতায় চার কোনে প্রোথিত ৪ টি (কাঁচা) গাছ।

**খুচ** [𑄈𑄪𑄌𑄴] - বি. ১.পদক্ষেপ, ২. পদছাপ / পদচিহ্ন।

**খুঝি** [ 𑄈𑄪𑄏𑄨 ] - বি. খুশি।

**খুত** [𑄈𑄪𑄖𑄴 ] - বি. ১. খুঁট; ত্রুটি।

**খুত্তা** [𑄈𑄪𑄖𑄴𑄖] - বি.বাবার ছোট ভাই; কাকা; খুল্লতাত; খুড়া।

~ **ঝি** [𑄈𑄪𑄖𑄴𑄖-𑄏𑄨] - কাকার মেয়ে/কন্যা।

~ **পুত** [𑄈𑄪𑄖𑄴𑄖-𑄛𑄪𑄖𑄴 ] - কাকার ছেলে/পুত্র।

**খুত্তাপুত-ভেই** [𑄈𑄪𑄖𑄴𑄖𑄛𑄪𑄖𑄴-𑄞𑄬𑄃𑄨 ] - বি. কাকাতো ভাই / খুড়তো ভাই।

**খুত্তাঝি- ভোন** [𑄈𑄪𑄖𑄴𑄖𑄏𑄨-𑄞𑄮𑄚𑄴 ] - বি. কাকাতো বোন/ খুড়তো বোন।

**খুত্যাখুত্তি** [𑄈𑄪𑄖𑄳𑄠𑄈𑄪𑄖𑄴𑄖𑄨] - বি. টোকাটুকি।

**খুত্যানা** [𑄈𑄪𑄖𑄳𑄠𑄚, 𑄈𑄪𑄖𑄳𑄠𑄚 ] - ক্রি. টোকা দেওয়া।

**খুদ** [𑄈𑄪𑄘𑄴 ] - বি. চালের খুদ। বিণ.ক্ষুদ্র।

**খুদপিবিরা, খুতপিবিরা, খুদপিয়্যারি** [𑄈𑄪𑄘𑄴𑄛𑄨𑄝𑄨𑄢 𑄈𑄪𑄖𑄴𑄛𑄨𑄝𑄨𑄢, 𑄈𑄪𑄘𑄴𑄛𑄨𑄠𑄳𑄠𑄢𑄨 ] - বি. কাল রঙের ক্ষুদ্র পিঁপড়া বিশেষ। [স.ক্ষুদ্র]।

**খুদানা** [𑄈𑄪𑄘𑄚] - ক্রি. ১. ছোবল মারা। ২. ঠোঁট দিয়ে আঘাত করা।

**খুধা** [𑄈𑄪𑄙] - বি. খুঁটি।

**খুনানা** [𑄈𑄪𑄚𑄚 ] - ক্রি.খনন করা।

**খুম, কুম** [ 𑄈𑄪𑄟𑄴, 𑄇𑄪𑄟𑄴 ] - বি. কুম্ভ; কলসি; কলস।

**খুমা** [ 𑄈𑄪𑄟 ] - বি. ট্যাবু; taboo.

**খুমি, খুমী** [𑄈𑄪𑄟𑄨, 𑄈𑄪𑄟𑄩 ] - বি. খুমি , খুমী। (পার্বত্য চট্টগ্রাম ও আরাকানে বসবাসকারী কুকি-চিন ভাষাভাষী একটি জাতিগোষ্ঠী) {পাংখুয়া, লুসাই ( মিজো): খাইলাং (Khailang )} জাতিগোষ্ঠী।

**খুম্মুক** [ 𑄈𑄪𑄟𑄴𑄟𑄪𑄇𑄴 ] - বি.বর্তুলাকার গর্ত।

**খুয়া** [𑄈𑄪𑄠] - বি. কুয়াশা। ক্রি. ( তুমি ) খোলো।

**খুয়াং, খুয়াঙ, খুয়োঙ** [𑄈𑄪𑄠𑄁, 𑄈𑄪𑄠𑄋𑄴, 𑄈𑄪𑄠𑄮𑄋𑄴] - বি. পর্বতশ্রেণীর অন্তবর্তী সঙ্কীর্ণ এবং সীমাবদ্ধ ফাঁকা জায়গা। [ তুলনীয় বম , লুসাই শব্দঃ খুয়াং]।

**খুয়াংতোলি / খুয়াংতলী / ফুগংতলী** [𑄈𑄪𑄡𑄁𑄖𑄮𑄣𑄨, 𑄈𑄪𑄡𑄁𑄖𑄣𑄩 , 𑄜𑄪𑄉𑄁𑄖𑄣𑄩 ] - বি. রাধামন -ধনপুদি পালায় 'দ্য-মুরাহ্' পাহাড়/পর্বতের নিম্নস্থ স্থানবিশেষ।

**খুয়ানা** [𑄈𑄪𑄡𑄚/𑄈𑄪𑄠𑄚] - ক্রি. খোলা।

**খুর** [ 𑄈𑄪𑄢𑄴 ] - বি. ক্ষুর (নাপিতের ব্যবহার্য); গবাদি পশুর পায়ের নিম্নস্থ ক্ষুর।

**খুরা** [ 𑄈𑄪𑄢] - বি. খুড়া; খুড়ো, পিতৃব্য। [অঘনিষ্ট কাকা সম্বন্ধীয় আত্মীয়ের/ব্যক্তির ক্ষেত্রে সম্বোধনের বেলায়ও প্রযোজ্য]। [ সং: খুল্ল >]।

**খুরাঙা** [ 𑄈𑄪𑄢𑄋 ] - বি. খুড়ি । [ কোনো অঘনিষ্ট কাকী সম্পর্কীয় মহিলাকে খুড়ি রূপে পরিচয় প্রদানের সময় প্রযোজ্য]।

**খুরি** [ 𑄈𑄪𑄢𑄨 ] - বি. খুড়ি । [কোনো অঘনিষ্ট কাকী সম্পর্কীয় মহিলাকে খুড়ি রূপে সম্বোধনের সময় প্রযোজ্য]।

**খুরি-হ্যাদানা** [ 𑄈𑄪𑄢𑄨-𑄦𑄘𑄚] - ক্রি.যাদুমন্ত্র দ্বারা সম্মোহিত মনুষ্য দ্বারা রোগের উৎপত্তিস্থান নির্ণয় করা

**খুরোল** [𑄈𑄪𑄢𑄮𑄣𑄴] - বি. কুঠার; কুড়াল।

**খুরোল্যা** [𑄈𑄪𑄢𑄮𑄣𑄳𑄠 ] - বি. কাঠঠোকরা। বিণ.অবাঞ্চিত; বিরক্তিভাজন।

**খুরোল্লুয়া** [𑄈𑄪𑄢𑄮𑄣𑄪𑄠 ] - বিণ. কোপন স্বভাববিশিষ্ট।

**খুল** [𑄈𑄪𑄣𑄴] - বি. খুলি; শির। ক্রি. (তুমি) খোল।

**খুলচারা** [ 𑄈𑄪𑄣𑄴𑄌𑄢] - বি. মস্তকের উপরিভাগের হাড়; করোটির উপরাংশ।

**খুলা** [𑄈𑄪𑄣 ] - বি.শিরধারী, যেমন বরখুলা = মাথা বড় ব্যক্তি। স্ত্রীলিঙ্গে বরখুলি। বিণ.কনিষ্ঠতম। যেমন, নোনেইয়া খুলা = সবার আদরের ও ছোট)।
২. ক্রি. খোলা; খুলা।

**খুলানা** [𑄈𑄪𑄣𑄚 ] - ক্রি. খোলা; খুলা (উন্মুক্ত করা)।

**খুলুং, খুলুঙ** [𑄈𑄪𑄣𑄪𑄁, 𑄈𑄪𑄣𑄪𑄋𑄴] - বি. ১. কোটর।
২. গাছের অভ্যন্তরিস্থিত গর্ত বা ফাঁপা অংশ।

**খুল্যা, খোল্যা** [𑄈𑄪𑄣𑄳𑄠, 𑄈𑄮𑄣𑄳𑄠 ] - বি. কাপড়ের তৈরি ছোট থলি।

**খেইচ** [𑄈𑄬𑄃𑄨𑄌𑄴 ] - বি. ১. খায়েস। ২. স্বেচ্ছায়।

**খেংগরং, খেঙগরঙ, হেংগরং** [ 𑄈𑄬𑄁𑄉𑄧𑄢𑄧𑄁, 𑄈𑄬𑄋𑄴𑄉𑄧𑄢𑄧𑄋𑄴 ] - বি. এক টুকরা ছোট্ট বাঁশের টুকরা দিয়ে তৈরি মাউথঅর্গ্যান বিশেষ। তুলনীয় মারমাঃ খ্রেংখং। তঞ্চঙ্গ্যাঃ খেংখং। ত্রিপুরাঃ দাংদুং/দাংদু। খিয়াংঃ খিংখং। চাকঃ হ্রিংহ্রং।}

**খেগা** [𑄈𑄬𑄉] - বিণ. ভোঁতা।

~ **তাগল** [𑄈𑄬𑄉-𑄖𑄉𑄧𑄣𑄴] - বি.ভোঁতা-দা।

~ **বগা** [𑄈𑄬𑄉-𑄝𑄉] - বিণ.কমবুদ্ধিসম্পন্ন।

**খেঙেদা, হেঙেদা** [ 𑄈𑄬𑄋𑄬𑄘] - বিণ.কৃশকায়; ক্ষীণকায়।

**খেচ-গোরি** [𑄈𑄬𑄌𑄴𑄉𑄮𑄢𑄨] - ক্রি.বিণ. ইচ্ছে করে।

**খেজ্জর** [𑄈𑄬𑄎𑄴𑄎𑄧𑄢𑄴, 𑄈𑄬𑄏𑄴𑄏𑄧𑄢𑄴] -বিণ. অপরিপাটি বেশভুষণওয়ালা।

**খেজরমেজর** [𑄈𑄬𑄎𑄢𑄴𑄟𑄬𑄎𑄢𑄴, 𑄈𑄬𑄚𑄴𑄎𑄢𑄴𑄟𑄬𑄚𑄴𑄎𑄢𑄴] - বিণ. অপরিপাটি বেশভুষণওয়ালা।

**খেত** [𑄈𑄬𑄖𑄴 ] - বি. খেত; ক্ষেত্র।

**খেত্যাল** [𑄈𑄬𑄖𑄳𑄡𑄣𑄴] - বিণ. খেতের কাজে কর্মঠ বা দক্ষ।

**খেত্যালি** [𑄈𑄬𑄖𑄳𑄡𑄣𑄨] - বি. খেতের কাজে দক্ষতা।

**খেদার** [𑄈𑄬𑄘𑄢𑄴] - বি. বিশাল এলাকা ঘিরে বন্যহাতি ধরার বিশাল ফাঁদ।

**খেনজর, খেনজর-মেহ্নজর** [𑄈𑄬𑄚𑄴𑄎𑄢𑄴,𑄈𑄬𑄚𑄴𑄎𑄢𑄴-𑄟𑄬𑄦𑄳𑄚𑄴𑄎𑄢𑄴] - বিণ. অপরিপাটি, আলুথালু।

**খেপ** [𑄈𑄬𑄛𑄴] - বি. ক্ষেপ।

**খেবার** [𑄈𑄬𑄝𑄢𑄴] - বি. খাবার।

**খেমা** [𑄈𑄬𑄟] - বি. ক্ষমা। বিণ. ক্ষান্ত।

**খের** [ 𑄈𑄬𑄢𑄴] - বি. খড়; তৃণ।

~ **কুজ্যা** [𑄈𑄬𑄢𑄴𑄇𑄪𑄎𑄳𑄡 ] - বি. খড়ের গাদা।

~ **বেনা** [ 𑄈𑄬𑄢𑄴𑄝𑄬𑄚] - বি. খড়ের বেণী।

~ **উলু** [ 𑄃𑄪𑄣𑄪𑄈𑄬𑄢𑄴] - বি.উলুখড়।

**খেরভুয়া-সাপ** [𑄈𑄬𑄢𑄴𑄞𑄪𑄠-𑄥𑄛𑄴 ] - বি.ঘাসের উপর বিচরণকারী এক প্রকার ছোট আকারের বিষহীন সাপ। (মাত্যাসাপ)

**খেদা** [𑄈𑄬𑄘] - বি. (শক্ত গাছের গুঁড়ি ও কাঁটাগাছ দিয়ে বিশালাকারে ঘের দেওয়া) বন্য হাতি ধরার বিশাল ফাঁদ।

**খেবার, হেবার** [𑄈𑄬𑄝𑄢𑄴] - বি. খাবার। ক্রি. খাওয়ার।

**খেলাঙখেলাঙ, খেলাং খেলাং** [𑄈𑄬𑄣𑄋𑄴- 𑄈𑄬𑄣𑄋𑄴, 𑄈𑄬𑄣𑄁𑄈𑄬𑄣𑄁] - বিণ. খোলামেলা।

**খেল্যাকুদুম** [ 𑄈𑄬𑄣𑄳𑄡𑄇𑄪𑄘𑄪𑄟𑄴 ] - বি. যে আত্মীয় বা কুটুম্বের সাথে খেলা বা ঠাট্টা মশকরা করা যায় এবং সম্পর্কের বিচারে বিবাহও করা যায়। যেমন নানা-নাতি/নাতনী, দেওর-ভাবী, শালী-দুলাভাই ইত্যাদি।}

**খোই** [𑄈𑄮𑄃𑄨 / 𑄈𑄭] - বি. খই; খৈ।

**খোইয়া** [𑄈𑄮𑄃𑄨𑄠 ] - বি. ক্ষুদাকার জলপূর্ণ গর্ত বা খাদ কিংবা জলাশয়; ডোবা।

**খোইয়াপুদি** [𑄈𑄮𑄃𑄨𑄠𑄛𑄪𑄘𑄨 ] - বি. খলসে পুঁটি (মাছ)।

**খোক্যানা** [𑄈𑄮𑄇𑄳𑄡𑄚] - ক্রি. ঠুকা দেওয়া।

**খোক্যাবাঘ** [𑄈𑄮𑄇𑄳𑄡𑄝𑄊𑄴] - বি. কেঁদোবাঘ। [ তুলনীয় মারমাঃ *ক্যা* = বাঘ] (কোক বাঘ)।

**খোচ্ছুয়াবেঙ, খচ্যবেঙ** [𑄈𑄮𑄌𑄴𑄍𑄪𑄠𑄝𑄬𑄋𑄴, 𑄈𑄌𑄳𑄡𑄝𑄬𑄋𑄴] - বি. কুনোব্যাঙ।

**খোচ্যানা, হোচ্যানা [𑄈𑄮𑄌𑄳𑄠𑄚]** - ক্রি. ১. (গুটিগুটি পায়ে বা সন্তর্পণে) একটু একটু করে অগ্রসর হওয়া। ২. কারোর উদ্দেশ্যে গোপনে মন্ত্র ছুড়ে আর স্বাস্থ্যের ক্ষতিসাধন করা।

**খোরখোজ্যা [𑄈𑄮𑄢𑄴𑄈𑄮𑄎𑄳𑄠 ]** - বিণ.প্রগল্‌ভ।

**খোরমুচ [𑄈𑄮𑄢𑄴𑄟𑄪𑄌𑄴]** - বি. খরমুজ (তরমুজের মতো এক জাতীয় ফল)।

**খোরমুচশাক [𑄈𑄮𑄢𑄴𑄟𑄪𑄌𑄴-𑄥𑄇𑄴 ]** - বি. কলমি শাক।

**খোরেযানা [𑄈𑄮𑄢𑄬𑄎𑄚]** - ক্রি. ১.(বিয়ে করার ব্যাপারে) বয়স বেশি হয়ে যাওয়া; আইবুড়ো বা আইবুড়ি হওয়া। ২.সময় অতিক্রান্ত হওয়া।

**খোলখোল্যা [𑄈𑄮𑄣𑄴𑄈𑄮𑄣𑄳𑄠 ]** - বিণ. ফাঁপাবিশিষ্ট।

**খোল্যা [𑄈𑄮𑄣𑄳𑄠 ]** - বি. কাপড়ের থলে।

**খোল্যাগুরি [𑄈𑄮𑄣𑄳𑄠 ]** - বি.এক প্রকার খুব ছোট আকারের মাছ। (কেচকি মাছ)

**খ্যাংজয়-গঝা, খ্যাঙজয়-গঝা,খ্যাংজে-গঝা [𑄈𑄳𑄠𑄁𑄎𑄧𑄠𑄴-𑄉𑄏, 𑄈𑄳𑄠𑄋𑄴𑄎𑄧𑄠𑄴-𑄉𑄏]** - বি. চাকমাদের একটি বিশেষ সামাজিক দল।{ জনশ্রুতিঃ অতীতে খিয়াং-বিজয়ী কোনো ব্যক্তির দল}

**খ্যাংচেগে-গঝা [𑄈𑄳𑄠𑄁𑄌𑄬𑄉𑄬-𑄉𑄏, 𑄈𑄳𑄠𑄋𑄴𑄌𑄬𑄉𑄬-𑄉𑄏]** - বি. চাকমাদের একটি বিশেষ সামাজিক দল।

## গ [𑄉]

**গ [ 𑄉]** - ক্রি. ( তোমরা ) গাও; (আপনি/আপনারা) গাহেন।

**গ-গ [ 𑄉 𑄉]** - ক্রি.বিণ. গিজগিজ; গমগম।

**গং, গঙ [ 𑄉𑄁, 𑄉𑄋𑄴 ]** - বি. ১ লৌহ বা পিতলের তৈরি বৃত্তাকার ও মধ্যবর্তী অংশ ঈষৎ উঁচু বিশিষ্ট বাদ্যযন্ত্র বিশেষ। [তুলনীয় লুসাই, পাংখুয়া, বমঃ গং। মারমাঃ মং । লুসাই লৌহনির্মিত গংঃ দার্‌খুয়াং।]। ২. গতি;

**গঙবলা [ 𑄉𑄋𑄴𑄝𑄣]** - বিণ. বেগবান (ব্যক্তির ক্ষেত্রে ব্যবহৃত)।

**গঙা [ 𑄉𑄋 ]** - বি.নদীর দেবী।

**গঙার [ 𑄉𑄋𑄢𑄴 ]** - বি. স্রোত, প্রবাহ। বিণ. গোঁয়ার।

**গজগজরক [ 𑄉𑄎𑄴𑄉𑄎𑄴𑄢𑄧𑄇𑄴 ]** -অব্য. ১. মাটির বা পাথরের তৈরি হামামদিস্ত জাতীয় পাত্রে গাছের তৈরি মুষল দিয়ে মরিচ পিষার শব্দ। {ধ্বন্যা}

**গজগজানা [ 𑄉𑄎𑄴𑄉𑄎𑄚 ]** - ক্রি. (রাগে) গজগজ করা।

**গজর [𑄉𑄎𑄢𑄴]** - বি.গুচ্ছ।

**গজাংগজাং, গজাঙগজাঙ [𑄉𑄎𑄁𑄉𑄎𑄁, 𑄉𑄎𑄋𑄴𑄉𑄎𑄋𑄴]** - ক্রি. বিণ দ্রুত কদমে বা পদক্ষেপে।

**গজাগচ্যা [𑄉𑄎𑄢𑄴]** - বিণ. একত্রে ভীড় করে গুচ্ছবৎ গজানো।

**গজ্জং, গজ্জঙ, গর্জং** [𑄉𑄧𑄎𑄴𑄎𑄁, 𑄉𑄧𑄢𑄴𑄎𑄁, 𑄉𑄧𑄢𑄴𑄎𑄁, 𑄉𑄧𑄢𑄴𑄎𑄋𑄴] - বি. গর্জন গাছ। [ স.গর্জ্+অন(ল্যুট ] ।

**~ তেল** [𑄉𑄧𑄢𑄴𑄎𑄧𑄁-𑄖𑄬𑄣𑄴] - বি. গর্জনগাছের তৈল । [ গর্জন গাছে গর্ত করে তাতে আগুন দিয়ে ঐ গর্ত থেকে প্রাপ্ত তৈল] ।

**গঝক** [𑄉𑄧𑄏𑄧𑄇𑄴] - ক্রি. বিণ. আত্মসাৎ; করায়ত্ব ।

**গঝা, কঝা** [𑄉𑄧𑄏, 𑄇𑄧𑄏] - বি. চাকমাদের সমাজিক দল । [ বর্মী, রাখাইন . মারমা : '*আগং*' =মাথা (নেতা অর্থে) + '*সা*' =সন্তান, এক্ষেত্রে মনুষ্য অর্থে] ।

**গঝা** [𑄉𑄧𑄏 ] - বি. গুচ্ছ, গোছা । [ যেমন ধান'গঝা = ধানচারার গুচ্ছ ] ।

**গঝানা** [𑄉𑄧𑄏𑄚] - ক্রি. গছানো ।

**গণক্যা, গনক্যা** [𑄉𑄧𑄕𑄧𑄇𑄳𑄡, 𑄉𑄧𑄚𑄧𑄇𑄳𑄡 ] - বি. গণনাকারী ।

**~ বামণ/বামন** [𑄉𑄧𑄕𑄧𑄇𑄳𑄡𑄝𑄟𑄧𑄕𑄴, 𑄉𑄧𑄚𑄧𑄇𑄳𑄡𑄝𑄟𑄧𑄚𑄴 ] - বি. গণনাকারী ব্রাহ্মণ ।

**গুণ** [𑄉𑄪𑄕𑄴] - বি. গুণ ।

**গুণ্যা** [𑄉𑄪𑄕𑄳𑄡] - ক্রি.বিণ. গণনাকৃত ।

**গত** [𑄉𑄧𑄖𑄴] - বি. গানের সুর ।

**গত্তনা** [𑄉𑄧𑄖𑄴𑄖𑄧𑄚] - বি. গলা; গর্দান ।

**গত্তাল** [𑄉𑄧𑄖𑄴𑄖𑄣𑄴] - বিণ. কোনো বস্তুর সম্পূর্ণ অংশ (অখন্ড); গোটা; আস্ত ।

**গদগদেই** [𑄉𑄧𑄘𑄧𑄉𑄧𑄘𑄬𑄃𑄨] - ক্রি.বিণ. বোতল জাতীয় পাত্রের সঙ্কীর্ণ মুখ দিয়ে পানি ঢালার শব্দ ।(ধ্বন্যা)

**গদলা** [𑄉𑄧𑄘𑄧𑄣 ] - বি. চোখের উপরিভাগের ভ্রু সন্নিহিত অংশ ।

**গদা** [𑄉𑄧𑄘] - বিণ. গোটা; আস্ত; সমস্ত ( অংশ) ।

**গদেগদে** [𑄉𑄧𑄘𑄬𑄉𑄧𑄘𑄬] - বিণ. জনে জনে; জনপ্রতি । ( যেমন, গুরাগুনে জন গদেগদে ইক্কুয়া বদা পেবাক = ছেলেরা জনপ্রতি একটি করে ডিম পাবে ।)

**গধা** [𑄉𑄧𑄙] - বি. বাঁধ ।

**~ কাপ্তেই** [𑄇𑄛𑄴𑄖𑄬𑄃𑄨-𑄉𑄧𑄙] - বি. ১৯৬০ সালে কাপ্তাই নামক স্থানে নির্মিত বিখ্যাত কাপ্তাই বাঁধ । [ ত্রিপুরা : *কাপ্*=কাঁদা + *তোই* = নদী/পানি । ঐ নামে রাজস্থলী ও কাপ্তাই উপজেলার একটি নদী] ।

**গনক** [𑄉𑄧𑄚𑄧𑄇𑄴,𑄉𑄧𑄚𑄧𑄇𑄴] - বি ১. গণক । ২.জ্যোতিষী ।

গনক্যা [𑄉𑄧𑄚𑄧𑄇𑄴𑄇𑄳𑄡, 𑄉𑄧𑄚𑄧𑄇𑄳𑄡 ] - বি ১. গণনাকারী ।

গনা [𑄉𑄧𑄚] - বিণ. গণনা করা হয়েছে এমন । ক্রি. ১ গণনা করা । ২. (তুমি) গণনা করো ।

গন্দা [𑄉𑄧𑄚𑄴𑄘] - বি. গন্ডা. চারটি ।

গন্দার [𑄉𑄧𑄚𑄴𑄘𑄢𑄴] - বি. সূর্যগ্রহণ বা চন্দ্রগ্রহণ ।

**গজগজরক** [𑄉𑄧𑄎𑄴𑄉𑄧𑄎𑄴𑄢𑄧𑄇𑄴] -অব্য. (হামদিস্তার মত ) মৃৎপাত্র *কুর্জ্যায়* মরিচ পিষার শব্দ ।

**গপ** [𑄉𑄧𑄛𑄴] - বি.১. আজগুবি বা মিথ্যা গল্প; গপ্প । ২.গুল ।

**গপ্পুয়া, গোপ্পুয়া** [𑄉𑄧𑄛𑄴𑄛𑄪𑄠 , 𑄉𑄮𑄛𑄴𑄛𑄪𑄠] - বি, বিণ. গল্পবাজ ।

**গব** [𑄉𑄧𑄝𑄴 ] -বি. গয়াল ।

**গবলা** [𑄉𑄧𑄝𑄧𑄣] - বি.কারোর বিপক্ষে কলঙ্ক রটানোর উদ্দেশ্যে গোপন প্রচার পত্র; উড়োচিঠি জাতীয় পত্র ।

**গবানা** [𑄉𑄧𑄝𑄚] - ক্রি.বকা দেওয়া; গালি দেওয়া; তিরস্কার করা ।

**গম** [𑄉𑄧𑄟𑄴 ] - বি. গম । বিণ. ভাল । {তুলনীয় বর্মী, রাখাইন, মারমা: কঙ /আকং । ত্রিপুরা: গাম }

**গমে** [𑄉𑄧𑄟𑄬 ] - ক্রি.বিণ. ভালভাবে ।

**গমেদালে** [𑄉𑄧𑄟𑄬𑄘𑄣𑄬 ] - ক্রি. বিণ. ভালমতে ।

**গয়া** [𑄉𑄧𑄠 ] - বি. বোধগয়া ।

**গর** [𑄉𑄧𑄢𑄴] - ক্রি. কর (তুই কর, তুমি করো) ।

**গরক** [𑄉𑄧𑄢𑄧𑄇𑄴] - বি. গোরক্ষক; রাখাল ।

**গরগরানা** [𑄉𑄧𑄢𑄴𑄉𑄧𑄢𑄚 ] - ক্রি.গরগর করা ।

**গরচ** [𑄉𑄧𑄢𑄧𑄌𑄴] - বি. গরজ ।

**গরম** [𑄉𑄧𑄢𑄧𑄟𑄴] - বিণ. গরম; উষ্ম ।

**গরা** [𑄉𑄧𑄢] -বি. গোড়া । ক্রি.(তুমি) করাও ।

**গরাচ** [𑄉𑄧𑄢𑄌𑄴] -বি. গ্রাস; লোকমা ।

**গরানা** [𑄉𑄧𑄢𑄚] - ক্রি. ১. করা । ২. করানো ।

**গরু** [𑄉𑄧𑄢𑄪] - বি. গরু ।

~**পাহ্‌রি** = গাভী; গাই ।

**গর্বা** [𑄉𑄧𑄢𑄴𑄝] - বি.অতিথি; মেহমান ।

**গর্বাকুদুম/গরবাকুদুম** [𑄉𑄧𑄢𑄴𑄝𑄇𑄪𑄘𑄪𑄟𑄴] -বি. ১. আত্মীয় অতিথি বা মেহমান তুল্য সম্মান বা সম্ভ্রমের যোগ্য । ২. এটি এমন একটি বিশেষ সম্পর্ক যা এক প্রজন্ম পার্থক্যের কারণে কিংবা সামাজিক প্রথার নিষিদ্ধতার কারণে কোনো পুরুষ ও নারীর মধ্যে বৈবাহিক সম্পর্ক নিষিদ্ধ থাকে এবং তাদের মধ্যে পারস্পরিক সম্ভ্রমের সাথে মধ্যেকার দূরত্ব বজায় রাখতে হয় । [ যেমন, কোনো পুরুষ বা যুবক তার এক প্রজন্মেওর পাথক্যের কারণে তার মাসী, পীসি, ভাগ্নী বা ভাইঝি এ জাতীয় আত্মীয়কে বিয়ে করতে পারে না । আবার সমপ্রন্মের কোনো জ্যাসত স্থানীয় মহিলাকেও বিয়ে করকে পারেনা । একই ভাবে একজন বিধাব কিংবা তালাকপ্রাপ্ত স্ত্রীলোকও তার ভাসুর স্থানীয় কাউকে বিয়ে করতে পারে না । এ জাতীয় সম্‌র্কীত আত্মীয়দের মধ্যে বিবাহ নিষিদ্ধ ] ।

**গর্বাপেইক** [𑄉𑄧𑄢𑄴𑄝-𑄛𑄬𑄃𑄨𑄇𑄴] -বি. হলদে রঙের এক প্রকার পাখি; কুটুমপাখি ।

**গলচ** [𑄉𑄧𑄣𑄧𑄌𑄴] - বি. গ্লাস । [ ইংরেজী : glass > ] .

**গলা** [𑄉𑄧𑄣] - বি. ১.কণ্ঠ ।২. ধানের গোলা । ৩. একজাতীয় বেত । ক্রি. (তুমি) গলাও ।

**গলাক** [𑄉𑄧𑄣𑄇𑄴] - বি. পাটের আঁশ দিয়ে বারুদ আবৃত করে তৈরি বাজি ।

**গলাক** [𑄉𑄧𑄣𑄇𑄴] - বি.( বারুদ ও সুতলী নির্মিত ) বাজি ।

**গলানা** [𑄉𑄧𑄣𑄚] - ক্রি. গলানো ।

**গলাপ** [𑄉𑄧𑄣𑄛𑄴] -বি. গোলাপ ।

**গাঅলি** [𑄉𑄃𑄧𑄣𑄨] - বিণ. শারীরিক ।

গাগদামি [𑄉𑄉𑄧𑄘𑄟𑄨] - বি. গোয়ার্তুমি ।

গাঙ, গাং [𑄉𑄋𑄴, 𑄉𑄁] - বি. নদী, নদ , গাঙ ।

~ ইজা [𑄉𑄋𑄴𑄃𑄨𑄎] - বি. চিংড়িবিশেষ ( গলদা জাতীয় চিংড়ি) ।

~ কুল্যা [𑄉𑄋𑄴𑄇𑄪𑄣𑄳𑄠] - বি.নদীতীরবাসী । যেমন, চেঙিকুল্যা=চেংগী নদীর তীরবাসী বা ঐ উপত্যকাবাসী ।

**গাঙচিল** [𑄉𑄋𑄴𑄌𑄨𑄣𑄴] - **বি.** গাঙচিল ।

**গাঙপূজা** [𑄉𑄋𑄴𑄛𑄪𑄎] - বি. পূজাবিশেষ (গাঙপূজা) ।

**গাচ** [𑄉𑄌𑄴] - বি. গাছ ।

**গাচবেঙ** [𑄉𑄌𑄴𑄝𑄬𑄋𑄴] - বি. গেছোব্যাঙ ।

**গাজা** [𑄉𑄎] - বি. গাজা ।

**গাঝা** [𑄉𑄏] - বি. ভুতের আবেশবিশিষ্ট ব্যক্তি ।

**গাত** [𑄉𑄖𑄴] - বি. গর্ত, গুহা । ক্রি. (তুমি) স্নান করো ।

গাতগাত [𑄉𑄖𑄴𑄉𑄖𑄴] - বিণ. গর্তময়; গর্তপূর্ণ ।

গাথ্যা [𑄉𑄗𑄳𑄠] - বিণ. ১. একগুঁয়ে; অবাধ্য । ২. গাঁথা হয়েছে এমন ।
{ বাগধারাঃ হ্যালিগাথ্যা মালীফুল ।}

গাথ্যামি [𑄉𑄗𑄳𑄠𑄟𑄨] - বি.ঠ্যাঠামি; অবাধ্যতা ।

গাদা [𑄉𑄘] - বি.কাঠের তৈরি লাঙ্গলের মূল বা প্রধান অংশ ।

গাদানা [𑄉𑄘𑄚] - ক্রি. গাঁথা । (যেমন, মালা-গাদানা = মালা গাঁথা] ।

গাধা [𑄉𑄙] - বি.গাধা ।

গাধানা [𑄉𑄙𑄚] - ক্রি. ১. স্নান করা; গোছল করা । ২. গাঁথা ।

গাধিয়া [𑄉𑄙𑄨𑄠] - ক্রি. স্নানকারী; গোসলকারী ।

গাধোনি [𑄉𑄙𑄮𑄚𑄨] - ক্রি. স্নানে ব্যবহারযোগ্য (কাপড়ের ক্ষেত্রে প্রযোজ্য) ।

**গান, গিত [𑄉𑄚𑄴, 𑄉𑄨𑄖𑄴]** - বি. গান; গীত।

**গানছা [𑄉𑄚𑄴𑄍]** - বি. গামছা।

**গানা [𑄉𑄚 ]** - বি.গান/গীত গাওয়া।

**গান্দিপুক, গান্ধিপুক [𑄉𑄚𑄴𑄘𑄨𑄛𑄪𑄇𑄴, 𑄉𑄚𑄴𑄙𑄨𑄛𑄪𑄇𑄴]** - বি. গান্ধিপোকা ।

**গাব, গাপ, কেদগুলো [𑄉𑄝𑄴, 𑄉𑄛𑄴 ]** - বি.গাছের কষ (যা রঙ প্রস্তুতেও ব্যবহারযোগ্য)।

    **~ গুলা [𑄉𑄝𑄴𑄉𑄪𑄣]** - বি. গাব (ফল)।

    **~ দ্যা [𑄉𑄝𑄴𑄘𑄳𑄠]** - ক্রিবিণ. গাবানোকৃত।

**গা'বন [𑄉𑄧𑄝𑄚𑄴] - বি. গারক্ষা**। [ যেমন গাবন'তাবিচ [𑄉𑄧𑄝𑄚𑄴-𑄖𑄝𑄨𑄌𑄴 ] - গারক্ষার তাবিজ]।

**গাবানা [𑄉𑄝𑄚]** - বি.সুতায় গাব দেওয়া।

**গাবালা [𑄉𑄝𑄣]** - বি.গামলা।

**গাভি [𑄉𑄞𑄨]** - বি.তরকারিতে মিশ্রণযোগ্য চালের বাটা ।

**গাভিন [𑄉𑄞𑄨𑄚𑄴 ]** - বি. গর্ভবতী গরু।

**গাভুর [𑄉𑄞𑄪𑄢𑄴]** বি, বিণ. ১.যুবক। ২.মজুর, ৩. চাকর। বিণ. যৌবন।

    **~ কাল [𑄉𑄞𑄪𑄢𑄴𑄇𑄣𑄴]** - বি. যৌবনকাল।{ অহমীয়াঃ গভরু; হিন্দিঃ গভরূ }

**গাভুরজ্যা, গাভুর্জ্যা [𑄉𑄞𑄪𑄢𑄴𑄎𑄳𑄠]** - বি. যুবক।

**গাভুরি, গাভুরী [𑄉𑄞𑄪𑄢𑄨, 𑄉𑄞𑄪𑄢𑄩 ]** - বিণ. যুবতী।

**গামারি, গামেরি [𑄉𑄟𑄢𑄨, 𑄉𑄟𑄬𑄢𑄨]** - বি. গাম্ভারি গাছ ও ঐ গাছের তক্তা।

**গায়, গাই [𑄉𑄠𑄴, 𑄉𑄭, 𑄉𑄠𑄴𑄉𑄠𑄴]** - বিণ. একা। একাকী।

**গায়গায় [𑄉𑄠𑄴𑄉𑄠𑄴]** - ক্রি. বিণ. একা একা।

**গারানা [𑄉𑄢𑄚]** - ক্রি.মাটিতে পোঁতা; মাটি চাপা দেওয়া।

**গারালি [𑄉𑄢𑄣𑄨]** - বি. খোর (মদখোর) ।

**গারিমুরি [𑄉𑄢𑄨𑄟𑄪𑄢𑄨 ]** - বি. যোনি; **জড়ায়ু**। (অশিষ্ট)

**গারিহ্ , গারি [𑄉𑄢𑄨𑄦𑄴, 𑄉𑄢𑄨 ]** - বি. গাড়ি।

**গারুলি [𑄉𑄢𑄪𑄣𑄨]** - বি. সাপুড়ে; বিষবৈদ্য।

**গারিহ্ [𑄉𑄢𑄨𑄦𑄴]** - বি (মোটর) গাড়ি।

**গারেঙ, গারেং [𑄉𑄢𑄬𑄋𑄴, 𑄉𑄢𑄬𑄁]** - বি.জুমে বিশ্রামের জন্য নির্মিত মাচাং-এর উপর চালযুক্ত বেড়াবিহীন ছোট আকারের বিশ্রামঘর। [ তুলনীয় ত্রিপুরা/ককবরকঃ **গাইরিং** ]।

**গারেগায় [𑄉𑄢𑄬𑄉𑄠𑄴]** - ক্রি. বিণ. আপনিতেই; আপনাআপনি।

**গারো [𑄉𑄢𑄮 ]** -বি. গারো। { গারো পাহাড়ের অধিবাসী; মেঘালয় রাজ্যের অধিবাসী}

**গাল** [𑄉𑄣𑄴] - বি. ১. গাল; কপোল । ২. গুল; মিথ্যাকথা ।

~ **চাবা** [𑄉𑄣𑄴𑄌𑄝] - বি.গন্ডদেশ ।

**গালগাল** [𑄉𑄣𑄴𑄉𑄣𑄴] - বি. গালভর্তি ।

**গাল-মাধানা** [𑄉𑄣𑄴-𑄟𑄙𑄚] - ক্রি.১.গুল মারা । ২.অসত্য কথা বলা ।

**গালুয়া-শামুক** [𑄉𑄣𑄴𑄣𑄪𑄠-𑄥𑄟𑄪𑄇𑄴] - বি.এক প্রকার কালো রঙের গোলাকৃতি শামুক ।

**গাহ্ক** [𑄉𑄦𑄴𑄇𑄴] - বি. গ্রাহক; ক্রেতা ।

**গিগিরগাগার, গিগিরগিগির** [𑄉𑄨𑄉𑄨𑄢𑄴𑄉𑄉𑄢𑄴,𑄉𑄨𑄉𑄨𑄢𑄴𑄉𑄨𑄉𑄨𑄢𑄴] -ক্রি.বিণ. কম্প হওয়ার ভাব ।

**গিত, গীত** [𑄉𑄨𑄖, 𑄉𑄩𑄖𑄴] - বি. গান; গীতি; গীত ।

**গিত্থা** [𑄉𑄨𑄖𑄴𑄗] - বি.গ্রন্থি; গিঁট ।

**গিরগিরানা** [𑄉𑄨𑄢𑄴𑄉𑄨𑄢𑄚] - ক্রি. কম্পিত হওয়া ।

**গিরাহ্** [𑄉𑄨𑄢𑄦𑄴] - বি. গ্রন্থি, গাঁট । [ যেমন, বাঝ'গিরাহ্ - বাঁশের গ্রন্থি] ।

**গিরি** [𑄉𑄨𑄢𑄨] - বি.গৃহস্থ; গৃহী । [ যেমন, একটি বিশেষ খেলার ছড়ায়ঃ ছাগলগিরি-রে গিরি, কামা-মাধা গোরগোরি ।]

**গিরিং, গিরিঙ** [𑄉𑄨𑄢𑄨𑄁, 𑄉𑄨𑄢𑄨𑄋𑄴] - বি. ধানবিশেষ ও ঐ ধানের চাল । [প্রবাদঃ ভাদ'রাজা গিরিং, মাঝরাজা চিরিং । = ভাতের মধ্যে গিরিং চালের ভাত এবং মাছের মধ্যে চিরিং মাছ উত্তম ।]

**গিরিত্থি** [𑄉𑄨𑄢𑄨𑄖𑄴𑄗𑄨] - বি.গৃহস্থালি ।

**গিরোচ, গিরোজ** [𑄉𑄨𑄢𑄮𑄌𑄴, 𑄉𑄨𑄢𑄮𑄎𑄴] - বি.প্রভু , মালিক ।

**গিল** [𑄉𑄨𑄣𑄴] - বি. লতা বাহিয়া ওঠার গাচের খুঁটি বা বাঁশের খুঁটি । ক্রি. (তুই) গিল; গলাধকরণ করো ।

**গিলানা** [𑄉𑄨𑄣𑄚] - ক্রি. গলাধঃকরণ করা, গিলা ।

**গিলিগ-গরানা** [𑄉𑄨𑄣𑄨𑄉𑄴-𑄉𑄧𑄢𑄚] - ক্রি. গ্রাস করা ।

**গিত, গীত** [𑄉𑄨𑄖𑄴, 𑄉𑄩𑄖𑄴 ] - বি. গীতি; গান

**গুই** [𑄉𑄪𑄄] - বি. গোসাপ; গুইসাপ ।

**গুইয়াম, গোইয়াম** [𑄉𑄪𑄄𑄠𑄟, 𑄉𑄮𑄄𑄠𑄟𑄴] - বি. পেয়ারা । [মারমা, রাখাইন **'গৌয়াসি'**] ।

**গুঁতগুঁত** [𑄉𑄪𑄀𑄖𑄴𑄉𑄪𑄀𑄖𑄴 ] - অব্য.জলপানের শব্দ ।

**গুঁয়েক** [𑄉𑄪𑄀𑄠𑄬𑄇𑄴 ] - অব্য. শূকরের চীৎকারধ্বনি । (ধ্বন্যা) [ তুলনীয় **ত্রিপুরাঃ গুমতাক** ]

**গুগুরগুগুর** [𑄉𑄪𑄉𑄪𑄢𑄴-𑄉𑄪𑄉𑄪𑄢𑄴 ] - অব্য. ১.বনবন ( ঘুরার শব্দ ) ।
২. ড্রাম ইত্যাদিও গড়িয়ে গড়িয়ে পতনের শব্দ ।

**গুভুত্যা** [𑄉𑄪𑄞𑄪𑄖𑄳𑄠] - বি.টকজাতীয় ক্ষুদ্রাকৃতি বিশিষ্ট বন্যফল বিশেষ ।

**গুচ** [𑄉𑄪𑄌𑄴 ] - বি. ১.মালকোঁচা । ২. গোড়ালির রগ ।

গুচ্ছানা, গুচ্ছ্যানা [𑄉𑄪𑄍𑄴𑄍𑄚, 𑄉𑄪𑄍𑄳𑄠𑄚 ] - ক্রি. গুছানো, গোছগাছ করা ।

গুচ্ছেইয়া [𑄉𑄪𑄍𑄴𑄍𑄬𑄃𑄨𑄠/𑄉𑄪𑄍𑄴𑄍𑄬𑄠 ] - ক্রি. বিণ. গোছানেকৃত ।

গুজং, গুজঙ [𑄉𑄪𑄎𑄁, 𑄉𑄪𑄎𑄋𑄴] - বি. কুব্জ; কুঁজো ।

গুজাঙ্যা-খা [𑄉𑄪𑄎𑄋𑄳𑄠 -𑄈] - বি. ঐতিহ্যবাহী চাকমা বর্ণমালা অঝাপাঠ-এর দ্বিতীয় বর্ণ (𑄈 )-এর নাম । [ এটির পৃষ্ঠদেশ গুজং মানে কুঁজো বলে ] ।

গুজানা [𑄉𑄪𑄎𑄚] - ক্রি. গুজে রাখা ।

গুজুরানা [𑄉𑄪𑄎𑄪𑄢𑄚] - ক্রি. ১. গর্জন করা । ২. মেঘগর্জন করা ।

গুজিগুজি [𑄉𑄪𑄎𑄨𑄉𑄪𑄎𑄨] - ক্রি. বিণ.গুমরিয়ে গুমরিয়ে ।

গুণ [𑄉𑄪𑄚𑄴] - বি. গুণ ।

গুণ্যা [𑄉𑄪𑄚𑄳𑄠] - ক্রি.বিণ. গণনাকৃত ।

গুত [𑄉𑄪𑄖𑄴] - বি.ক্ষুদ্র বোতাম ।

গুতগুত [𑄉𑄪𑄖𑄴𑄉𑄪𑄖𑄴] - বি. গুটিগুটি বা গোলগোল ।

গুতগুত্যা, গুগুত্যা [𑄉𑄪𑄖𑄴𑄉𑄪𑄖𑄳𑄠 , 𑄉𑄪𑄉𑄪𑄖𑄳𑄠 ] - বি. এক প্রকার ছোট টক স্বাদের বন্যফল ।

গুত্থি [𑄉𑄪𑄖𑄴𑄗𑄨] - বি. গোত্র, গোষ্ঠী, বংশ ।

~ গুদুরি [𑄉𑄪𑄘𑄪𑄢𑄨] - বি. গোত্রপরম্পরা; গোত্রগোত্রী ; জাতিগোষ্ঠী ।

~ গঝা [𑄉𑄧𑄏𑄉𑄪𑄖𑄴𑄗𑄨] - বি. দলগোত্রাদি ।

গুথ্যা [𑄉𑄪𑄗𑄳𑄠, 𑄉𑄪𑄖𑄴𑄗𑄳𑄠 ] - বি. মগজ, ঘিলু ।

গুদানা [𑄉𑄪𑄘𑄚] - ক্রি. গুঁতা মারা; খোঁচা দেওয়া ।

গুদাম [𑄉𑄪𑄘𑄟𑄴] - বি.গুদাম ।

~ মাট্যা [𑄟𑄑𑄳𑄠𑄉𑄪𑄘𑄟𑄴] - বি.গুদাম ।

গুদি [𑄉𑄪𑄘𑄨 ] - বি. ১. দুর্গতি । ২. গুটি ( লুডু খেলার গুটি ) । ৩.কামরা ।

গুদুং, গুধুং [ 𑄉𑄪𑄘𑄪𑄁, 𑄉𑄪𑄘𑄪𑄋𑄴, 𑄉𑄪𑄙𑄪𑄁 ] - বি. এক প্রকার ছোট আকারের মাছ ।

গুদুখারা [𑄉𑄪𑄘𑄪𑄈𑄢 ] - বি.হাডুডু খেলা ; কাবাডি জাতীয় খেলা ।

গুদুমপাক, গুরুংপাক [ 𑄉𑄪𑄘𑄪𑄟𑄴𑄛𑄇𑄴, 𑄉𑄪𑄢𑄪𑄁𑄛𑄇𑄴 ] - বি.স্বস্থানে থেকে বা কেন্দ্রের চারিপাশে কোনো ব্যক্তি বা প্রাণীর ঘূর্ণন পাক খাওয়া ।

গুদুমগাদাম [𑄉𑄪𑄘𑄪𑄟𑄉𑄘𑄟𑄴] - অব্য. মারপিটের শব্দ । (ধ্বন্যা)

গুদুরগুদুর [𑄉𑄪𑄘𑄪𑄢𑄴 𑄉𑄪𑄘𑄪𑄢𑄴] - ক্রি. বিণ. ঘনঘন ।

গুদুত্থুক-গাদাত্থাক [ 𑄉𑄪𑄘𑄪𑄖𑄴𑄗𑄪𑄇𑄴- 𑄉𑄘𑄖𑄴𑄗𑄇𑄴 ] - বিণ. বেঁটে ও মোটা ।

**গুদেইয়া** [𑄉𑄪𑄘𑄬𑄃𑄨𑄠 / 𑄉𑄪𑄘𑄭𑄠] - বি. ১. গুঁতা মারে যে । ২. চোঙ্গায় বিশেষ প্রক্রিয়ায় রান্নাকরা তরকারি বিশেষ ( মাছ, মাংস, কাঁচা লঙ্কা ইত্যাদি মিশিয়ে বিশেষ প্রক্রিয়ায় চোঙ্গায় রান্না করা তরকারি) । বিণ. গুঁতিয়ে প্রস্তুতকৃত (রান্না করাতরকারি) ।

**গুধি** [ 𑄉𑄪𑄙𑄨] - বি. কক্ষ; কামরা ।

**গুধুংপাক** [ 𑄉𑄪𑄙𑄪𑄁𑄛𑄇𑄴 ] - বি. স্বস্থানে থেকে কোনো ব্যক্তি বা জন্তুর আবর্তন ।

**গুন, উন** [𑄉𑄪𑄚𑄴, 𑄃𑄪𑄚𑄴 ] -অব্য. বহুত্ব নির্দেশক প্রত্যয় । (যেমন, মিলাগুন = মহিলারা/ মেয়েরা/মেয়েগুলি) ।

**গুমগুমানা** [𑄉𑄪𑄟𑄴𑄖𑄨 ] - ক্রি. গমগম আওয়াজ করা ।

**গুমতি** [𑄉𑄪𑄟𑄴𑄖𑄨 ] - বি. খাগড়াছড়ি জেলার গুমতি মৌজা (নং ১৮৯) ও ঐ নামের নদী । { তুলনীয় ত্রিপুরাঃ তোই/তৈ=নদী} ।

**গুমুরানা** [𑄉𑄪𑄟𑄪𑄢𑄚] - ক্রি. চাপা গর্জন করা ।

**গুমেইযানা** [𑄉𑄪𑄟𑄬𑄃𑄨𑄡𑄚] - ক্রি. অতিবাহিত হওয়া ।

**গুমেতগাঙ** [𑄉𑄪𑄟𑄬𑄖𑄴𑄉𑄋𑄴] -বি. গোমতি নদী ।{ত্রিপুরা/ককবরকঃ তোই/ তি = নদী}

**গুমোর** [𑄉𑄪𑄟𑄮𑄢𑄴]- বি. ১. গোপন অভিসন্ধি; গোপন কথা । ২. দেমাগ ।

**গুয়োচিল্লা, গুয়োচিল্লা-বোলি** [𑄉𑄪𑄠𑄮𑄌𑄨𑄣𑄳𑄣/𑄉𑄪𑄠𑄮𑄌𑄨𑄣𑄳𑄣𑄝𑄮𑄣𑄨] - বি. ঐ নামের এক বলীকে নিয়ে রূপকথা । {< *গুয়া*=সুপারি + *চিল্লা*=টুকরা}

**গু-র, গুরা** [𑄉𑄪𑄢𑄴, 𑄉𑄪𑄢] - বি. শিশু ।

~ চিগোন [𑄌𑄨𑄉𑄮𑄚𑄴𑄉𑄪𑄢𑄴]- ছোট শিশু ।

~লেদা [𑄣𑄬𑄘𑄉𑄪𑄢𑄴]- বি. দুগ্ধপোষ্য শিশু ।

**গুরগুরেই** [𑄉𑄪𑄢𑄴𑄉𑄪𑄢𑄬, 𑄉𑄪𑄢𑄴𑄉𑄪𑄢𑄬𑄃𑄨 ] - ক্রি.বিণ. গড়গড়িয়ে ।

**গুরপুয়া, গুরাপুয়া** [ 𑄉𑄪𑄢𑄴𑄛𑄪𑄠 , 𑄉𑄪𑄢𑄛𑄪𑄠 ] - বি. ছোট ছেলে ।

**গুরি** [ 𑄉𑄪𑄢𑄨] - বিণ. গুঁড়া; ক্ষুদ্র ।

~ মোরিচ [𑄉𑄪𑄢𑄨𑄟𑄮𑄢𑄨𑄌𑄴 ] ধানে মরিচ ।

**গুরি** [𑄉𑄪𑄢𑄩] - বিণ. অতি ক্ষুদ্র; গুঁড়ো; চূর্ণ ।

**গুরিং, গুরিঙ** [𑄉𑄪𑄢𑄨𑄁, 𑄉𑄪𑄢𑄨𑄋𑄴] - বিণ. অতি ক্ষুদ্র; গুঁড়ো ।

**গুরিংগারাং, গুরিঙগারাঙ** [𑄉𑄪𑄢𑄨𑄁𑄉𑄢𑄁, 𑄉𑄪𑄢𑄨𑄋𑄴𑄉𑄢𑄋𑄴] - বিণ. ছোটোমোটো ।

**গুরুং, গুরুঙ** [𑄉𑄪𑄢𑄪𑄁, 𑄉𑄪𑄢𑄪𑄋𑄴] - অব্য. ১. মেঘগর্জন । (ধ্বন্যা) ২. বন্দুকের গর্জন । ৩. গাছ বা ভারী কিছু পতনের শব্দ ।

**গুরুংগারাং** [𑄉𑄪𑄢𑄪𑄁𑄉𑄢𑄁] - অব্য. ১. মেঘগর্জন ।

**গুরুংগুরুং** [𑄉𑄪𑄢𑄪𑄁𑄉𑄪𑄢𑄪𑄁] - অব্য.পরপর বা ঘনঘন মেঘগর্জন বা বন্দুকের গর্জন এবং বৃক্ষ বা অথবা ভারী কিছুর পতনের শব্দ বা আওয়াজ ।

**গুরুথাগুর** [𑄉𑄪𑄢𑄪𑄗𑄉𑄪𑄢𑄴 ] - বি.গুরু (গুরুঠাকুর) ।

**গুরুংগুরুং** [𑄉𑄪𑄢𑄪𑄁𑄉𑄪𑄢𑄪𑄁] - অব্য. ১. মেঘগর্জন (ধ্বন্যা); গুরুগুরু । ২. বন্দুকের আওয়াজ ।

**গুরুতগুরুত** [𑄉𑄪𑄢𑄪𑄁𑄉𑄪𑄢𑄪𑄁] - অব্য.১.শক্ত কিছু দিয়ে ঘষার শব্দ । (ধ্বন্যা.)

**গুর্খা, গুরখা** [𑄉𑄪𑄢𑄴𑄈] - বি. (নেপালের) পার্বত্য যোদ্ধা জাতিবিশেষ (গুর্খা) ।

**গুলচোধুরি, গুচচোধুরি** [𑄉𑄪𑄣𑄴𑄌𑄮𑄙𑄪𑄢𑄨, 𑄉𑄪𑄌𑄴𑄌𑄮𑄙𑄪𑄢𑄨] - বি. দোয়েল ।

**গুল** [𑄉𑄪𑄣𑄴] - বিণ. গোল; বর্তুলাকার; বৃত্তাকার । ক্রি. (তুমি) মিশ্রিত করো; মাখো ।

**গুলসা** [𑄉𑄪𑄣𑄴𑄥] - বি. এক প্রকার ছোট জাতীয় মাছ ।

~ **বাঘ** [𑄝𑄊𑄴-𑄉𑄪𑄣𑄴𑄥] - বি. ডোরাকাটা **দাগবিশিষ্ট** এক প্রকার ছোট জাতীয় মাছ ।

**গুলসাখালি** [𑄉𑄪𑄣𑄴𑄥𑄈𑄣𑄨] -বি. রাঙামাটি পার্বত্য জেলার একটি নদী ও তৎ তীরবর্তী স্থান ।

**গুলা** [𑄉𑄪𑄣] - বি. ফল (বৃক্ষজাত ফল) ।

~ **কধক** [𑄉𑄪𑄣𑄇𑄙𑄇𑄴] - বিণ. কতকগুলো; অল্প কতক ।

**গুলাগুলি** [𑄉𑄪𑄣𑄉𑄪𑄣𑄨] - বি. ফলফলাদি । ক্রি. মাখামাখি ।

**গুলানা** [𑄉𑄪𑄣𑄚] -ক্রি. মাখা ।

**গুলি** [𑄉𑄪𑄣𑄨] - বি. ১.সীসা ইত্যাদির তৈরি বন্দুকের গুলি, ২.মাটির তৈরি গুলি; বাঁটুল । ক্রি. ( আমরা) মাখি; লেপন করি ।

**গুলুক** [𑄉𑄪𑄣𑄪𑄇𑄴 ] - বিণ. ঢাকনিযুক্ত ক্ষুদ্রপাত্র বা আধারবিশেষ । (যেমন, সুবারি গুলুক = সুপারি রাখার কৌটা) ।

**গুলুগুলু** [𑄉𑄪𑄣𑄪𑄉𑄪𑄣𑄪 ] - বিণ. নাদুসনুদুস গোরগাল অবয়ব চেহারবিশিষ্ট শিশু ।

**গুলুক** [𑄉𑄪𑄣𑄪𑄇𑄴] - বি. ক্ষুদ্রপাত্র ।৯ যেমন, সুবারি গুলুক = সুপারি রাখার পাত্র ইত্যাদি)

**গুলেক** [𑄉𑄪𑄣𑄬𑄇𑄴 ] - বিণ. গোটাকয়েক ; অল্পকতক ।

**গুল্লেক, গুল্লেত** [𑄉𑄪𑄣𑄴𑄣𑄬𑄇, 𑄉𑄪𑄣𑄴𑄣𑄬𑄖𑄴 ] - বি.(শিকারকার্যে) শিকারীর সহকারী বা সঙ্গী

**গুহ্যাংগুহ্যাং** [𑄉𑄪𑄦𑄳𑄠𑄁𑄉𑄪𑄦𑄳𑄠, 𑄉𑄪𑄦𑄳𑄠 𑄉𑄪𑄦𑄳𑄠𑄁 ] - ক্রি. বিণ. গজেন্দ্রবৎ পদব্রজে ।

গেইত, গেত [𑄉𑄬𑄃𑄨𑄖𑄴, 𑄉𑄬𑄃𑄨𑄖𑄴 ] - বি. গ্রন্থি; গিঁট; গিঁরা ।

গেইত গেইত [𑄉𑄬𑄃𑄨𑄖𑄴𑄉𑄬𑄃𑄨𑄖𑄴] - ক্রি. বিণ. গিঁরাগিঁরা ।

গেইন, গেন [𑄉𑄬𑄃𑄨𑄚𑄴, 𑄉𑄬𑄚𑄴] - বি.গায়েন কর্তৃক আসরে পরিবেশিত গীত বা গান ।

~ তামাঝা [𑄉𑄬𑄃𑄨𑄚𑄴-𑄖𑄟𑄏]- বি.গানতামাশা ।

~ দোলি [𑄉𑄬𑄃𑄨𑄚𑄴𑄘𑄮𑄣𑄨]- বি.গায়েনের দলী; যাত্রাদলী ।

গেইল, গেল [𑄉𑄬𑄃𑄨𑄣𑄴, 𑄉𑄬𑄣𑄴 ] - বি.গালি । ক্রি. (সে) গেল ।

গেংগুলি, গেঙখুলি,গেঙখুলী [𑄉𑄬𑄁𑄉𑄪𑄣𑄨 , 𑄉𑄬𑄋𑄴𑄉𑄪𑄣𑄨, 𑄉𑄬𑄋𑄴𑄉𑄪𑄣𑄩 ] - বি. চাকমা সমাজের চারণকবি বিশেষ; ballad singer, **bard**. { < গায়েন+ওয়ালি ?}

গেঁরা [𑄉𑄬𑄀𑄢] - বি.গভার ।

গেচ্ছেত, ঘেচ্ছেত [𑄉𑄬𑄌𑄴𑄍𑄬𑄖𑄴, 𑄊𑄬𑄌𑄴𑄍𑄬𑄖𑄴] - অব্য. বাস্তবিক ।

গেজগেজানা [𑄉𑄬𑄎𑄚] - ক্রি.বকাঝকা করা ।

গেজানা [𑄉𑄬𑄎𑄨𑄖𑄴, 𑄉𑄬𑄎𑄨𑄖𑄳] - ক্রি.গজানো; অঙ্কুরিত হওয়া ।

গেজা-মারানা [𑄉𑄬𑄎-𑄟𑄢𑄚] - ক্রি.আক্রোশের তৃপ্তি ঘটা বা ঘটানো ।

গেত [𑄉𑄬𑄖𑄴] - বি. গ্রন্থি; গিঁরা; গাঁট ।

গেদা [𑄉𑄬𑄘] - বি. ক্ষেপ; বার ।(যেমন, পাচগেদা= পাঁচবার) ।

ক্রি. ( আপনি/আপনারা) গাহেন তো ।

গেনগেনি-চোদ্দেং [𑄉𑄬𑄚𑄴𑄉𑄬𑄚𑄨-𑄌𑄮𑄘𑄴𑄘𑄬𑄁] - বি. মৃতের অনুষ্ঠানে ঢোলের তালবিশেষ ।

গেনোদলী, গেনোদলি [𑄉𑄬𑄚𑄮𑄘𑄣𑄩, 𑄉𑄬𑄚𑄮𑄘𑄣𑄨] - বি. যাত্রাদলী, যাত্রাদলি ।

গেরা [𑄉𑄬𑄢] - বি. এক প্রকার শতপদী; centipede.

গেরাহ্ [𑄉𑄬𑄢𑄦𑄴] - বি. গভার । { তুলনীয় অসমীয়াঃ গেঁরা ।}

গেলং [𑄉𑄬𑄣𑄁] - বি. ধানবিশেষ ও ঐ ধানের চাল ।

গোঁয়েই, গোঞেই [𑄉𑄮𑄀𑄠𑄬𑄃𑄨, 𑄉𑄮𑄐𑄬𑄃𑄨] - বি. গৌতমবুদ্ধ (গৌতমবুদ্ধের প্রতীক রূপে তাঁর মূর্তি) ।{< **গোস্বামী** (গো+স্বামী) । তিব্বত ভ্রমণকারী লেখক পন্ডিত রাহুল সাংকৃত্যায়নের লেখা থেকে জানা যায় যে, ৬৪১ খ্রিস্টাব্দে তিব্বতী সম্রাট স্রোঙচেন-স্‌গেম-পো কর্তৃক চীনবিজয়ের পরে তথা থেকে তিব্বতের লাসায় আনীত চন্দন কাঠের বুদ্ধমূর্তিকে তথায় প্রতিষ্ঠা করে যে বুদ্ধমন্দির প্রথম প্রতিষ্ঠা করা হয়েছিল ঐ বুদ্ধপ্যাগোডাটিকে "**স্বামী-গৃহ**" অর্থে তিব্বতী ভাষায় "জো-খঙ" বলা হয়ে আসছে ।উক্ত বুদ্ধমূতিটি তৎপূর্বে ভারত থেকে চমঙেগালীয়া হয়ে চীনে নেওয়া হয়েছিল বলে অনুমান করা হয় ।}

গোঁয়েক [𑄉𑄮𑄀𑄠𑄬𑄇𑄴] - অব্য. শূকরের ডাক । (ধ্বন্যা) । তুলনীয় ত্রিপুরাঃ গুমতাক ।

গোঙেই [𑄉𑄮𑄋𑄬𑄃𑄨, 𑄉𑄮𑄋𑄬𑄭] - বি. গৌতমবুদ্ধ (গৌতমবুদ্ধের প্রতীক রূপে তাঁর মূর্তি ) । {< গোস্বামী । পন্ডিত রাহুল সাংকৃত্যায়নের লেখা থেকে জানা যায় যে, ৬৪১ খ্রিস্টাব্দে তিব্বতী সম্রাট স্রোঙচেন-স গেম-পো কর্তৃক চীনবিজয়ের পরে তথা থেকে তিব্বতের লাসায় আনীত চন্দন কাঠের বুদ্ধমূর্তিকে তথায় প্রতিষ্ঠা করে যে বুদ্ধমন্দির প্রথম প্রতিষ্ঠা করা হয়েছিল ঐ বুদ্ধমন্দিরটিকেও "স্বামী-গৃহ" অর্থে তিব্বতী ভাষায় "জো-খঙ" বলা হয় ।}

গোঙেইযানা [𑄉𑄮𑄋𑄬𑄃𑄨𑄡𑄚] - বি. গঙিয়ে চলা ।

গোচগোচ্যা [𑄉𑄮𑄌𑄴𑄉𑄮𑄌𑄳𑄠] - বিণ. গমগমে কন্ঠস্বও স্বভাবের ।

গোজি [𑄉𑄮𑄎𑄨] - বি. পোড়ামাটির তৈরি বড় হাঁড়িবিশেষ ।

গোজোনি [𑄉𑄮𑄎𑄮𑄚𑄨] - বি.মৃদঙ্গ ।

গোজ্যাগোজ্জি [𑄉𑄮𑄎𑄳𑄠𑄉𑄮𑄎𑄴𑄎𑄨] - বি. গড়াগড়ি ।

গোর্জ্যানা [𑄉𑄮𑄢𑄴𑄎𑄳𑄠𑄚] - ক্রি. ১. মাটিতে লুটিয়ে পড়া । ২. গড়াগড়ি দেওয়া ।

**গোঝেন, গোজেন** [𑄉𑄮𑄏𑄬𑄚𑄴, 𑄉𑄮𑄎𑄬𑄚𑄴] - বি. স্রষ্টা ( বিশ্ব ও জীবজগতের স্রষ্টা) ।
{তুলনীয় **অসমীয়াঃ** *গোস্কাইন* = স্রষ্টা}

**গোঝেন'লামা** [𑄉𑄮𑄏𑄬𑄚𑄴𑄣𑄟] - বি. *গোঝেন* ( স্রষ্টা) -এর প্রতি ভক্তি নিবেদনসহ বর প্রার্থনা কামনা করে (১১৮৪ সনে/১৭৭৭ খ্রিস্টাব্দে) চাকমাকবি শিবচরণরচিত ভক্তিমূলক সপ্ত-*লামাহ্* ( গীতিকবিতাগুচ্ছ) ।

**গোঞ্জি** [𑄉𑄮𑄐𑄴𑄎𑄨] - বি. গেঞ্জি ।

**গোদেল, গোধেল** [𑄉𑄮𑄘𑄬𑄣𑄴, 𑄉𑄮𑄙𑄬𑄣𑄴] - বিণ. ১. প্রচুর; পর্যাপ্ত; অসংখ্য । ২. গোয়ালঘর

**গোপ্পুয়া** [𑄉𑄮𑄛𑄴𑄛𑄪𑄠] - বিণ. **গপ্পবাজ** ।

**গোবিয়া** [𑄉𑄮𑄝𑄨𑄠] - বি,বিণ. গালিবর্ষণকারী ।

**গোভিন** [𑄉𑄮𑄞𑄨𑄚𑄴] - বিণ. গহীন; গভীর ।

**গোর** [𑄉𑄮𑄢𑄴] - বি. ১. ওজন । বিণ. ভারী । ২. কবর ।

**গোরখালি** [𑄉𑄮𑄢𑄴𑄈𑄣𑄨] - বি.গুর্খা; **নেপালি** ।

**গোরগোচ্যা, গোরগোজ্যা** [𑄉𑄮𑄢𑄴𑄉𑄮𑄢𑄴𑄌𑄳𑄠, 𑄉𑄮𑄢𑄴𑄉𑄮𑄢𑄴𑄎𑄳𑄠] - ক্রি. গড়গড়িয়ে চলে এমন ।

**গোরজ্যানা, গোর্জ্যানা** [𑄉𑄮𑄢𑄴𑄎𑄳𑄠𑄚] - ক্রি. ১.গড়াগড়ি দেওয়া, ২. গড়িয়ে নিম্নের দিকে যাওয়া (গড়ানো) । ৩. গড়িয়ে নিয়ে যাওয়া ।

**গোরজ্যাগোরজ্যা/গোর্জ্যাপোর্জ্যা** [𑄉𑄮𑄢𑄴𑄎𑄳𑄠𑄛𑄮𑄢𑄴𑄎𑄳𑄠] - বি. বিঝু উৎসবের তৃতীয় দিবস (নববর্ষের দিন) ও ঐ দিনের উৎসব; মুল বিঝু দিনের পরের দিন ও ঐ দিনে অনুষ্ঠেয় উৎসব ।

**গোরগোর্জ্যাছোরি** [𑄉𑄮𑄢𑄴𑄉𑄮𑄢𑄴𑄎𑄳𑄠-𑄍𑄮𑄢𑄨] - বি. খাগড়াছড়ি জেলার একটি ছোটনদীর নাম ।

**গোরিপ, নেইয়া** [𑄉𑄮𑄢𑄨𑄛𑄴, 𑄚𑄬𑄃𑄨𑄠] - বি, বিণ. গরীব; নিঃস্ব ।

**গোরিয়া** [𑄉𑄮𑄢𑄨𑄠] - বি. যে লোক কাজটি করে; কার্যসম্পাদনকারী ।

**গোরু** [𑄉𑄮𑄢𑄪] - বি. গরু ।

~ **উর** [𑄉𑄮𑄢𑄪𑄃𑄪𑄢𑄴] - বি.গরুউড়া ।

~ **গরক** [𑄉𑄮𑄢𑄪-𑄉𑄧𑄢𑄧𑄇𑄴] - বি. রাখাল (গরু-রক্ষক) ।

~ **ছ** [𑄉𑄮𑄢𑄪-𑄍𑄧] - বি.বাছুর ।

~ **হ্রো** [𑄉𑄮𑄢𑄪-𑄦𑄬𑄢] - বি. গোমাংস ।

**গোরেইয়া** [𑄉𑄮𑄢𑄬𑄃𑄨𑄠, 𑄉𑄮𑄢𑄰𑄠] - বি. যে করায় ।

**গোর্জ্যানা** [𑄉𑄮𑄢𑄴𑄎𑄳𑄠𑄚] - ক্রি. ১. মাটিতে লুটিয়ে পড়া । ২. গড়াগড়ি দেওয়া ।

**গোহ্র** [𑄉𑄮𑄢𑄴] - বিণ. ভারী ।

**গ্যান** [𑄉𑄳𑄠𑄚𑄴] - বি. জ্ঞান ।

**গ্যানতামাঝা** [𑄉𑄳𑄠𑄚𑄴𑄖𑄟𑄏] - বি. গানতামাশা ।

**গ্রুত** [𑄉𑄳𑄢𑄪𑄖𑄴] - অব্য. মূলোৎপাদনের শব্দ ।(ধ্বন্যা)

# ঘ [ 𑄊 ]

**ঘক্করক [𑄊𑄇𑄴𑄇𑄢𑄇𑄴 ]** - অব্য. বাক্স-পেটরা বাঁধার শব্দ । (ধ্বন্যা) ।

**ঘঙদা [𑄊𑄋𑄘]** - বি. ঘোমতা ।

**ঘঙদাত-তা [𑄊𑄋𑄘𑄖𑄴 -𑄖]** - বি. চাকমা ঐতিহ্যবাহী বর্ণমালা অঝাপাঠের ২১ তম বর্ণের নাম । {এই বর্ণটির ডান দিকে ঘোমটার মত চিহ্ন আছে বলে ।}

**ঘঙানা [𑄊𑄋𑄚 ]** - ক্রি. হিংস্রপ্রাণীর চাপা গর্জন করা ।

**ঘঝক-কলক [𑄊𑄏𑄇𑄴𑄇𑄣𑄇𑄴 ]** - বিণ. এলেমেলো ।

**ঘঝাঘঝি [ 𑄊𑄏𑄚 ]** - ক্রি. ঘষাঘষি ।

**ঘঝা [𑄊𑄏𑄚 ]** - বি. হাল (অবস্থা) । ক্রি. ঘষা ।

**ঘঝানা [𑄊𑄏𑄚 ]** - ক্রি. ঘষা ।

**ঘন [ 𑄊𑄚𑄴 ]** - বিণ. ঘন ।

**ঘনঘনি [ 𑄊𑄚𑄴𑄊𑄚𑄨 ]** - বি. বনবিলাস নামক রূপকথায় জনৈক রাক্ষুসীর নাম ।

**ঘনপিন [ 𑄊𑄚𑄴𑄛𑄨𑄚𑄴 ]** -ক্রিবিণ. ঘন করে বুননকৃত ।

**ঘনা [𑄊𑄚 ]** - বি. অপ্রকাশ্য সংকীর্ণ স্থান (ঘোনা ) । ক্রি.( তুমি) নিকটবর্তী হও ।

**ঘনাত্যা [𑄊𑄚𑄖𑄳𑄡 ]** - বিণ. ঘনকৃত; ঘনিষ্ট ।

**ঘনানা [𑄊𑄚𑄚 ]** - ক্রি. ঘনানো; নিকটবর্তী হওয়া বা করা বা করা ।

**ঘন্দা [𑄊𑄚𑄴𑄘, 𑄊𑄚𑄴𑄙]** - বি.ঘণ্টা ।

**ঘবা, ঘভা [𑄊𑄝, 𑄊𑄞]** - বি. বিষাক্ত ঘা; বড় ঘা । ।

  **~ বাঘ [𑄊𑄝-𑄝𑄊𑄴 ]** - বিণ. আহত ব্যাঘ্র ।

  **~ শুগোর [𑄊𑄝-𑄥𑄪𑄉𑄮𑄢𑄴 ]** - বিণ. আহত শূকর ।

**ঘর [𑄊𑄢𑄴]** - বি. ঘর, বাড়ি ।

  **~ গিরিথ্থি [𑄊𑄢𑄴𑄉𑄨𑄢𑄨𑄗𑄴𑄗𑄨 ]** - বি. গৃহস্থালী, ঘরসংসার ।

  **~ পাদা [𑄊𑄢𑄴𑄛𑄘]** - বি. ঘরের ভিটা ।

**ঘরাবাচ্ছুরি [𑄊𑄢𑄝𑄝𑄌𑄴𑄍𑄪𑄢𑄨 ]** -বি. *ভার্জ্যাবাঁশের* গোড়া থেকে প্রাপ্ত বাঁশকোড়ল । { গড়ার + বাচ্চুরি = কোঁড়ল }

**ঘরাহ্ [𑄊𑄢𑄦𑄴 ]** -বি. ঘোড়া ।

  **~হ্ইত [ 𑄦𑄬𑄃𑄨𑄖𑄴𑄊𑄢𑄦𑄴 ]** - বি. হাতিঘোড়া ।

**ঘা [𑄊]** - বি. ঘা; ক্ষত ।

**ঘাংঘাঙানা [𑄊𑄁𑄊𑄋𑄚]** - ক্রি. ক্ষেপাভঙ্গীতে কুকুরের ঘেউঘেউ করা ।

**ঘাঙর [𑄊𑄋𑄢𑄴]** - বি. আইড় (মাছ) ।

**ঘাচ,ঘাস** [𑄊𑄌𑄴, 𑄊𑄥𑄴] - বি. ঘাস ।

**ঘাঝানা** [𑄊𑄏𑄚] - ক্রি. কোনো শিশুর চেহারা অথবা স্বভাব তার নিকটস্থ কোনো আত্মীয়ের চেহারা অথবা স্বভাবের সাথে সাদৃশ্যযুক্ত হওয়া ।

**ঘাঝোনি** [𑄊𑄏𑄮𑄚𑄨] - বি. ঢেঁকির নড়াচড়া যাতে ডানপার্শ্বে বা বামপার্শ্বে চ্যুত না হয় তৎজন্যে এর দু'পাশ ঘেষে স্থাপিত দন্ড ।

**ঘাট, ঘাত** [𑄊𑄑𑄴, 𑄊𑄖𑄴] - বি. ঘাট । ক্রি. (তুই) ঘাটাঘাটি কর ।

**ঘাত্যা** [𑄊𑄖𑄳𑄠] - বি. ঘাটা হয়েছে এমন ।

**ঘাথ্যামি** [𑄊𑄗𑄳𑄠𑄟𑄨] - বি. গোয়ার্তুমি ।

**ঘাদাঘাদি** [𑄊𑄘𑄊𑄘𑄨] - বি. ঘাটাঘাটি ।

**ঘাদানা** [𑄊𑄘𑄚, 𑄊𑄙𑄚] - ক্রি. ১. ঘাটা । ২. ঘাটানো ।

**ঘাম** [𑄊𑄟𑄴] - বি. ঘাম ।

**ঘামানা** [𑄊𑄟𑄚] - ক্রি. ঘর্মাক্ত হওয়া ।

**ঘি** [𑄊𑄨] - বি. ঘি ।

**ঘিঘি** [𑄊𑄨𑄊𑄨] - অব্য.ছাগল তাড়ানোর শব্দ ।

**ঘিঝাঘিচ্যা** [𑄊𑄨𑄏𑄊𑄨𑄌𑄳𑄠] - ক্রি.বিণ. ঘেঁষাঘেঁষি ।

**ঘিন** [𑄊𑄨𑄚𑄴] - বি. ঘৃণা ।

~ **জিত** [𑄎𑄨𑄖𑄴𑄊𑄨𑄚𑄴] - বি, জেতা ও ঘৃণা ।

**ঘিনানা** [𑄊𑄨𑄚𑄚] - ক্রি. ঘৃণা করা ।

**ঘিয়াংঘিয়াং** [𑄊𑄨𑄠𑄁𑄊𑄨𑄠𑄁] -অব্য. অপারদর্শিতা বা আনাড়ির ভঙ্গীতে ।

**ঘিরা** [𑄊𑄨𑄢] - বি. বেষ্টনি; **ঘের** ।

**ঘিরানা** [𑄊𑄨𑄢𑄚] - ক্রি. ঘেরাও করা; বেষ্টন করা ।

**ঘিলা** [𑄊𑄨𑄣] - বি. ১. গিলা । এক প্রকার বন্যলতার ফলের পিঙ্গল রঙের বড় আকারের চ্যাপ্টা বিচি বিশেষ । ২. (মুরগির) গিলা ।

~**কোলজ্যা** [𑄊𑄨𑄣-𑄇𑄮𑄣𑄴𑄎𑄳𑄠] বি.(মুরগির) গিলাকলিজা ।

~ **দা-দ** [𑄊𑄨𑄣-𑄘𑄘𑄧] - বিণ. সাহসী ।

~ **জমর** [𑄊𑄨𑄣𑄎𑄧𑄟𑄧𑄢𑄴] - বিণ. সাহসী ।

**ঘিলাকোজোই** [𑄊𑄨𑄣𑄇𑄮𑄎𑄮𑄃𑄨] - বি. ১. গিলা এবং *কোজোই* নামক একপ্রকারের বন্যতেঁতুল । ২. ঐগুলি পানিতে দিয়ে ঐ পানি কারোর শিরে ছিটিয়ে তাকে, বিশেষত প্রসূতি ও নবজাতককে পবিত্র করার অনুষ্ঠান ।

**ঘিলাখারা** [𑄊𑄨𑄣𑄈𑄢] - বি. ১. বন্য লতায় ধরা ঘিলা (গিলা) নামক বড় আকারের বিচি দিয়ে এক ধরনের পাহাড়ি চিত্তাকর্ষক খেলা ।

ঘিলুক [𑄊𑄨𑄣𑄪𑄇𑄴] - বি. কাঁকড়ার ঘিলু বা মগজ।

ঘু, গু [𑄊𑄪, 𑄉𑄪] - বি. গু; মল; বিষ্ঠা।

ঘুঅপুক[𑄊𑄪𑄃𑄛𑄪𑄇𑄴] - বি. গুবরে পোকা।

ঘুংধুম [𑄊𑄪𑄁𑄙𑄪𑄟𑄴] - বি.বান্দরবান জেলার মৌজাবিশেষ ( নং ২৬৭। {রাখাইন, মারমাঃ *আগঁ / গঁং* = শির/ মাথা + *ধুং< থুম/সুং* (= শেষ/সমাপ্ত)}

ঘুঁতঘুঁত [𑄊𑄪𑄀𑄖𑄴𑄊𑄪𑄀𑄖𑄴] - অব্য. পানি গলাধঃকরণের শব্দ। { ধ্বন্যা}

ঘুক্কুরুক [𑄊𑄪𑄇𑄴𑄇𑄪𑄢𑄪𑄇𑄴 ] - অব্য. ১.বাক্স - পেটরা ঢাকনির বাঁধার শব্দ।(ধ্বন্যা)। ২. আটক বা কারারুদ্ধ করার শব্দ।

ঘুক্কুরুকঘাক্কারাক [𑄊𑄪𑄇𑄴𑄇𑄪𑄢𑄪𑄇𑄴𑄊𑄇𑄴𑄇𑄢𑄇𑄴 ] - অব্য. বাক্স-পেটরা নাড়াচাড়ার শব্দ।

ঘুঙুরা [𑄊𑄪𑄋𑄪𑄢] - বি.উড়চুঙ্গা গুরগুরে পোকা।

ঘুচ [𑄊𑄪𑄌𑄴] - বি. ঘুষ।

ঘুঝাঘুঝি [𑄊𑄪𑄏𑄊𑄪𑄏𑄨 ] - ক্রি.বিণ. ঘুষাঘুষি।

ঘুঝি [𑄊𑄪𑄏𑄨 ] -বি. ঘুষি।

ঘুথ্যা / ঘুট্যা [𑄊𑄪𑄗𑄳𑄠, 𑄊𑄪𑄑𑄳𑄠] - বি. গাছের খুঁটিসদৃশ মাটিসংলগ্ন ভগ্ন অংশ।

ঘুদানা [𑄊𑄪𑄘𑄚 ] - ক্রি. ঘাটা।

ঘুণ, ঘুন [𑄊𑄪𑄕𑄴, 𑄊𑄪𑄚𑄴] - বি. ঘুণ।

ঘুংঘুরুং [𑄊𑄪𑄁𑄊𑄪𑄢𑄪𑄁 ] - অব্য.ধাতব বস্তু বা পাত্রের পতনের শব্দ।

ঘুংঘুরুংঘাংঘারাং [𑄊𑄪𑄁𑄊𑄪𑄢𑄪𑄁𑄊𑄁𑄊𑄢𑄁 ] -অব্য.ধাতব বস্তু বা পাত্রের পতনের শব্দ।

ঘুঞ্জিমুঞ্জি [𑄊𑄪𑄚𑄴𑄎𑄨𑄟𑄪𑄚𑄴𑄎𑄨 ] - বিণ.ঘনিষ্ট।

ঘুদুকঘাদাক [𑄊𑄪𑄘𑄪𑄇𑄴𑄊𑄘𑄇𑄴 ] - বি. গ্যাস হওয়ার কারণে পেটের অস্বস্তিজনক অবস্থা।

ঘুদনি [𑄊𑄪𑄘𑄧𑄚𑄨 ] - বি.ঘাটার কাজে ব্যবহৃত কাঠি।

ঘুধুম, ভুধুম [𑄊𑄪𑄙𑄪𑄟𑄴 ] - অব্য.ভারী বস্তুর পতনের শব্দ। {ধ্বন্যা}

ঘুধুম-ঘাধাম, ভুধুম-ভাদাম [𑄊𑄪𑄙𑄪𑄟𑄴-𑄊𑄙𑄟𑄴, 𑄞𑄪𑄙𑄪𑄟𑄴-𑄞𑄙𑄟𑄴 ] - অব্য. পৃষ্ঠদেশে কিল প্রদানপূর্বক পিটানোর শব্দ; উত্তমমধম প্রদানের শব্দ।{ ধ্বন্যা.}

ঘুদুমুয়া [𑄊𑄪𑄙𑄪𑄟𑄪𑄠 ] - বিণ. বেধপ মোটা।

ঘুনপোর্জ্যা [ 𑄊𑄪𑄚𑄴𑄛𑄮𑄢𑄴𑄎𑄳𑄠] - বিণ. ঘুনে ধরা।

ঘুন্দি, ঘুন্টি [𑄊𑄪𑄚𑄴𑄘𑄨, 𑄊𑄪𑄚𑄴𑄑𑄨] - বি. ১. ঘুড়ি। { হিন্দিঃ গুড্ডী > } । ২. ঘন্টা।

ঘুপ [𑄊𑄪𑄛𑄴] - বি. ঝোপের অন্ধকার।

~ ঘুপ্যা [𑄊𑄪𑄛𑄴𑄊𑄪𑄛𑄳𑄠 ] - বিণ. মিশমিশে (অন্ধকারের ক্ষেত্রে প্রযোজ্য)।

ঘুবঘুবানা [𑄊𑄪𑄝𑄴𑄊𑄪𑄝𑄚] ক্রি. ঘোঁৎঘোঁৎ আওয়াজ করা।

**ঘুভানা, গুবানা [𑄊𑄪𑄞𑄚, 𑄉𑄪𑄝𑄚]** - ক্রি.১.গুম করা; গায়েব করা। ২. গোপন করা।

**ঘুম [𑄊𑄪𑄟𑄴]** - বি. ঘুম; নিদ্রা।

**ঘুমযানা [𑄊𑄪𑄟𑄴𑄎𑄚]** - বি. ঘুমানো।

**ঘুর [𑄊𑄪𑄢𑄴]** - বি. নাকডাকা। বিণ. ঘোর।

**ঘুরানা [𑄊𑄪𑄢𑄚]** - ক্রি. ১. ঘোরা; **ঘোরাফিরা** করা। ২. ঘোরানো।

**ঘুররুং, ঘুরুঙ [𑄊𑄪𑄢𑄪𑄁, 𑄊𑄪𑄢𑄪𑄋𑄴]** - অব্য. ১. বন্দুকের আওয়াজ।(ধ্বন্যা)। ২. মেঘের গর্জন; বজ্রপাতের শব্দ।

**ঘুরুংঘুরুং [𑄊𑄪𑄢𑄪𑄁𑄊𑄪𑄢𑄪𑄁]** - অব্য. ১.ঘনঘন বন্দুকের শব্দ; ফায়ারিং। (ধ্বন্যা)। ২.ঘনঘন মেঘের গর্জন (তুলনীয়: গুরুগুরু); বজ্রপাতের শব্দ।

**ঘুরুং-তুকতুক ঘুরুঙ-তুকতুক, [𑄊𑄪𑄢𑄪𑄁-𑄖𑄪𑄇𑄴𑄖𑄪𑄇𑄴, 𑄊𑄪𑄢𑄪𑄋𑄴-𑄖𑄪𑄇𑄴𑄖𑄪𑄇𑄴]** - অব্য; ঢাকঢোলের তাল বিশেষ। [ আনন্দ অনুষ্ঠানাদিতে ব্যবহার্য ঢোলের তালবিশেষ]।

**ঘুল [𑄊𑄪𑄣𑄴 ]** - বিণ. ঘোলা।

**ঘেই [𑄊𑄬𑄃𑄨 / 𑄊𑄬𑄭 ]** - বি.ঘিলা/ গিলা নিয়ে *ঘিলাখারা* খেলার সময় ইভেন্টবিশেষে হাতের ঘিলা ছুড়ে মাটিতে পাতানো প্রতিপক্ষের ঘিলাকে আঘাতপূর্বক নির্দিষ্ট স্থানচ্যুতিকরণ।

**ঘেংঘর, ঘেঙঘর, ঘ্যাংঘর [𑄊𑄬𑄁𑄊𑄧𑄢𑄴, 𑄊𑄬𑄋𑄴𑄊𑄧𑄢𑄴 ]** - বি. বৌদ্ধভিক্ষুদের বা শ্রমণদের উপসম্পদা বা প্রবজ্যা গ্রহণের জন্য নির্মিত বিশেষ সীমাগৃহ।

**ঘেংঘেরেং [𑄊𑄬𑄁𑄊𑄬𑄢𑄬𑄁]** - অব্য. ধাতব জিনিসপত্র পড়ার শব্দ (ধ্বন্যা)।

**ঘেঙঘেঙি [𑄊𑄬𑄋𑄴𑄊𑄬𑄋𑄨]** - অব্য. কুকুরের ডাকাডাকি, ঘেউঘেউ (ধ্বন্যা)।

**ঘেঘেচ্যা [𑄊𑄬𑄊𑄬𑄌𑄳𑄡]** - অব্য. বাস্তবিকই।

**ঘেচ্ছেং [𑄊𑄬𑄌𑄴𑄍𑄬𑄁 ]** অব্য. গর্দানের শব্দ; ঐভাবে ছিন্ন করার শব্দ।

**ঘেচ্ছেত [𑄊𑄬𑄌𑄴𑄍𑄬𑄖𑄴 ]** - বিণ. বাস্তবিকই।

**ঘেচ্ছেরা, ঘাচ্ছারা [𑄊𑄬𑄌𑄴𑄍𑄬𑄢, 𑄊𑄌𑄴𑄍𑄢 ]** - বি. কথার শৈলী বা ভঙ্গী।

**ঘেঝানা [𑄊𑄬𑄏𑄚]** -ক্রি. ঘেষা; ঘনিষ্ট হওয়া।

**ঘেঝেকঘেঝেক [𑄊𑄬𑄏𑄬𑄇𑄴-𑄊𑄬𑄏𑄬𑄇𑄴]** - অব্য.ধারাল হাতিয়ার/দা দিয়ে পশুপাখি কাটাকুটার শব্দ (ধ্বন্যা)।

**ঘেন্ধেরঘেন্ধের [𑄊𑄬𑄚𑄴𑄙𑄬𑄢𑄴𑄊𑄬𑄚𑄴𑄙𑄬𑄢𑄴]** -বিণ. ঘ্যান ঘ্যান।

**ঘেরেআম [ 𑄊𑄬𑄢𑄬-𑄃𑄟𑄴 ]** - বি. এক প্রকারের ক্ষুদ্রাকৃতি দেশজ বন্যআম।

**ঘেরেংতুকতুক [ 𑄊𑄬𑄢𑄬𑄁𑄖𑄪𑄇𑄴𑄖𑄪𑄇𑄴 ]** অব্য. আনন্দময় অনুষ্ঠানে বাজানো ঢোলের তাল বিশেষ (ধ্বন্যা)। [ তুলনীয়: টাকডুমাডুম}।

**ঘোচ্যা, ঘুচ্যা [𑄊𑄮𑄌𑄳𑄡,𑄊𑄪𑄌𑄳𑄡 ]** -বি. তিল।

~ **নাগা [𑄚𑄉𑄊𑄮𑄌𑄳𑄡]** - বি. এক প্রকারের তিল।

ঘোন্দি [𑄊𑄮𑄚𑄴𑄘𑄨] - বি. ঘণ্টি ।

ঘোন্যা [𑄊𑄮𑄚𑄳𑄠] - বি. এক জাতীয় মাছ (বাউস) ।

~ কালি [𑄇𑄣𑄨𑄊𑄮𑄚𑄳𑄠] - বি. কালি বাউস ।

ঘোরভুয়া, ঘোর্ভুয়া [𑄊𑄮𑄢𑄴𑄞𑄪𑄠] - বি. ঘরোয়া ।

ঘোরি, ঘরি [𑄊𑄮𑄢𑄨, 𑄊𑄧𑄢𑄨] - বি. ঘড়ি ।

ঘ্যাং ঘর [𑄊𑄳𑄠𑄁𑄊𑄧𑄢𑄴] - বি. বৌদ্ধভিক্ষুদের (প্রব্রজ্যা গ্রহণ বা প্রদান কালে) ব্যবহৃত 'সীমাঘর'

## চ [ 𑄌 ]

**[ IPA - তে শব্দের আদিতে এর উচ্চারণ / S / এবং অন্ত্যে হসন্ত যুক্ত অবস্থায় / c / ]**

চ [𑄌] - বি. এক জাতীয় গাছ । [ সাধারণত চাকমা মহিলাদের কোমরতাঁতে সুতা ঘনানোর সোর্ড (sword) এ জাতীয় গাছ থেকে তৈরি করা হয়ে থাকে ] । ক্রি. ১. (তোমরা) দেখো । ২. (আপনি/আপনারা) দেখুন ।

চই, চোই [𑄌𑄧𑄃𑄨, 𑄌𑄮𑄃𑄨] - বি. শাকবিশেষ ।

চংগা, চঙ্গা [𑄌𑄁𑄉, 𑄌𑄋𑄴𑄉] - বি. রাগ; ক্রোধ ।

চকচক [𑄌𑄇𑄴𑄌𑄇𑄴] - ক্রি. বিণ. চকচকে; স্তুপাকারে রক্ষিত (হাঁড়িপাতিল) ।

চকচক্যা [𑄌𑄇𑄴𑄌𑄇𑄳𑄠] -বিণ. চকচকে ।

চকচগানা [𑄌𑄇𑄴𑄌𑄉𑄚] - ক্রি. চকচক করা ।

চকবদানা [𑄌𑄇𑄴𑄝𑄘𑄚] - ক্রি.কুন্ডলী পাকানো বা চক্কর পাকানা ।

চক্কবক্ক [𑄌𑄇𑄴𑄇𑄝𑄇𑄴𑄇] - বিণ. হতচকিত ।

চক্কর [𑄌𑄇𑄴𑄇𑄧𑄢𑄴] -বি.চক্কর (ঘূর্ণন; আবর্তন); প্যাঁচচক্কর ।

~ বক্কর [𑄌𑄇𑄴𑄇𑄧𑄢𑄴𑄝𑄇𑄴𑄇𑄧𑄢𑄴] বিণ. চিত্রবিচিত্র । চর্কা [𑄌𑄢𑄴𑄇] - বি. চর্কা ।

~ চোর্কি [𑄌𑄢𑄴𑄇𑄌𑄮𑄢𑄴𑄇𑄨] - বি. চর্কাচর্কি ।

চগদা [𑄌𑄉𑄘] - বি. কাঠবিড়ালী; squirrel.

চগদানা [𑄌𑄉𑄘𑄚] - ক্রি. করাঙ্গুল দিয়ে ঘাটাঘাটি করে এঁটো বা নোংরা করা ।

চগলা [𑄌𑄉𑄣] - বি. কলা ইত্যাদি ফলের আবরণ বা বাকল; চকোলেট ইত্যাদি জাতীয় জিনিসের আবরণ । ২. মাছের শুল্ক ।

চঙর [𑄌𑄋𑄧𑄢𑄴] - বি. ভুট্টার আবরণের ভিতরকার তন্তুর মত দেখতে জিনিস ।

চঙরা [𑄌𑄋𑄢] - বি. সম্বর ।

চচালা [𑄌𑄌𑄣] - বিণ. চৌচালা ।

চচ্চানা [𑄌𑄌𑄴𑄌𑄚] - ক্রি.পরচর্চা করা ।

চাজা [𑄌𑄎] - বি. বেড়া বুনার কাজে ব্যবহৃত থেৎলানো বাঁশের টুকরা ।

চত্তাপাদা, চত্তা [𑄌𑄖𑄴𑄖𑄛𑄘, 𑄌𑄖𑄴𑄖 ] - বি. এক প্রকার বিষাক্ত বন্য উদ্ভিদের পাতা যার স্পর্শে তীব্র চুলকানির সৃষ্টি হয় ।

~ মোন [ 𑄟𑄮𑄚𑄴𑄌𑄖𑄴𑄖] - বি.পর্বতে জাত ঐ (বিশুটি পাতা) জাতীয় উদ্ভিদের পাতা ।

চদক [𑄌𑄘𑄇𑄴] - বি. চটক; বাহার ।

চদক্যা [𑄌𑄘𑄇𑄳𑄠] - বিণ. চটকদার লোক; স্টাইলিস্ট . stylist.

চদগি [𑄌𑄘𑄉𑄨] - বিণ. চটকদার স্ত্রীলোক; মহিলা স্টাইলিস্ট; female stylist.

চ-দ-র [𑄌𑄘𑄢𑄴] - বিণ.উলঙ্গ; নগ্ন ।

চদরংখা [𑄌𑄘𑄢𑄁𑄈] - বি. গালি বিশেষ [ তুলনীয়ঃ উজবুক, অপদার্থ ] ।

চদরভদর [𑄌𑄘𑄢𑄴𑄞𑄘𑄢𑄴] - বিণ.এলোমেলো; বিশৃঙ্খল ।

চদান্যাকানা [𑄌𑄘𑄚𑄳𑄠𑄇𑄚] - বি. গালিবিশেষ ।{ তুলনীয়ঃ শয়তান কোথাকার}

চধরংচধরং [𑄌𑄙𑄢𑄁𑄌𑄙𑄢𑄁 ] - ক্রি. বিণ. উদ্দেশ্যহীন ভাবে ।

চনধুল [𑄌𑄚𑄴𑄙𑄪𑄣𑄴] - বিণ. কুপোকাৎ ।

চনা [𑄌𑄚] - বি.এক প্রকার কালোরঙের সাথে সাদাতে পালক মিশানো শালিক ।

চনাবুত [𑄌𑄚𑄝𑄪𑄖𑄴] - বি. ছোলা; চানা; বুট ।

চন্দন [𑄌𑄚𑄴𑄘𑄚𑄴] - বি. চন্দন গাছ ও ঐ গাছের কাঠ ।

চন্ধা-উধানা [𑄌𑄚𑄴𑄙-𑄅𑄙𑄚] - ক্রি. ক্রোধান্বিত হওয়া ।

চমকঘর [𑄌𑄟𑄇𑄴𑄊𑄢𑄴] - বি. দেশলাই ।

চমকশলা [𑄌𑄟𑄇𑄴𑄥𑄣 ] - বি. দেশলাইকাঠি ।

চম্পকনগর [𑄌𑄟𑄴𑄛𑄇𑄴𑄚𑄉𑄢𑄴] - বি. কিংবদন্তীতে উল্লেখিত চাকমাদের আদিনিবাস বা আদিনগর

চবলক-চবলক [𑄌𑄝𑄣𑄇𑄴-𑄌𑄝𑄣𑄇𑄴] -অব্য. ছলাৎ ছরাৎ । (ধ্বন্যা)

চবা [𑄌𑄝] - বি. আখের রসহীন টুকরা; ছোবড়া; চিটা ।

চবাশাল [𑄌𑄝𑄥𑄣𑄴] - বি. শ্মশান । {স. শবাশালা > }

চর [𑄌𑄢𑄴] - বি.১. নদীর চর । ২. গুপ্তচর । ক্রি. ১. ( তুই) চড় (চড়ো) ।

চরপ [𑄌𑄢𑄛𑄴] - বিণ. চর্বির আস্বাদযুক্ত ।

চরানা [𑄌𑄢𑄚𑄴] - ক্রি. ১.চরা ।২. চরানো । ৩. রান্নার জন্য চাল ধৌত করে পাতিলায় তোলা । ৪. চড়া; ride.

চর্কা, চরকা [𑄌𑄢𑄴𑄇] - বি. চর্কা ।

চলাচোলি [𑄌𑄣𑄌𑄮𑄣𑄨 ] - বি. ঠাট্টাতামাশা । ঠাট্টামশকরা ।

**চলানা** [𑄌𑄣𑄚] - ক্রি. ১. ঠাট্টাতামাশা করা । ২. চলা ।

**চলাবাপ** [𑄌𑄣𑄝𑄛𑄴] - বি. চাকমাদের ঐতিহ্যবাহী রাধামন-ধনপুদি পালাতে উল্লেখিত ধনপাদা গ্রামের মুরুব্বি *'খিসা'* পদধারী তাদের নানা চলাবাপ ।

**চলাহ্** [𑄌𑄣𑄦𑄴] - বি. মাছ ধরার কাজে ব্যবহৃত বড়শির সুতার সাথে পানিতে ভাসার মত জিনিস ।

**চা** [𑄌] - বি. চা । ক্রি. (তুই) দেখ; চেয়ে দেখো ।

~ **পাদা** [𑄌-𑄛𑄘] - বি.চায়ের পাতা ।

**চাং, চাঙ** [𑄌𑄁, 𑄌𑄋𑄴] - বি. চাঙ্গ; লতানো উদ্ভিদের বেয়ে ওঠার জন্য ও ফল ধরে ঝুলে থাকার জন্য প্রদত্ত বাঁশের মাচা । ক্রি. ( আমি) দেখি বা চাই ।

**চাক** [𑄌𑄇𑄴] -বি. বাংলাদেশের পার্বত্য চট্টগ্রাম ও বার্মার আরাকানের একটি জনগোষ্ঠীর নাম; যারা নিজেদেরকে **আসাক** (*Asak*) বলে] ।

**চাক** [𑄌𑄇𑄴] - বি. ১.চাক ( যেমন মৌচাক , ভীমরুলের চাক ) । ২. কাঁকড়ার শাঁস ।

**চাকচাক** [𑄌𑄇𑄴𑄌𑄇𑄴] - বিণ. গোলগোল ও চ্যাপ্টা ধরনের ছাপ বা ঐ জাতীয় বস্তু ।

**চাকমা** [𑄌𑄇𑄴𑄟] - বি. বাংলাদেশের পার্বত্য চট্টগ্রাম অঞ্চল ও কক্সবাজার জেলায়, ভারতের ত্রিপুরা, মিজোরাম , অরুনাচল (নেফা) ও আসামের মিকিরহিল্সে এবং বার্মার আরাকানে বসবাসকারী চাকমা জনগোষ্ঠীর লোক। ১৬ শতকের পোর্তুগীজ ঐতিহাসিক *Joao de Barros* এর *Descripcao Reino de Bengalla* নামক মানচিত্রে প্রথম বারের মত *Chacomas* (চাকোমাস) কর্ণফুলী উপত্যকার উর্ধাংশে চিহ্নিত হয় ।{বর্মী, রাখাইন এবং মারমারা চাকমা এবং চাকদেরকে ***সাক*** {< সাক্য} বা ***থেক*** বলে। লুসেইরা চাকমাদেরকে ***তাকাম*** এবং পাংখোয়ারা **আইএং / আইএঙ** (হলদে রঙের অর্থাৎ ফর্সা মানুষ) বলে ।

**চাক্কা** [𑄌𑄇𑄴𑄇] - বি. চাকা । { < **পালিঃ চক্ক < স. চক্র** }

**চাক্কুয়া** [𑄌𑄇𑄴𑄇𑄪𑄠] - বি. এক জাতীয় গাছ ।

**চাক্কুয়াখারা** [𑄌𑄇𑄴𑄇𑄪𑄠𑄈𑄢] - বি. মেয়েদের এক জাতীয় খেলা (পাঁচটি শিলার টুকরা নিয়ে দুপক্ষের মধ্যে খেলা হয়) । ২. এক জাতীয় গাছ ।

**চাক্কোরোই, চাককোরোই** [𑄌𑄇𑄴𑄇𑄮𑄢𑄮𑄃𑄨 , 𑄌𑄇𑄴𑄇𑄮𑄢𑄮𑄃𑄨] -বি. চালের গুঁড়া ( *কোরোই*) মিশ্রিত শূকরের পাকস্থলীর রান্নাকরা খাবার ।

**চাগতচাগত** [𑄌𑄉𑄖𑄴𑄌𑄉𑄖𑄴] - বি. পশুর জলপানের শব্দ । (ধ্বন্যা)

**চাগর** [𑄌𑄉𑄢𑄴] - বি. চাকর ।

**চাগরানি** [𑄌𑄉𑄢𑄚𑄨] - বি. চাকরানি ।

**চাগুরিবলা** [𑄌𑄉𑄪𑄢𑄨𑄝𑄣] - বি. চাকুরে; চাকুরিজীবী ।

**চাগলুক্যা-বান্দর** [𑄌𑄉𑄣𑄪𑄇𑄳𑄠-𑄝𑄚𑄴𑄘𑄢𑄴] - বি. এক প্রকার বানর ।

**চাগা** [𑄌𑄉] - বিণ.) চেপ্টা; চ্যাপটা ।

~ **চাগা** [ 𑄌𑄉 𑄌𑄉] - বিণ. চ্যাপটা চ্যাপটা ।

**চাগালা** [𑄌𑄉𑄣] - বি. অঞ্চল; এলাকা; চাকলা (কয়েকটি পরগণার একত্রীকরণকৃত এলাকা)।

**চাগিচানা, চাঘিচানা** [𑄌𑄉𑄨𑄌𑄚, 𑄌𑄊𑄨𑄌𑄚] - ক্রি.১. চাখা। স্বাদ পরীক্ষা করা। ২. পরীক্ষা করা। ৩. তৌলিয়ে দেখা; যাচাই করা।

**চাগোত্যামাঘোত্যা** [𑄌𑄉𑄮𑄖𑄳𑄠𑄟𑄊𑄮𑄖𑄳𑄠] - বি.এঁটোকৃত।

**চাঘতচাঘত** [𑄌𑄊𑄧𑄖𑄴𑄌𑄊𑄧𑄖𑄴] - অব্য, ক্রি:বিণ. শব্দ করে আহার করার শব্দ। { তুলণীয় বাংলা :চাক চাক }। (ধ্বন্যা)

**চাঙ** [𑄌𑄋𑄴] - বি. শব্জির জন্য নির্মিত মাচা। বিণ. ফতুর। ক্রি. ( আমরা ) দেখি।

**চাঙমা, চাংমা** [𑄌𑄋𑄴𑄟, 𑄌𑄋𑄴𑄟𑄳𑄟, 𑄌𑄁𑄟] - বি. **চাকমা**। { চাকমারা নিজেদের ***চাঙমা*** বলে। চট্টগ্রামবাসী বাঙ্গালীরা চাকমাদেরকে ***চাম্মুয়া*** বলে। ত্রিপুরাদেরও অনেকে চাকমাদেরকে ***চংমা*** বলে। কালীপ্রন্ন সেন, শ্রীরাজমালা, ২য় লহর: ***সাম্ব*** ( সমর পতিবরো গোবিন্দদেবো ... *সাম্বরাজ্যে* বিরেজে। "মহাদেব চক্রবর্তী, উত্তরপূর্ব ভারত সেদিন ও আজ, ১ম খন্ড," **'চাম'** বা 'সাম' **কথাটির সঙ্গে 'তাই'** বা ' আহোমদের জাতিগত পরিচয় 'শান' কথাটির সম্পর্ক থাকতে পারে। (কলকাতা ২০০৫:৩৬)}

~ রাজা [𑄌𑄋𑄴𑄟𑄢𑄎 , 𑄌𑄋𑄴𑄟𑄳𑄟𑄢𑄎 , 𑄌𑄁𑄟𑄢𑄎] - বি.চাকমারাজা।

~ রানি [𑄌𑄋𑄴𑄟𑄢𑄚𑄨 , 𑄌𑄋𑄴𑄟𑄳𑄟𑄢𑄚𑄨 , 𑄌𑄁𑄟𑄢𑄚𑄨] - বি.চাকমারানি।

**চাঙি, চাঙিকাবর** [𑄌𑄋𑄨, 𑄌𑄋𑄨𑄇𑄝𑄧𑄢𑄴] - বি. চীবর; বৌদ্ধভিক্ষুদের **পরিধেয়** গেরুয়া রঙের বস্ত্র

**চাচ** [𑄌𑄌𑄴] - বি. চাষ। ক্রি. ( তুমি) **চাঁছো**।

**চা-চি** [𑄌-𑄌𑄨] - ক্রি. বিণ. দেখাদেখি।

**চাছ্যা** [𑄌𑄍𑄳𑄠] - বিণ. চেঁছে ফেলা হয়েছে এমন।

**চাজা** [𑄌𑄎] - বি. বেড়া বা তর্জার জন্য চিরানোকৃত বাঁশের ফালি ; বাঁশের চাঁচাড়ি ; তর্জা বুনার জন্য ছেঁচো বাঁশের টুকরা।

**চাঝা** [𑄌𑄏] - বি. চাষা ; কৃষক।

**চাঝানা** [𑄌𑄏𑄚] - ক্রি. চাঁছা।

**চাত** [𑄌𑄖𑄴] - বি. এক প্রকার শামুক(শাঁখ)চাক,চাত্।

**চাত্যানা** [𑄌𑄖𑄳𑄠𑄚] - ক্রি. ১. নড়া। ২. নড়াচড়া করা।

**চাদঙ-গঝা** [𑄌𑄘𑄧𑄋𑄴-𑄉𑄧𑄏] - বি. চাকমাদের একটি বিশেষ সামাজিক দল।

**চাদারা** [𑄌𑄘𑄢] - বি.তলদেশ।

~ শিল [𑄥𑄨𑄣𑄴𑄌𑄘𑄢] - বি. শিলাময় তলদেশ বা পাথুরে তলদেশ।

**চাদিগাঙ, চাদিগাং** [𑄌𑄘𑄨𑄉𑄋𑄴, 𑄌𑄘𑄨𑄉𑄁] - বি. চট্টগ্রাম শহর ও তার চতুর্পাশ্বের অঞ্চল, Chittagong. [ < রাখাইন, বর্মী : চাইতাগ্ঙ্ । চীনা: চাটিকিওন, ত্রিপুরা : চাটিগাম ]।

**চাদিমু** [𑄌𑄘𑄨𑄟𑄪] - বি. বাংলা পাঁচের মত মুখাকৃতি যে নারীর (প্রদীপবাতি বা চাদির মত মূখ)

**চান** [𑄌𑄚𑄴] - বি. চাঁদ ।

~ **কবাল্যা** [𑄌𑄚𑄴𑄇𑄝𑄣𑄳𑄠] - বিণ. কপালে চাঁদের মত চিহ্ন আছে এমন । ২. সৌভাগ্যবান ।

**চানমুঈ** [𑄌𑄚𑄴𑄟𑄪𑄃𑄩] - বি. মহিলার নাম বিশেষ; চন্দ্রমুখী ।

**চানচিদিলা** [𑄌𑄚𑄴𑄌𑄨𑄘𑄨𑄣] - বি. চামচিকা ।

**চানা** [𑄌𑄚] - বি. ঘরের সামনের ছাউনিযুক্ত বারান্দা । ক্রি.১. চাওয়া ২. দেখা; চেয়ে থাকা

**চান্দবি** [𑄌𑄚𑄴𑄘𑄝𑄨] - বি. চাঁদের মত সুন্দর মুখ যে রমণীর (চন্দ্রমুখী) ।

~ **বারমাচ/বারমাস** [𑄌𑄚𑄴𑄘𑄝𑄨𑄢𑄴 𑄝𑄢𑄴𑄟𑄌𑄴] - বি.বিংশ শতাব্দীর দ্বিতীয় দশকের দিকে চান্দবি নামক বরকল-ঠেগা অঞ্চলের এক সুন্দরীর প্রেমকাহিনী নিয়ে কবি ধর্মধন চাকমা কর্তৃক রচিত 'চান্দবীর বারমাচ' নামক চাকমা বর্ণে বাংলা ভাষায় রচিত কাব্য ।

**চান্দ্যা-গা** [𑄌𑄚𑄴𑄘𑄳𑄠 -𑄉] - বি. ঐতিহ্যবাহী চাকমা বর্ণমালা অঝাপাঠের ৬ষ্ঠ বর্ণ [𑄉] -এর নাম ।[ এটিকে দেখতে দ্বিতীয়ার চাঁদের মত লাগে বলে ] ।

**চান্নুয়া** [ 𑄌𑄚𑄴𑄚𑄪𑄠] - বি. চাঁদোয়া ।

**চান্নোলিদাবা** [𑄌𑄚𑄴𑄚𑄮𑄣𑄨-𑄘𑄝] - বি.পিতলের তৈরি নলযুক্ত গুড়গুড়ি হুঁকা ।

**চাপ** [𑄌𑄛𑄴] - বি. চাপ ।

**চাবর** [𑄌𑄝𑄢𑄴] - বি. চাপড় । বিণ. চাপের ।

**চাবানা** [𑄌𑄝𑄚] - ক্রি. ১. চিবানো । ২. চাপ দেওয়া ।

**চাবারা** [𑄌𑄝𑄢] - বি. চেঁচাড়ি ; বাঁশের পাতলা ফালি দিয়ে তৈরি পাতিলা রাখার জন্য ছোট আকারের চাটাই বিশেষ ।

**চাবারানা** [𑄌𑄝𑄢] -ক্রি. চাপড় দেওয়া ।

**চাবালা** [𑄌𑄝𑄣] -বি. চেরা বাঁশের ফালি ।

**চাবি** [ 𑄌𑄝𑄨] -বি. চাবি ।

**চাবুগি, চাবুগী** [𑄌𑄝𑄪𑄉𑄨, 𑄌𑄝𑄪𑄉𑄩] - বি. চাকমা মহিলাদের ঐতিহ্যবাহী নিম্নাঙ্গে পরনের কাপড় পিনোনের এক কিনারস্থ লম্বভাবে বোনা বহু বর্ণিল মোটিফযুক্ত ডিজাইন ।

**চাম** [𑄌𑄟𑄴] - বি.চর্ম; ত্বক; চামড়া ।

~ **ফাদা** [𑄌𑄟𑄴𑄜𑄘] - বি. বাকল ফেটে গিয়ে থাকে এমন ( গাছ) । বিণ. চামড়া ফেটে গেছে এমন ।

~ **তাচ্ছি** [𑄖𑄌𑄴𑄍𑄨𑄌𑄟𑄴] - বি. মহিষের শুকনা চামড়া থেকে প্রস্তুতকৃত কোমরতাতের জিনিসবিশেষ যা বসাবস্থায় বয়নকারী কোমরের পিছন দিকে তাতটি আটকানোর জন্য ব্যবহার করে ।

**চামচাম** [𑄌𑄟𑄴𑄌𑄟𑄴] - বিণ.স্বাস্থ্যের উন্নতি হওয়ার কারণে ত্বকের উন্নতির জন্য সৌন্দর্য বৃদ্ধি পেয়েছে এমন ।

**চামভাত** [𑄌𑄟𑄴𑄞𑄖𑄴] - বি.পাতিলার তলানির ঈষৎ পোড়াভাত ।

**চামিনি** [𑄌𑄟𑄨𑄚𑄨] - বি. বৌদ্ধশ্রমণ; শ্রামণ ।

**চামিনি-কাত্তোল** [𑄌𑄟𑄨𑄚𑄨𑄇𑄖𑄴𑄖𑄮𑄣𑄴] - বি. কাঁঠালের মত কোষযুক্ত এক প্রকার বন্য ফল ।

**চামোনিকাত্তোল** [𑄌𑄟𑄮𑄚𑄨𑄇𑄖𑄴𑄖𑄮𑄣𑄴] -ঐ ফল ।

**চাম্বা** [𑄌𑄟𑄴𑄝] - বি. ১.চম্পাফুল । ২. চম্পাফুলের গাছ । ৩. নমুনা । ৪. টেস্টিং; কোনো কার্যের (যেমন নব দম্পতির ভবিষ্যতের) শুভাশুভ গণন ।

**চাম্বা-চানা** [𑄌𑄟𑄴𑄝-𑄌𑄚] - ক্রি. ভাগ্য বা শুভাশুভ যাচাই করা । {তুলনীয় *চাইংগ্যা* = বিবাহ অনুষ্ঠানে শুভাশুভ যাচাই করা ।}

**চার্য্যা, চার্জ্যা** [𑄌𑄢𑄴𑄡, 𑄌𑄢𑄴𑄎] - বি. চাকমা সমাজের গোত্রবিশেষ । চার্য্যাগুত্থি । এই বংশের লোকেরা বর-চার্য্যা, মাজ্জেং-চার্য্যা ও চিগোন-চার্য্যা এই তিন শাখায় বিভক্ত ।

**চারা** [𑄌𑄢 ] - বি. ১. গাছের চারা । ২. মৃৎপাত্রে ভাঙ্গা টুকরা

**চারানা** [𑄌𑄢𑄚 ] - বি. চার

~ খারা [𑄌𑄢𑄈𑄢] - বি. চাঁড়া দিয়ে খেলে এমন এক প্রকার খেলাবিশেষ ।

**চারিখ্যং** [𑄌𑄢𑄨𑄈𑄳𑄡𑄁, 𑄌𑄢𑄨𑄈𑄳𑄡𑄁 ] -বি. চারিখ্যং (রাঙামাটি জেলার একটি ছোট নদীর নাম) । { মারমাঃ খ্যঙ/খ্যং = নদী ।}

**চারিহ্** [𑄌𑄢𑄨𑄦𑄴] - বি. ১. কান্ডে । ২. চাড়ি, মাটির বড় হাঁড়ি ।

**চার্জ্যাগুত্থি** [𑄌𑄢𑄴𑄎𑄉𑄪𑄖𑄴𑄗𑄨] - বি.চাকমা সমাজের একটি বিশেষ *গুত্থি* ( গোত্র ) বা বংশ ।

**চাল** [𑄌𑄣𑄴 ] - বি. ১.ঘরের চাল; ছাউনি; ছাদ ।২.দাবা বা পাশার চাল । ৩. ফন্দিফিকির ।

**চালাক** [𑄌𑄣𑄇𑄴] - বিণ. চালাক; বুদ্ধিমান ।

**চালান** [𑄌𑄣𑄚𑄴] - বি. ১. চালান । ২. মন্ত্র দিয়ে কারোর বিরুদ্ধে ভুত/অশরীরি শক্তি/ দুরারোগ্য ব্যাধি প্রেরণ (এজাতীয় বিশ্বাস) ।

**চালানা** [𑄌𑄣𑄚] - ক্রি. ১. চালানো; চালনা করা ।

**চালোন** [𑄌𑄣𑄮𑄚𑄴] - বি. চালুনি ।

**চালি, কাক্যা** [𑄌𑄣𑄨, 𑄇𑄇𑄳𑄡 ] - ভেলার আকারে বাঁধা বাঁশের বান্ডেল ।

**চিংম্রং/চিঙম্রঙ** [𑄌𑄨𑄁𑄟𑄳𑄢𑄁] -বি.চিংম্রং, চিৎমরম(রাঙ্গামাটি জেলার কাপ্তাই উপজেলার মৌজা নং ৩২৩) {বর্মী, রাখাইন, মারমা : *চিং* =১. হীরা । ২. ভিক্ষুত্ব/প্রব্রজ্যা প্রদানের সীমাগৃহ । ম্রং = খাল ।}

**চিকচিক্যা** [𑄌𑄨𑄇𑄴𑄌𑄨𑄇𑄳𑄡] - ক্রি.বিণ.কারোর বিরহে চিত্তে অনুভূত তীব্র ও তীক্ষ্ণ অনুভূতি ।

**চিকচিগানা** [𑄌𑄨𑄇𑄴𑄌𑄨𑄉𑄚] - ক্রি. তীব্র চুলকানো ।

**চিকছরা, চিকছড়া** [𑄌𑄨𑄇𑄴𑄍𑄧𑄢] - বি. মালাকারে মুদ্রা গেঁথে প্রস্তুতকৃত হারবিশেষ ।

**চিক্ক** [𑄌𑄨𑄇𑄴𑄇, 𑄌𑄨𑄇𑄴] - বি. খোকা/ খুকী ( সম্বোধনে ব্যবহৃত) ।

**চিক্ক-ঝরানা** [𑄌𑄨𑄇𑄴-𑄏𑄢𑄚] - ক্রি. পিত্তরস অনুভূত হওয়া, বমি ভাব ।

**চিক্কবি** [𑄌𑄨𑄇𑄴𑄇𑄝𑄨 , 𑄌𑄨𑄇𑄴𑄝𑄨] - বি.মহিলার নামবিশেষ ।

**চিক্কো, চিক্কুয়া** [𑄌𑄨𑄇𑄴𑄇𑄮 , 𑄌𑄨𑄇𑄴𑄇𑄪𑄠 ]- বি. নাম বিশেষ । অব্য. খোকা । (সম্বোধনে ব্যবহৃত ।}

**চিক্কোবি, চিক্কবি** [𑄌𑄨𑄇𑄴𑄇𑄮𑄝𑄨, 𑄌𑄨𑄇𑄴𑄝𑄨 ]- বি. স্ত্রীলোকের নাম বিশেষ । অব্য. খুকী । ( সম্বোধনে ব্যবহৃত ।}

**চিগা** [𑄌𑄨𑄉] - বি. ছুঁচো ।১. সেঁত সেঁতে ময়লা মাটির পোকা বিশেষ (mole erieket)

**চিগিদাং, চিগিদাঙ** [𑄌𑄨𑄉𑄨𑄓𑄋𑄴, 𑄌𑄨𑄉𑄨𑄓𑄁 ] বিণ, ক্রি. বিণ. কোনো খাদ্য খাওয়ার সময় অস্বস্তিভাব নিয়ে খাওয়া অথবা ঐ স্বভাবের ব্যক্তি; অনিচ্ছা ও অস্বস্তির সাথে কোনো খাদ্য ঘিনঘিন ভাব নিয়ে খাওয়া ।

**চিগোন , চিগন** [𑄌𑄨𑄉𑄮𑄚𑄴, 𑄌𑄨𑄉𑄧𑄚𑄴 ] - বিণ. চিকন; ছোট ।

~ **গুরা/গু-র** [𑄌𑄨𑄉𑄮𑄚𑄴𑄉𑄪𑄢 / 𑄌𑄨𑄉𑄮𑄚𑄴𑄉𑄪𑄢𑄧 ] - বিণ. ছোটোমোটো; ছোটোখাটো ।

~ **চাগোন** [𑄌𑄨𑄉𑄮𑄚𑄴 ] - বিণ. ছোটোমোটো, ছোটোখাটো ।

**চিঘুত, চিগুত** [𑄌𑄨𑄊𑄪𑄖𑄴 , 𑄌𑄨𑄉𑄪𑄖𑄴 ] - অব্য, ক্রিবিণ. সূক্ষ্ম ও তীক্ষ্ণ ব্যথানুভব ।

**চিঙচিঙ, চিংচিং** [𑄌𑄨𑄋𑄴𑄌𑄨𑄋𑄴] -অব্য. ১.পাখির ডাক, কুজন (ধ্বন্যা.) ২.খঞ্জন জাতীয় পাখি ।

**চিঙচিঙ্যা** [𑄌𑄨𑄋𑄴𑄌𑄨𑄋𑄳𑄠] - ক্রিঃ বিণ. সাংঘাতিক ধারালো; শানিত ।

**চিচিক্যা** [𑄌𑄨𑄌𑄨𑄇𑄳𑄠] - বি.তীব্র নিঃসঙ্গতার ভাব ।

**চিজি** [𑄌𑄨𑄎𑄨 ] -অব্য. খোকন বা খুকী ।

**চিজিক, চিজিক্কো** [𑄌𑄨𑄎𑄨𑄇𑄴, 𑄌𑄨𑄎𑄨𑄇𑄴𑄇𑄮 ] - বি.দুগ্ধপোষ্য শিশু ।

**চিজিক চিজিক** [𑄌𑄨𑄎𑄨, 𑄌𑄨𑄎𑄨𑄇𑄴, 𑄌𑄨𑄎𑄨𑄇𑄴𑄇𑄮 ] - ক্রি. ফোঁড়া জাতীয় চর্মরোগযুক্ত স্থানের চুলকাইয়া ওঠা

**চিত** [𑄌𑄨𑄖𑄴 ] -বি. ১. চিত্ত; হৃদয় । ২. কলিজা ।

~ **কলিজা** [𑄌𑄨𑄖𑄴𑄇𑄣𑄨𑄎 ] বি. ১. কলিজা ইত্যাদি । ২. নাড়িভুঁড়ি ।

~ **খজরানা** [𑄌𑄨𑄖𑄴-𑄈𑄎𑄢𑄚] - ক্রি.পাকস্থলীতে অম্লরসের আধিক্য হেতু এক প্রকার মৃদু শুলবেদনা অনুভব করা ।

~ **ঘিলা** [𑄌𑄨𑄖𑄴𑄊𑄨𑄣] বি. গিলাকলিজা । { ছড়ায়ঃ থাচ থুচ থেইচ, ত'মামু ঘরত যেইচ, ত'মামু দিব কুরহ্ কাবি চিতঘিলালোই খেইচ । }

~ **দিঘোল** [𑄌𑄨𑄖𑄴𑄓𑄨𑄊𑄮𑄣𑄴] - বিণ. একান্ত আন্তরিক; প্রাণঢালা ।

~ **পুরানা** [𑄌𑄨𑄖𑄴-𑄛𑄪𑄢𑄚] - ক্রি. কারোর অদর্শনে বা দুঃখে প্রাণ কাঁদা; দয়া স্নেহ বা সমবেদনা অনুভব করা ।

~ **ভিজানা** [𑄌𑄨𑄖𑄴-𑄞𑄨𑄎𑄚] - ক্রি. ১.প্রাণ জুড়ানো । ২. কোনো স্থানে অবস্থানের ব্যাপারে ভাল লাগা

চিত্ত [𑄌𑄨𑄖𑄴𑄖] -বি. ১. চিত্ত। বিণ. ২. কোনো অঙ্গবিশেষের ক্ষীণাঙ্গবস্থা ৩. অপোক্ত ফসলের দানা।

চিত্তমরা, পিত্তমরা [𑄌𑄨𑄖𑄴𑄖𑄟𑄢/𑄛𑄨𑄖𑄴𑄖𑄟𑄢] -বিণ. সাহসহীন, মানসিক ভাবে দুর্বল।

চিত্তি [𑄌𑄨𑄖𑄴𑄖𑄨] -অব্য. খোকা বা খুকী। (সম্বোধনে ব্যবহৃত।}

চিত্তিবুয়া [𑄌𑄨𑄖𑄴𑄖𑄨𑄝𑄪𑄠] - বি. নামবিশেষ। তুলনীয়ঃ চিত্ত।

চিত্তো [𑄌𑄨𑄖𑄴𑄖𑄮] - বিণ. ক্ষীণপাতলা।

চিদবি [𑄌𑄨𑄘𑄴𑄝𑄨] - বিণ. চিত্তহারিণী।

চিদা [𑄌𑄨𑄘] - বি. ১. চিন্তা।

~ চর্জ্যা [𑄌𑄨𑄘𑄌𑄢𑄴𑄎𑄳𑄠] -বি. চিন্তাভাবনা ২. চিতা (শ্মশান)।

~ খলা [𑄌𑄨𑄘𑄈𑄣] -বি. শ্মশানভূমি।

চিদিরা [𑄌𑄨𑄘𑄨𑄢] - বিণ. ডোরাকাটা দাগযুক্ত (প্রাণীর ক্ষেত্রে ব্যাঘ্রজাতীয় প্রাণীর ক্ষেত্রে প্রযোজ্য)।

~ ভদরা [𑄌𑄨𑄘𑄨𑄢𑄞𑄘𑄢] - বিণ. চিত্রবিচিত্র।

চিধি [𑄌𑄨𑄙𑄨] - বি. চিঠি।

~ পত্তর [𑄌𑄨𑄙𑄨𑄛𑄖𑄴𑄖𑄢 / 𑄌𑄨𑄙𑄨𑄛𑄖𑄴𑄢] - বি. চিঠিপত্র।

চিন, চীন [𑄌𑄨𑄚𑄴, 𑄌𑄩𑄚𑄴] - বি. চীন। ক্রি. (তুমি) চিনে নাও।

চিনপোজ্যন [𑄌𑄨𑄚𑄴𑄛𑄮𑄎𑄳𑄠𑄚𑄴] - বি. চিনপরিচয়; চেনাজানা।

চিনা [𑄌𑄨𑄚] -বি, বিণ. চীনা। ক্রি. (তুমি) চিনাও।

চিনা, চীনা [𑄌𑄩𑄚] - বি. চীনা।

চিনানা [𑄌𑄨𑄚𑄚] - ক্রি. চিনানো।

চিনি [𑄌𑄨𑄚𑄨] - বি. চিনি।

চিনিয়া [𑄌𑄨𑄚𑄨𑄠] - বি.চিনে এমন লোক; জ্ঞাতকারী।

চিনেইয়া [𑄌𑄨𑄚𑄬𑄃𑄨𑄠] - বি.চিনায় এমন লোক।

চিন্দানা [𑄌𑄨𑄚𑄴𑄘𑄚] - ক্রি. চিমটি কাটা।

চিন্দাবাচ [𑄌𑄨𑄚𑄴𑄘𑄝𑄌𑄴] বি. আঁশটে গন্ধ।

চিন্দিরা [𑄌𑄨𑄚𑄴𑄘𑄨𑄢] - বি. চিনার।

চিন্ধাবাচ [𑄌𑄨𑄚𑄴𑄙𑄝𑄌𑄴] - বি. আঁশটে গন্ধ।

চিন্ন [𑄌𑄨𑄚𑄴𑄚] - বি. চিহ্ন।

চিপ্পুরানা [𑄌𑄨𑄛𑄴𑄛𑄪𑄢𑄚] - ক্রি. কারোর কথা মনে পড়ে চিত্ত ব্যাকুল হওয়া।

চিপ্যা [𑄌𑄨𑄛𑄳𑄠] - বি. চেপে টাইট করা হয়েছে এমন; আঁটোসাটো (পোশাক ইত্যাদির ক্ষেত্রে প্রযোজ্য)

**চিপ্যামিপ্যা** [𑄌𑄨𑄛𑄳𑄠𑄟𑄨𑄛𑄳𑄠 ] - বিণ. ১. টাইটফিট। ২. স্লিম।

**চিবং, চিবাং, চিবেং** [𑄌𑄨𑄝𑄧𑄁, 𑄌𑄨𑄝𑄁, 𑄌𑄨𑄝𑄬𑄁 ] - বি. বয়নকাজে সুতা টাইট করে আটকানোর কাজে ব্যবহারের জন্য হাড়ের তৈরি কাঁটাবিশেষ।

**চিবা** [𑄌𑄨𑄝] - বিণ. সঙ্কীর্ণ (স্থানের ক্ষেত্রে প্রযোজ্য); খাটো।

**চিবাচঘা** [𑄌𑄨𑄝𑄌𑄊] - বি. যে পুরুষের চোখের পাতা অন্যদের চেয়ে তুলনামূলক ভাবে চাপা

**চিবাচিপ্যা** [𑄌𑄨𑄝𑄌𑄨𑄛𑄳𑄠] - বিণ. চাপা ও সঙ্কীর্ণ (স্থানের ক্ষেত্রে প্রযোজ্য)

ক্রি.বিণ.চাপাচাপি।

**চিবাচঘা** [𑄌𑄨𑄝𑄌𑄊] -বি. যে পুরুষের চোখের পাতা অন্যদের চেয়ে তুলনামূলক ভাবে চাপা ( চেরাচোখের পুরুষ)।

**চিবাচোঘি** [𑄌𑄨𑄝𑄌𑄮𑄊𑄨] -বি. যে নারীর চোখের পাতা অন্যদের চেয়ে তুলনামূলক ভাবে চাপা (চেরাচোখের স্ত্রীলোক) ।

**চিবানা** [𑄌𑄨𑄝𑄚] - ক্রি. চেপে ধরে চাপ দেওয়া।

**চিবিতগাচ** [𑄌𑄨𑄝𑄨𑄖𑄴-𑄉𑄌𑄴] - বি. সুউচ্চ দৈর্ঘ্যের এক প্রকার গাছ। [ চাকমা রূপকথায় ও গাছটির নামোল্লেখ রয়েছে।}

**চিবুরি, চিবুরিখারা** [𑄌𑄨𑄝𑄪𑄢𑄨, 𑄌𑄨𑄝𑄪𑄢𑄨𑄈𑄢] -বি. মেয়েদের বউচি জাতীয় এক প্রকার খেলা।

**চিবিলিক-চাবালাক** [𑄌𑄨𑄝𑄨𑄣𑄨𑄇𑄴-𑄌𑄝𑄣𑄇𑄴] - ক্রি. বিণ. চুল-ভুল স্বভাবের।

**চিমানা** [𑄌𑄨𑄟𑄚] - ক্রি. ক্ষীণ হওয়া।

**চিমিতচিমিত** [𑄌𑄨𑄟𑄨𑄖𑄴𑄌𑄨𑄟𑄨𑄖𑄴] - অব্য. বেত্র সঞ্চালনের শব্দ।

**চিমোর** [𑄌𑄨𑄟𑄮𑄢𑄴] - বিণ. চামড়া বা বাকল শুকিয়ে যেমন শক্ত ও শুষ্ক হয় তেমন।
{ তুলনীয় **হিন্দী : চীমড়=চর্ম** । }

**চিমোর্জ্যা-য়া** [𑄌𑄨𑄟𑄮𑄢𑄴𑄎𑄳𑄠-𑄠] - বি. ঐতিহ্যবাহী চাকমা বর্ণমালা অঝাপাঠের ২৬তম বর্ণ [𑄠] হরফের নাম।

**চির** [𑄌𑄨𑄢𑄴] - বি. কৃমি।

**চিরা** [𑄌𑄨𑄢] - ক্রি. চিড়া। ক্রি. (তহু) চিরা/ফালি কর বা করাও।

**চিরানা** [𑄌𑄨𑄢𑄚] - ক্রি. কাঠ বা লাকড়ি ফালি করা; চেরা।

**চিরিঙ, চিরিং** [𑄌𑄨𑄢𑄨𑄋𑄴, 𑄌𑄨𑄢𑄨𑄁] - বি. এক প্রকার মাছ। [ প্রবাদ : *ভাদ'রাজা গিরিং, মা-ঝ রাজা চিরিং* = ভাতের রাজা গিরিং, মাছের রাজা চিরিং। ]

**চিরিঙি** [𑄌𑄨𑄢𑄨𑄋𑄨] - বি. (ক্ষীণদেহধারী কোনো) মহিলার নাম বিশেষ।

**চিরিতচিরিত** [𑄌𑄨𑄢𑄨𑄖𑄴𑄌𑄨𑄢𑄨𑄖𑄴] - বি.সঙ্কীর্ণ নল বা স্থান দিয়ে আকস্মিক বেগে জল নির্গমনের ভাব; দ্রুতবেগে লাফ দিয়ে পার হওয়ার ভঙ্গী

**চিরিত্তুং** [𑄌𑄨𑄢𑄨𑄖𑄴𑄖𑄪𑄁] - ক্রি. বিণ. চম্পট।

**চিরুক** [𑄌𑄨𑄢𑄪𑄇𑄴] - অব্য. হাঁসের ডাক ( চই-চই/ চৈচৈ) । (ধ্বন্যা)

**চিরেইয়া** [𑄌𑄨𑄢𑄬𑄃𑄨𑄠] - বি. (কাঠ) ছেদনকারী; যে কাঠ চিড়ায় ।

**চিল** [𑄌𑄨𑄣𑄴] - বি. চিল ।

  **~ গাঙ** [𑄉𑄋𑄴𑄌𑄨𑄣𑄴] - বি. চিল ।

  **~ ধবা** [𑄙𑄝-𑄌𑄨𑄣𑄴] - বি. এক প্রকার চিল ।

  **~ সারাল্যা** [𑄥𑄢𑄣𑄳𑄠 -𑄌𑄨𑄣𑄴] - বি. এক প্রকার চিল ।

**চিলা** [𑄌𑄨𑄣] - বি. ধনুকের ছিলা ।

**চিলা, শিলা** [𑄌𑄨𑄣, 𑄥𑄨𑄣 ] -বি. শীল [ বৌদ্ধদের পঞ্চশীল, অষ্টশীল, দশশীল] ।

**চিলানতিত্তিক, চিলাংতিকতিক** [𑄌𑄨𑄣𑄚𑄴𑄖𑄨𑄖𑄴𑄖𑄨𑄇𑄴, 𑄌𑄨𑄣𑄁𑄖𑄨𑄇𑄴𑄖𑄨𑄇𑄴] - ক্রি.বিণ. চিলের ছোঁ মারার মত দ্রুতগতিতে; অতিদ্রুত গমন ভঙ্গী ; দিগ্বিদিক জ্ঞানশূন্যাবস্থায় পালানোর ভঙ্গী ।

**চিলাম-ঙা, চিলাম্মুয়া-ঙা** [𑄌𑄨𑄣𑄟𑄴-𑄋, 𑄌𑄨𑄣𑄟𑄪 - 𑄋] - বি. ঐতিহ্যবাহী চাকমা অঝাপাঠ-এর ৫ম বর্ণ বা হরফ । { এই বর্ণটির মুখ চিলের মুখের মত দেখতে বলে ।}

**চিলিকভিলিক** [ 𑄌𑄨𑄣𑄨𑄇𑄴𑄞𑄨𑄣𑄨𑄇𑄴 ] - ক্রি. বিণ. চপলমতিসম্পন্ন; চিলের ছোঁ মারার মত দ্রুতগতিসম্পন্ন ।

**চিলোচ্যা - ঞা** [ 𑄌𑄨𑄣𑄮𑄌𑄳𑄠-𑄐] - বি. ঐতিহ্যবাহী চাকমা অঝাপাঠ-এর ১০ম বর্ণ বা হরফ ।

**চিল্যা** [ 𑄌𑄨𑄣𑄳𑄠 ] - বিণ. টুকরা ।

**চীন** [𑄌𑄩𑄚𑄴 ] - বি. চীন; চীনদেশ ।

**চুংচুংভক্কাই , চুংচুংফক্কাই** [ 𑄌𑄪𑄁𑄌𑄪𑄁𑄞𑄇𑄴𑄇𑄭 , 𑄌𑄪𑄁𑄌𑄪𑄁𑄜𑄇𑄴𑄇𑄭 ]- বি. ১. শোয়াবস্থায় দু'পায়ের উপর শিশুকে তুলে পা উপর নিচে নাচিয়ে খেলাচ্ছলে বলা শিশুছড়া বিশেষ । শিশুকে নিয়ে লুকোচুরি খেলাবিশেষে উচ্চারিত শব্দ ।

**চুক্তি** [𑄌𑄪𑄇𑄴𑄖𑄨] - বি. চুক্তি ।[ যেমন, পার্বত্য চট্টগ্রাম চুক্তি ১৯৯৭}

**চুগানা** [𑄌𑄪𑄉𑄚] - বিণ. শুকানো ।

**চুগুনা** [𑄌𑄪𑄉𑄪𑄚 ] - বিণ. শুকনা; dry.

**চুগুলি** [𑄌𑄪𑄉𑄪𑄣𑄨 ] - বি.১.চৌর্যবৃত্তি ; ফাঁকিবাজি; প্রতারণা । ২. নারীর অবৈধ প্রেম লুকানো ।

**চুঙুলাঙ, চুঙুলাং, চুমুলাঙ, চুগোলাঙ** [𑄌𑄪𑄋𑄪𑄣𑄋𑄴, 𑄌𑄪𑄋𑄪𑄣𑄁 , 𑄌𑄪𑄟𑄪𑄣𑄋𑄴 , 𑄌𑄪𑄉𑄮𑄣𑄋𑄴] - বি. ১. বর ও কনের বিবাহের সময় অনুষ্ঠিত পূজানুষ্ঠান বিশেষ । ২. ঐ পূজার দেবদেবী বা গৃহদেবতা বিশেষ ।

**চুঙুলাঙপুজা, চুমুলাঙপুজা** [𑄌𑄪𑄋𑄪𑄣𑄋𑄴𑄛𑄪𑄎, 𑄌𑄪𑄋𑄪𑄣𑄁𑄛𑄪𑄎] গৃহস্থের মঙ্গলের জন্য বিশেষত ফসলাদি ও ধনসম্পত্তির উন্নতির জন্য অনুষ্ঠিত পূজানুষ্ঠান ।

**চুচ্যাং, চুচ্যাঙ** [𑄌𑄪𑄏𑄁, 𑄌𑄪𑄏𑄋𑄴] - বিণ. সূঁচালো ।

**চুচ্যাঙ্যা** [𑄌𑄪𑄏𑄋 ] - বি. কোনো সূঁচালো জিনিস । বিণ. সূঁচালো ।

**চুচ্যাঙ্যা-কা** [𑄌𑄪𑄏𑄋 -𑄇] - বি. ঐতিহ্যবাহী চাকমা বর্ণমালা অঝাপাঠ-এর ১ম বর্ণের নাম । [ এটির উর্ধাংশ পূর্বে সূঁচালো করে লেখা হতো বলে ।]

**চুঝানা** [𑄌𑄪𑄏𑄚] - ক্রি. চুষা; শোষণ করা ।

**চুদানা** [𑄌𑄪𑄘𑄚] - ক্রি. সঙ্গম করা ।

**চুদাচুদি** [𑄌𑄪𑄘𑄌𑄪𑄘𑄨] - ক্রি. সঙ্গম ।

**চুদুরভুদুর** [𑄌𑄪𑄘𑄪𑄢𑄴𑄞𑄪𑄘𑄪𑄢𑄴] - বিশৃঙ্খল ।

**চুধা** [𑄌𑄪𑄙 ] - বিণ. খালি ।

 ~ **কুম** - বি.খালি কলসি ।

 ~ **নেইয়া** - বিণ. গর্ভবতী ।

**চুধামু , চুধমু** [𑄌𑄪𑄙𑄟𑄪, 𑄌𑄪𑄙𑄧𑄟𑄪 ] -বিণ. বিষন্ন বদন বা মলিন বদন; বিষন্ন মুখাবয়ব ।

**চুধামে, সুম;সুম** [𑄌𑄪𑄙𑄟𑄬 , 𑄥𑄪𑄟𑄴𑄥𑄪𑄟𑄴 ] - ক্রি. বিণ. অনর্থক; শুধু শুধু ।

**চুক্কুল ভুক্ত গাছ** [𑄌𑄪𑄇𑄴𑄇𑄪𑄣𑄴 ] - বি. **এক জাতীয় গাছ** । বিণ. চিৎপটাং; কুপোকাৎ ।

**চুবুরুংনাহ্ভুরুং** [𑄌𑄪𑄝𑄪𑄢𑄪𑄁𑄚𑄦𑄴𑄞𑄪𑄢𑄪𑄁] - ক্রি. বিণ. ছপছপে ভিজা ।

**চুবেচাবে** [𑄌𑄪𑄝𑄬𑄌𑄝𑄬 ] - ক্রি. বিণ. চুপচাপ অবস্থায়; নীরবে; অগোচরে ।

**চুবুরুনাভুরু** [𑄌𑄪𑄝𑄪𑄢𑄪𑄚𑄞𑄪𑄢𑄪] - ক্রি. বিণ.পানিতে ভিজে হেনস্থা অবস্থায় ।

**চুমা** [𑄌𑄪𑄟] - বি. চোঙ্গা ।

**চুমাচুমি** [𑄌𑄪𑄟] - বি.পারস্পরিক চুম্বন ।

**চুমাফুল, চুমফুল** [𑄌𑄪𑄟𑄜𑄪𑄣𑄴 𑄌𑄪𑄟𑄧𑄜𑄪𑄣𑄴 ] - বি.এক প্রকারের ফুল ।

**চুমানা** [ 𑄌𑄪𑄟𑄚] - ক্রি. ১ চুম্বন করা । ২. (শিশুর) গালে নাক ঠেকিয়ে শুঁকা ।

**চুয়াত্তর** [𑄌𑄪𑄠𑄖𑄴𑄖𑄧𑄢𑄴, 𑄌𑄪𑄠𑄖𑄴𑄖𑄧𑄢𑄴] - ক্রি. চুয়াত্তর ।

**চুয়ানা** [𑄌𑄪𑄠𑄚 ] - ক্রি. চুয়ানো ।

**চুয়ানি** [𑄌𑄪𑄠𑄚𑄨 ] - ক্রি. চুয়ানোকৃত (মদ) যেমন, *একচুয়ানি* = একবার চুয়ানোকৃত মদ; *দোজোনি* = দু'বার চোয়ানোকৃত মদ । হুইস্কিও চেয়ে ঈষৎ কড়া ধরনের ওয়াইন ।

**চুরানোব্বোই** [𑄌𑄪𑄢𑄚𑄮𑄝𑄴𑄝𑄮𑄃𑄨] - বি. বিণ. চরানব্বোই ।

**চুরাশি, চুরাঝি** [𑄌𑄪𑄢𑄥𑄨, 𑄌𑄪𑄢𑄏𑄨] - বি. বিণ. চুরাশি ।

**চুল** [𑄌𑄪𑄣𑄴] - বি. চুল ।

 ~ সুদা/ঝুদা [ 𑄌𑄪𑄣𑄴𑄥𑄪𑄘, 𑄌𑄪𑄣𑄴𑄏𑄪𑄘] - বি. খোঁপা; চুলের ঝুটি ।

**চুগুলি** [𑄌𑄪𑄉𑄪𑄣𑄨 ] - বি. ১. চৌর্যবৃত্তি; ফাঁকিবাজি । ২. নারীর অবৈধ প্রেম লুকানো ।

**চুদ্ধা , চুদ্ধামে** [𑄌𑄪𑄘𑄴𑄙, 𑄌𑄪𑄘𑄴𑄙𑄟𑄬] - অব্য. অনর্থক; শুধু শুধু ।

**চুধামে** [𑄌𑄪𑄙𑄟𑄬] -ক্রি. বিণ. শুধু শুধু ।

**চুপ, চুপচাপ** [𑄌𑄪𑄛𑄴] -ক্রি. বিণ. চুপ; চুপচাপ; শব্দহীন; নীরব । { শিমুতোষ লুকোচুরি খেলার ছড়াঃ চুপচাপ মাট্যাসাপ । অলর গোরি থাক }

**চুবেচুবে** [𑄌𑄪𑄝𑄬𑄌𑄪𑄝𑄬] - ক্রি.বিণ. চুপিচুপি ।

**চুয়ান্ন, চুপ্পান্ন** [𑄌𑄪𑄠𑄚𑄴𑄚/𑄌𑄪𑄠𑄚𑄴, 𑄌𑄪𑄛𑄴𑄛𑄚𑄴𑄚] - বি. বিণ. চুয়ান্ন ।

**চুয়াল্লিচ, চুয়াল্লিচ** [𑄌𑄪𑄠𑄣𑄴𑄣𑄨𑄌𑄴, 𑄌𑄪𑄠𑄣𑄨𑄌𑄴, 𑄌𑄪𑄤𑄣𑄨𑄌𑄴] - বি. বিণ. চুয়াল্লিশ ।

**চুয়ার** [𑄌𑄪𑄠𑄢𑄴] - বি. চড়; চপেটাঘাত ।

**চু -র** [𑄌𑄪𑄢𑄮] - ক্রি. (তোমরা) ঝাড়ু দাও ।

**চুর** [𑄌𑄪𑄢𑄴] - বি. চোর । ক্রি.(তুই) ঝাড়ু দে ।

**চুরনধারা, চোরনধারা, সুরনধারা** [𑄌𑄪𑄢𑄚𑄴𑄙𑄢, 𑄌𑄮𑄢𑄚𑄴𑄙𑄢, 𑄥𑄪𑄢𑄚𑄴𑄙𑄢] -বি.ফুলঝাড়ু

**চুরানা** [𑄌𑄪𑄢𑄚] - ক্রি. ঝাড়ু দেওয়া ।

**চুরুনি** [𑄌𑄪𑄢𑄪𑄚𑄨] - বি. চোরের স্ত্রী, মহিলা চোর ।

**চুলচুলানা** [𑄌𑄪𑄣𑄴𑄌𑄪𑄣𑄚] - ক্রি. চুলকানো ।

**চুলা** [𑄌𑄪𑄣] - বি. চুলা; চুল্লি ।

**চুলুভুলু** [𑄌𑄪𑄣𑄪𑄞𑄪𑄣𑄪] - বিণ. অস্থির বা চঞ্চল মতিবিশিষ্ট ।

**চুলুম** [𑄌𑄪𑄣𑄪𑄟𑄴] - বি. (তামাকের) ছিলুম । { ফারসিঃ চিলম > }

**চেই** [𑄌𑄬𑄃𑄨, 𑄌𑄭] - বি. বাঁশের শলার তৈরি মাছ ধরার খাঁচা জাতীয় ফাঁদ বিশেষ; চাঁই ।

**চেইং, চেঙ** [𑄌𑄬𑄃𑄨𑄁, 𑄌𑄬𑄁] - বি. মাটি বা পাথরের চাঙর ।

**চেইর, চের** [𑄌𑄬𑄃𑄨𑄢𑄴, 𑄌𑄬𑄢𑄴] - বিণ.চার ।

**চেঁপুক শিং পুক** [𑄌𑄬𑄀𑄛𑄪𑄇𑄴]- বি. এক প্রকার ফড়িং জাতীয় পোকা । (ধ্বন্যা)

**চেকচেগানা** [𑄌𑄬𑄇𑄴𑄌𑄬𑄉𑄚] - ক্রি. নোংরা পানিতে কাদা ঘাটা ।

**চেকচেগি, চেগচেগী** [𑄌𑄬𑄇𑄴𑄌𑄬𑄉𑄨, 𑄌𑄬𑄇𑄴𑄌𑄬𑄉𑄨] - বি. নোংরাযুক্ত তরলমিশ্রিত কাদা বা ফুট । [ চর্যাপদঃ চিখিল > ]

**চেক্কব-গঝা** [𑄌𑄬𑄇𑄴𑄇𑄝𑄴-𑄉𑄏] -বি.চাকমাদের একটি বিশেষ সামাজিক দল

**চেগলক** [𑄌𑄬𑄉𑄣𑄇𑄴] - বি. নোংরা কাদা বা ফুট । {< পালি. চিক্‌খল্ল । চাটিল্লপাদ, চর্যাপদঃ চিখিল ।{ যেমন, ভবণই গহণ গম্ভীর বেগেঁ বাহী । দু আন্তে চিখিল মাঝেঁ নদী থাহী }

**চেগাচেক্যা** [𑄌𑄬𑄉𑄌𑄬𑄇𑄳𑄠] - ক্রি. আড়াআড়ি ভাবে দুই পা ফাঁক করে দাঁড়ানো ।

**চেগানা** [𑄌𑄬𑄉𑄚] - ক্রি. দুই পা ফাঁক করা ।

**চেগার** [𑄌𑄬𑄉𑄢𑄴] - বিণ.১. প্রচুর; পর্যাপ্ত । ২. অত্যধিক; huge.

**চেগে [𑄌𑄬𑄉𑄬]** - বি. চাকমাদের একটি সামাজিক দলের নাম। { < রাখাইন, বর্মী : *চাইথুগ্রী / চাইগ্যী / সাইকে* = যুদ্ধমন্ত্রী। ***চাই/সাইকে***=সৈন্য+***আগ্রী***=বড়}

**চেগেগুত্থি [𑄌𑄬𑄉𑄬𑄉𑄪𑄖𑄴𑄗𑄨]** - বি.চাকমা সমাজের গুত্থি (বংশ) বিশেষ। জনৈক যুদ্ধমন্ত্রী?)এর পদানুসারে।

রাখাইন, বর্মী **চাইথুগ্রী/চাইথাগ্রী** =সেনা কর্মকর্তা (চাইবায়িং-গঁন পদের নিম্নস্থ পদাধিকারী)

**চেগেগঝা [𑄌𑄬𑄉𑄬𑄉𑄧𑄏]** - বি. চাকমাদের একটি বিশেষ সামাজিক দল। {অতীতে বর্তমান বান্দরবান জেলার দক্ষিণাংশে তইন/তৈন অঞ্চলের প্রধান **তৈনচেগে** পদাধিকারী সেনাকর্মকর্তার দলের লোক ও তাদের বংশধর। **চেগে** <বর্মী/রাখাইন/মারমাঃ *চাইথে* / চাইথাঃ [𑄌𑄭𑄗𑄬/ 𑄌𑄭𑄗] = সৈন্য + *আগ্রী* [𑄃𑄉𑄳𑄢𑄨] = বড়) অর্থাৎ উচ্চপদস্থ সেনাকর্মকর্তা।}

**চেগেলেং [𑄌𑄬𑄉𑄬𑄣𑄬𑄁]** - বি. হাঁটাচলায় অনভ্যাসের ফলে সৃষ্ট অক্ষমতা।

**চেঘা [𑄌𑄬𑄊]** - বি. একজাতীয় পাখি ; চকা।

**চেঙি [𑄌𑄬𑄋𑄨]** - বি.১. এক প্রকার ছোট সবজিগাছ। ২. খাগড়াছড়ি জেলার একটি মৌজা চেংগি (মৌজা নং ২৪৩) ও নদী।

**চেঙিগাঙ, চেঙেইগাঙ [𑄌𑄬𑄋𑄨𑄉𑄋𑄴, 𑄌𑄬𑄋𑄬𑄃𑄨𑄉𑄋𑄴]** - বি.চেঙি বা চেংগি বা চেংঘী নদী। (কর্ণফুলী নদীর একটি উপনদী; খাগড়াছড়ি ও রাঙ্গামাটি জেলায় প্রবাহিত। ১৭৯৭ সালেও ফ্রান্সিস বুকানন সাহেব ঐ সময় পার্বত্য চট্টগ্রাম সফর কালে এর নাম ইংরেজীতে লিপিবদ্ধ করেছিলেন - Cheemay,Singay,Chingay, or Chingree. পাংখুয়া, লুসাই (মিজো): **সাজাই** (Sazai)। ত্রিপুরা: **সিয়াই**।

**চেঙেই [𑄌𑄬𑄋𑄬𑄃𑄨]** - বি. ১. এক প্রকার তারা জাতীয় ছোট উদ্ভিদ (সবজি হিসেবে খাওয়া যায়। ২. খাগড়াছড়ি জেলার একটি মৌজা চেংগি (মৌজা নং ২৪৩) ও নদী।

**চেজানা [𑄌𑄬𑄎𑄚]** - ক্রি.জাল দিয়ে ছেঁকে বা টেনে নিয়ে যাওয়া।

**চেজেকচেজেক [𑄌𑄬𑄎𑄬𑄇𑄴𑄌𑄬𑄎𑄬𑄇𑄴]** - অব্য, ক্রি. বিণ. পা দিয়ে কাদা বা স্বল্প জলাচ্ছাদিত স্থান ঘোলাটে করার শব্দ। (ধ্বন্যা)

**চেত [𑄌𑄬𑄖𑄴]** - বি. পুরুষাঙ্গ; শিশ্ন; penis। [ চর্যগীতি: চীরাম্ব ]

**চেদবাল [𑄌𑄬𑄘𑄴𑄝𑄣𑄴]** - বি. ১.শিশ্নের চারিপাশের তলপেটের কেশ; pubic hair of male. ২.গালিবিশেষ (অশিষ্ট)।

**চেদলের [𑄌𑄬𑄘𑄴𑄣𑄬𑄢𑄴]** - বি. ১. বীর্য। ২. গালিবিশেষ। (অশিষ্ট)

**চেদানা [𑄌𑄬𑄘𑄚]** - ক্রি. অহঙ্কার বা দাম্ভিকতা প্রকাশ করা।

**চেদিযানা [𑄌𑄬𑄘𑄨𑄎𑄚]** - ক্রি. ক্ষেপে যাওয়া।

**চেদেইয়া [𑄌𑄬𑄘𑄬𑄃𑄨𑄠]** - বিণ. অহঙ্কারী ; দাম্ভিক।

**চেদেরভেদের [𑄌𑄬𑄘𑄬𑄢𑄴𑄞𑄬𑄘𑄬𑄢𑄴]** - বিণ. বিশৃঙ্খল; ছড়ানোছিটানো; অগোছালো; ইতস্তত: বিক্ষিপ্ত।

চেদেরেংখা [𑄌𑄬𑄘𑄬𑄢𑄬𑄁𑄈] - বি. গালিবিশেষ ( অপদার্থ) ।

চেবেধা, চেবেদাক [𑄌𑄬𑄝𑄬𑄙, 𑄌𑄬𑄝𑄬𑄘𑄇𑄴] -বিণ. চ্যাপটা ; চেপ্টা ।

চেয়্যার [ 𑄌𑄬𑄠𑄢𑄴] - বি. চেয়ার ।{< ইংরেজী chair }

চের, চেইর [ 𑄌𑄬𑄢𑄴, 𑄌𑄬𑄃𑄨𑄢𑄴] - বি, বিণ. চার ।

চেরধাল্যা-ভা, চেরঢাল্যা-ভা [𑄌𑄬𑄢𑄴𑄙𑄣𑄳𑄠-𑄞, 𑄌𑄬𑄢𑄴𑄓𑄣𑄳𑄠-𑄞] চাকমা ঐতিহ্যবাহী অঝা-পাঠের ২৪ তম বর্ণ [ 𑄞 ] ।

চেরা [ 𑄌𑄬𑄢] - বি. এক প্রকারের বিষাক্ত শতপদী । centipede.

~ বান [𑄌𑄬𑄢𑄝𑄚𑄴] বি. ঐ সাদৃশবিশিষ্ট চুলের বেণীর বিশেষ বাঁধনশৈলী ।

চেরাংচেরাং [𑄌𑄬𑄢𑄁𑄌𑄬𑄢𑄁] - ক্রি.বিণ.শিশুর ক্রমাগত ও তীক্ষ্ণ কান্নার ধ্বনিবিশেষ ।(ধ্বন্যা)

চেরাক, চেরাগ [𑄌𑄬𑄢𑄇𑄴, 𑄌𑄬𑄢𑄉𑄴] - বি. চেরাগ ।

~ মাট্যা [ 𑄟𑄑𑄳𑄠𑄌𑄬𑄢𑄇𑄴 ] - মাটির প্রদীপ ।

চেরাকফুলু-তারা, সেরাকফুলু-তারা [ 𑄌𑄬𑄢𑄇𑄜𑄪𑄣𑄪-𑄖𑄢, 𑄥𑄬𑄢𑄇𑄴𑄜𑄪𑄣𑄪-𑄖𑄢] - বি. চাকমাদের প্রাচীন ধর্মীয় গ্রন্থ *আঘরতারা*-এর অন্তর্ভুক্ত একটি *তারা/ত্রা* ।

চেরেইপুক, চেরেপুক [𑄌𑄬𑄢𑄬𑄃𑄨𑄛𑄪𑄇𑄴, 𑄌𑄬𑄢𑄬𑄛𑄪𑄇𑄴 ] -বি.এক প্রকার ফড়িং জাতীয় পতঙ্গ/পোকা; ঝিল্লি; ঝিঁঝিঁ (cicada) ।

চেরেত [𑄌𑄬𑄢𑄬𑄖𑄴 ] -অব্য. ক্রি:বিণ. চটপট; দ্রুতগতিতে ।

চেরেরেত [𑄌𑄬𑄢𑄬𑄢𑄬𑄖𑄴 ] - অব্য. চিরচির (করে পানি বা কোনো তরলের পড়ার ) শব্দ ।(ধ্বন্যা)

চেরেতচেরেত [𑄌𑄬𑄢𑄬𑄖𑄴𑄌𑄬𑄢𑄬𑄖𑄴] - ক্রি. বিণ. চট; দ্রুত গতিতে । অব্য.চলার সময় মাটিতে পা ঈষৎ ঘষা যাওয়ার শব্দ । (ধ্বন্যা)

চেরেচ্‌তা [𑄌𑄬𑄢𑄬𑄌𑄴𑄖] -বি. চেষ্টা ।

চেরেস্তা [𑄌𑄬𑄢𑄬𑄥𑄴𑄖] -বি. ১. চেষ্টা । ২. পরিচর্যা ।

চেরোকেত্যা, চেরকেত্যা [𑄌𑄬𑄢𑄮𑄇𑄬𑄖𑄳𑄠, 𑄌𑄬𑄢𑄴𑄇𑄬𑄖𑄳𑄠] -বিণ. চারিদিকে; চারিপাশে; চতুর্পার্শ্বে; চতুর্দিকে ।

চেরোপালা [𑄌𑄬𑄢𑄮𑄛𑄣] -বিণ. চারিপাশ; চতুর্পার্শ্ব; চতুর্দিক ।

চে-ল [𑄌𑄬𑄣𑄮] - ক্রি. দেখলো; চাইলো ।

চেল [𑄌𑄬𑄣𑄴]- বি. বিণ. চেলা ।

চেলা [𑄌𑄬𑄣] - বিণ. ১. গবাদি পশুপালের গোদা । ২. প্রধান {নিন্দার্থে ব্যবহৃত । স্ত্রীলিঙ্গে চেলি ।} । বিণ. বলশালী; প্রতিপত্তিশালী ।

~ মোচ [𑄌𑄬𑄣𑄟𑄮𑄌𑄴] - চেলা মহিষ ।

~ ভুত [𑄌𑄬𑄣𑄞𑄪𑄖𑄴] - ভুতের চেলা ।

চৈদাল, চৈতাল [𑄌𑄭𑄘𑄣𑄴, 𑄌𑄮𑄃𑄩𑄘𑄣𑄴, 𑄌𑄭𑄖𑄣𑄴] – বি. উদ্দামনৃত্য ; তান্ডব ; উশৃঙ্খল আচরণ ।

চোইশাক [𑄌𑄮𑄃𑄩-𑄥𑄇𑄴] - বি. এক প্রকার শাক ।

চোক [𑄌𑄮𑄇𑄴] -বি.চোখ ।

~ কানা [ 𑄌𑄮𑄇𑄴𑄇𑄚 ]- বিণ. কানা ।

~ খাত্যা [ 𑄌𑄮𑄇𑄴𑄈𑄖𑄳𑄠 ] - ক্রি:বিণ. চোখ বন্ধ করে; আঁখি মুদে ।

~ জলানা [ 𑄌𑄮𑄇𑄴𑄎𑄣𑄚] - ক্রি. চোখে জ্বালা অনুভব করা ।

~ পীরা [ 𑄌𑄮𑄇𑄴𑄛𑄩𑄢] - ক্রি. চক্ষুরোগ ।

~ মারানা [ 𑄌𑄮𑄇𑄴𑄢𑄋𑄚] - ক্রি. চোখ টিপা ঐ কওে কোনো ইঙ্গিত প্রকাশ করা ।

~ রাঙানা [ 𑄌𑄮𑄇𑄴𑄢𑄋𑄚] - ক্রি চোখ দিয়ে কারো উপর ক্রোধ প্রকাশ করা ।

চোকদেনা [𑄌𑄮𑄇𑄴𑄘𑄬𑄚 ] - ক্রি. নজর রাখা ।

চোকসামা [𑄌𑄮𑄇𑄴𑄥𑄟 ] - বি. চশমা ।

চোগিথানা [𑄌𑄮𑄉𑄨𑄗𑄚 ] - ক্রি. পাহারায় থাকা ।

চোগিদেনা [𑄌𑄮𑄉𑄨𑄘𑄬𑄚 ] - ক্রি. পাহারা দেওয়া ।

চোগোত্যা [𑄌𑄮𑄉𑄮𑄖𑄳𑄠] - ক্রি. বিণ. অপরিচ্ছন্ন ভাবে ঘাটা হয়েছে এমন; মর্দনকৃত; এঁটো ।

চোঘপাদা [𑄌𑄮𑄊𑄛𑄘] - বি. চোখের পাতা; আঁখিপল্লব । eyelid. .

চোঘতারা [𑄌𑄮𑄊𑄖𑄢] - বি. চোখের মণি । pupil ( in the iris).

চোঘকপ, চোঘোকপ [𑄌𑄮𑄊𑄇𑄛𑄴, 𑄌𑄮𑄊𑄮𑄇𑄛𑄴] - বি. আঁখিপল্লব ।

চোঘপানি, চোঘোপানি [𑄌𑄮𑄊𑄛𑄚𑄨, 𑄌𑄮𑄊𑄮𑄛𑄚𑄨 ] - বি. চোখের জল; অশ্রু ।

চোঘভঙ, চোঘোভঙ [𑄌𑄮𑄊𑄮𑄞𑄋𑄴, 𑄌𑄮𑄊𑄮𑄞𑄋𑄴] - বি. চোখের ভ্রু ; eyelash.

চোচালা [𑄌𑄮𑄌𑄣] - বি. চৌ বা চার চালাবিশিষ্ট [ ঘরের ক্ষেত্রে ব্যবহৃত]

চোত [𑄌𑄮𑄖𑄴] - বি. চৈত্র ।

চোত্রিচ [𑄌𑄮𑄖𑄳𑄢𑄨𑄌] - বি, বিণ. চৌত্রিশ ।

চোদু [𑄌𑄮𑄘𑄪] - বিণ. ফতুর ।

চোদোরি, চোদোরী [𑄌𑄮𑄘𑄮𑄢𑄨, 𑄌𑄮𑄘𑄮𑄢𑄩 ] - বি. ১. চৌধুরী ২.পদ (যেমন বাজার)

চোদ্দেং, চোতদেং [𑄌𑄮𑄘𑄴𑄘𑄬𑄁, 𑄌𑄮𑄖𑄴𑄘𑄬𑄁 ] - বি. গালি বিশেষ । (মৃত?)

চোদ্য [𑄌𑄮𑄘𑄳𑄠 ] - বি, বিণ. চৌদ্দ ।

~ গুত্থি [ 𑄌𑄮𑄘𑄳𑄠𑄉𑄪𑄖𑄴𑄗𑄨 ]- বি. চৌদ্দগুষ্ঠি ।

**চোধুথংজা** [𑄌𑄪𑄙𑄗𑄁𑄎 ] - বি. জনৈক চাকমারাজাকে এই নামে অভিহিত ছিলেন। রাজা ভুবনমোহন রায়ের মতে "ঘাগট্যা রাজার নাম **চৌধুথংজা**। ঘাগত্যা রাজার পুত্র মইশাং রাজা হইলেন।" {চাকমা রাজ বংশের ইতিহাসঃ ১৯১৯]

**চোধুরি, চোধুরী** [𑄌𑄪𑄙𑄢𑄨, 𑄌𑄪𑄙𑄢𑄩 ] - বিণ. নিষ্কর্মা লোক।

~ পারংচোধুরি [𑄛𑄢𑄁𑄌𑄪𑄙𑄢𑄨 ] - বিণ. সবজান্তা।

**চোন্দি** [𑄌𑄪𑄚𑄴𑄘𑄨] - বি. ঘিলাখেলার শুরুতেই উচ্চারিত শব্দ।

**চোন্দিপয়ঝা** [𑄌𑄪𑄚𑄴𑄘𑄨𑄛𑄧𑄠𑄴𑄏] - বি. কানাকড়ি (কপর্দক)।

**চোন্ধুল** [𑄌𑄪𑄚𑄴𑄙𑄪𑄣𑄴] - বি. এক জাতীয় গাছ। বিণ. চিৎপটাং; কুপোকাৎ।

**চোব্বিচ, চোবিচ** [𑄌𑄪𑄝𑄴𑄝𑄨𑄌𑄴, 𑄌𑄪𑄝𑄨𑄌𑄴] - বি.চব্বিশ।

**চোরিয়া** [𑄌𑄪𑄢𑄨𑄠] - বি. যে চড়ে; rider.

**চোরেইয়া** [𑄌𑄪𑄢𑄬𑄃𑄨𑄠] - বি. যে চরায়।

**চোরোই** [𑄌𑄪𑄢𑄪𑄃𑄨 ] - বি. চড়ুই।

~ চাল [𑄌𑄣𑄴 -𑄌𑄪𑄢𑄪𑄃𑄨] - বি. ঘরজামাই। (বাগধারা)।

~ গুলা [𑄌𑄪𑄢𑄴𑄝𑄬𑄇𑄴𑄉𑄪𑄣 ] - বি. ঐ গাছের ফল।

**চোরোত** [𑄌𑄪𑄢𑄪𑄖𑄴𑄌𑄢𑄖𑄴 ] - ক্রি.বিণ. তড়িৎ গতিতে।

**চোরোতচারাত** [𑄌𑄪𑄢𑄪𑄖𑄴 ] - ক্রি.বিণ. ঝটপচ; তড়িৎ গতিতে।

**চোরোনধারা** [𑄌𑄪𑄢𑄪𑄚𑄴𑄙𑄢 ] - বি. ফুলঝাড়ু।

**চোর্কি** [𑄌𑄧𑄢𑄴𑄇𑄨] - বি. চর্কি।

**চোর্বেক** [ 𑄌𑄪𑄢𑄴𑄝𑄬𑄇𑄴 ] - বি. এক জাতীয় বন্য গাছ।

**চোল** [𑄌𑄪𑄣𑄴 ] - বি. চাউল; চাল।

**চোল্লিচ** [𑄌𑄪𑄣𑄴𑄣𑄨𑄌𑄴 ] - বি, বিণ. চল্লিশ।

**চোসোত্তি, চোসত্তি** [𑄌𑄪𑄥𑄪𑄖𑄴𑄖𑄨, 𑄌𑄪𑄥𑄴𑄖𑄴𑄖𑄨] - বি, বিণ. চৌষট্টি।

**চ্যকচ্যক** [𑄌𑄳𑄠𑄇𑄴𑄌𑄳𑄠𑄇𑄴] - বিণ. মন গুড়গুড় ভাব

## ছ [ 𑄍 ]

**ছ, স** [ 𑄍, 𑄥 ] - বি. ছানা; বাচ্চা।

**ছ** [𑄍] - বি, বিণ. ছয়। { পালিঃ ছ }

**ছ** [ 𑄍 ] - বি, বিণ. ছয়। { পালিঃ ছ > }

**ছ-ছ-পু-পু** [ 𑄍 -𑄍-𑄛𑄪-𑄛𑄪 ] - বি. একটির পর একটি ছানা বা বাচ্চা জন্মিয়ে সংখ্যাবৃদ্ধি।(বাগধারায় ব্যবহৃত)।

**ছছল্লিচ** [𑄍𑄍𑄣𑄴𑄣𑄨𑄌𑄴] - বি, বিণ. ছেচল্লিশ।

**ছতকুরুক-তারা** [𑄍𑄧𑄖𑄴𑄇𑄪𑄢𑄪𑄇𑄴-𑄖𑄢] - বি. চাকমাদের প্রাচীন ধর্মগ্রন্থ আঘরতারা-এর অন্তর্ভুক্ত একটি *তারা* /ত্রা ।

**ছতছত্যা,ছটছট্যা** [ 𑄍𑄖𑄴𑄍𑄖𑄳𑄠, 𑄍𑄑𑄴𑄍𑄑𑄳𑄠] - বিণ.অস্থির; ছটফট করে এমন ।

**ছতছদানা, ছটফদানা** [ 𑄍𑄖𑄴𑄍𑄘𑄚, 𑄍𑄑𑄴𑄜𑄘𑄚] - ক্রি. ছটফট করা ।

**ছত্তর** [𑄍𑄖𑄴𑄖𑄧𑄢𑄴, 𑄍𑄖𑄳𑄖𑄧𑄢𑄴] - বি. ফণা; ছত্র ।

**ছত্তাপাগল, সত্তাপাগল** [𑄍𑄖𑄴𑄖𑄛𑄉𑄧𑄣𑄴, 𑄥𑄖𑄴𑄖𑄛𑄉𑄧𑄣𑄴] - বি. একটুতে পাগলের ন্যায় ছটফট করে এমন । বিকট শব্দে সাধারনত মহিলারা স্বগতোক্তি সহকারে যে চিৎকার ধ্বনি দেয় । সেরূপ প্রকৃতির লোকদের ছত্তা পাগল বলা হয় ।

**ছত্থাপেইক, সত্থাপেইক, ছট্টাপেখ** [𑄍𑄖𑄴𑄗𑄛𑄬𑄃𑄨𑄇𑄴, 𑄍𑄖𑄴𑄗𑄛𑄬𑄇𑄴, 𑄍𑄑𑄴𑄑𑄛𑄬𑄈𑄴] - বি. ছাতার পাখি ।

**ছত্রসান** [𑄍𑄖𑄳𑄢𑄥𑄚𑄴] - বিণ, ইতস্তত বিক্ষিপ্ত; বিধ্বস্ত ।

**ছত্রিচ** [𑄍𑄖𑄳𑄢𑄨𑄌𑄴] - বি, বিণ. ছত্রিশ ।

**ছদক** [ 𑄍𑄘𑄧𑄇𑄴] - বি. রশ্মি ( আলোর রশ্মি ) ।

**ছন, শন** [ 𑄍𑄚𑄴, 𑄥𑄚𑄴] - বি.ছন/শন ।

~ **সাবারাং** [ 𑄍𑄚𑄴𑄥𑄝𑄢𑄁] - বি. ন্যাপিয়ার ঘাস ।

**ছনভন, শনভন** [𑄍𑄚𑄴𑄞𑄚𑄴, 𑄥𑄚𑄴𑄞𑄚𑄴] - বিণ. পাগলাবৎ, অস্থির স্বভাবযুক্ত ।

**ছন্দ্রভন্দ্র , সন্দ্রভন্দ্র** [𑄍𑄚𑄴𑄘𑄳𑄢𑄞𑄚𑄴𑄘𑄳𑄢 , 𑄥𑄚𑄴𑄘𑄳𑄢𑄞𑄚𑄴𑄘𑄳𑄢] - বিণ. পাগলাটে; অস্থিরমতি ।

**ছবলকছবলক, ছেবলকছেবলক** [ 𑄍𑄝𑄧𑄣𑄧𑄇𑄴𑄍𑄝𑄧𑄣𑄧𑄇𑄴 , 𑄍𑄬𑄝𑄧𑄣𑄧𑄇𑄴𑄍𑄬𑄝𑄧𑄣𑄧𑄇𑄴 ] - অব্য. ছলাৎ ছলাৎ । (ধ্বন্যা)

**ছবি, ছোবি** [𑄍𑄝𑄨, 𑄍𑄮𑄝𑄨 ] - বি. ছবি ।

**ছয়, ছ** [𑄍𑄧𑄠𑄴, 𑄍 ] - বি, বিণ. ছয় । {পালিঃ ছ}

**ছরমা** [𑄍𑄧𑄢𑄴𑄟] - বি. বাচ্চাওয়ালা পশুপাখি ।

~ **কুহ্‌রা** [ 𑄍𑄧𑄢𑄴𑄟-𑄇𑄪𑄦𑄳𑄢] - বি.ছানাওয়ালা মুরগি ।

~ **গোরু** [𑄍𑄧𑄢𑄴𑄟-𑄉𑄮𑄢𑄪] - বি.বাছুরওয়ালা গরু ।

**ছরা, ছরাহ্‌** [𑄍𑄢, 𑄍𑄢𑄦𑄴] - বি.১. ছড়া ২. ছোট নদী, স্রোতস্বিনী, প্রবাহিণী । [< স.সরিৎ] ।

~ **কলা** [𑄇𑄧𑄣𑄍𑄢] - বি. কলার কাঁদি ।

~ **ধান** [𑄙𑄚𑄴𑄍𑄢] - বি. ধানের শীষ ।

~ **গাঙ** [𑄍𑄢𑄉𑄋𑄴] - বি. ছোটনদী; নদী ও ছোটনদী ।

**ছরি, ছোরি** [𑄍𑄮𑄢𑄨, 𑄍𑄮𑄢𑄩 ] - বি. ছড়া; ঝোরা । ২. ছোট নদী; স্রোতস্বিনী; প্রবাহিণী ।

**ছল** [𑄍𑄣𑄴] - বি.ছল; ভান ।

**ছলাছলি** [𑄍𑄣𑄍𑄣𑄨 ] - বি, ক্রি. বিণ. ছোঁ মেরে টানাটানি; কাড়াকাড়ি ।

**ছসোত্তি** [𑄍𑄧𑄥𑄮𑄖𑄴𑄖𑄨] - বিণ, ছেচল্লিশ।

**ছাগানা** [𑄍𑄉𑄚] - ক্রি. ছাঁকা।

**ছাগল** [ 𑄍𑄉𑄣𑄴] -বি. ছাগল।

~ **দারিহ্** [𑄍𑄉𑄣𑄴-𑄘𑄢𑄨𑄦𑄴] - বি. ছাগলের মত দাড়ি (অল্প দাড়ি)।

**ছাগলগিরি-খারা** [𑄍𑄉𑄣𑄴𑄉𑄨𑄢𑄨-𑄈𑄢 ] - বি. এক প্রকার খেলা।

**ছাগলদুধআলু** [𑄍𑄉𑄣𑄴𑄘𑄪𑄙𑄴𑄃𑄣𑄪] - বি.এক পকার সাদাটে বন্য আলু।

**ছাগলদোদ** [𑄍𑄉𑄣𑄴-𑄘𑄮𑄘𑄴 ] - বি.খুশকি, দাউদ।

**ছাগললাদি** [𑄍𑄉𑄣𑄴𑄣𑄘𑄨] - বি. ছাগলের লাদ বা নাদি। { হিন্দিঃ লাদ }

~ **জাম** [𑄍𑄉𑄣𑄴𑄣𑄘-𑄎𑄟𑄴 ] - বি. ঐ আকৃতিবিশিষ্ট ক্ষুদ্রাকৃতির বন্য জাম।

**ছাগা, সাগা** [ 𑄍𑄉, 𑄥𑄉] - বি. ১. ক্রসচিহ্নের মত আড়াআড়ি ভাবে জুমক্ষেতে বাঁশ বা কাঠের টুকরা স্থাপন করে দাবীনির্দেশক চিহ্ন। ২. মালিকানাবিহীন বন্য কোনো জিনিসের উপর দাবীনিদের্শক চিহ্ন। [ তুলনীয় ত্রিপুরা রাজমালায় প্রদত্ত শব্দঃ ছগা]

**ছাগাছাগা** [𑄍𑄉𑄍𑄉] - ক্রি. বিণ. অমনোযোগের সাথে বা অযত্নে কৃত বা সম্পাদিত (কাজের ক্ষেত্রে প্রযোজ্য)।

**ছাঘানা** [𑄍𑄊𑄚] - ক্রি. ছাঁকা।

**ছাঘোনি** [𑄍𑄊𑄮𑄚𑄨] - বি. ছাঁকনি।

**ছাঝি** [𑄍𑄏𑄨] - বি. ছাঁদতলা।

**ছাদাঙ, ছাদাং, সাদাঙ** [𑄍𑄘𑄋𑄴 ,𑄍𑄘𑄂, 𑄥𑄘𑄋𑄴] - বি. বৌদ্ধ অনুষ্ঠানবিশেষ।

**ছাদি** [ 𑄍𑄘𑄨] - বি. ছাতা।

**ছাদিরিগাদিরি, ছাদেরিগাদেরি** [𑄍𑄘𑄨𑄢𑄨𑄉𑄘𑄨𑄢𑄨 ] - আজেবাজে (খাবারের ক্ষেত্রে প্রযোজ্য)।

**ছাপ্পান্ন** [𑄍𑄛𑄴𑄛𑄚𑄴𑄚] - বি, বিণ. ছাপান্ন।

**ছাবা** [ 𑄍𑄝] - বি. ছায়া। বিণ. ছাপা। ক্রি. (তুমি) ছাপাও। ক্রি. বিণ. ছাপা।

**ছাবানা** [𑄍𑄝𑄚] - ক্রি. ছাপানো।

**ছাবালা, সাবালা** [𑄍𑄝𑄣, 𑄥𑄝𑄣] - ক্রি. ছায়লা বা ছায়েলী।

**ছাব্বিচ** [𑄍𑄝𑄴𑄝𑄨𑄌𑄴] - ক্রি. বিণ. ছাব্বিশ।

**ছাবেইয়া** [ 𑄍𑄝𑄬𑄃𑄨𑄠,𑄍𑄝𑄬𑄠] - ক্রি.বিণ.ছাপা, ছাপানোকৃত।

**ছামি** [ 𑄍𑄟𑄨] - বি. দায়ের হাতলের একপ্রান্তে ফিট করা শক্ত ভাবে আটকে রাখার ধাতব আংটি।

**ছারাছারি** [ 𑄍𑄢𑄍𑄢𑄨] - বি. ১. ছাড়াছাড়ি। ২. ডিভোর্স।

**ছারানা** [ 𑄍𑄢] - ক্রি. ছাড়া, ত্যাগ করা।

**ছারানাধা** [ 𑄍𑄢𑄚𑄙] - বিণ. ছাড়খার; বিধ্বস্ত।

**ছারাল্যা** [ 𑄍𑄢𑄣𑄳𑄡] - বিণ.সন্তান বড় হওয়ায় প্রতিপালন থেকে দায়মুক্ত।

**ছারাহ্‌ঘর, সারাঘর** [𑄍𑄢𑄦𑄴𑄊𑄢𑄴] - বি. জনমানবহীন গৃহ ।[সাধারণত রূপকথায় ব্যবহৃত] ।

**ছাল** [ 𑄍𑄣𑄴] -বি. ১.গাছের ছাল(বাকল) । ২. পায়ে বা শরীরের কোনো অংশে বিদ্ধ হওয়া গাছবাঁশের কাঁটা ।

**ছালাবান্ধা** [𑄍𑄣𑄝𑄚𑄴𑄙] - বি. পুরুষাঙ্গের ব্যাধিবিশেষ ।

**ছালুয়া** [ 𑄍𑄣𑄴𑄣𑄪] - বি. ১.আঁশযুক্ত; পুরু ও শক্ত (সিম বা ঐ জাতীয় আঁশযুক্ত সবজী জাতীয় তরকারির ক্ষেত্রে প্রযোজ্য ।

**ছি, ছিঃ** [𑄍𑄨, 𑄍𑄨𑄂] - অব্য. ঘৃণা বা নিন্দাপ্রকাশক শব্দ ।

**ছিদানা** [ 𑄍𑄨𑄘𑄚] - ক্রি. ছিটানো ।

**ছিনা** [𑄍𑄨𑄚] - বিণ, ছিন্ন ।

**ছিনানা** [𑄍𑄨𑄚𑄚 ] - ক্রি. ছিন্ন করা, ছিঁড়া ।

**ছিনালি** [𑄍𑄨𑄚𑄣𑄨 ] - বি. ছেনালিপনা ।[তুলনীয় ত্রিপুরা রাজমালায় প্রদত্ত শব্দঃ সেনা]; নরনারীর যৌনঘটিত অবৈধ সম্পর্ক ঘটিত ।

~ **মকদ্দমা** [𑄟𑄮𑄇𑄖𑄴𑄘𑄟 , 𑄟𑄮𑄘𑄴𑄘𑄟 ] - কোনো নরনারীর মধ্যে সংঘটিত অবৈধ সম্পর্ক বিষয়ক মোকদ্দমা ।

**ছিন্যা** [𑄍𑄨𑄚𑄳𑄠 ] - ক্রি. বিণ. ছিন্ন ।

**ছিবা** [𑄍𑄨𑄝] - বি. ছিপ ।

**ছিয়ানোব্বোই** [𑄍𑄨𑄠𑄚𑄮𑄝𑄴, 𑄍𑄨𑄠𑄚𑄮𑄝𑄴𑄝𑄮𑄃𑄨] - বি, বিণ. ছিয়ানব্বই, ছিয়ানব্বুই ।

**ছিয়াত্তোর** [𑄍𑄨𑄠𑄖𑄴𑄖𑄮𑄢, 𑄍𑄨𑄠𑄖𑄴𑄖𑄮𑄢𑄴] - বি, বিণ. ছিয়াত্তর ।

**ছিয়াশি** [𑄍𑄨𑄠𑄥𑄨] - বি, বিণ. ছিয়াশি ।

**ছিরকাব** [𑄍𑄨𑄢𑄴𑄇𑄝𑄴 ] - বি, ক্রি. বিণ. হিসাবে চূড়ান্ত সমাধান; কাটাছেঁড়া ।

**ছিরকাবা** [𑄍𑄨𑄢𑄴𑄇𑄝 ] - বি.আত্মীয়তার বা সম্পর্কের ছিন্নকরণ ।

**ছুঃ** [ 𑄍𑄪𑄂 ] - অব্য. ১. মন্ত্র উচ্চারণের সময় ব্যবহৃত শব্দ ।(ধ্বন্যা) ।
২. কুকুরকে লেলিয়ে দেওয়ার শব্দ ।

**ছুদানা** [ 𑄍𑄪𑄘𑄚] - ক্রি.আগাছা সাফ করা; নিড়ানো ।

**ছুদি-মাগুরুম** [ 𑄍𑄪𑄘𑄨𑄟𑄉𑄪𑄢𑄪𑄟𑄴] -বি. ছোট মহাপ্রুম নদী ।
[ রাঙামাটি জেলার বুড়ীঘাট মৌজায় প্রবাহিত একটি ছোটনদী] ।

**ছুদো** [ 𑄍𑄪𑄘𑄮] - বি. ছুতো; ছুতা ।

**ছুবুরুনাভুরু** [𑄍𑄪𑄝𑄪𑄢𑄪𑄚𑄞𑄪𑄢𑄪] - ক্রি.বিণ. ভিজে জবজবে অবস্থাপ্রাপ্ত ।

**ছুয়া** [𑄍𑄪𑄠 ] - বি. ১. বাঁশের কঞ্চি; ছিপ । ২. ছোঁ ।

**ছুয়াই, সুয়াই** [ 𑄍𑄪𑄠𑄃𑄨, 𑄥𑄪𑄠𑄃𑄨, 𑄍𑄪𑄠] অব্য. মুরগী বা পাখি তাড়ানোর শব্দ ।

**ছুয়াকেগর** [𑄍𑄪𑄠𑄇𑄬𑄉𑄢𑄴 ] - বিণ. ঈষৎ ট্যারা ।

ছুয়ানা [𑄍𑄪𑄠𑄚, 𑄍𑄪𑄡𑄚 ] - ক্রি. ছোঁয়া; স্পর্শ করা।

ছুরকাগোচ [ 𑄍𑄪𑄢𑄴𑄇𑄉𑄮𑄌𑄴] - বি. বিবাহের ছাড়পত্র; ডিভোর্স লেটার।

ছুরি [ 𑄍𑄪𑄢𑄨] - বি. ছুরি, ছোরা, চাকু।

~ তাগল [𑄍𑄪𑄢𑄨𑄖𑄉𑄧𑄣𑄴] - বি. ছুরির আকৃতি বিশিষ্ট দা/দাও বিশেষ।

ছুরি-শুগুনি [𑄍𑄪𑄢𑄨-𑄥𑄪𑄉𑄪𑄚𑄨] - বি.ছুরি শুঁটকি।

ছুলানা [ 𑄍𑄪𑄣𑄚] - ক্রি. খোসা ছাড়ানো; আগাছা নিড়ানো।

ছুল্যা [ 𑄍𑄪𑄣𑄳𑄠] - ক্রি:বিন. খোসা বা বাকল ছাড়ানোকৃত।

ছেই [𑄍𑄬𑄃𑄨, 𑄍𑄭] - বি. ছাই।

ছেগানা [ 𑄍𑄬𑄉𑄚] - ক্রি. (আগুনের উত্তাপে) সেঁকা ।

ছেজা [ 𑄍𑄬𑄎] - বি. পিটুনি।

ছেজানা [ 𑄍𑄬𑄎𑄚] - ক্রি. পিটুনি দেওয়া।

ছেঝেরানা [𑄍𑄬𑄏𑄬𑄢𑄚] - ক্রি. ছেঁছড়ানো; মাটিতে হিঁচড়ে টেনে নিয়ে যাওয়া।

ছেত্তেরা [𑄍𑄬𑄖𑄴𑄖𑄬𑄢] - বিণ, ক্রি.বিণ. ইতস্তত বিক্ষিপ্ত; ছড়ানো ছিটানো।

ছেদা, সেদা [𑄍𑄬𑄘] - বি. যোনি; যোনিপথ। vagina.

ছেপ, সেপ [ 𑄍𑄬𑄛𑄴, 𑄥𑄬𑄛𑄴] - বি. থুতু।

ছেপবর্তা, ছেপবরতা [ 𑄍𑄬𑄛𑄴𑄝𑄧𑄢𑄴𑄖] - বি. আশীর্বাদ।

ছেবলক [𑄍𑄬𑄝𑄧𑄣𑄧𑄇𑄴 ] - বি. লাভ।

ছেবা, সেবা [𑄍𑄬𑄝, 𑄥𑄬𑄝 ] - বি. সর্দি।

ছেম, সেম [𑄍𑄬𑄟𑄴, 𑄥𑄬𑄟𑄴 ] - বি. গাছের গোড়া থেকে অঙ্কুরিত হওয়া চারা অঙ্কুর; তেউর।

ছের [𑄍𑄬𑄢𑄴] - বি. ১. বিরতি; বিরাম। ২. ফাঁক; অবসর।

ছেরানা [𑄍𑄬𑄢𑄚] - ক্রি. ১.তরল পায়খানা হওয়া বা তরল মলত্যাগ করা।

ছেরেছেরে, সেরেসেরে [𑄍𑄬𑄢𑄬𑄍𑄬𑄢𑄬, 𑄥𑄬𑄢𑄬𑄥𑄬𑄢𑄬] - ক্রি.বিণ. ফাঁকেফাঁকে।

ছোদোহ্যোরিনা [𑄝𑄢] - বি. ছোটহরিণা নদী। { রাঙ্গামাটি জেলার বাঘাইছড়ি উপজেলার একটি সীমান্তবর্তী নদী। { পাংখুয়া, লুসাই (মিজো): লাইজো **(Laizo)**}

ছোবি, ছবি [𑄍𑄮𑄝𑄨, 𑄍𑄧𑄝𑄨] - বি. ছবি।

ছ্যাংসামা, স্যাঙসামা [𑄍𑄳𑄠𑄁𑄥𑄟, 𑄥𑄳𑄠𑄋𑄴𑄥𑄟 ] - বি. মানসিক অস্বস্তি।

# জ [𑄎]

**[ IPA - তে শব্দের আদিতে এই মূল ধ্বনিটির উচ্চারণ হলো / Z / ]**

**জঁতজঁত** [𑄎𑄀𑄖𑄴𑄎𑄀𑄖𑄴] - অব্য. শোঁ শোঁ জাতীয় শব্দ ।

**জক-কারানা** [𑄎𑄇𑄴-𑄇𑄢𑄚] - ক্রি.কারোর নাজেহাল অবস্থা দেখে বগল বাজানো ।

**জকরেজক** [𑄎𑄇𑄴𑄢𑄬𑄎𑄇𑄴] অব্য. খেলার সময় পরাজিত পক্ষের প্রতি আনন্দ প্রকাশক শব্দ

**জগদাং, জগদাঙ** [𑄎𑄉𑄘𑄁, 𑄎𑄉𑄘𑄋𑄴] - বিণ.অপাঙক্তেয়ের মত কাজ করে বিশৃঙ্খলার সৃষ্টি করে যে ব্যক্তি ।

**জগদাত-ধা** [𑄎𑄉𑄘𑄖𑄴-𑄙] - বি. ঐতিহ্যবাহী চাকমা অঝাপাঠ - এর ১৭ তম বর্ণ [𑄙] বা হরফ ।

**জগনা, জগনাগুলা** [𑄎𑄉𑄚, 𑄎𑄉𑄚𑄉𑄪𑄣] - বি. যজ্ঞডুমুর ।

**জগনাতলি** [𑄎𑄉𑄚𑄖𑄧𑄣𑄨, 𑄎𑄉𑄚𑄖𑄪𑄣𑄨] - বি. খাগড়াছড়ি জেলার একটি মৌজার নাম; জগনাতলী ।{ জগনা< যজ্ঞ (–ডুমুর) +তলি}

**জগরা** [𑄎𑄉𑄢𑄴] - বি. সুমিষ্ট মদবিশেষ; beer জাতীয় পানীয়বিশেষ ।

**জগার** [𑄎𑄉𑄢𑄴] - বি. চিৎকার ।

~ **জয়** [𑄎𑄠𑄧𑄎𑄉𑄢𑄴] - বি. জয়োল্লাস ।

**জখা** [𑄎𑄈] - বি. পরিমাপ ।

**জখা-চানা** [𑄎𑄈-𑄌𑄚] - ক্রি. মাপমত আছে কিনা যাচাই করা ।

**জখার** [𑄎𑄈𑄢𑄴] - বিণ.সঠিক মাপমত; ঠিকমত ।

**জত** [𑄎𑄖𑄴] - বি. জড়ুল । (যেমন কালাজত/রাঙাজত) ।

**জত-পাগানা** [𑄎𑄖𑄴-𑄛𑄉𑄚] - ক্রি. সুতা বা তার ইত্যাদির জট পাকানো ।

**জতা** [𑄎𑄖] - বি.জুতা ।

**জদন** [𑄎𑄘𑄚𑄴] - ১. বি. বর ও কনের বিবাহ হওয়ার ভাগ্যলিখন । ২. বিবাহ অনুষ্ঠানে বর ও কনের জোড় ।

**জদনা** [𑄎𑄘𑄚] - বি. শুঁয়াপোকার ন্যায় একপ্রকার বিষাক্ত কীট ।

**জদা** [𑄎𑄘] - বি.১. জোড়া । ২. জুতা ।

**জদাবানানা** [𑄎𑄘-𑄝𑄚𑄚] -বি, বর ও কনের বিবাহকালে তাদেরকে উপস্থিত গণ্যমান্য ব্যক্তিবর্গের মৌখিক অনুমোদন ক্রমে শুভ্রবস্ত্র দ্বারা যুগলবদ্ধ করার বিশেষ অনুষ্ঠান বা অনুষ্ঠানকরণ

**জদেপদে, যদেপদে** [𑄎𑄘𑄬𑄛𑄘𑄬, 𑄠𑄘𑄬𑄛𑄘𑄬] - ক্রি.বিণ. বাস্তবিকই ।

**জধা** [𑄎𑄙] - বি. ঐক্য; একতা । বিণ. ঐক্যবদ্ধ ।

**জন** [𑄎𑄚𑄴] - বিণ. জন ।

**জনম** [𑄎𑄚𑄟𑄧] - বি. জন্ম; জনম ।

**জনমান** [𑄎𑄚𑄟𑄧] - বি.জীবনখানি; আজীবন; জীবনভর ।

**জনম্মুয়া** [𑄎𑄚𑄟𑄧𑄟𑄪𑄠] - বি. জীবনখানি । বিণ. আজীবন; জীবনভর ।

**জবা** [𑄎𑄝] - বি. জবা (ফুল) । বিণ. মন্ত্রে জপ করার যোগ্য (শব্দ বা ধ্বনির ক্ষেত্রে প্রযোজ্য) ।

~ **অ** [𑄃𑄎𑄝] - বিণ. মন্ত্রে জপ করার অযোগ্য বা নিষিদ্ধ (শব্দ বা ধ্বনির ক্ষেত্রে প্রযোজ্য) ।

**জমদুয়ার** [𑄎𑄟𑄘𑄪𑄠𑄢𑄧] - বি, দুই অঙ্গুলি ফাকেস্থিত জোড়া চামড়া ।

**জমর, জমসম** [𑄎𑄟𑄢𑄧, 𑄎𑄟𑄥𑄟𑄧] - বিণ, ক্রি.বিণ. খুব; সাংঘাতিক; ভীষণ; জবর ।

**জমা** [𑄎𑄟] - বি, বিণ. জমা ।

**জমানা** [𑄎𑄟𑄚] - বি. জমানো; জমা করা ।

**জমি, জোমি** [𑄎𑄟𑄨, 𑄎𑄮𑄟𑄨] - বি. জমি ।

**জয়জগার** [𑄎𑄠𑄎𑄉𑄢𑄧] - বি. সম্মিলিত চিৎকার; হৈচে ।

**জয়মঙ্গল-তারা, জয়মংগল-ত্রা** [𑄎𑄠𑄟𑄋𑄴𑄉𑄣𑄧-𑄖𑄢, 𑄎𑄠𑄟𑄁𑄉𑄣𑄧-𑄖𑄳𑄢] - বি. চাকমাদের প্রচীন ধর্মগ্রন্থ *আঘরতারা*-এর অন্তর্ভুক্ত একটি *তারা/ত্রা* । এটি পালিতে বর্ণিত জয়মঙ্গল গাথার অনুরূপ ।

**জর** [𑄎𑄢𑄧] - বি. জ্বর ।

**জরবেত** [𑄎𑄢𑄧𑄝𑄬𑄖𑄧] - বি.জলপাই ।

**জরা** [𑄎𑄢] - বি, বিণ জোড় । বিণ. যুক্ত; জোড়া; joint ।

**জল** [𑄎𑄣𑄧] - বি. সবুজ রঙের এক জাতীয় পিচ্ছিল ছোট উদ্ভিদ; শ্যাওলা ।

**জলগানছা** [𑄎𑄣𑄧𑄉𑄚𑄍] বি. স্নানের গামছা ।

**জলানা** [𑄎𑄣𑄚] - ক্রি. জ্বলা ।

**জলাহ্না** [𑄎𑄣𑄦𑄳𑄚] - ক্রি. জ্বালাতন করা; উত্যোক্ত করা; ক্ষেপাইয়া দেওয়া ।

**জাং, জাঙ** [𑄎𑄁, 𑄎𑄋𑄴] - বি.পাটির বেত ।

**জাংগেল, জাঙ্গেল** [𑄎𑄁𑄉𑄬𑄣𑄧, 𑄎𑄋𑄴𑄉𑄬𑄣𑄧] - বিণ. খল বা দজ্জাল (স্ত্রীলোকের ক্ষেত্রে প্রযোজ্য) ।

**জাগা** [𑄎𑄉] - বি. জায়গা । ক্রি. ( তুমি) জাগাও ।

**জাগানা** [𑄎𑄉𑄚] - ক্রি. জাগা; জাগানো ।

**জাগুলুক** [𑄎𑄉𑄪𑄣𑄪𑄇𑄧] - বিণ.তালগোল পাকানোকৃত; গোলমেলে; বিশৃঙ্খল ।

**জাগেইয়া** [𑄎𑄉𑄬𑄃𑄨𑄠] - ক্রি. জাগরণকারী; যে জাগায় ।

**জাঙার** [𑄎𑄋𑄢𑄧] - বি. মরিচা; জং; জঙ ।

**জাঙাল** [𑄎𑄋𑄣𑄧] - ১. বি. জমির কিনার ২.বি. রাস্তা ।(তারা-ছায়াপথ)

**জাঙাল্যাশাক** [𑄎𑄋𑄣𑄳𑄠𑄥𑄇𑄧] - বি.এক প্রকার শাক ।

**জাঙি [𑄎𑄋𑄨]** - বি. মাটিতে পুঁতারযোগ্য বাঁশের টুকরা ও বেত দিয়ে তৈরি বুনো মোরগ ধরার ফাঁদ বিশেষ ।

**জাত [𑄎𑄖𑄴 ]** - বি. জাতি; সম্প্রদায় ।

**জাত্যা [𑄎𑄖𑄳𑄠]**- বিণ. যথার্থই; প্রকৃতই ।

**জাত্যানা [𑄎𑄖𑄳𑄠𑄚 ]**- ক্রি. বর্শা বা চুঁচালো বাঁশ-গাছ দিয়ে খোঁচানো বা বিদ্ধ করা; গুঁতা মারা ।

**জাদি, জাদী [𑄎𑄘𑄨, 𑄎𑄘𑄩 ]** - বি. চৈত্য ।

**জাদিগাছ [𑄎𑄘𑄨𑄉𑄍𑄴 ]** - বি.ভাল মানের টিকসই গাছ ।

**জাদিপুজা [𑄎𑄘𑄨𑄛𑄪𑄎 ]** - বি. চৈত্যপূজা ।

**জাধি [𑄎𑄙𑄨]** - বি. বর্শা; বল্লম ।

**জানা [𑄎𑄚 ]** - ক্রি. জানা ।

**জানিয়া [𑄎𑄚𑄨𑄠 ]** - ক্রি. জানে এমন লোক ।

**জার্বুয়া [𑄎𑄢𑄴𑄝𑄪𑄠]** - বিণ. জারজ ।

**জাম [𑄎𑄟𑄴]** - বি. ১. জাম; ফল বিশেষ । ২. বাসন (যেমন ভাতজাম = ভাতের থালা) ।

**জামা, যামা [𑄎𑄟, 𑄡𑄟]** - বি. যমজ ।

**জামি,জেইম [𑄎𑄟𑄨, 𑄎𑄬𑄄𑄟𑄴]**-বি. চোয়াল ।

  **~ দাত [𑄎𑄟𑄨𑄘𑄖𑄴]** - বি. চোয়ালের দাঁত ।

**জামুরা [𑄎𑄟𑄪𑄢]** - বি. ১. গোখরো (সাপ) । ২. কামড় দিয়ে ধরার মত যন্ত্রবিশেষ (প্লাস) ।

**জামেই [𑄎𑄟𑄬𑄄]** - বি. ১. বর । ২. জামাই ।

**জার [𑄎𑄢𑄴]** - বি. শীত ।

  **~ কাদা [𑄎𑄢𑄴𑄇𑄘]** - বি. ভয়ে বা আতঙ্কে শিহরিত হয়ে লোমকূপের দেখা দেওয়া ।

  **~ কাল [𑄎𑄢𑄴𑄇𑄣𑄴]** - বি. শীতকাল ।

**জায়জুক্কল [𑄎𑄠𑄴𑄎𑄪𑄇𑄴𑄇𑄣𑄴, 𑄎𑄠𑄴𑄎𑄪𑄇𑄴𑄇𑄧𑄣𑄴]** - বি. যোগারযন্ত্র ।

**জারানা [𑄎𑄢𑄚]** - ক্রি. হজম করা ।

**জারি [𑄎𑄢𑄨]** - বি. ১.জারি ।২. ভিটামিনজনিত অভাবে মুখে বা জিহ্বার ঘা হয় এমন রোগ ।

**জাল [𑄎𑄣𑄴]** - বি.১. মাছ ধরার জাল । ২. জা (স্বামীর ভাইয়ের স্ত্রী) । ক্রি. (তুমি ) জ্বালাও । (তুই আগুন জ্বাল) ।

**জালা [𑄎𑄣]** - বি. ১. জ্বালা; যন্ত্রণা । ২. পেটমাটা ও বৃহদাকার মৃৎপাত্রবিশেষ । ৩. ধানের চারা । ক্রি. (তুমি) জ্বালাও ।

**জালানা [𑄎𑄣𑄚]** - ক্রি. ১. জ্বালানো । ২. উত্যক্ত করা ।

**জালিজালি [𑄎𑄣𑄨𑄎𑄣𑄨]** - বিণ. জালের ন্যায় ( জিনিসের ক্ষেত্রে প্রযোজ্য) ।

**জাল্যা [𑄎𑄣𑄳𑄠, 𑄎𑄣𑄴𑄠]** - বি. জেলে ।

~মরা [𑄎𑄣𑄳𑄠𑄟𑄧𑄢] - বি.১. জেলের মরদেহ। ২. মৃত মাকড়সা (তেন্যাপিরা / bronchitis মানে ব্রঙ্কাইটিস নিরাময়ের জন্য প্রস্তুতযোগ্য ঔষধের উপাদানবিশেষ রূপেও কখনও কখনও ব্যবহৃত বৈদ্যদের সাংকেতিক শব্দ)।

**জাল্যানি** [𑄎𑄣𑄳𑄠𑄚𑄨] - বি. জেলেনী।

**জিংকানি, জিঙকানি, জিংকানী** [𑄎𑄨𑄁𑄇𑄚𑄨, 𑄎𑄨𑄋𑄴𑄇𑄚𑄨, 𑄎𑄨𑄋𑄴𑄇𑄚𑄩] - বি. জীবন; জীবনকাল। { হিন্দি :জিন্দেগীন}।

**জিংজিঙানা, জিঙজিঙানা** [𑄎𑄨𑄁𑄎𑄨𑄋𑄚 𑄎𑄨𑄋𑄴𑄎𑄨𑄋𑄚] - বি. কিলবিল করা।

**জিত** [𑄎𑄨𑄖𑄴] - বি. জয়; জিগীষা; জেতার ইচ্ছা। ক্রি. (তুমি) জয়ী হও।

**জিতবাদ** [𑄎𑄨𑄖𑄴] - বি. জিতার প্রতিযোগিতা।

**জিদ** [𑄎𑄨𑄘𑄴] - বি. জিগীষা।

**জিদাজিত্যা** [𑄎𑄨𑄘𑄎𑄨𑄖𑄳𑄠] - ক্রি.বিণ.জয়ের বিপক্ষে পাল্টাজয়ের প্রতিযোগিতাসুলভ।

**জিদানা** [𑄎𑄨𑄘𑄚] - ক্রি. জয় করা; জয়ী হওয়া।

**জিধু** [𑄎𑄨𑄙𑄪] - বি. ১. জ্যেঠা; বাবার বড় ভাই। ২. মায়ের বড় বোনের স্বামী। [পরিচয় প্রদান কালে ও সম্বোধনে ব্যবহৃত]।

**জিনংজানাং** [𑄎𑄨𑄚𑄁𑄎𑄚𑄁] - ক্রি.বিণ. ভরোত্তোলনে বা বহনে টলটলায়মান।

**জিনানা** [𑄎𑄨𑄚𑄚] - ক্রি. ১. জেতা; জয় করা। ২. নির্দিষ্ট ভার উত্তোলনে বা বহনে সক্ষম হওয়া।

**জিয়ল** [𑄎𑄨𑄠𑄧𑄣𑄴] - বিণ. জ্যান্ত; জীবন্ত।

~মাচ [𑄎𑄨𑄠𑄧𑄣𑄴-𑄟𑄌𑄴] - বিণ. জ্যান্ত মাছ।

**জিরা** [𑄎𑄨𑄢] - বি. জিরা।

~কাল্যা [𑄇𑄣𑄳𑄠𑄎𑄨𑄢] - বি. এক প্রকারের ধান।

**জিরান** [𑄎𑄨𑄢𑄚𑄴] - বি. বিশ্রাম; জিরানো।

**জিরানচিন্ন** [𑄎𑄨𑄢𑄚𑄴𑄌𑄨𑄚𑄴𑄚] - বি. দাঁড়ি।

**জিরানা** [𑄎𑄨𑄢𑄚] - ক্রি. বিশ্রাম নেওয়া; জিরানো।

**জিল** [𑄎𑄨𑄣𑄴] - বি. জিভ; জিহ্বা।

**জিল্যা-জা** [𑄎𑄨𑄣𑄳𑄠-𑄎] - বি. ঐতিহ্যবাহী চাকমা বর্ণমালা অঝাপাঠ-এর ৮ম বর্ণের নাম। এই বর্ণটির ডান দিকে একটি '*জিল*' মানে জিহ্বা বা জিভ আছে।

**জু** [𑄎𑄪] - বি. সুযোগ; জো। ২. বুননের প্যাটার্ন; মটিফ। [ কাপড় বুননে অঝা-জু , দোলনা বুননে *কেরেংজু* ইত্যাদি}

**জুং, জুঙ** [𑄎𑄪𑄁, 𑄎𑄪𑄋𑄴] -বি.মাটিতে প্রোথিত গুপ্তধনের বৃহদাকার পাত্র।

**জুক** [𑄎𑄪𑄇𑄴] - বি. জোঁক।

**জুক্কোল্যা** [𑄎𑄪𑄇𑄴𑄇𑄮𑄣𑄳𑄠] - বিণ. প্রস্তুতকৃত; যোগারকৃত।

**জুখ্যানা** [𑄎𑄪𑄈𑄳𑄠𑄚] - ক্রি. পদাঘাত বা মুষ্ঠাঘাত করার উদ্দেশ্যে ভঙ্গী প্রদর্শন করা।

**জুগুলানা, জুক্কুলানা** [𑄎𑄪𑄉𑄪𑄣𑄚, 𑄎𑄪𑄇𑄴𑄇𑄪𑄣𑄚] - ক্রি. ১. জোগার করা; জায়জোগার করা। ২. জিনিসপত্র নিয়ে প্রস্তুত হওয়া যুগল এর নামধাতু যুগলানা।

**জুগেইয়া, যুগেইয়া** [𑄎𑄪𑄉𑄬𑄭𑄠, 𑄡𑄪𑄉𑄬𑄭𑄠] - বি. যোগানদার।

**জুগোলি, যুগোলি** [𑄎𑄪𑄉𑄮𑄣𑄨, 𑄡𑄪𑄉𑄮𑄣𑄨] - বি. মিস্ত্রীর সহকারী।

**জুচ** [𑄎𑄪𑄌𑄴] - ক্রি.বিণ. আস্তে; সন্তর্পণে।

**জুত** [𑄎𑄪𑄖𑄴] - বিণ. সুবিধাজনক।

**জুদা** [𑄎𑄪𑄘] - বিণ. পৃথক; আলাদা।

**জুন** [𑄎𑄪𑄚𑄴] - বি. চাঁদ [ সাহিত্যে ব্যবহার্য ।

  ~ **পহ্‌র** [𑄎𑄪𑄚𑄴𑄛𑄦𑄧𑄢𑄴] - বি. জোছনা; চাঁদের আলো।

**জুনি** [𑄎𑄪𑄚𑄨]-বি.জোনাকি ।

  ~ **পুক/বাক** [𑄎𑄪𑄚𑄨𑄛𑄪𑄇𑄴/𑄎𑄪𑄚𑄨𑄝𑄇𑄴] -বি. জোনাকি পোকা।

**জুনিচোক** [𑄎𑄪𑄚𑄨𑄌𑄮𑄇𑄴] - বি. চাকমা নকশাকাপড় আলামের মোটিফবিশেষ।

**জুর্ভুয়াপেইক** [𑄎𑄪𑄢𑄴𑄞𑄪𑄠𑄛𑄬𑄭𑄇𑄴] - বি. বুলবুলি।

**জুম** [𑄎𑄪𑄟𑄴] - বি. ১. জুম (পাহাড়ের ঢালু অংশে দা দিয়ে বিশেষ পদ্ধতিতে আবাদকৃত স্থান)। {তুলনীয়ঃ মারমা = য়া/ইয়া। ত্রিপুরাঃ হোগ। খিয়াংঃ লাই। বমঃ লাও। চাকঃ ইপ্রা। মালয়েশিয়া ও ইন্দোনেশিয়ায়ঃ লাডাং।} ২. বিশেষ ধরনের চাষ; জুমচাষ। (পাহাড়ের ঢালু অংশে দা দিয়ে বনজঙ্গল কেটে, সেগুলি রোদে শুকিয়ে ও আগুনে পুড়িয়ে অত:পর সে স্থানে বিশেষ পদ্ধতিতে করা চাষ)।

  ~ **ঘর** [𑄎𑄪𑄟𑄴𑄊𑄧𑄢𑄴] - বি.জুমে নির্মিত ঘর।

  ~ **চাপ** [𑄎𑄪𑄟𑄴𑄌𑄛𑄴] - বি.জুমপাহাড়ের ছাপ।

**জুমোর** [𑄎𑄪𑄟𑄮𑄢𑄴] - বি. বর্ষায় বৃষ্টির হাত থেকে রক্ষা পাওয়ার কাজে ছাতার মত ব্যবহৃত পাতা ও বেত দিয়ে তৈরি জিনিস।

**জুম্মবি, জুম্মবী** [𑄎𑄪𑄟𑄴𑄟𑄝𑄨, 𑄎𑄪𑄟𑄴𑄟𑄝𑄩] - বি. ১. জুমের কন্যা। ২.জুমপ্রিয়া (আধুনিক চাকমা সাহিত্যে ব্যবহৃত)।

**জুম্ম / জুম্মুয়া** [𑄎𑄪𑄟𑄴𑄟𑄪] - বি. জুমচাষী; পাহাড়ি। বিণ. জুমে জাত।

  ~ সুলুম [𑄎𑄪𑄟𑄴𑄟𑄪𑄥𑄪𑄣𑄪𑄟𑄴] - বি. জুমিয়াদের কর্তৃক জুমে ব্যবহৃত চর্কায় কাটা মোটা সুতার তৈরি জামাবিশেষ।

**জুয়া** [𑄎𑄪𑄠] - বি. জুয়া।

**জু-র** [𑄎𑄪𑄢𑄴] - বিণ. ১. ঠান্ডা। ২. নীরব; চুপচাপ।{স.জড়}

  ~ আলু [𑄎𑄪𑄢𑄴𑄃𑄣𑄪] - বি. এক প্রকার ঠান্ডা বন্য আলু।

**জুর** [𑄎𑄪𑄢𑄴] - বিণ. জোড়; যুগল; দুটি ।

**জুরগা, জুর্গা** [𑄎𑄪𑄢𑄴𑄉] - বি. বাঁশের টুকরা দিয়ে তৈরি ত্রিকোণাকার ঝুলন্ত জিনিস ।

**জুরভুয়াপেইক** [𑄎𑄪𑄢𑄴𑄞𑄪𑄠𑄛𑄬𑄭𑄇𑄴] - বি. বুলবুলি ।

**জুরমরং** [𑄎𑄪𑄢𑄴𑄟𑄧𑄢𑄧𑄁] - বি. খাগড়াছড়ি জেলার ভাইবোন ছড়া ইউনিয়নের স্থান বিশেষ । (নদীর মধ্যস্থিত গভীর জলের যুগল খাদযুক্ত স্থান ।)

**জুরিহ্** [𑄎𑄪𑄢𑄨𑄦𑄴] - বি. দুই পাহাড়ের মধ্যবর্তী সংকীর্ণ স্থান ।

**জুরোছোরি** [𑄎𑄪𑄢𑄮𑄍𑄮𑄢𑄨] - বি. জুড়াছড়ি । {রাঙ্গামাটি জেলার একটি উপজেলা, তার সদর ও ঐ নামের মৌজা ( নং ৯৯)}

**জুহ্** [𑄎𑄪𑄦𑄴] - অব্য. নমস্কার ।

**জে/যে** [𑄎𑄬/ 𑄡𑄬] - সর্ব. যে । { চর্যাপদঃ জে} ।

**জেইম/জেম/ জামি** [𑄎𑄬𑄭𑄟𑄴 / 𑄎𑄬𑄟𑄴 / 𑄎𑄟𑄨] - বি. চোয়াল ।

**জেগতপারি** [𑄎𑄬𑄉𑄧𑄖𑄴𑄛𑄢𑄨] -ক্রি.বিণ. পদ্মাসনবিশিষ্ট করে (বসার ক্ষেত্রে প্রযোজ্য) ।

**জেঘত, জেগদ** [𑄎𑄬𑄊𑄧𑄖𑄴, 𑄎𑄬𑄉𑄧𑄘𑄴] - বি. জ্যাসত; স্ত্রীর বড়বোন ।

**জেঘতপারি** [𑄎𑄬𑄊𑄧𑄖𑄴𑄛𑄢𑄨] - ক্রি.বিণ. পায়ের উপর পা তুলে ।

**জেত** [𑄎𑄬𑄖𑄴] - বিণ. জ্যেষ্ঠ ।

**জেত-ক** [𑄎𑄬𑄖𑄴-𑄇𑄧] - বি. তিলাঘুঘু ।

**জেতকুগুর** [𑄎𑄬𑄖𑄴𑄇𑄪𑄉𑄪𑄢𑄴] - বি. শিকারি কুকুর ।

**জেততেল/জেত্তেল** [𑄎𑄬𑄖𑄴𑄖𑄬𑄣𑄴] - বি.সরিষার তেল ।

**জেতমাস, জেতমাচ** [𑄎𑄬𑄖𑄴𑄟𑄥𑄴, 𑄎𑄬𑄖𑄴𑄟𑄌𑄴] - বি. জ্যৈষ্ঠমাস ।

**জেতহোরিঙ** [𑄎𑄬𑄖𑄴𑄦𑄮𑄢𑄨𑄋𑄴] - বি. মায়ামৃগ ।

**জেথা** [𑄎𑄬𑄖𑄴𑄗] - বি. ১. বাবার/পিতার বড় ভাই (জেঠা) । ২. মায়ের বড় বোনের স্বামী । [ পরিচয় প্রদান কালে ব্যবহৃত] । { গ. জেট্‌ঠা >}

**জেথাঝি-ভোন** [𑄎𑄬𑄖𑄴𑄗𑄏𑄨-𑄞𑄮𑄚𑄴] - বি. বাবার/পিতার বড় ভাইয়ের কন্যা/মেয়ে ।

**জেথাপুত-ভেই** [𑄎𑄬𑄖𑄴𑄗𑄛𑄪𑄖𑄴-𑄞𑄬𑄭] -বি.বাবার বড় ভাইয়ের পুত্র/ছেলে (জেঠতুতো ভাই)

**জেদা** [𑄎𑄬𑄘] - বিণ. জীবিত; জ্যান্ত ।

**জেদেই, জেধেই** [𑄎𑄬𑄘𑄬𑄭, 𑄎𑄬𑄙𑄬𑄭] - বি. ১. জেঠার স্ত্রী (জেঠী) ২. মায়ের বড় বোন

**জেদেঙা, জেধেঙা** [𑄎𑄬𑄘𑄬𑄋, 𑄎𑄬𑄙𑄬𑄋] - বি. মায়ের বড় বোন ।

~ ঝি [𑄎𑄬𑄘𑄬𑄋-𑄏𑄨] - মায়ের বড় বোনের কন্যা ।

~ পুত [𑄎𑄬𑄘𑄬𑄋-𑄛𑄪𑄖𑄴] - মায়ের বড়বোনের পুত্র ।

জেদেঙাঝি-ভোন [𑄎𑄬𑄘𑄬𑄋𑄏𑄨-𑄞𑄮𑄚𑄴] -বি. মায়ের বড় বোনের কন্যা (জ্যেঠতো বোন)

জেদেঙাপুত-ভেই [𑄎𑄬𑄘𑄬𑄋𑄛𑄪𑄖𑄴-𑄞𑄬𑄄] - বি. মায়ের বড় বোনের পুত্র (জ্যেঠতো ভাই)

জেদেনা [𑄎𑄬𑄘𑄬𑄚] - বি. জোয়া; জনার; এক জাতীয় শস্যবীজ । {সং: যবনাল > }

জেধেই [𑄎𑄬𑄙𑄬𑄄] - বি. ১. জেঠার স্ত্রী (জেঠী) । ২. মায়ের বড় বোন ।

জেপ [𑄎𑄬𑄛𑄴] - বি. পকেট । { ফারসি: জেব}

জেম, জেইম [𑄎𑄬𑄟𑄴, 𑄎𑄬𑄄𑄟𑄴] - বি. চোয়াল ।

জেরবাদি [𑄎𑄬𑄢𑄴𑄝𑄘𑄨] - বিণ. সঙ্কর; দ্বিজাতের মিলনজাত (ব্যক্তির ক্ষেত্রে ব্যবহৃত) ।

জেরে [𑄎𑄬𑄢𑄬] - বিণ. অতপর; পরে ।

জেরেন্দি [𑄎𑄬𑄢𑄬𑄚𑄳𑄘𑄨] - বিণ. পরবর্তীতে ।

জেলা, জিলা [𑄎𑄬𑄣, 𑄎𑄨𑄣] - বি. জেলা, জিলা ।

জেহ্‌ল [𑄎𑄬𑄦𑄳𑄣𑄴] - বিণ. দজ্জাল ।

জোগানা, যোগানা [𑄎𑄮𑄉𑄚, 𑄡𑄮𑄉𑄚] - বি. জোঘ্য, যোঘ্য [𑄎𑄮𑄊𑄳𑄠, 𑄡𑄮𑄊𑄳𑄠] - বি.যক্ষ ।

জোন্য [𑄎𑄮𑄚𑄳𑄠] - বি. মারাত্মক জাতীয় চর্মরোগবিশেষ ।

জোমি, জমি [𑄎𑄮𑄟𑄨, 𑄎𑄟𑄨] - বি. জমি ।

জোরে [𑄎𑄮𑄢𑄬] - ক্রি. বিণ. জোড়ে ।

জোল [𑄎𑄮𑄣𑄴] - বি. গন্ডগোল; হট্টগোল; হৈচৈ ।

জোলজোল্যা [𑄎𑄮𑄣𑄴𑄎𑄮𑄣𑄳𑄠] - ক্রি.বিণ. জ্বলজ্বলে (ঘা ইত্যাদি ক্ষেত্রে প্রযোজ্য) ।

জোলোই [𑄎𑄮𑄣𑄮𑄄] - বি. পেরেক ।

জোল্যাহ্ [𑄎𑄮𑄣𑄳𑄠] - বি. জলাশয় ।

## ঝ [𑄏]

**[ IPA - তে শব্দের আদিতে এই মূল ধ্বনিটির উচ্চারণ হলো / Z / ]**

ঝকঝক্যা, ঝকঝখ্যা [𑄏𑄇𑄴𑄏𑄇𑄳𑄠 , 𑄏𑄇𑄴𑄏𑄈𑄳𑄠 ] - ক্রি. বিণ.ঝকঝকে ।

ঝকঝগানা [𑄏𑄇𑄴𑄏𑄉𑄚 ] - ক্রি. বিণ. ঝকঝক করা ।

ঝক-পরানা [𑄏𑄇𑄴-𑄛𑄢𑄚 ] - ক্রি. পশুপাখির আতঙ্কগ্রস্থ বা ভীতসন্ত্রস্থ হওয়া ।

ঝগানা, ঝঘানা [𑄏𑄉𑄚, 𑄏𑄊𑄚 ] - ক্রি. তাড়ানো ।

ঝজ্বরানা, ঝরঝরানা [𑄏𑄎𑄳𑄝𑄢𑄚, 𑄏𑄢𑄴𑄏𑄢𑄚] - ক্রি. ঝরঝর করা ।

ঝনঝনানা [𑄏𑄚𑄴𑄏𑄚𑄚] - ক্রি. ঝনঝন করা ।

ঝনাতঝনাত [𑄏𑄚𑄖𑄴𑄏𑄚𑄖𑄴] - অব্য. নূপুরের ধ্বনি; রুনুঝুনু; নিক্কন ।

ঝন্নাল - বি. ঝর্ণা ।

ঝর [𑄏𑄢𑄴] -বি. বৃষ্টি ।

**ঝরাত** [𑄏𑄢𑄖𑄴] - অব্য. পানি ফেলার শব্দ। ( ধ্বন্যা)।

**ঝরাতঝরাত** [𑄏𑄢𑄖𑄴𑄏𑄢𑄖𑄴] - অব্য. ঘনঘন সশব্দে পানি ফেলার শব্দ। (ধ্বন্যা)

**ঝরানা** [𑄏𑄢𑄚] - ক্রি. ১. ঝরা। ২. ঝরানো।

**ঝলগা** [𑄏𑄣𑄴𑄉] - বিণ. দমকা; ঝাপটা। (যেমন এক ঝলগা বুয়ার)।

**ঝলম** [𑄏𑄣𑄟𑄴] - বি. ঝালর।

**ঝলা** [𑄏𑄣] -বি. ঝোলা; থলি।

**ঝল্লপল্ল** [𑄏𑄣𑄴𑄣𑄛𑄣𑄴𑄣, 𑄏𑄣𑄳𑄣𑄛𑄣𑄳𑄣] - বিণ. ১. সচ্ছল। ২. পর্যাপ্ত।

**ঝাংঝাঙ্যা, ঝাঙঝাঙ্যা** [𑄏𑄁𑄏𑄋𑄳𑄠, 𑄏𑄋𑄴𑄏𑄋𑄳𑄠] - ক্রি. বিণ.ঝকঝকে ও ছিমছাম।

**ঝাঁঝানা, ঝাঝানা** [𑄏𑄀𑄏𑄚, 𑄏𑄏𑄚] - ক্রি. মাথা ঘুরে ওঠা; মাথা ধরা; headache.

**ঝাক** [𑄏𑄇𑄴] -বি. ঝাঁক; দল।

**ঝাক্কুয়া** [𑄏𑄇𑄴𑄇𑄪𑄠] -বি. ঝাঁক ঝাঁক; ঝাঁকবদ্ধ; দলবদ্ধ।

**ঝাগত** [𑄏𑄉𑄖𑄴] - ক্রি. বিণ. চমকে।

**ঝাগাঝাগা** [𑄏𑄛𑄢𑄚] - ক্রি. বিণ. ফাঁক ফাঁক।

**ঝাগারানা, ঝাঘারানা** [𑄏𑄉𑄢𑄚, 𑄏𑄊𑄢𑄚] - ক্রি. ঝাঁকুনি দেওয়া; নাড়া দেওয়া।

**ঝাঘত ঝাঘত** [𑄏𑄊𑄖𑄴 𑄏𑄊𑄖𑄴] - ক্রি.বিণ. আচমকা (আঁতকে ওঠা বা চমকে ওঠার ক্ষেত্রে প্রযোজ্য)।

**ঝাঘা** [𑄏𑄊] - বি. ঝাঁকা।

**ঝাঘাঝাঘা** [𑄏𑄊𑄏𑄊] - বি. ফাঁকাফাঁকা।

**ঝাঙঝাঙ্যা** [𑄏𑄋𑄴𑄏𑄋𑄳𑄠] - বিণ. কর্কশ।

**ঝাঙ্গা** [𑄏𑄋𑄴𑄉] - বি.বিশেষ ধরনের বড় ও গভীর কূপ।

**ঝাঝি** [𑄏𑄏𑄨] - বি. ধমক।

**ঝাদি** [𑄏𑄘𑄨]- ক্রি.বিণ. সহসা; জলদি। [স.ঝাটিতি >}।

**ঝাদিমাদি** [𑄏𑄘𑄨𑄟𑄘𑄨]- ক্রি.বিণ. চটপট।

**ঝাপ** [𑄏𑄛𑄴] - বি. ১.বাঁশের তৈরি পশুপাখি ধরার ফাঁদ (ঝাপ)। ২. ঝুলানো কপাট।

**ঝাবানা, ঝাভানা** [𑄏𑄝𑄚, 𑄏𑄞𑄚] - ক্রি. ঝাপিয়ে পড়া।

**ঝাম** [𑄏𑄟𑄴] - বি. লাফ; লম্ফ।

**ঝার** [𑄏𑄢𑄴] - বি. বন, জঙ্গল, ঝাড়।

**ঝার্ভুয়া, ঝারভুয়া, ঝার্বুয়া** [𑄏𑄢𑄴𑄞𑄪𑄠, 𑄏𑄢𑄴𑄞𑄪𑄠, 𑄏𑄢𑄴𑄝𑄪𑄠] - বি, বিণ. ১. বন্য; বুনো জঙ্গলী; বনজ। ২. বনচারী।

~ **কুহ্‌রা** [𑄏𑄢𑄴𑄞𑄪𑄇𑄪𑄦𑄳𑄢] - বি. বুনো মোরগ বা বুনো মুরগী।

~ বেই [𑄏𑄧𑄁𑄝𑄬𑄃𑄨] - বি. এক প্রকার শাকজাতীয় উদ্ভিদ (এর পাতা বাতের ঔষধ রূপে ব্যবহার্য)।

**ঝারা** [𑄏𑄢] - বিণ. ঝাড়া হয়েছে এমন; শূন্য পকেট। ক্রি. ঝাড়া।

**ঝারানা** [𑄏𑄢𑄚] - ক্রি. ঝাড়া।

**ঝাল** [𑄏𑄣𑄴] - বি. ঝাল।

**ঝালাব্বর** [𑄏𑄣𑄝𑄴𑄝𑄢𑄴] - বিণ. প্রচুর; অজস্র।

**ঝি** [𑄏𑄨] - বি. কন্যা। { < পালিঃ ধীতা < স. দুহিতা}।

দিঘলিবাক, দিঘলিবাগ [𑄘𑄨𑄊𑄣𑄨𑄝𑄇𑄴, 𑄘𑄨𑄊𑄣𑄨𑄝𑄉𑄴] - বি. দীর্ঘ বাঁক বিশিষ্ট স্থান । [ চাকমা ছড়াঃ দিঘলিবাগত চর্তন মোচ । সমারে বেরাহ্দন ননন্‌ভোচ ।] ২. রাঙ্গামাটি জেলার একটি জায়গাবিশেষ দীঘলিবাঁক ।

দিঙিরা [𑄘𑄨𑄋𑄨𑄢] - বি. বাঁশের বেত দিয়ে তৈরি বড় ঝুড়িবিশেষ ।

দিচকুল [𑄘𑄨𑄌𑄇𑄪𑄣𑄴] - বি. দিক এবং কূল; দিশা

দিঝা [𑄘𑄨𑄏] - বি. দিশা ।

দিঝামাক্যা [𑄘𑄨𑄏𑄟𑄇𑄳𑄠] - বিণ. প্রয়োজনমত ।

দিঝার [𑄘𑄨𑄏𑄢𑄴] - বিণ. সুবিধামাফিক; সুবিধামত ।

দিঝারে [𑄘𑄨𑄏𑄢𑄬] - বিণ. সুবিধাজনক ভাবে ।

দিদি, বেই [𑄘𑄨𑄘𑄨, 𑄝𑄬𑄃𑄨/ 𑄝𑄭] - বি. দিদি, বড়বোন ।

দিদ্দারি [𑄘𑄨𑄘𑄴𑄘𑄢𑄨] - বি. বিরক্তি; উৎপাত; অসুবিধা । {আরবীঃ দিকদারি}

দিদার্জ্যা-রা / দ্বিদার্জ্যা-রা [𑄘𑄨𑄘𑄢𑄴𑄎𑄳𑄠-𑄢] - বি. চাকমা ঐতিহ্যবাহী অঝাপাঠ-এর ২৭তম বর্ণ বা হরফ [𑄢] । { এই বর্ণটির দুটি দাঁড়ের ন্যায় জিনিস আছে ।}

দিধাল্যা-চা/ দ্বিধাল্যা-চা [𑄘𑄨𑄙𑄣𑄳𑄠-𑄌 / 𑄘𑄨𑄙𑄣𑄳𑄠-𑄌] - বি. চাকমা ঐতিহ্যবাহী অঝাপাঠ-এর ৬ষ্ঠ বর্ণ বা হরফ । { এই বর্ণটিতে দুটি ঢাল আছে বলে ।}

দিঁন [𑄘𑄨𑄚𑄴] -বি. দিন; দিবস ।

~ দিভুয্যা [𑄘𑄨𑄚𑄴𑄘𑄨𑄞𑄪𑄎𑄳𑄠] - বি. দিনদুপুরে ।

দিন্নুয়া [𑄘𑄨𑄚𑄴𑄚𑄪𑄠] -বি. সারাদিন; দিনভর ।

দ্বিপদলা-জা/দিপদলা-জা/মঘা-জা [𑄘𑄨𑄛𑄘𑄣-𑄎/𑄟𑄊-𑄎] - বি.চাকমা ঐতিহ্যবাহী অঝাপাঠ নামক বর্ণমালার ৮ম বর্ণ 'জিল্যা-জা' [𑄎] বর্ণটির স্থলে এই দ্বিপদলা-জা [𑄎]

বর্ণটিকে স্থান দেওয়া হচ্ছে। এর আকৃতিতে দুটি *পদলা* অর্থাৎ পোতলা রয়েছে। এই বর্ণটিকে কখনও কখনও মঘা-ঝা নামেও বলা হয়ে থাকে। ১৯৫৯ খ্রিস্টাব্দে নোয়ারাম চাকমাকে প্রথম তাঁর রচিত ‘ চাকমার পথম শিক্ষা ’ বইটিতে ঐভাবে বর্ণটিকে স্থান দিতে দেখা যায়।

**দিপাধানা [𑄘𑄨𑄛𑄙𑄚]** - ক্রি. পাঠিয়ে দেওয়া; প্রেরণ করা।

**দিগিলা [𑄘𑄨𑄉𑄨𑄣]**- মাটির উপর বেড়া দিয়ে তৈরি ঘরের বেড়ার চারিপাশে মাটির যে অংশ বেড়ার চারিপাশে ইষৎ উঁচু করে থাকে।

**দিবুজ্যা, দিবুর্জ্যা [𑄘𑄨𑄝𑄪𑄎𑄳𑄠, 𑄘𑄨𑄝𑄪𑄢𑄴𑄎𑄳𑄠 ]** - বিণ. দুপুরকালীন।

**দিভা, দ্বিভা, দিভে [𑄘𑄨𑄞,𑄘𑄨𑄞𑄬]** - বি, বিণ.১. দুটি; দুটা; দুটো। ২. অল্পসল্প; অল্পকতক।

**দিভোর [𑄘𑄨𑄞𑄮𑄢𑄴 ]** - বি. দুপুর; দ্বিপ্রহর।

**দিমুখ্যা [𑄘𑄨𑄟𑄪𑄈𑄳𑄠]** - বিণ. দ্বিমুখী।

**দিমোক্যা [𑄘𑄨𑄟𑄮𑄇𑄳𑄠]** - বিণ. দুই স্ত্রীর স্বামী।

**দিয়ান, দিআন [𑄘𑄨𑄠𑄚𑄴, 𑄘𑄨𑄃𑄚𑄴]** - বিণ. দুখানা; দুখানি।

**দিয়ান্যা-আঙুল [𑄘𑄨𑄠𑄚𑄳𑄠- 𑄃𑄋𑄪𑄣𑄴 ]** - বি. **তর্জনি(আঙুল)**।

**দিহ্যাদাত-টা / দ্বিহ্যাদাত-টা [𑄘𑄨𑄦𑄘𑄖𑄴-𑄑]** - **বি. চাকমা ঐতিহ্যবাহী অঝাপাঠ-এর ১০ম বর্ণ বা হরফ। { এই বর্ণটিতে দুটি হাতের ন্যায় জিনিস আছে বলে।}**

**দীঘিনালা [𑄘𑄩𑄊𑄨𑄚𑄣]** - বি. দীঘিনালা। **{খাগড়াছড়ি জেলার একটি উপজেলা ও এর সদর। দীঘিনালায় বরাদাম নামক চাকমা গ্রামটির নিকটে ত্রিপুরার রাজা গোবিন্দ মানিক্যের সময়কার ( ১৬৬০-১৬৬৬ খ্রি ) প্রাচীন দীঘি রয়েছে।}**

**দুই [𑄘𑄪𑄃𑄨, 𑄘𑄭 ]** - বি, বিণ. দুই।

**দুক, দুগ, দুঘ [𑄘𑄪𑄇𑄴, 𑄘𑄪𑄉𑄴, 𑄘𑄪𑄊𑄴 ]** - বি. দুঃখ; দুখ।

**দুখ্যা [𑄘𑄪𑄈𑄳𑄠 ]** - বিণ. দুখী।

**দুঘ [𑄘𑄪𑄊𑄴 ]** - বি. দুঃখ।

**দুঘুত [𑄘𑄪𑄊𑄪𑄖𑄴, 𑄘𑄪𑄊𑄪𑄖𑄴𑄘𑄪𑄊𑄪𑄖𑄴]** -বি. ১.হঠাৎ বৃদ্ধিপ্রাপ্রাপ্ত হৃৎস্পন্দনের শব্দ। (ধ্বন্যা)। ২. স্পন্দন।

~ দুঘুত [𑄘𑄪𑄊𑄪𑄖𑄴𑄘𑄪𑄊𑄪𑄖𑄴] - বি. ভয়ে কিংবা আতঙ্কে ঘনঘন হৃৎস্পন্দনের শব্দ।

**দুঙুরানা [𑄘𑄪𑄋𑄪𑄢𑄚 ]** - ক্রি. দৌড়ানো।

**দুচ [𑄘𑄪𑄌𑄴]** - বি. দোষ।

**দুঝি [𑄘𑄪𑄏𑄨]** - বি. দোষী। ক্রি. (আমরা) দোষারোপ করি।

**দুত [𑄘𑄪𑄖𑄴]** - বি. ১. স্তন, ২. দুধ।

**দুদুমদুদুম [𑄘𑄪𑄘𑄪𑄟𑄴𑄘𑄪𑄘𑄪𑄟𑄴]** - অব্য. ১. ঢোলের শব্দ। (ধ্বন্যা)। ২. ক্রিঃ বিণ. দাউ দাউ (করে আগুন জ্বলা )।

দুদুরদুদুর [𑄘𑄪𑄘𑄪𑄢𑄴𑄘𑄪𑄘𑄪𑄢𑄴] - ক্রি. বিণ, অব্য. দৌঁড়াদৌড়ির শব্দ ।(ধ্বন্যা)

দুদ্দুরানা [𑄘𑄪𑄘𑄴𑄘𑄪𑄢𑄚] -ক্রি. দাপাদাপি করা; লম্ফঝম্প করা ।

দুদ্দুরি [𑄘𑄪𑄘𑄴𑄘𑄪𑄢𑄨 ] - ক্রি. বিণ. ধাপাধাপি, লম্ফঝম্প ।

দুর্দুরি [𑄘𑄪𑄢𑄴𑄘𑄪𑄢𑄨] - বি. দুর্গতি ।

দুধ, দুদ [𑄘𑄪𑄙𑄴, 𑄘𑄪𑄘𑄴] - বি. দুধ ।

দু-ন, দুনা [𑄘𑄪𑄚𑄧, 𑄘𑄪𑄚 ] - বিণ. দ্বিগুণ । { স. দুণা > }

~ কাম [𑄘𑄪𑄚𑄧𑄇𑄟𑄴] - বিণ. দ্বিগুণ কাজ/কাম ।

দুন [𑄘𑄪𑄚𑄴] - বি. দ্রোণ; জমির পরিমাপবিশেষ । { *১ দুন = ১৮ কানি জমি*}

দুপ [𑄘𑄪𑄛𑄴 ] - বি. মাছধরার লম্বাকৃতি খাঁচাবিশেষ ।

দুপদুপ্যা, দুবদুপ্যা [𑄘𑄪𑄛𑄴𑄘𑄪𑄛𑄳𑄠, 𑄘𑄪𑄛𑄴𑄘𑄪𑄛𑄳𑄠 ] - বিণ. ১. ধপধপে । ২. প্রশস্ত ও পরিচ্ছন্ন (পথের ক্ষেত্রে প্রযোজ্য) ।

দুবা [𑄘𑄪𑄝] - বি. গুচ্ছসহ কোনো উদ্ভিদ; চারাসহ উদ্ভিদ; । যেমন, কলাদুবা ।
{ তান্যাবি পালায়: তান্যাবি পানি ভরে কুম্মুয়া থ-ল দুপ গোরি । গাভুর মর্দে চোগি আঘন খাগারাদুবাত চুপ গোরি}

দুবাদুবি [𑄘𑄪𑄝𑄘𑄪𑄝𑄨] - ক্রি. বিণ. তড়িঘড়ি; তাড়াহুড়া ।

দুবানা, দুগানা [𑄘𑄪𑄝𑄚, 𑄘𑄪𑄉𑄚] - ক্রি. উদুখলে মুগর দিয়ে গুঁতিয়ে পিষ্ট বা চূর্ণ করা ।

দুম, ডুম [𑄘𑄪𑄟𑄴 ] - বি. ডোম ।

দুমদুম্যা [𑄘𑄪𑄟𑄴𑄘𑄪𑄟𑄳𑄠 ] - ক্রি. বিণ. বনবনে ।

দুমুলাং, দুমুলাঙ [ 𑄘𑄪𑄟𑄪𑄣𑄁, 𑄘𑄪𑄟𑄪𑄣𑄋𑄴] - বি. ছোট ছোট ছেলেমেয়েদের এক প্রকার জলক্রীড়া । উবাগীতে: খারা হৈয়া দুমুলাঙ । কমলে গোরিবাক চুঙুলাঙ}

দুমুর, ডুমুর [𑄘𑄪𑄟𑄪𑄢𑄴, 𑄓𑄪𑄟𑄪𑄢𑄴 ] - বি. ডুমুর গাছ ও ঐ গাছের ফল ।

দুমুরসুমি [𑄘𑄪𑄟𑄪𑄢𑄴𑄥𑄪𑄟𑄨 ] - বি. ১.অড়হর । ২. অড়হর গাছ ।

দুমুলাং, দুমুলাঙ [𑄘𑄪𑄟𑄪𑄣𑄁, 𑄘𑄪𑄟𑄪𑄣𑄋𑄴] -বি. শিশুদের এক প্রকার জলক্রীড়া ।

দুমুলাকদামালাক [𑄘𑄪𑄟𑄪𑄣𑄇𑄴𑄘𑄟𑄣𑄇𑄴] - বিণ. বেধক ।

দুমুর, ডুমুর [𑄘𑄪𑄟𑄪𑄢𑄴, 𑄓𑄪𑄟𑄪𑄢𑄴] = বি. ডুমুর গাছ ও ঐ গাছের ফল ।

দুমুরানা [𑄘𑄪𑄟𑄪𑄢𑄚] = ক্রি. দৌড়ানো ।

দুয়া, ডুয়া দুও [𑄘𑄪𑄠, 𑄓𑄪𑄠, 𑄘𑄪𑄃𑄮 ] - বি. ডানা ।

দুয়ানা [𑄘𑄪𑄠𑄚] - ক্রি. দুগ্ধবতী গাভি থেকে দুধ সংগ্রহ করা; দোহন করা ।

দুয়ার [𑄘𑄪𑄠𑄢𑄴, 𑄘𑄳𑄤𑄢𑄴] - বি. দুয়ার; দ্বার ।

দুর [𑄘𑄪𑄢𑄴 ] -বি. কচ্ছপ; কাছিম । < দুলি=স্ত্রীকাছিম ।{ কুক্কুরীপাদ, চর্যাপদ: দুলি দুহি পীঢ়া ভরণ জাই । রুখের তেন্তলি কুম্ভীরে খাই}বিণ. দূর ।

**দুরদুরানা** [𑄘𑄪𑄢𑄴𑄘𑄪𑄢𑄚] - ক্রি. ব্যস্তভাবে দৌড়াদৌড়ি করা ।

**দুল** [𑄘𑄪𑄣𑄴 ] - বি. ধান রাখার গোলা ।

**দুলা, ডুলা** [𑄘𑄪𑄣, 𑄓𑄪𑄣 ] -বি. বাঁশ থেকে তৈরি বেত দিয়ে প্রস্তুতকৃত মাছ রাখার পাত্রবিশেষ (ডুলা)

**দুলু , ডুলু** [𑄘𑄪𑄣𑄪, 𑄓𑄪𑄣𑄪 ] - বি. ডলুবাঁশ ।

**দুলুক** [𑄘𑄪𑄣𑄪𑄇𑄴] - বি. বাঁশের পৃষ্ঠ থেকে তোলা ছোট টুকরা বা ফালি যা সদ্যজাত শিশুর নাড়ি কাটার কাজে ব্যবহারযোগ্য ।

**দুলুকুমারি** [𑄘𑄪𑄣𑄪𑄇𑄪𑄟𑄢𑄨] - বি. একটি চাকমা রূপকথার নায়িকা যাকে তার ভাইদের বাণিজ্যে যাওয়ার কারণে কিছুকাল বিশাল আকৃতির চিলের বাসায় বড় হতে হয়েছে ।

**দুয়া, ডুয়া** [𑄘𑄪𑄠, 𑄓𑄪𑄠, 𑄘𑄪𑄤 ] - বি. ডানা ।

**দূত** [𑄘𑄫𑄖𑄴 ] - বি. দূত ।

**দূল** [𑄘𑄫𑄣𑄴 ] - ক্রি.বিণ. সতান শুয়ে পড়া অবস্থা ।

**দে** [𑄘𑄬 ] -ক্রি. দাও । অসমাপিকা ক্রি. বিভক্তিঃ ‘ ইতে ’ জাতীয় বিভক্তি । যেমন, ল-দে = লইতে

**দেই** [ 𑄘𑄬𑄃𑄨, 𑄘𑄭] - বি. শীর্ষদেশ বাঁকা ওয়ালা এক প্রকার দা । ক্রি. (আমরা) দেখি ।

**দেইয়া** [ 𑄘𑄬𑄃𑄨𑄠, 𑄓𑄬𑄃𑄨𑄠 ] - বি.হুলওয়ালা এক প্রকার পিঁপড়া ।

**দেইল, ডেইল** [ 𑄘𑄬𑄃𑄨𑄣𑄴, 𑄓𑄬𑄃𑄨𑄣𑄴 ] - বি. ১. (খাওয়ার) ডাল । ২. বংশধারা ।

**দেখ্যা** [ 𑄘𑄬𑄈𑄳𑄠 ] - ক্রি. বিণ. দৃষ্ট ।

**দেগা, ডেগা** [ 𑄘𑄬𑄉, 𑄓𑄬𑄉 ] - বিণ. বাছুর । ক্রি. ( তুমি ) দেখাও ।

**দেগানা** [𑄘𑄬𑄉𑄚] - ক্রি. খেদানো ।

**দেঘানা** [𑄘𑄬𑄊𑄚] - ক্রি. দেখা বা দেখানো ।

**দেচ, দেশ** [𑄘𑄬𑄌𑄴, 𑄘𑄬𑄥𑄴 ] - বি. দেশ ।

**দেচকুল্যা** [ 𑄘𑄬𑄌𑄴𑄇𑄪𑄣𑄳𑄠, 𑄘𑄬𑄥𑄴𑄇𑄪𑄣𑄳𑄠 ] - বি. পার্বত্য চট্টগ্রামের চাকমা অধিবাসী; বাংলাদেশী চাকমা

**দেদেংদেদেং** [𑄘𑄬𑄘𑄬𑄁𑄘𑄬𑄘𑄬𑄁 ] - অব্য. বাদ্যের আওয়াজ । (ধ্বন্যা)

**দেন, ডেন** [𑄘𑄬𑄚𑄴, 𑄓𑄬𑄚𑄴] - বিণ. ডান (পার্শ্ব) । বি. ডাইনী ।

**দেনা** [ 𑄘𑄬𑄚 ] - ক্রি. দেওয়া ।

**দেবংশি** [ 𑄘𑄬𑄝𑄧𑄁𑄥𑄨 ] - বি, বিণ. দেবঅংশধারী; দেবঅংশজাত ।

**দেবা** [ 𑄘𑄬𑄝] - বি. দেয়া; আকাশ ।

**দেবান** [ 𑄘𑄬𑄝𑄚𑄴] - বি. (অতীতে রাজকার্যের) পদবিশেষ (দেওয়ান, দিওয়ান) । (ইদানীং) উপাধিবিশেষ । { ফারসিঃ দীওন > }

**দেবাল** [ 𑄘𑄬𑄝𑄣𑄴 ] - বি. দেওয়াল ।

**দেবাল্যা** [ 𑄘𑄬𑄝𑄣𑄳𑄠 ] - বি, বিণ. দেউলিয়া ।

**দেবেদা** [ 𑄘𑄬𑄝𑄬𑄘 ] -বি. দেবতা; অপদেবতা; দৈত্য ( যেমন, তিনশিরা বারাহ্ত চোকবলা দেবেদা = ত্রিশিরবিশিষ্ট ঘাড়ে চোখযুক্ত দৈত্য ) ।

**দেম** [ 𑄘𑄬𑄟𑄴 ] - বি. দেহের কোনো ফোলা অংশ (সাধারণত আঘাতজনিত কারণে সুপারি পরিমাণ ফুলেওঠা অংশ) ।

**দেমদেম, দেমাদেম্যা** [ 𑄘𑄬𑄟𑄘𑄬𑄟𑄴, 𑄘𑄬𑄟𑄘𑄬𑄟𑄳𑄠 ] - বিণ. ফোলাফোলা ।

**দেমাগুদুল্যা** [ 𑄘𑄬𑄟𑄉𑄪𑄘𑄪𑄣𑄳𑄠] - বিণ.কদাকার

**দেয়াগুখি** [𑄘𑄬𑄠𑄉𑄪𑄈𑄨] - বি. বংশবিশেষ ।

**দের** [ 𑄘𑄬𑄢𑄴 ] - বিণ. দেড় (এক এবং আধা) । ক্রি. ( সে ) দিচ্ছে, দিতেছে ।

**দেরগাঙ, দেরগাং** [𑄘𑄬𑄢𑄴𑄉𑄋𑄴 / 𑄘𑄬𑄢𑄴𑄉𑄁 ] - বি. দেওনদী ।{ পার্বত্য ত্রিপুরা রাজ্যের একটি নদী ।}

~ কুল্যা [𑄘𑄬𑄢𑄴𑄉𑄋𑄴 𑄇𑄪𑄣𑄳𑄠] - বি. ঐ নদীর তীরবাসী বা উপত্যকাবাসী ।

**দেল** [𑄘𑄬𑄣𑄴] - বি. বংশধারা ।

**দেলদেলী** [𑄘𑄬𑄣𑄴𑄘𑄬𑄣𑄩] - বিণ.নরম ঢলঢলে কাদা ।

**দোই, দই** [𑄘𑄮𑄄 ] - বি. দই; দৈ ।

**দোইসুদা** [𑄘𑄮𑄄𑄥𑄪𑄘, 𑄘𑄭'𑄥𑄪𑄘 ] - **বি. ওড়না জাতীয় কাপড়ের কিনারের সুতা ।**

**দোক, ডোক** [𑄘𑄮𑄇𑄴, 𑄓𑄮𑄇𑄴 ] - বি. ডাহুক ।

**দোকদোক্যা** [𑄘𑄮𑄇𑄴𑄘𑄮𑄇𑄳𑄠] - ক্রি.বিণ.জ্বলজ্বলে; দাউ দাউ ।

**দোগোন** [𑄘𑄮𑄉𑄮𑄚𑄴] - বি.কাপড়চোপড় রাখার জন্য টাঙ্গানো বাঁশ ।

**দোখিন, দখিন** [𑄘𑄮𑄈𑄨𑄚𑄴] - বি. দক্ষিণ; দখিন ।

**দোচোনি** [𑄘𑄮𑄌𑄮𑄚𑄨] - বি. কড়া জাতীয় মদ (দোচুয়ানি) ।

**দোর্জ্যা, দোরজ্যা** [𑄘𑄮𑄢𑄴𑄎𑄳𑄠 ] - বি. সমুদ্র; সাগর; দরিয়া ।

~ **কুল** [𑄘𑄮𑄢𑄴𑄎𑄳𑄠𑄇𑄪𑄣𑄴 ] - বি. সমুদ্রতীর; উপকূল; সৈকত ।

দোত, দোদ [𑄘𑄮𑄖𑄴, 𑄘𑄮𑄘𑄴] - বি. দাউদ; দাদ ।

দোথ্যা, দথ্যা [𑄘𑄮𑄗𑄳𑄠 ] - ক্রি.বিণ. সাংঘাতিক; খুব করে ।

দোরি, দুরি [𑄘𑄮𑄢𑄨, 𑄘𑄪𑄢𑄨 ] - বি. দড়ি; কাছি; রশি ।

দোরিদোরি [𑄘𑄮𑄢𑄨𑄘𑄮𑄢𑄨 ] - বি. আঁশযুক্ত; আঁশআঁশ ।

দোল [𑄘𑄮𑄣𑄴] -বি. সৌন্দর্য । বিণ. সুন্দর ।

দোলবি, দোলবী [𑄘𑄮𑄣𑄴𑄝𑄨, 𑄘𑄮𑄣𑄴𑄝𑄩 ] - বিণ. সুন্দরী ।

দোলেদালে [𑄘𑄮𑄣𑄬𑄘𑄣𑄬] - ক্রি.বিণ. ভালোমতে ।

দোলোনিত-দা [𑄘𑄮𑄣𑄮𑄚𑄨𑄖𑄴-𑄘 ] - বি. ঐতিহ্যবাহী চাকমা বর্ণমালা অঝাপাঠ-এর ১৮তম বর্ণ বা হরফ [𑄘] ।{এই বর্ণটির আকৃতি দেখতে *ধুলোন* মানে দোলনার মত বলে ।}

দ্য, দ্যোও [𑄘𑄳𑄠, 𑄘𑄳𑄠𑄮] -বি. দেও; জলদানব; জলদানো ।

দ্ব [𑄘𑄳𑄤 ] - বিণ দুই; দ্বি ।

~ আজু [𑄘𑄳𑄤-𑄃𑄎𑄪] - দ্বিদাদু/দ্বি দাদা; দ্বি নানা ।

~ ধারা [𑄘𑄳𑄤-𑄙𑄢] - বি. দ্বিধারা ।

~ চাল্যা [𑄘𑄳𑄤-𑄌𑄣𑄳𑄠] - বি. দোচালা ।

~ পধা, দোপধা, [𑄘𑄳𑄤𑄛𑄙, 𑄘𑄮𑄛𑄙] - বি. দ্বিপথের সঙ্গমস্থল ।

~ পল্লা [𑄘𑄳𑄤-𑄛𑄣𑄳𑄣] - বি. দু'পল্লববিশিষ্ট । যেমন, দ্বপল্লা চোক = দ্বপল্লা চোখ ।

~ ভাগা [𑄘𑄳𑄤-𑄞𑄉] - বি. দু'ভাগা; দোভাগা ।

দ্ববাংসা [𑄘𑄳𑄤𑄝𑄁𑄥] - বিণ. দো আঁশলা ।

দ্বি, দি [𑄘𑄳𑄤𑄨 ] - বিণ দুই; দ্বি ।

~ থেঙ্যা [𑄘𑄳𑄤𑄨--𑄗𑄬𑄋𑄳𑄠] - বি. দু'পদাধিকারী; দ্বিপাবিশিষ্ট ।

~ মুখ্যা [𑄘𑄳𑄤𑄨-𑄟𑄪𑄈𑄳𑄠] - বিণ. দুমুখো ।

~ মোক্যা [𑄘𑄳𑄤𑄨-𑄟𑄮𑄇𑄳𑄠] - বি. বিণ. দ্বিস্ত্রীওয়ালা ।

## ধ [𑄙 ]

ধ [𑄙 ] - বি. ১. চাউল মাপার পরিমাপক একগ্রন্থিযুক্ত একমুখ খোলা বাঁশের চোঙ্গা বিশেষ (১ ধ = আধা কেজি (প্রায়) । ক্রি. তোমরা, আপনি, আপনারা ধৌত করুন ।) ।

ধক [𑄙𑄇𑄴] - বি. ১. চেহারাসুরত । ২. গড়ন; ধরন; রকম ।

ধক্কর [𑄙𑄇𑄴𑄇𑄢𑄴] - বিণ. অসুন্দর । নৃত্যঃ ঢপ>ঢক>ঢক্কর ।

ধকসা [𑄙𑄇𑄴𑄥 ] - বি. মাটির তৈরি মৃৎপাত্রবিশেষ ।

ধগেধগে [𑄙𑄉𑄬𑄙𑄉𑄬 ] - ক্রি. বিণ. ঠিকমত; সঠিকভাগে ।

ধগেধাগে [𑄙𑄉𑄬𑄙𑄉𑄬] - ক্রি. বিণ. ১. চেহারাসুরতে । ২. সুযোগমত করে ।

ধঙ/ধং [𑄙𑄋𑄴/ 𑄙𑄁 ] - বি. ঢঙ ।

ধচ [𑄙𑄌𑄴 ] - বি. ধার্যকৃত সময়; নির্ধারিত সময় ।

ধ-জ [𑄙𑄎𑄴 ] - বিণ. প্রজননশক্তি রহিত; অকর্মক্ষম ।
(শব্দটি অপভাষা এসেছে ধজভঙ্গ থেকে)

ধঝা [𑄙𑄏 ] - বি. চোট ।

ধধলা [𑄙𑄙𑄣] - বি. গবাদিপশুর গলকম্বল ।

ধন [𑄙𑄚𑄴] - বি. ধন । ক্রি. (তারা ) ধোয় ।

ধনপুদি [𑄙𑄚𑄴 ] - বি. ১. ধনবতী । ২. চাকমাদের বিখ্যাত জনপ্রিয় রাধামন-ধনপুদি ব্যালাডের চম্পকনগর থেকে অভিযানকারী আরাকানবিজয়ী নায়ক বীরশ্রেষ্ঠ রাধামনের অনিন্দ্যসুন্দর প্রেমিকা ও পরবর্তীকালে তৎ স্ত্রীর নাম ।

ধনা [𑄙𑄚 ] - বি. কোনো ব্যক্তির নামবিশেষ । ক্রি. ধোওয়া ।

ধবনা [𑄙𑄝𑄚 ] - বি. দ্বিধারায় বুননের প্যাটার্নবিশেষ ।

ধবা [𑄙𑄝 ] - বি. ধোপা ।

ধবাচিল [𑄙𑄝𑄌𑄨𑄣𑄴] - বি. এক প্রকারের চিল ।

ধবানি, ধোবোনি [𑄙𑄝𑄚𑄨, 𑄙𑄮𑄝𑄮𑄚𑄨 ] - বি. ধোপার বউ ।

ধর্ম [𑄙𑄢𑄴𑄟] - বি. ধর্ম ।

ধর্মকাম [ 𑄙𑄢𑄴𑄟𑄇𑄟𑄴 ] - ১. বি. পূজাবিশেষ (যাতে লুরি নামক এক শ্রেণীর বৌদ্ধপুরোহিতেরা গৃহস্থের মঙ্গলের জন্য পৌরহিত্য করেন এবং বনে পূজায় প্রদত্ত ভাতে / নৈবদ্যে মাকড়সার আগমন হলে পূজাটি সার্থক হয়েছে বলে ধরা হয় ।} ।
২. ধর্ম বিষয়ক কাজকর্ম ।

ধর্মঘর [𑄙𑄢𑄴𑄟𑄊𑄢𑄴] - বি.পথিকদেরকে পানীয় জল দান করে পূণ্য অর্জনের জন্য ও তাদের সাময়িক বিশ্রামস্থান রূপে ব্যবহারের জন্য নির্মিত মাচাং সহ ছাউনিযুক্ত স্থাপনাবিশেষ যেখানে কলসীতে পানীয় জল রাখা হয় ।

ধরানা [𑄙𑄢𑄚 ] - ক্রি. ধরা ।

ধল [𑄙𑄣𑄴 ] - বি. ধবল; ফর্সা ।

ধহ্ [𑄙𑄦𑄴] - বি. চাল মাপার পাত্রবিশেষ; চাল মাপার বাঁশের চোঙ্গাংশ বিশেষ । (১ ধহ্ = প্রায় আধা সের পরিমাণ) । { **তুলনীয় রাখাইন: কেইন্ধাহ্**} ক্রি. ( তুমি ) ধুয়ে ফেলো / ধৌত করো ।

ধা [ 𑄙 ] - ক্রি. পালাও ।

ধাংধাং ধাঙধাঙ [𑄙𑄁𑄙𑄁/𑄙𑄋𑄴𑄙𑄋𑄴 ] -ক্রি. বিণ. পলায় পলায় ।

ধাক [𑄙𑄇𑄴 ] - বি. পার্শ্ব; পার্শ্বদেশ (বক্ষের পার্শ্ব) । ২. ক্রি. (তুমি) ঢাকো; আবৃত করো

ধাক্যা [𑄙𑄇𑄳𑄠 ] - বি. পার্শ্ব । বিণ. পার্শ্ববর্তী ।

ধাক্যাপাদার্ঝ্যা [𑄙𑄇𑄳𑄠𑄛𑄙𑄢𑄴𑄏𑄳𑄠 ] - বিণ. আশেপাশে ।

ধাগানা, ঢাগানা, ধাঘানা [𑄙𑄉𑄚, 𑄓𑄉𑄚, 𑄙𑄊𑄚] - ক্রি. ঢাকা; আবৃত করা ।

ধাগোনি, ঢাগোনি, ধঘোনি [𑄙𑄉𑄮𑄚𑄨, 𑄓𑄉𑄮𑄚𑄨, 𑄙𑄊𑄮𑄚𑄨 ] - বি. ঢাকনি ।

ধাঘাধাক্যা, ধাঘাধাঘি [𑄙𑄊𑄙𑄇𑄳𑄠, 𑄙𑄊𑄙𑄊𑄨 ] - বিণ. পাশাপাশি ।

**ধার্জ্যা, ধারজ্যা [𑄙𑄢𑄴𑄎𑄳𑄠 ]** - বি. পানি গড়িয়ে নিম্নেরক্ষিত পাত্রে সংগ্রহ করার জন্য স্থাপিত টিন বা বাঁশের বেড়া ।

**ধান [𑄙𑄚𑄴 ]** - বি. ধান; ধান্য ।

**ধানা [𑄙𑄚 ]** -ক্রি. পালানো ।

**ধাপ [𑄙𑄛𑄴]** - বি. ১. আগ্রহ । ২. স্তর (ধাপ) ।

**ধাবমান্য, ধাবমান্যা [𑄙𑄝𑄴𑄟𑄚𑄴𑄠 , 𑄙𑄝𑄴𑄟𑄚𑄳𑄠 ]** - বি. পিতামাতা বা অভিভাবকের অসম্মতিতে এবং অগোচরে পরস্পরের সাথে দাম্পত্যজীবন গড়ে তোলার উদ্দেশ্য প্রেমিকপ্রেমিকার পলায়ন । Elopement .

**ধাবা, ধাভা [𑄙𑄝, 𑄙𑄞]** - ক্রি. দৌড় । ক্রি. বিণ. দৌড়ে ।

**ধাবানা [𑄙𑄝𑄚]** - বি.ফণীমনসা গাছ । ক্রি. খেদানো ।

**ধাবানাগুত্থি [𑄙𑄝𑄚𑄉𑄪𑄖𑄴𑄗𑄨]** - বি. চাকমাদের একটি বিশেষ গোত্র বা বংশের নাম । ১৭৩৭ থেকে ১৮৩২ খ্রি পর্যন্ত চাকমা রাজারা মুহ্‌লিমা-গঝার ধাবানা গুত্থির লোক ছিলেন ।

**ধাভানা, ধাবানা [𑄙𑄞𑄚, 𑄙𑄝𑄚]** - ক্রি. তাড়ানো ।

**ধামা [𑄙𑄟]** - বি. এক প্রকার বড় আকারের দা(সাধারণত আরাকান অঞ্চলে প্রস্তুতকৃত দা)

**ধামেই/ধামাই [ 𑄙𑄟𑄬𑄭/𑄙𑄟𑄭]** - বি.মধ্যযুগীয় রাজকীয় পদ বিশেষ ।{ ত্রিপুরা ইতিহাস গ্রন্থ রাজমালায় ত্রিপুরারাজ্যতে ১৫শ শতকে ধামাই জাতির পুরোহিতের কথা পাওয়া যায় । (যেমন, ধামাই জাতি পুরোহিত আছিল তাহার । অভক্ষ্য না খায়ে তারা সুসভ্য ব্যাভার ।) [ তুলনীয় শানঃ দাবাইং/তামাইং}

**ধামেই-গঝা/ধামাই- গঝা [ 𑄙𑄟𑄬𑄭-𑄉𑄏/ 𑄙𑄟𑄭-𑄉𑄏]** - বি. চাকমাদের সামাজিক দলবিশেষ

**ধার [𑄙𑄢𑄴]** - বিণ. ধারালো; ধারাল ।

**ধারচ, ধারস [𑄙𑄢𑄴𑄌𑄴, 𑄙𑄢𑄴𑄥𑄴 ]** - বি. আকাঙ্খা; আগ্রহ ।

**ধারজ্যা, ধার্জ্যা [𑄙𑄢𑄴𑄎𑄳𑄠 ]** - বি. পানি গড়িয়ে নিম্নেরক্ষিত পাত্রে সংগ্রহ করার জন্য স্থাপিত টিন বা বাঁশের বেড়া ।

**ধারাদিয়ালি, ধারাদিঘলী [𑄙𑄢𑄘𑄨𑄠𑄣𑄨, 𑄙𑄢𑄘𑄨𑄊𑄣𑄩 ]** - ক্রি.বিণ. অঝোরে; দীর্ঘধারায়

**ধারা [𑄙𑄢]** - বি. ধারা । ক্রি. (তুমি) শান দাও ।

**ধারানা [𑄙𑄢𑄚]** - ক্রি. শান দেওয়া ।

**ধারেইয়া [𑄙𑄢𑄬𑄭𑄠, 𑄙𑄢𑄬𑄭𑄠]** -ক্রি. বি. যে ব্যক্তি শান দেয় । ক্রি.বিণ. শানকৃত; শান দেওয়া হয়েছে এমন ।

**ধারোচ [𑄙𑄢𑄮𑄌𑄴]** - বি. আগ্রহ; সাধ ।

**ধাল, চাল [𑄙𑄣𑄴, 𑄌𑄣𑄴 ]** - বি. ১. ঢাল । ২. মলাট । ৩.মহিষ ইত্যাদি পশুর শুকনো ও শক্ত চামড়া; কচ্ছপের ঢাল ।

**ধালা [𑄙𑄣, 𑄔𑄣]** - বি. পশু যাতায়াতের পথ । (জঙ্গলের ক্ষেতে) এলাকা । হেদ ধালা, বাঁশ ধালা ।

**ধালানা, ঢালানা [𑄙𑄣𑄚, 𑄔𑄣𑄚]** -ক্রি. ঢালা ।

**ধিক [𑄙𑄨𑄇𑄧]** - বি. এক প্রকার জলচর রক্তচুষা জোঁক ।

**ধিগধিগানা [ 𑄙𑄨𑄉𑄧𑄙𑄨𑄉𑄚 ]** - ক্রি. কম্পিত হওয়া ।

**ধিদিকধাদাক/ধিদিকধিদিক [𑄙𑄨𑄘𑄨𑄇𑄧𑄙𑄘𑄇𑄧, 𑄙𑄨𑄘𑄨𑄇𑄧𑄙𑄨𑄘𑄨𑄇𑄧 ]** - ক্রি. বিণ. কম্পিত হয়ে পড়ে পড়ে অবস্থা; নড়বড়ে; থরথরিয়ে ।

**ধিব [𑄙𑄨𑄝𑄧]** - বিণ. বদ্ধ ।

**ধিভা [𑄙𑄨𑄞 ]** - বি. ছিপি । {তুলনীয় হিন্দিঃ দ্বিপী }

**ধিভাধিপ্যা [ 𑄙𑄨𑄞𑄙𑄨𑄛𑄳𑄠 ]** - বিণ. আবদ্ধ ।

**ধিভিরানা [𑄙𑄨𑄞𑄨𑄢𑄚]** - ক্রি. নদী বা পুকুরের জলে হাতপা ছুড়ে বা নেড়ে পানিতে জলক্রীড়া করা ।

**ধিমাতিদা [𑄙𑄨𑄟𑄖𑄨𑄘]** - বি. এক প্রকার ক্ষুদ্রাকৃতির তিক্তস্বাদের শাক ।

**ধিমাধিমা [𑄙𑄨𑄟𑄙𑄨𑄟]** - ক্রি. বিণ.জড়সড় ।

**ধুং-ক/ ধুঙ-ক [𑄙𑄪𑄁-𑄇𑄧/𑄙𑄪𑄋𑄧-𑄇𑄧]** - বি. এক জাতীয় বড় আকারের ঘুঘু ।

**ধুক, ঢুক [𑄙𑄪𑄇𑄧, 𑄔𑄪𑄇𑄧 ]** - বি. ঢোক ।

**ধুকধঘি [𑄙𑄪𑄇𑄧𑄙𑄊𑄨]** - বি. শিশুর মাথার উপরাংশস্থিত স্পন্দনশীল নরম অংশ; ব্রহ্মতালু ।

**ধুগধুগি [𑄙𑄪𑄉𑄧𑄙𑄪𑄉𑄨]** - বি. মস্তকের উপরিভাগে অবস্থিত নরম অংশবিশেষ ।

**ধুঘতধুঘুত [𑄙𑄪𑄊𑄪𑄖𑄧𑄙𑄪𑄊𑄪𑄖𑄧]** - অব্য. ধিপধিপ; হৃৎপিন্ড বা নাড়ির স্পন্দনধ্বনি ।

**ধুঘুনি [𑄙𑄪𑄊𑄪𑄚𑄨 ]** - বি. হাঁপানি রোগ ।

**ধুঙধুঙ্যা [𑄙𑄪𑄋𑄧𑄙𑄪𑄋𑄳𑄠]** - বিণ. খোলসা ।

**ধুঙিপিধা [𑄙𑄪𑄋𑄨𑄛𑄨𑄙]** - বি. ভাপাপিঠা ।

**ধুচ [𑄙𑄪𑄌𑄧, 𑄔𑄪𑄌𑄧 ]** - বি. ধাক্কা; ঢুঁ ।

**ধুজানা [𑄙𑄪𑄎𑄚 ]** -ক্রি. নির্দিষ্ট লক্ষ্যের নাগাল পাওয়া; নৌকা, ভেলা ইত্যাদির গন্তব্যে উপনীত হওয়া

**ধুজি [𑄙𑄪𑄎𑄨]** - বি. সীমানা ।

**ধুজুরি [𑄙𑄪𑄎𑄪𑄢𑄨]** - বি. খুব মৃদু ধরনের হোঁচট ।

**ধুঝা [𑄙𑄪𑄏]** - বি.কাটা বাঁশ বা ভাঙা কাঠের গুঁড়ি ।

**ধুঝানা [𑄙𑄪𑄏𑄚]** - ক্রি. ১. নৌকা তটসংলগ্ন হতে সক্ষম হওয়া ।
২. কাজ সম্পাদনে চূড়ান্ত পর্যায়ে উপনীত হওয়া ।

**ধুদি [𑄙𑄪𑄘𑄨 ]** - বি. ধুতি ।

**ধুদুলুংধাদালাং** [𑄙𑄪𑄘𑄪𑄣𑄪𑄁𑄙𑄘𑄣𑄁] - ক্রি.বিণ. ঢিলেঢালা (প্যান্ট )

**ধুধুক, ধুদুক** [𑄙𑄪𑄙𑄪𑄇𑄴 ] - বি. বাঁশের বড় ও দু'গ্রন্থিযুক্ত টুকরা নিয়ে তৈরি বাদ্য বিশেষ । { তুলনীয় তঞ্চঙ্গ্যাঃ ধুরুক । মারমাঃ ডুংখলং ।}

**ধুধুক্যা** [𑄙𑄪𑄙𑄪𑄇𑄳𑄠] - বিণ. ধূলিরেখাপূর্ণ (পথের ক্ষেত্রে প্রযোজ্য) ।

**ধুধুহাঙ, ধুধুহাং, ধুদুখাং** [𑄙𑄪𑄙𑄪𑄦𑄋𑄴, 𑄙𑄪𑄙𑄪𑄦𑄁, 𑄙𑄪𑄘𑄪𑄈𑄁] - বি.হুতোম পেঁচা;

**ধুধুলুংধাধালাং** [𑄙𑄪𑄙𑄪𑄣𑄪𑄁𑄙𑄙𑄣𑄁] - ক্রি. বিণ. ঢিলেঢালা ।

**ধুনানা** [𑄙𑄪𑄚𑄚] - ক্রি. ১.তুলা লেপ তোষক ধুনা ।২. ঐভাবে খন্ডবিখন্ড করা ।

**ধুন্দা** [𑄙𑄪𑄚𑄳𑄘] - বি. তামাক ।

**ধুন্দুক, ধুন্ধুগ** [ 𑄙𑄪𑄚𑄳𑄘𑄪𑄇𑄴, 𑄙𑄪𑄚𑄳𑄙𑄪𑄉𑄴 ] - বি. ১. অন্তর্দাহ; চিত্তদাহ । ২.অব্য.আত্মধিক্কার সূচক খেদোক্তি

**ধুপ, ধুব** [𑄙𑄪𑄛𑄴, 𑄙𑄪𑄝𑄴] - বিণ. সাদা ।

**ধুমা** [𑄙𑄪𑄟] - বি. ধুম্র; ধোঁয়া ।

**ধুমাতারা** [𑄙𑄪𑄟] - বি. ধূমকেতু ।

**ধুয়া** [𑄙𑄪𑄠] - বি. বৃক্ষলতাবিহীন ফাঁকা প্রান্তর ।

**ধুয়ার** [𑄙𑄪𑄠𑄢𑄴 ] - বি. বাঁশের ফালি ।

**ধুর** [ 𑄙𑄪𑄢𑄴 ] - বি. ঝাড়জঙ্গলের গাছগাছালির মধ্যেকার স্থানের কোনো বড় ধরনের ফাঁক বা বেতের তৈরি কোনো বৃহদাকার পাত্রের কোনো বৃহৎ ছিদ্র ।

**ধুরী** [𑄙𑄪𑄢𑄩] - বি. ১. খাড়ি । ২. জঙ্গলাকীর্ণ জায়গায় অপ্রশস্ত পরিচ্ছন্ন স্থান ।

**ধুরুং, ধুরুঙ** [𑄙𑄪𑄢𑄪𑄁, 𑄙𑄪𑄢𑄪𑄋𑄴] - বি. বৃহৎ ফাঁক বা বৃহৎ ছিদ্র ।

**ধুর্জ্যাগুত্থি, ধুর্য্যাগুত্থি** [𑄙𑄪𑄢𑄴𑄎𑄳𑄠𑄉𑄪𑄖𑄳𑄗𑄨, 𑄙𑄪𑄢𑄴𑄡𑄳𑄠𑄉𑄪𑄖𑄳𑄗𑄨] - বি. চাকমাদের একটি গোত্র বা বংশের নাম ।

**ধু-ল-ধু-ল** [𑄙𑄪-𑄣𑄴-𑄙𑄪-𑄣𑄴] - ক্রি. বিণ. দোদুল্যমান ।

**ধুল, ঢুল** [ 𑄙𑄪𑄣𑄴, 𑄔𑄪𑄣𑄴] - বি. ঢোল; ঢাক ।

**ধুল** [𑄙𑄪𑄣𑄴] - বি. ধূলি । ক্রি . (তুমি) দোল খাও । ধূলি । ক্রি . (তুমি) দোল খাও ।

**ধুলন্যা** [ 𑄙𑄪𑄣𑄴𑄚𑄳𑄠 ] - বি.মাছধরার জন্য কোনো ঝর্ণার পতনশীল উপরাংশে যে জাল বা কাপড় ইত্যাদি টাঙ্গানো হয় ।

**ধুলানা** [𑄙𑄪𑄣𑄚] - ক্রি. ১ দোল খাওয়া । ২. ঝুলতে থাকা ।

**ধুলুংধালং** [𑄙𑄪𑄣𑄪𑄁𑄙𑄣𑄁] -ক্রি. বিণ.১. ঢিলেঢালা (পোশাকের ক্ষেত্রে প্রযোজ্য) । ২. হেলেদুলে

**ধুলুখুল** [𑄙𑄪𑄣𑄪𑄈𑄪𑄣𑄴 ] - বি. সিমেন্টের তৈরি রিং । ঢোলের খোল ।

**ধুলোন, ধুলন** [𑄙𑄪𑄣𑄮𑄚𑄴, 𑄙𑄪𑄣𑄧𑄚𑄴] -বি. দোলনা ।

**ধুলানা** [𑄙𑄪𑄣𑄚 ] - ক্রি. দোল খাওয়া ।

**ধুলোন** [𑄙𑄪𑄣𑄮𑄚𑄴] - বি. দোলনা ।

**ধুল্যা** [𑄙𑄪𑄣𑄳𑄠 ] - বি. ধূলি ।

**ধূল** [𑄙𑄫𑄣𑄴 ] -বি. ধূলি । বিণ. কুপোকাৎ ।

**ধেং/ধেঙ** [𑄙𑄬𑄁/𑄙𑄬𑄋𑄴] - বি. দুষ্ট; পাজি ।

~ + আ (পুং প্রত্যয়)= **ধেঙা** 𑄙𑄬𑄋] - বি. দুষ্ট লোক ।

~ + ই (স্ত্রী প্রত্যয়)= **ধেঙি** [ 𑄙𑄬𑄋𑄨] - বি. দুষ্ট মেয়ে; দুষ্ট স্ত্রীলোক ।

**ধেক** [ 𑄙𑄬𑄇𑄴 ] - বি. ১. শাকের আগা বা ডগা । ২. দম (শ্বাস) ।

**ধেঙি, ঢেঙি** [𑄙𑄬𑄋𑄨 ] -বি. ১.ঢেঁকি । ২. দুষ্টমেয়ে (সম্বোধনে ব্যবহৃত) ।

~ **কিলা** [ 𑄙𑄬𑄋𑄨𑄇𑄨𑄣 ] - বি. ঢেঁকির অক্ষদন্ড । [ রূপকথাতে গভীর নির্জন স্থানের বর্ণনায়: কবা কেদোর' ব নেই, ধেঙিকিলা র নেই }

~ শাল [𑄙𑄬𑄋𑄨𑄥𑄣𑄴 , 𑄙𑄬𑄋𑄨𑄥𑄣𑄴 ] - বি. ঢেঁকিশালা ।

**ধেঙিশাক, ঢেঙিশাক** [𑄙𑄬𑄋𑄨𑄥𑄇𑄴, 𑄔𑄬𑄋𑄨𑄥𑄇𑄴 ] - বি. ঢেঁকিশাক ।

~ **খুলি** [𑄙𑄬𑄋𑄨𑄥𑄇𑄴𑄈𑄪𑄣𑄨] -বি. কোঁকড়ানো চুলের মেয়ে/স্ত্রীলোক ।

**ধেঙিশাল, ঢেঙিশাল** [𑄙𑄬𑄋𑄨𑄥𑄣𑄴, 𑄔𑄬𑄋𑄨𑄥𑄣𑄴 ] -বি. ঢেঁকিশালা ।

**ধেঞ্জাংমেঞ্জাং** [𑄙𑄬𑄐𑄴𑄎𑄁𑄟𑄬𑄐𑄴𑄎𑄁] - বিণ. আনাড়ির ন্যায় ।

**ধেন্দেরা** [𑄙𑄬𑄚𑄴𑄘𑄬𑄢] - বি.ঢেঁটরা ।

**ধেবা** [𑄙𑄬𑄝] - বি. ডোবা ।

**ধেল** [𑄙𑄬𑄣𑄴 ] - বিণ. ঢিলা ।

**ধেলকানা** [𑄙𑄬𑄣𑄴𑄇𑄚 ] - ক্রি. পানি বা অন্য কোনো তরল পদার্থ ঝাঁকানো; ঝাঁকরানো ।

**ধেলধেলি** [𑄙𑄬𑄣𑄴𑄙𑄬𑄣𑄨] - বিণ. প্যাঁকপ্যাঁকে; নরম ও কাদাযুক্ত ।

**ধেলা, ডেলা** [𑄙𑄬𑄣, 𑄓𑄬𑄣 ] - বি. গাছের ডাল; বৃক্ষশাখা; শাখা ।

**ধেন্যা-গসা** [ 𑄙𑄬𑄚𑄳𑄠-𑄉𑄧𑄥 ] - বি.সামাজিক দলবিশেষ (পার্বত্য চট্টগ্রামে তঞ্চঙ্গ্যাদের মধ্যে এবং কক্সবাজার জেলার টেকনাফ বনাঞ্চলে চাকমাদের মধ্যে সামাজিক দলবিশেষ ।

ধোকধুগি [𑄙𑄮𑄇𑄴𑄙𑄪𑄉𑄨 ] - শিশুদের মস্তকের উপরস্থ নরম অঙ্গবিশেষ ।

ধোঘোনি, ধোঘনী [𑄙𑄮𑄊𑄮𑄚𑄨, 𑄙𑄮𑄊𑄧𑄚𑄩] - বি. হাঁপানি রোগ ।

ধোথ্যা [𑄙𑄮𑄗𑄳𑄠 ] ক্রি. বিণ. খুবই; খুব করে ।

ধোনুক, ধনুক [𑄙𑄮𑄚𑄪𑄇𑄴, 𑄙𑄧𑄚𑄪𑄇𑄴 ] - বি. ধনুক ।

ধোন্যা, ধন্যা [𑄙𑄮𑄚𑄳𑄠 , 𑄙𑄧𑄚𑄳𑄠 ] - বি. ধনিয়া; ধনে; coriander.

ধোবোনি [𑄙𑄮𑄝𑄮𑄚𑄨 ] - বি. ধোপার স্ত্রী ।

ধ্যানদগা, ধ্যানডগা [𑄙𑄳𑄠𑄚𑄴𑄘𑄧𑄉, 𑄙𑄳𑄠𑄚𑄴𑄓𑄧𑄉] - বি. কচিবাঁশ ।

# ন [𑄚]

**ন [𑄚]** -বি. নৌকা। বি, বিণ. নয়। অব্য. না (নঞার্থে বর্তমান কালে ও ভবিষ্যৎ কালে ব্যবহৃত)। { যেমন, ন যায় ( 𑄚 𑄎𑄠𑄴 ) = ( সে ) যায় না। (S/he) does not go ন যেব (𑄚 𑄎𑄬𑄝𑄴 ) = ( সে ) যাবে না। (S/he) will not go}; অনুজ্ঞায় ব্যবহৃত নিষেধার্থক শব্দ 'ন' (যেমন, ন গোরিচ = করিস না।)

**নক [𑄚𑄇𑄴]** - বি. নখ।

**নচ [𑄚𑄌𑄴]** - বি.পশুর শিশ্ন (লিঙ্গ)।

**ননন [𑄚𑄚𑄚𑄴]** - বি.ননদ।

**ননসোচ [𑄚𑄚𑄴𑄥𑄮𑄌𑄴]** - বি.ননদিনী। স্বামীর বড় বোন; ননাস।

**নমনসুক [𑄚𑄟𑄚𑄴𑄥𑄪𑄇𑄴]** - বি. নপুংসক।

**নরম [𑄚𑄢𑄟𑄴]** - বিণ. নরম।

**নল [𑄚𑄣𑄴]** - বি. নল।

**নলা [𑄚𑄣]** - বি.নলা (নালের মত সরু হাড় পায়ের নালী)।

~কেচ [𑄚𑄣𑄇𑄬𑄌𑄴] - বি.নলার কেশ / **লোম**।

~পেত [𑄚𑄣𑄛𑄬𑄖𑄴] - বি. নলার পিছনের অংশ (হাঁটু থেকে গোড়ালির আগ পর্যন্ত পিছনের অংশ)।

**নলি, নোলি [𑄚𑄣𑄨, 𑄚𑄮𑄣𑄨]** - বি. নলি; সুতা জড়াবার ছোট নল।

**নহ্ [𑄚𑄳]** - অব্য. নঞার্থে অতীত কালে ব্যবহৃত শব্দ 'নহ্'। { যেমন, তে *নহ্ যায়* (𑄖𑄬 𑄚𑄳 𑄎𑄠𑄴 ) = সে যাই নি / সে যাই নাই।

**না [𑄚𑅅]** - অব্য. না।

**নাইখ্যংছোরি [𑄚𑄭𑄈𑄳𑄠𑄁𑄍𑄮𑄢𑄨/𑄚𑄅𑄨𑄈𑄳𑄠𑄁𑄍𑄮𑄢𑄨]** - বি. বান্দরবান জেলার একটি উপজেলা নাইক্ষ্যংছড়ি, এর সদর ও ঐ নামের মৌজা (নং ২৭০)। { মারমা, রাখাইন: *নাই* (=দেবতা) + *খ্যং* (=নদী)+ ছোরি < সং সরিৎ (=স্রোতস্বতী)}

**নাইতং [𑄚𑄭𑄖𑄮𑄁 / 𑄚𑄅𑄨𑄖𑄮𑄁]** -বি. বান্দরবান জেলার একটি মৌজা (নং ৩৭২)।{মারমা : *নাই* = দেবতা। তং = পাহাড়}

**নাক [𑄚𑄇𑄴]** - বি. নাক।

**নাকফুল [𑄚𑄇𑄜𑄪𑄣𑄴]** - বি.নাকের অলংকার; নথ।

**নাকশা [𑄚𑄇𑄴𑄥]** - বি. ১. নাগেশ্বর(ফুল)। ২. গাছের ডাল বা বাঁশের শীর্ষে তৈরি করা ফাঁক জাতীয় আকৃতি; দুই দিকে কাটা খাঁজ।

**নাক্কুদিমা [𑄚𑄇𑄴𑄇𑄪𑄘𑄨𑄟]** - বি. ১. শাস্তি স্বরূপ নাক কাটা গেছে এমন স্ত্রীলোক (রূপকথায় ব্যবহৃত)। ২. গালিবিশেষ।

নাক্কোন [ 𑄚𑄇𑄴𑄇𑄮𑄚𑄴 ] - বি. ভাদুই জাতীয় একপ্রকার বন্য পাখি ।

নাখাচ [ 𑄚𑄈𑄌𑄴 ] - বি. উপেক্ষা: অবজ্ঞা । বিণ. উপেক্ষা বা অবজ্ঞার পাত্র বা পাত্রী ।

নাগত-কুচকুচ [𑄚𑄉𑄖𑄴-𑄇𑄪𑄌𑄴𑄇𑄪𑄌𑄴] - বিণ. ভীষণ খিটখিটে; অতিমাত্রায় খিটখিটে ।

নাগকুত্যারি [ 𑄚𑄉𑄇𑄪𑄖𑄳𑄠𑄢𑄨 ] - বি. অল্পেতে কুটিলতা ।

নাগঘি [𑄚𑄉𑄊𑄨] -অব্য.বিরক্তির উত্তর প্রকাশক শব্দবিশেষ ।

নাগর [𑄚𑄉𑄢𑄴] -বিণ. রসিক ( ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য) ।

নাগফলা [𑄚𑄉𑄜𑄧𑄣] -বি.নাকের মধ্যবর্তী অংশের দু'পাশ ।

নাগশিরা [𑄚𑄉𑄜𑄧𑄣] -বি.নাকের শিরা ।

নাগা [𑄚𑄉] - বি. নাগা । ক্রি: বিণ. নাকী ।

নাগাঘোচ্যা [𑄚𑄉𑄊𑄮𑄌𑄳𑄠 ] - বি. এক জাতীয় তিল ।

নাগানাক্যা [𑄚𑄉𑄚𑄇𑄳𑄠] - বিণ. সংকুলান হয় না হয় এমন (স্থানের ক্ষেত্রে প্রযোজ্য) ।

নাগোরি [𑄚𑄉𑄮𑄢𑄨] - বিণ. বেশ কথা বলে এমন স্ত্রীলোক ।

নাগোর্জ্যা [𑄚𑄉𑄮𑄢𑄴𑄎𑄳𑄠] - বিণ. বেশ কথা বলে বা বুলি আওরায় এমন পুরুষ বা শিশু ।

নাঙ, নাং [𑄚𑄋𑄴, 𑄚𑄁 ] - বি. নাম ।

~ গরানা [𑄚𑄋𑄴-𑄉𑄧𑄢𑄚, 𑄚𑄁-𑄉𑄧𑄢𑄚] - ক্রি. ১. বহুল পরিচিতি লাভ করা ।
২. খ্যাতি লাভ করা ।

~ ঘিনানা [𑄚𑄋𑄴-𑄊𑄨𑄚𑄚, 𑄚𑄁-𑄊𑄨𑄚𑄚] - ক্রি.১. কারোর নাম স্মরণ করা ।
২.নাম করণ করা ।

~ রাঘানা [𑄚𑄋𑄴-𑄢𑄊𑄚, 𑄚𑄁-𑄢𑄊𑄚] - ক্রি. সুনাম রক্ষা করা ।

নাচ [𑄚𑄌𑄴] - বি. নাচ । ক্রি. ( তুমি ) নাচো ।

নাঝি [𑄚𑄏𑄨 ] - বি. নালা ।

নাট্টুয়া, নাত্তুয়া [𑄚𑄑𑄴𑄑𑄪𑄠 , 𑄚𑄖𑄴𑄖𑄪𑄠] - বি, বিণ. নর্টক; নাটুয়া ।

~ দল [𑄚𑄑𑄴𑄑𑄪𑄠𑄘𑄧𑄣𑄴, 𑄚𑄖𑄴𑄖𑄪𑄠𑄘𑄧𑄣𑄴] - বি. নর্টকের দল ।

নাত্যা [𑄚𑄖𑄳𑄠 ] - বি. নাতি (সম্বোধনে ব্যবহারযোগ্য) ।

নাদংছা, নাদংসা, নাদঙছা [𑄚𑄘𑄁𑄍, 𑄚𑄘𑄋𑄴𑄍 ] -বিণ. অনাথ ।

নাদান [𑄚𑄘𑄚𑄴] - বিণ. পেটুক ।

নাদানা [𑄚𑄘𑄚 ] - ক্রি. বন্ধ করা ।{ ছোটখাটো ছিদ্র কাপড় বা ছিপি দিয়ে বন্ধ করা }

নাদিন [𑄚𑄘𑄨𑄚𑄴] - বি.১. নাতি । ২. নাতনী ।

~ জামেই [𑄚𑄘𑄨𑄚𑄴𑄎𑄟𑄬𑄄 / 𑄚𑄘𑄨𑄚𑄴𑄎𑄟𑄭 ] - বি. নাতনীর স্বামী ।

~ বো [𑄚𑄘𑄨𑄚𑄴𑄝𑄮] - বি. নাতির স্ত্রী ।

**নাদেই [𑄚𑄘𑄬𑄭, 𑄚𑄘𑄬]** - বি. নাটাই।

**নাধা, নাহ্ধা [𑄚𑄙, 𑄚𑄳𑄦𑄙]** -বি.সংখ্যা{তুলনীয় **অসমীয়াঃ নেওঁতা**}।বিণ. কৃপণ; কিপটে।

**নাধেংপুত্তি, নাহ্ধেংপুত্তি [𑄚𑄙𑄬𑄁𑄛𑄪𑄖𑄳𑄖𑄨, 𑄚𑄳𑄦𑄙𑄬𑄋𑄴𑄛𑄪𑄖𑄳𑄖𑄨]** - বি. কালো ও সাদা পালকওয়ালা এক প্রকার ছোট আকারের পাখি। skylerk.

**নানু [𑄚𑄚𑄪]** - বি. ১. নানী ২. দাদী।৩. মালিক; অভিভাবক।

**নানুছারা [𑄚𑄚𑄪𑄍𑄢]** - বি, বিন. ১. নানীহীন; ২. প্রভুহীন, মালিকবিহীন।

**নাফগাঙ [𑄚𑄜𑄉𑄋𑄴]** - বি. নাফনদী।{ **মারমাঃ** ***নাই*** **(= দেবতা) +** ***ম্রাউক*** **(নদী) =*নাইম্রাউক*** (দেবতানদী)}। **রাখাইন {*কায়ু*** (একজাতীয় **শামুক)+ সং** (নদী)**=** ***কায়ুসং***}

**নাবালাঙ, নাবালাং, নাবেলেং [𑄚𑄝𑄣𑄋𑄴, 𑄚𑄝𑄣𑄁, 𑄚𑄝𑄬𑄣𑄬𑄁]** - বি. এক প্রকার ক্ষুদ্র মাছ।

**নাবিত [𑄚𑄝𑄨𑄖𑄴]** - বি. নাপিত।

**নারাহ্ [𑄚𑄢𑄳𑄦]** - বি. ধানগাছের নাড়া।

**নারিহ্ [𑄚𑄢𑄳𑄦𑄨]** - বি. নাড়ি।

**নারেচ [𑄚𑄢𑄬𑄌𑄴]** - বি.লালচে পাটজাতীয় এক প্রকার গাছ ও ঐ গাছের শাক।

**নাহ্ধেঙ, নাহ্ধেং [𑄚𑄳𑄦𑄙𑄬𑄋𑄴, 𑄚𑄳𑄦𑄙𑄬𑄁]** - বি. লাটিম।

 **~ খারা** [𑄚𑄳𑄦𑄙𑄬𑄋𑄴𑄈𑄢, 𑄚𑄳𑄦𑄙𑄬𑄁𑄈𑄢] - বি. লাটিমখেলা।

**নাল [𑄚𑄣𑄴]** **- বি.** ১. নালা।২. সুতার লাইন (যেমন সাতনাল সুদা = সাত লাইন সুতা)।

**নালা [𑄚𑄣]** - বি.নালা।

**নালিচ [𑄚𑄣𑄨𑄌𑄴]** - বি. নালিশ।

**নি, নে, নেনা [𑄚𑄨, 𑄚𑄬, 𑄚𑄬𑄚]** - অব্য. প্রশ্নবোধক শব্দ। যেমন, যেবে নি?/নে?/নেনা? = **যাবে কি? / নাকি?**

**নিগিরা [𑄚𑄨𑄉𑄨𑄢]** - ক্রি. নিংড়ানো। ক্রিবিণ. নিংড়ানোকৃত।

**নিগুরানা [𑄚𑄨𑄉𑄪𑄢𑄚]** - ক্রি. মাথা **নুয়ানো**।

**নিগুরি [𑄚𑄨𑄉𑄪𑄢𑄨]** - ক্রি. বিণ. নতশিরে; মাথা **নুয়ে**।{রূপকথায় ছড়াঃ গাভুরিরে গাভুরি সুদা কাদি নিগুরি }ত' বাবরে কচ্চোই, ত' মারে কোচ্চেই জামেই নিবোনি।

**নিঘিলানা [𑄚𑄨𑄊𑄨𑄣𑄚]** - ক্রি. বের হওয়া ; নির্গমন করা।

**নিঘুচ [𑄚𑄨𑄊𑄪𑄌𑄴]** - বিণ. মিহি।

**নিচিদা [𑄚𑄨𑄌𑄨𑄘]** - বিণ. নিশ্চিন্ত ভাব।

**নি-জ [𑄚𑄨𑄎𑄴]** - বিণ, সর্ব. নিজের; বা নিজস্ব।

**নিজু, নিজো [𑄚𑄨𑄎𑄪, 𑄚𑄨𑄎𑄮]** - বিণ. নিচু।

**নিজেনি, নিঝেনি [𑄚𑄨𑄎𑄬𑄚𑄨, 𑄚𑄨𑄏𑄬𑄚𑄨]** - বি. স্মৃতিচিহ্ন।

**নিঝাচ [𑄚𑄨𑄏𑄌𑄴]** - বি. নিঃশ্বাস।

**নিঝানা [𑄚𑄨𑄏𑄚]** - বি. লক্ষ্য।

**নিঝিরেইত [𑄚𑄨𑄏𑄨𑄢𑄬𑄃𑄨𑄖𑄴, 𑄚𑄨𑄏𑄨𑄢𑄬𑄖𑄴]** - বি. গভীর রাত।

**নিবিলি [𑄚𑄨𑄝𑄨𑄣𑄨]** - বিণ. নিরিবিলি। ক্রি. বিণ. শ্বাস গ্রহণের সময় নাকের অভ্যন্তরে নাকের ছিদ্রে ইষৎ বাধা অনুভূত হওয়া।

**নিম [𑄚𑄨𑄟𑄴]** - বি. নিম (-গাছ)। ক্রি. ( আমি ) নেবো।

**নিম্‌মুয়া, নিম্মুয়া [𑄚𑄨𑄟𑄴𑄟𑄪𑄠]** -বিণ. স্বল্পভাষী; মিতভাষী। { প্রবাদঃ ফাকফাক্যা জাল মারে চুধা হ্যাদে এযে। নিম্মুয়া জাল মারে দুলা ভোরেই আনে}

**নিয়েই [𑄚𑄨𑄠𑄬𑄃𑄨, 𑄚𑄨𑄠𑄬, 𑄚𑄳𑄠𑄬]** - বি. নাভি। অব্য. কথা শোনানোর ব্যাপারে মৃদু হুঁশিয়ারি উচ্চারণের শব্দ।

**নিরচ [𑄚𑄨𑄢𑄧𑄌𑄴]** - বিণ. নিরস, রসহীন।

**নিরাঝা [𑄚𑄨𑄢𑄏]** - বি. নিরাশা।

**নিরাতিত্যা [𑄚𑄨𑄢𑄖𑄨𑄖𑄳𑄠]** - বিণ.অনটনে।

**নিরোচ [𑄚𑄨𑄢𑄮𑄌𑄴]** - বিণ. নিম্নমানের (খানাপিনা)।

**নিলচ, নিলজ [𑄚𑄨𑄣𑄧𑄌𑄴,𑄚𑄨𑄣𑄧𑄎𑄴]** - বি. লজ্জাহীনতা, বিণ. নির্লজ্জ। [ প্রবাদঃ নিলজে বিদ্যা, ক্রিপণে ধন = নিলাজে বিদ্যা, কৃপণে ধন ]।

**নিয়েই, ন্যেই [ 𑄚𑄨𑄠𑄬𑄃𑄨 ]** - বি. নাভি।

**নিলসাম্মুয়া [𑄚𑄨𑄣𑄴𑄥𑄟𑄴𑄟𑄪𑄠]** - **বি.** বাঁশের উপরের সবুজ অংশ থেকে তোলা বেত দিয়ে তৈরি ছোট্ট পাত্রবিশেষ।{অতীতে ক্ষুদ্র অলংকারাদি রাখার কাজে ব্যবহৃত ছোটপাত্র জাতীয় জিনিস}

**নুকা, ন [𑄚𑄪𑄇, 𑄚𑄧 ]** - বি. নৌকা।

**নুদি [𑄚𑄪𑄘𑄨]**-বি, বিণ.নটীগিরি; নটীবৎ।

~ **বানা** [𑄚𑄪𑄘𑄨𑄝𑄚] - বি. পুরুষ লোকের প্রতি ঠাট্টাসুলভ গালিবিশেষ (অধিক সাজে এমন পুরুষ লোকের প্রতি ঈষৎ নিন্দার্থে ব্যবহৃত)।

~ **বানি** [𑄚𑄪𑄘𑄨𑄝𑄚𑄨] - বি. স্ত্রীলোকের প্রতি ঠাট্টাসুলভ গালিবিশেষ (অধিক সাজে এমন স্ত্রীলোকের প্রতি ঈষৎ নিন্দার্থে ব্যবহৃত)।

নুন [ 𑄚𑄪𑄚𑄴 ] - বি. লবণ; নুন।

নুনঝা [ 𑄚𑄪𑄚𑄴𑄏] - বিণ. নোনতা।

নুয়া, নুআ [ 𑄚𑄪𑄠, 𑄚𑄪𑄃, 𑄚𑄪 ] - বিণ. নব; নয়া; নতুন।

~ চান [𑄚𑄪𑄠𑄌𑄚𑄴] - বি. নব চন্দ্র।

~ জামেই[𑄚𑄪𑄠𑄎𑄟𑄬𑄃𑄨 / 𑄚𑄪𑄠𑄎𑄟𑄬] - বি. নতুন জামাই।

~ বো/বউ [𑄚𑄪𑄝𑄮 /𑄚𑄪𑄠𑄝𑄮] - বি. নববধূ ; নতুন বউ।

~ ভাত [𑄚𑄪𑄠 𑄞𑄖𑄴] - বি. নবান্ন; নতুন চালের ভাত।

**নুয়াবঝর [𑄚𑄪𑄠𑄝𑄏𑄢𑄴]** - বি. ১. নববর্ষ; নতুন বৎসর।
২. 'গোজ্যাপোজ্যা' বিঝু উৎসবের ৩য় দিন।

**নুয়াবি [𑄚𑄪𑄠𑄝𑄨, 𑄚𑄪𑄝𑄨]** - বি. নতুন যে মেয়ে।

**নেই [𑄚𑄬𑄃𑄨 𑄚𑄭]** - নেই; নাই।

**নেইয়া [𑄚𑄬𑄃𑄨𑄠, 𑄚𑄭𑄠]** - বিণ. গরীব; নিঃস্ব।

**নেক [𑄚𑄬𑄇𑄴]** - বি. স্বামী; পতি।

**নেকমোক [𑄚𑄬𑄇𑄴𑄟𑄮𑄇𑄴]** - বি. স্বামীস্ত্রী; দম্পতি।

**নেযানা, নেজানা [𑄚𑄬𑄎𑄚, 𑄚𑄬𑄎𑄚]** - ক্রি. নিয়ে যাওয়া।

**নেযাগি [𑄚𑄬𑄎𑄉𑄨]** - ক্রি.(তুমি) নিয়ে যাও। (অনুজ্ঞা)

**নেফা [𑄚𑄬𑄜]** - বি. অরুণাচল ( ভারতের উত্তর পূর্বাঞ্চলের একটি রাজ্য)।

**নোনেই [𑄚𑄮𑄚𑄬𑄃𑄨]** - বি. আহ্লাদ।

**নোনেয়া [𑄚𑄮𑄚𑄬𑄠]** - বি. স্নেহভাজন, আদরের।

**নোরোলি, নরলি [𑄚𑄮𑄢𑄮𑄣𑄨, 𑄚𑄢𑄣𑄨]** - বি. কণ্ঠনালী; অন্ননালী।

**নোলি, নলি [𑄚𑄮𑄣𑄨, 𑄚𑄣𑄨]** - বি. নলি; নল।

~ **বোন্দুগ [𑄝𑄮𑄚𑄴𑄘𑄪𑄉𑄴 𑄚𑄣𑄨]** - বি. বন্দুকের নল।

~ **সুদা [𑄥𑄪𑄘 𑄚𑄮𑄣𑄨]** - বি. সুতার রীল বা নলি।

**ন্যোই/নিয়েই [𑄚𑄰 / 𑄚𑄮𑄃𑄨 / 𑄚𑄨𑄠𑄬𑄃𑄨]** - বি. নাভি।

## প [𑄛]

**[ IPA - তে শব্দের আদিতে প্রায় এই মূল ধ্বনিটির অন্ত্যে উচ্চারণ হলো / ɸ / এবং হসন্ত যুক্ত অবস্থায় / p / ]**

**প [𑄛]** - বি. পদ-দৈর্ঘ্য নিয়ে পরিমাপ (নৌকার পার্শ্বদেশ মাপার ক্ষেত্রে ব্যবহৃত )।

**পই, পোই [𑄛𑄮𑄃𑄨]** - বি. বাড়া ভাতের পাত্র (বাসন, থালা ইত্যাদি)।

**পংপং [𑄛𑄁𑄛𑄁, 𑄛𑄋𑄴𑄛𑄋𑄴]** -অব্য. উচ্চস্বরে কথা বলার শব্দ। (ধ্বন্যা)

**পঁচ [𑄛𑄀𑄌𑄴]** - ক্রি. বিণ. খুবই ঘনিষ্ট ভাবাপন্ন।

**পকত [𑄛𑄇𑄴𑄖𑄴]** - বিণ. পরিপক্ক।

**পক্কা [𑄛𑄇𑄴𑄇]** - বিণ. মোটা।

~ **মক্কা** - বিণ. মোটাসোটা।

**পগপাগ [𑄛𑄉𑄴𑄛𑄉𑄴]** - বিণ. অপরিপাটি; দায়ছাড়া গোছের।

**পগরা [𑄛𑄉𑄴𑄢]** - বিণ. পোকায় খেয়েছে এমন (ফলের ক্ষেত্রে প্রযোজ্য)।

পঙ, পং [𑄛𑄋𑄧, 𑄛𑄁] - বি. নৌকার ছই ।

পঙা [𑄛𑄋] -বি.পিঁয়াজ, কচু ইত্যাদির ফুল ।{মারমা, রাখাইনঃ প্যাঁই = ফুল}

পচ্‌জন, পজ্জন, পর্ঝন, পশ্চন [𑄛𑄌𑄴𑄎𑄧𑄚𑄴, 𑄛𑄎𑄴𑄎𑄧𑄚𑄴, 𑄛𑄢𑄧𑄴𑄏𑄧𑄚𑄴, 𑄛𑄌𑄴𑄛𑄧𑄚𑄴] - বি. রূপকথা; উপাখ্যান ।

পজা [𑄛𑄎] - বিণ. পঁচা ।

পজানা [𑄛𑄎𑄚] - বিণ. পঁচে যাওয়া ।

পঝা [𑄛𑄏] - বি. বোঝা; মালপত্র ।

~ বিরা - বি. মালপত্র; বোচকাবুচকি ।

পঝাক, পোঝাক [𑄛𑄏𑄇𑄴, 𑄛𑄮𑄏𑄇𑄴] - বি. পোশাক ।

পঝাবিরা [𑄛𑄏𑄝𑄨𑄢] - বি. মালপত্র; বোচকাবুচকি ।

পর্ঝনী, পুচ্যানি [𑄛𑄢𑄧𑄴𑄏𑄧𑄚𑄩, 𑄛𑄪𑄌𑄳𑄠𑄚𑄨] - বি. পরিবেশনকারী ।

পর্ঝ্যাল, পুচ্যাল [𑄛𑄢𑄧𑄴𑄏𑄳𑄠𑄣𑄴, 𑄛𑄪𑄌𑄳𑄠𑄣𑄴] - বি. ঔষধের মাত্রা ।

পঞ্জাচ, পনজাচ [𑄛𑄐𑄴𑄎𑄌𑄴, 𑄛𑄚𑄴𑄎𑄌𑄴] - বি, বিণ. পঞ্চাশ ।

পত [𑄛𑄖𑄴] - বি.পট; পাত্র ।

পত্তাপোত্তি [𑄛𑄖𑄴𑄖𑄛𑄮𑄖𑄴𑄖𑄨] - বি. প্রজাপতি ।

পত্ত্য [𑄛𑄖𑄴𑄖𑄳𑄠] - বি. প্রত্যয় ।

পৃথম [𑄛𑄖𑄴𑄗𑄧𑄟𑄴] - বিণ. প্রথম ।

পতল, পটল [𑄛𑄖𑄧𑄣𑄴, 𑄛𑄑𑄧𑄣𑄴] - বি. পটল ।

পত্তি, পোত্তি [𑄛𑄮𑄖𑄴𑄖𑄨] - অব্য. প্রতি ( যেমন, জনপোত্তি = জনপ্রতি ) ।

পথ্থম [𑄛𑄖𑄴𑄗𑄧𑄟𑄴] - বি. প্রথম ।

পত্য, পোত্য [𑄛𑄮𑄖𑄳𑄠] - বি. প্রত্যয় . বিশ্বাস ।কলি যুগত সত্য নেই/বুক চিরি দেগেলে পত্য নেই । (উভোগিত)

পথ [𑄛𑄗𑄴] - বি. পথ ।

পদ [𑄛𑄘𑄴] -বি. পদ ।(যেমন কয় পদ তোন ? = কয় পদের তরকারি?) ।item.

পদনা [𑄛𑄘𑄚] - বি.এক প্রকারের বাঁশকোড়ল ।

পদর [𑄛𑄘𑄧𑄢𑄴] -বি.মাছধরার খাঁচার মুখে মাছের ভিতর দিকে প্রবেশ করার কিন্তু বেরুনোর পথ আটকানোর জন্য প্রস্তুতকৃত জিনিস ।

~ নেইয়া [𑄛𑄘𑄧𑄢𑄴𑄚𑄬𑄭𑄠, 𑄛𑄘𑄧𑄢𑄴𑄚𑄬𑄭𑄠] - বিণ. হাবা (বাগধারা) ।

পদানা [𑄛𑄘𑄚] - ক্রি. পয়দা হওয়া ।

পধা [𑄛𑄙] - বি. সরপুঁটি ।

পন্দর [𑄛𑄚𑄴𑄘𑄧𑄢𑄴] - বি, বিণ. পনের ।

পভংপভং [𑄛𑄧𑄞𑄧𑄁𑄛𑄧𑄞𑄧𑄁] - ক্রি. বিণ. পটরপটর। (ধ্বন্যা)

পভাং [𑄛𑄞𑄁, 𑄛𑄞𑄋𑄴] - বি. **বি. এক জাতীয় চিল।**

**পরং, পরঙ** [𑄛𑄧𑄢𑄧𑄁, 𑄛𑄧𑄢𑄧𑄋𑄴] - বি. স্থানান্তর; গৃহান্তর (গৃহ পরিবর্তন করে অন্য গৃহে বসবাসের জন্য গমন)। { < **মারমাঃ প্রং** }

~ **বর** [𑄝𑄧𑄢𑄧𑄛𑄧𑄢𑄧𑄁, 𑄝𑄧𑄢𑄧𑄛𑄧𑄢𑄧𑄋𑄴] বি. বৃহৎ স্থানান্তর; বিংশ শতকের বৃহৎ স্থানান্তর।

**পরংপরং** [𑄛𑄧𑄢𑄧𑄁𑄛𑄧𑄢𑄧𑄁] - ক্রি. বিণ. পড়েপড়ে এমন।

**পরছালুয়া, পরশালুয়া** [𑄛𑄧𑄢𑄧𑄍𑄣𑄪𑄠, 𑄛𑄧𑄢𑄧𑄥𑄣𑄪𑄠] - বি. পরগাছা। ]

**পরব** [𑄛𑄧𑄢𑄧𑄝𑄧] - বি. উৎসব; পরব।

**পরমামিলা, পর্মামিলা** [𑄛𑄧𑄢𑄴𑄟𑄟𑄨𑄣] - বি. যে মায়ের দুগ্ধপোষ্য বা শিশু সন্তান আছে।

**পরা** [𑄛𑄢] **বি. প্রতারণা।**

~ **ন দেনা** [𑄛𑄢𑄘𑄬𑄚] - ক্রি. ফাঁকি দেওয়া ।

~ **কবাল্যা** [𑄛𑄢𑄇𑄝𑄣𑄳𑄠] - বিণ. হতভাগ্য ।

~ **দেনা** [𑄛𑄢𑄘𑄬𑄚] - ক্রি. ফাঁকি দেওয়া; ঠকানো।।

~ **পানা** [𑄛𑄢𑄘𑄬𑄚] - ক্রি. প্রতারিত হওয়া; ঠকা।

**পরাকপরাক** [𑄛𑄢𑄇𑄴𑄛𑄢𑄇𑄴] **ক্রি.বিণ.** স্পষ্ট ভাবে।

**পরান, পরাণ** [𑄛𑄢, 𑄛𑄢𑄚𑄴] - বি. প্রাণ; পরাণ।

**পরানি, পরাণি** [𑄛𑄢𑄚𑄨, 𑄛𑄢𑄚𑄨] - বি. প্রিয়া; প্রিয়তমা।

**(কোনো মহিলার নাম ও সম্বোধনে ব্যাবহার্য।)**

**পরান্যা, পরাণ্যা** [𑄛𑄢𑄚𑄳𑄠, 𑄛𑄢𑄚𑄳𑄠] - বি. প্রিয়; প্রিয়তম। **(ব্যক্তিবিশেষের নাম ও সম্বোধনে ব্যাবহার্য।)**

**পরাহ্** [𑄛𑄢𑄦𑄴] - বি. ১.পড়া; পঠন ২. **জ্বালাপুড়া**। ক্রি. (তুমি) পড়াও।

**পরাহ্না** [𑄛𑄢𑄦𑄴𑄚] - ক্রি. ১. পড়ানো। ২. পতিত হওয়া।

**পল্লান,পল্যান, পহ্লান** [𑄛𑄣𑄴𑄣𑄚𑄴, 𑄛𑄣𑄳𑄠𑄚𑄴] - বি. শিকারী।

**পল্লাপোল্লি**[ 𑄛𑄣𑄴𑄣𑄛𑄮𑄣𑄴𑄣𑄨 ] - বি. লুকোচুরিঃ পারস্পরিক লুকানো।

~ **খারা** [𑄛𑄣𑄴𑄣𑄛𑄮𑄣𑄴𑄣-𑄈𑄢] - বি. লুকোচুরি খেলা। বিণ. স্তরে স্তরে।

**পল্যানা** [𑄛𑄣𑄳𑄠𑄚] - ক্রি. ১. লুকানো। ২. পালানো।

**পহ্ন** [𑄛𑄦𑄴𑄚𑄧] - বিণ. স্বচ্ছ।

**পহ্র** [𑄛𑄦𑄴𑄢𑄧] - বি. আলো।

**পাওর, পাগোর, পঘোর** [𑄛𑄃𑄮𑄢𑄧/𑄛𑄉𑄮𑄢𑄧, 𑄛𑄊𑄮𑄢, 𑄛𑄊𑄮𑄢𑄧] - বি. পাপড়ি।

পাংপাং [𑄛𑄁𑄛𑄁/𑄛𑄋𑄴𑄛𑄋𑄴] - ক্রি. বিণ. সশব্দে; স্পষ্টভাবে (বলার ক্ষেত্রে প্রযোজ্য)।

**পাংখা, পাঙ্খা** [𑄛𑄁𑄈, 𑄛𑄋𑄳𑄈] - বি. পাখা; ফ্যান ।

**পাক** [𑄛𑄇𑄴] - বি. ১. পাক; ঘূর্ণন । ২. চক্কর ।

**পাক্কুয়া** [𑄛𑄇𑄴𑄇𑄪𑄠] - বি. পাঁকুই ।

**পাক্কোন** [𑄛𑄇𑄴𑄇𑄮𑄚𑄴] - বি. বেতের তৈরি ত্রিকোণাকার জিনিসবিশেষ । (মদ চোয়ানোর সময় কলসির নিচে স্থাপন করা হয়) ।

**পাগল** [𑄛𑄉𑄧𑄣𑄴] - বিণ. পাগল ।

˜ + ই ( স্ত্রী প্রত্যয়) = পাগলি [𑄛𑄉𑄧𑄣𑄨] - বি. পাগলী; পাগলিনী ।

**পাগলামি** [𑄛𑄉𑄧𑄣𑄟𑄨] - বি. পাগলামি ।

**পাগানা** [𑄛𑄉𑄚] - বিণ. পরিপক্ক; পাকা ।{**হিন্দিঃ পক্না**}- ক্রি.১. পরিপক্ক হওয়া ২. পটানো

**পাগিস্তান, পাকিস্তান** [𑄛𑄉𑄨𑄥𑄴𑄖𑄚𑄴, 𑄛𑄇𑄨𑄥𑄴𑄖𑄚𑄴] - বি. পাকিস্তান ।

**পাগেইয়া** [𑄛𑄉𑄬𑄃𑄨𑄠 /𑄛𑄉𑄬𑄠] - ক্রি. বিণ. পাকানোকৃত (সুতার ক্ষেত্রে প্রযোজ্য) ।

**পাগোর, পাওর** [𑄛𑄉𑄮𑄢𑄴, 𑄛𑄃𑄮𑄢𑄴/𑄛𑄤𑄮𑄢𑄴] - বি. পাপড়ি ।

**পাঘতপাঘত, পাঘরপাঘর** [𑄛𑄊𑄧𑄖𑄴𑄛𑄊𑄧𑄖𑄴, 𑄛𑄊𑄧𑄢𑄴𑄛𑄊𑄧𑄢𑄴] - ক্রি. বিণ. গপাগপ ।

**পাগোর্জ্যা, পাগোর্য্যা** [𑄛𑄉𑄮𑄢𑄴𑄎𑄳𑄠] -] - বি. পাকুড় গাছ; অশ্বথজাতীয় বৃহৎ গাছ ।

**পাঙি,পাঙী, পাঙেই** [𑄛𑄋𑄨, 𑄛𑄋𑄩, 𑄛𑄋𑄬𑄃𑄨/𑄛𑄋𑄭] - বি. বৈঠা ।

**পাঙ্খা / পাংখা [𑄛𑄋𑄳𑄈 / 𑄛𑄁𑄈] - বি. ১. পাখা; ফ্যান । ২. পাখনা ।**

**পাচ** [𑄛𑄌𑄴] - বি, বিণ. পাঁচ ।

**পাচ্ছোত্তি, পাসসোত্তি** [𑄛𑄌𑄴𑄍𑄮𑄖𑄴𑄖𑄨,𑄛𑄥𑄴𑄥𑄮𑄖𑄴𑄖𑄨] - বি, বিণ. পঁয়ষট্টি ।

**পাচচোল্লিচ** [𑄛𑄌𑄴𑄌𑄮𑄣𑄴𑄣𑄨𑄌𑄴] - বি, বিণ. পঁয়তাল্লিশ ।

**পাচপান্ন** [𑄛𑄌𑄴𑄛𑄚𑄴𑄚] - বি, বিণ. পঞ্চান্ন ।

**পাচ্যামি** [𑄛𑄌𑄳𑄠𑄟𑄨] - বি,শয়তানি ।

**পাজাত্তোর** [𑄛𑄎𑄖𑄴𑄖𑄮𑄢𑄴/𑄛𑄎𑄖𑄳𑄖𑄮𑄢𑄴] - বি. বিণ. পঁচাত্তর ।

**পাজানা** [𑄛𑄎𑄚] - বি. ফাজলামি করা; দুষ্টামি করা ।

**পাজানোব্বোই** [𑄛𑄎𑄚𑄮𑄝𑄴𑄝𑄮𑄃𑄨 / 𑄛𑄎𑄚𑄮𑄝𑄳𑄝𑄮𑄃𑄨] - বি. বিণ. পঁচানব্বই ।

**পাজাশি** [𑄛𑄎𑄥𑄨] -বি, বিণ. পঁচাশি ।

**পাজোন** [𑄛𑄎𑄮𑄚𑄴] - বি. চাকমাদেও প্রধান উৎসব বিজু/বিঝু উৎসবের সময় অতিথি আপ্যায়নের জন্য বিভিন্ন শাকসবজি মিশিয়ে রান্না করা ব্যঞ্জন/খাবার ।

**পাত্তুরুতুরু** [𑄛𑄖𑄴𑄖𑄪𑄢𑄪𑄖𑄪𑄢𑄪] - অব্য. উদ্বোধনের সময় শুভারম্ভ কালে উচ্চারণযোগ্য শব্দ । (ধ্বন্যা)

**পাত্রিচ** [𑄛𑄖𑄴𑄢𑄨𑄌𑄴] - বি, বিণ. পঁয়ত্রিশ ।

**পাজাশি** [𑄛𑄎𑄥𑄨] - বি, বিণ. পঁচাশি ।

পাচ্যামি [𑄛𑄌𑄳𑄠𑄟𑄨] - বি. দুষ্টামি; শয়তানি ।

পাজাত্তোর [𑄛𑄎𑄖𑄴𑄖𑄮𑄢𑄴] - বি, বিণ. পঁচাত্তোর ।

পাজানা [𑄛𑄎𑄚] - ক্রি. দুষ্টামি করা; শয়তানি করা ।

পাজানোব্বোই [𑄛𑄎𑄚𑄮𑄝𑄴𑄝𑄮𑄃𑄨] - বি, বিণ. পঁচানব্বই ।

পাঝা [𑄛𑄏] - বি. ১. পাছা ( নিতম্বদেশ) । ২. পাশা ।

~ খারা [𑄛𑄏𑄈𑄢] - বি. পাশাখেলা । **পাঝারা** [𑄛𑄏𑄢 ] - বিণ. পার্শ্ব ।

~ ফারানা [𑄛𑄏𑄢-𑄜𑄢𑄚] - ক্রি. এড়িয়ে যাওয়া ।

**পাঝারি** [𑄛𑄏𑄢𑄨 ] - বিণ. বিশেষ ঔষধপত্র (ওষুধের ক্ষেত্রে ব্যবহৃত) । (পসারী)

**পাঠ, পাত** [𑄛𑄗𑄴, 𑄛𑄖𑄴] - বি. পাঠ; পঠিতব্য বিষয় ।

**পাত** [ 𑄛𑄖𑄴 ] - বি. পাত ( যেমন লোহার পাত) । **ক্রি . ১. (তুমি) পাতাও । ২.** firt.

**পাত্তল** [𑄛𑄖𑄴𑄖𑄧𑄣𑄴 ] - বি. নৌকার হাল । < **পতবাল** । { সরহপাদ, চর্যাপদঃ কাঅ ণাবড়ি খাম্টি মণ কেড়ুয়াল । সদগুরু বঅণে ধর পতবাল }

**পাত্তলি, পাত্তোলি** [𑄛𑄖𑄴𑄖𑄧𑄣𑄨, 𑄛𑄖𑄴𑄖𑄮𑄣𑄨 ] - বি. নৌকার হাল যে ধরে; মাঝি ।

**পাত্থর, শিল** [ 𑄛𑄗𑄴𑄗𑄧𑄢𑄴, 𑄥𑄨𑄣𑄴 ] - বি. পাথর; শিলা । { স. পথর }

**পাদল** [𑄛𑄘𑄧𑄣𑄴] - বিণ. পাতলা; হালকা ।

**পাদা** [𑄛𑄘] - বি. পাতা । (তুমি) পেতে রাখো ।

**পাদানা** [𑄛𑄘𑄚] - ক্রি. বিছানো । ২. বায় ছাড়া; মলদ্বার দিয়ে পেটের ভিতরের বাতাস বের করা । firt.

**পাদারা** [𑄛𑄘𑄢] - বিণ. ভীরু; ভীতু ।

**পাদারি** [𑄛𑄘𑄢𑄨 ] - বিণ. গররাজি । ক্রি. বিণ. ১. প্রস্থের দিকে; আড়াআড়ি ভাবে । ২. মতের দিক থেকে বিপরীতাবলম্বী ( ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য) ।

**পাদার্জ্যা** [𑄛𑄘𑄢𑄴𑄎𑄳𑄠] - বিণ. প্রস্থ ।

**পাদি** [ 𑄛𑄘𑄨 ] - বি. পাটি ।

**পাধা, পাধাছাগল** [𑄛𑄙, 𑄛𑄙𑄍𑄉𑄧𑄣𑄴] - বি. পাঁঠা । ক্রি. (তুমি) পাঠাও ।

**পাধানা** [ 𑄛𑄙𑄚 ] - ক্রি. পাঠানো; প্রেরণ করা ।

**পাধি, পাধিছাগল** [𑄛𑄙𑄨, 𑄛𑄙𑄨𑄍𑄉𑄧𑄣𑄴] - বি. পাঁঠি, পাঁঠিছাগল ।

**পান** [𑄛𑄚𑄴 ] - বি. পান; তাম্বুল । ক্রি. (তাঁরা/তিনি/তারা) পান বা লাভ করেন ।

**পানছোরি** [𑄛𑄚𑄴𑄍𑄮𑄢𑄨 ] - বি. খাগড়াছড়ি জেলার পানছড়ি উপজেলা ও এর সদর । ২. ঐ নামের দুটি নদী ও দুটি মৌজা (বড় পানছড়ি নং ২৪৬ ও ছোট পানছড়ি নং ২৪৬ )

**পানঝা** [𑄛𑄚𑄴𑄏 ] - বি. পানসে ।

পানসুবারি [𑄛𑄚𑄴𑄥𑄪𑄝𑄢𑄨 ] - বি. পানসুপারি ।

পানছোরি [𑄛𑄚𑄴𑄍𑄮𑄢𑄨] - বি. পানছড়ি ।{খাগড়াছড়ি জেলার একটি উপজেলা, এর সদর এবং একটি নদীর নাম ।}

পানঝা [𑄛𑄚𑄴𑄏]  - বিণ. পানসে; লবণস্বল্পতা ।

পা-না [𑄛𑄚] -ক্রি. পাওয়া ।

পানি [𑄛𑄚𑄨] - বি. পানি, জল ।

পান্যা [𑄛𑄚𑄳𑄠] - বিণ. ১. পানির ন্যায় । ২. পানিতে উৎপন্নজাত ।

পান্যাকোজু/পান্যাকুজু [𑄛𑄚𑄳𑄠𑄇𑄮𑄎𑄳𑄎𑄪 /𑄛𑄚𑄳𑄠𑄇𑄪𑄎𑄳𑄎𑄪] - বি. এক জাতীয় কচু ।

পান্যাপুক [𑄛𑄚𑄳𑄠𑄛𑄪𑄇𑄴] - বি. এক জাতীয়  ছোট আকারের জলজ পোকা ।

পান্যামালা [𑄛𑄚𑄳𑄠𑄟𑄣] - বি. ছোট ফলবিশেষ ।(পানি ফল)

পান্যাসাপ [𑄛𑄚𑄳𑄠𑄥𑄛𑄴] - বি. এক জাতীয় বিষহীন সাপ ।

পাপ [𑄛𑄛𑄴] - বি. পাপ ।

পাব [ 𑄛𑄝𑄴 ] - বি. পর্ব ।

পাবা [ 𑄛𑄝 ] - বি.  পোয়া; এত সেরের এক চতুর্থাংশ ।

পাবালা [𑄛𑄝𑄣] - বি. পাবদা ( মাছ) ।

পারংচোধুরি [𑄛𑄢𑄁𑄌𑄮𑄙𑄪𑄢𑄨] - বি. সব পারি বলে জাহির করেএমন স্বভাবের লোক ।

পার [𑄛𑄢𑄴] - বি. নদীর তীর; পাড় । ক্রি. (তুমি) গাছ থেকে বা উপর থেকে নিচে নামাও ।

পারানা [𑄛𑄢𑄚] -ক্রি. ১. পারা; সক্ষম হওয়া । ২. গাছ থেকে ফল সংগ্রহ করা (যেমন ফুল পাড়া = ফুল পাড়া) বা উপর থেকে কোনো জিনিস সেরকম ভাবে নিচে নামিয়ে আনা ।

পারাহ্ [𑄛𑄢𑄦𑄴] - বি. পাড়া; গ্রাম ।

পারাহ্ল্যা, পারাল্যা [𑄛𑄢𑄦𑄴𑄣𑄳𑄠] - বি. গ্রামবাসী; পাড়শী । বিণ. গ্রাম্য ।

পার্বুয়া [𑄛𑄢𑄴𑄝𑄪𑄠] - বি. এক জাতীয় বাঁশ ।

পাল [𑄛𑄣𑄴] - বি. পাল; দল; flock.

পালক [𑄛𑄣𑄇𑄴] - বি. পালক ।

~ ঝি [𑄛𑄣𑄇𑄴𑄏𑄨] - বি. পালিত কন্যা ।

. ~ পুয়া [𑄛𑄣𑄇𑄴𑄛𑄪𑄠/𑄛𑄣𑄇𑄴𑄛𑄪𑄠] - বি.পালিত পুত্র ।

পালঙ, পালং [𑄛𑄣𑄋𑄴, 𑄛𑄣𑄁] - বি. ১.  কোনো দ্রব্য পানে বা খাওয়ায় তীব্র আসক্তি ।

পালা [𑄛𑄣] - বি. ১.পালাগান । ২. term

পালানা [𑄛𑄣𑄚] - বি. পালন করা; লালন পালন করা ।

পালাপাল্যা [𑄛𑄣𑄛𑄣𑄳𑄠] - ক্রি.বিণ. পালাক্রমে ।

পালাহ্ [𑄛𑄣𑄦𑄴] - বি. ১. পালা; পালাগান; ballad. ২. ক্ষেপ ।

**পালুহ্যার** [𑄛𑄣𑄪𑄦𑄢𑄴] - বি. পাছাড় হাড় ।

**পাল্যা-পা** [𑄛𑄣𑄳𑄠-𑄛 ] - বি. ঐতিহ্যবাহী চাকমা বর্ণমালা অঝাপাঠ-এর ২১ তম বর্ণ বা হরফ । { এই বর্ণটির আকৃতি দেখতে বর্মী বা রাখাইনদের *পালা* নামক বাটির মত দেখতে বলে ?}

**পাহ্** [ 𑄛𑄦𑄴 ] - বি. মাটি বা পাথরের তেপায়াবিশিষ্ট চুল্লিবিশেষ ।

~ **দলা** [ 𑄛𑄦𑄴-𑄘𑄣] - বি. ঐ জাতীয় চুলার পায়া ।

~ **হ্না** [ 𑄛𑄦𑄴-𑄦𑄳𑄚 ] - বি. গোত্রভুক্ত তিনজন আত্মীযের তিনটি বাড়ির মধ্যবর্তী স্থানে বাড়ির অবস্থান হওয়া ।

**পাহ্রি, পাহ্রিগরু** [𑄛𑄦𑄳𑄢𑄨, 𑄛𑄦𑄳𑄢𑄨𑄉𑄧𑄢𑄪 ] - বি, বিণ. গাভি; গাইগরু ।

**পিখানা** [𑄛𑄨𑄈𑄚 ] - ক্রি. পান করা ।

**পিট** [𑄛𑄨𑄑𑄴 ] - ক্রি. (তুমি ) মারো; পিটাও ।

**পিঠ, পিত** [𑄛𑄨𑄒𑄴, 𑄛𑄨𑄖𑄴 ] - বি. পিঠ; পৃষ্ঠ ।

**পিচপুঝা-আ** [𑄛𑄨𑄌𑄴𑄛𑄪𑄏-𑄃 ] - বি. ঐতিহ্যবাহী চাকমা বর্ণমালা অঝাপাঠ-এর ৩৩ তম বর্ণ বা হরফ । { এই বর্ণটির পিছনে পুচ্ছ আছে বলে} ।
অঝাপাঠের মধ্যে এই বর্ণটিই কেবল স্বরবর্ণ ।

**পিচ্ছ** [𑄛𑄨𑄌𑄳𑄍 ] - বিণ. পিছন ।

**পিচ্ছে, পিজেন্দি** [𑄛𑄨𑄌𑄳𑄍𑄬, 𑄛𑄨𑄎𑄬𑄚𑄳𑄘𑄨 ] - ক্রি.বিণ. পিছন দিকে ।

**পিচ্ছোল, বিজোল** [𑄛𑄨𑄌𑄳𑄍𑄮𑄣𑄴, 𑄛𑄨𑄎𑄮𑄣𑄴 ] - বিণ. পিছলা; পিচ্ছিল; অত্যন্ত মসৃণ ।

**পিজু** [𑄛𑄨𑄎𑄪] - বি. প্রপিতামহ; প্রমাতামহ ।

**পিজুমবাচ, পিঝুমবাচ** [𑄛𑄨𑄎𑄪𑄟𑄴𑄝𑄌𑄴, 𑄛𑄨𑄏𑄪𑄟𑄴𑄝𑄌𑄴] - বি. মাচাংঘরে উঠার কাজে ব্যবহৃত গাছ বা বাঁশের সিঁড়ির সাথে বাঁধা বাঁশ ।

**পিজোর, পিজর** [𑄛𑄨𑄎𑄮𑄢𑄴, 𑄛𑄨𑄎𑄧𑄢𑄴] - মাচাংঘরের পিছনের অংশ (রান্নাঘর সহ অন্দরের অংশ) ।

**পিঝা** [𑄛𑄨𑄏] - বি. পিসা; ফুফা ।

**পিঝাঙা** [𑄛𑄨𑄏𑄋] - বি. পিসি, পিসী; ফুফু ।

~ **ঝি** [𑄛𑄨𑄏𑄋- 𑄏𑄨 ] -পিসির কন্যা/মেয়ে ।

~ **পুত** [𑄛𑄨𑄏𑄋-𑄛𑄪𑄖𑄴 ] -পিসির পুত্র/ছেলে ।

**পিঝাঙাঝি - ভোন** [𑄛𑄨𑄏𑄋𑄏𑄨-𑄞𑄮𑄚𑄴 ] - পিসতুতো বোন ।

**পিঝাঙাপুত - ভেই** [𑄛𑄨𑄏𑄋𑄛𑄪𑄖𑄴-𑄞𑄬𑄃𑄨 ] - বি. পিসতুতো ভাই ।

**পিঝিলা** [𑄛𑄨𑄏𑄨𑄣 ] - বি. উরুসন্ধিতে ফুলে ওঠা শিরা/নাড়ি ।

**পিঝু** [𑄛𑄨𑄏𑄪] - বি.১. প্রপিতামহ । ২. প্রমাতামহ ।

**পিঝুম** [𑄛𑄨𑄏𑄪𑄟𑄴] - বি. হিংসা; ঈর্ষা । {স, পালিঃ পিসুণ >}

**পিঝে, পিচ্ছে** [𑄛𑄨𑄏𑄬, 𑄛𑄨𑄌𑄴𑄍𑄬 ] - বিণ. পিছে; পিছনে।

**পিঝেই** [𑄛𑄨𑄏𑄬𑄃𑄨/𑄛𑄨𑄏𑄰 ] - বি. পিসি, পিসী; ফুফু।

**পিট, পিত** [𑄛𑄨𑄑𑄴, 𑄛𑄨𑄖𑄴 ] - ক্রি. (তুমি ) মারো; পিটাও।

**পিঠ** - [𑄛𑄨𑄒𑄴 ] - বি. পিঠ; পৃষ্ঠ।

**পিত্ত** [𑄛𑄨𑄖𑄴𑄖 ] - বি. যকৃৎ। { পালি: পিত্তং >}

~ **থোলি** [𑄛𑄨𑄖𑄴𑄖𑄗𑄮𑄣𑄨 ] - বি. **পিত্তাশয়**।

~ **মরা** [𑄛𑄨𑄖𑄴𑄖𑄟𑄢] - বি. দুর্বল; ভীরু; সাহসহীন ।

**পিত্তিংগুলা, পিত্তিঙগুলা** [𑄛𑄨𑄖𑄴𑄖𑄨𑄁𑄉𑄪𑄣, 𑄛𑄨𑄖𑄴𑄖𑄨𑄋𑄴𑄉𑄪𑄣] - বি. ছোট আকারের এক প্রকার বন্য ফল।

**পিখালা, পিত্তালা** [𑄛𑄨𑄖𑄴𑄈𑄣, 𑄛𑄨𑄖𑄴𑄖𑄣 ] - বি. পিসির স্বামী; ফুফা।

**পিথিমি, পিথিম্বি** [𑄛𑄨𑄖𑄴𑄗𑄨𑄟𑄴𑄝𑄨 ] - বি. পৃথিবী; দুনিয়া; বসুমতি।

**পিথ্যাপাদা, পেথ্যাপাদা** [𑄛𑄨𑄗𑄳𑄠𑄛𑄘/𑄛𑄬𑄗𑄳𑄠𑄛𑄘 ] - বি. পিঠা তৈরির কাজে ব্যবহৃত এক জাতীয় উদ্ভিদের পাতা।

**পিদল/পিদোল** [𑄛𑄨𑄘𑄧𑄣𑄴/𑄛𑄨𑄘𑄮𑄣𑄴 ] - বি. পিতল।

**পিদলিদাবা** [𑄛𑄨𑄘𑄧𑄣𑄨𑄘𑄝, 𑄛𑄨𑄘𑄮𑄣𑄨𑄘𑄝 ] - বি. পিতরের তৈরি হুঁকা।

**পিদানা** [𑄛𑄨𑄘𑄚 ] - ক্রি. পিটানো।

**পিদিচাম** [𑄛𑄨𑄘𑄨𑄌𑄟𑄴] - বি. পিঠের চামড়া।

**পিদিলি** [𑄛𑄨𑄘𑄨𑄣𑄨] বিণ. গর্ভবতী।

**পিদোল** [𑄛𑄨𑄘𑄮𑄣𑄴] - পিতল।

**পিদোলিদাবা/পেদোলিদাবা** [ 𑄛𑄬𑄘𑄮𑄣𑄨𑄘𑄝 ] - বি, পিতলের তৈরি হুঁকা; **গড়গড়ি**।

**পিধদারা** [𑄛𑄨𑄙𑄴𑄘𑄢] - বি. শিরদাঁড়া।

**পিধা** [𑄛𑄨𑄙 ] - ক্রি. পিঠা।

**পিধাপিথ্যা** [𑄛𑄨𑄙𑄛𑄨𑄗𑄳𑄠 ] - **বিণ. পিটাপিটি**।

**পিনানা** [𑄛𑄨𑄚𑄚] - ক্রি. পরিধান করা; পরা।

**পিনোন** [𑄛𑄨𑄚𑄮𑄚𑄴] - বি.চাকমা মহিলাদের নিম্নাঙ্গে পরার ঐতিহ্যবাহী স্কার্ট।

**পিনোনখাদি** [𑄛𑄨𑄚𑄮𑄚𑄴𑄈𑄘𑄨] - বি.চাকমা মহিলাদের নিম্নাঙ্গে পরার ঐতিহ্যবাহী স্কার্ট (*পিনোন*) ও বক্ষবন্ধনী কাপড় (*খাদি*)।

**পিনোনফাদামাচ** [𑄛𑄨𑄚𑄮𑄚𑄴𑄜𑄘𑄟𑄌𑄴] - বি.পাহাড়ি ছোটনদীতে থাকে এমন কালোরঙের ডোরাকাটা চিহ্নযুক্ত এক প্রকারের ক্ষুদ্র মাছ }

**পিপাদা** [𑄛𑄨𑄛𑄘] - বি. তাবিজ লেখার কাজে ব্যবহৃত একপ্রকার পাতা।

**পিবিরা** [𑄛𑄨𑄝𑄨𑄢] - বি. পিঁপড়া; পিপীলিকা। {স. **পিপীল** }

**পিরাহ্** [𑄛𑄨𑄢𑄦𑄴] - বি. ১. পিঁড়ি। ২. পীড়া ( যন্ত্রণা / ব্যাধি)।

**পিরাহভাঙ্** [𑄛𑄨𑄢𑄦𑄴𑄞𑄋𑄴] - বি. চাকমা সমাজের গোত্রবিশেষ (পিড়াভাঙ্গা বংশ)।

**পিরাহ্ভাঙাগুখি** [𑄛𑄨𑄢𑄦𑄴𑄞𑄋𑄉𑄪𑄈𑄨] -বি. চাকমা সমাজের গোত্রবিশেষ। **(পিড়াভাঙাগুখি)**।

**পিরি** [𑄛𑄨𑄢𑄨] - বি. প্রজন্ম।

**পিলা** [𑄛𑄨𑄣] - বি. পাতিলা < চর্যাপদঃ **পীড়া**। {কুক্কুরীপাদ কর্তৃক উল্লেখিত।}

**পিলাআলু** [𑄛𑄨𑄣𑄃𑄣𑄪] - **বি.**পাতিলার আকৃতিবিশিষ্ট এক প্রকার বন্য আলু।

**পিলাং/পিলাঙ** [𑄛𑄨𑄣𑄁/𑄛𑄨𑄣𑄋𑄴] - বি.বিবাহ ঠিক করার সময় বরপক্ষেও লোকেরা যে(পাণীয়/মদ্য)} বোতল/বটল বহন করে। যেমন মদপিলাং। { **বর্মী, রাখাইন, মারমাঃ প্লুঙ / প্লুং** = বোতল।}

**পিলাক** [𑄛𑄨𑄣𑄇𑄴] - বি. তিন পার্শ্বের খাড়া পাহাড় বা পর্বতপার্শ্ব দিয়ে ঘেরা স্থান থেকে নির্গত নদী বা জলস্রোত।

**পীরা** [𑄛𑄩𑄢] - পীড়া; রোগব্যাধি।

**পীলা, পিলেই** [𑄛𑄩𑄣, 𑄛𑄨𑄣𑄬𑄃𑄨/𑄛𑄨𑄣𑄭] - বি. প্লীহা।

**পুং-উধানা/পুং উধানা** [𑄛𑄪𑄁-𑄃𑄪𑄙𑄚 /𑄛𑄪𑄋𑄴-𑄃𑄪𑄙𑄚] - ক্রি. মাটির তল থেকে আদ্রতা উঠে ভিজে যাওয়া।

**পুক** [𑄛𑄪𑄇𑄴] বি. পোকা; পতঙ্গ।

**পুগ, পুব** [𑄛𑄪𑄉𑄴, 𑄛𑄪𑄝𑄴] - **বিণ. পূর্ব (দিক)**।

**পুগি** [𑄛𑄪𑄉𑄨] - ক্ষুদ্র পোকাবিশেষ।(Sand Fly)

**পুচ** [𑄛𑄪𑄌𑄴] - বি. পুঁজ। ( তুমি ) মুছো।

**পুচগাঙ** [𑄛𑄪𑄌𑄴𑄉𑄋𑄴] -বি .পুজগাঙ । খাগড়াছড়ি জেলার নদীবিশেষ ও ঐ নামের মৌজা (নং ২৪২)

**পুচপুচ** [𑄛𑄪𑄌𑄴𑄛𑄪𑄌𑄴] - ক্রি. বিণ. অতি সাবধানে (ধরা, ছোঁয়া এজাতীয় কাজে প্রযোজ্য)।

**পুচপুচ্যা** [𑄛𑄪𑄌𑄴𑄛𑄪𑄌𑄳𑄠] -ক্রি. বিণ. সহজে ছিঁড়ে এমন (কাপড়, দড়ি এ জাতীয় জিনিসের ক্ষেত্রে প্রযোজ্য)

**পুচমাস** [𑄛𑄪𑄌𑄴𑄟𑄥𑄴] - বি. পৌষমাস।

**পুচ্ছানা** [𑄛𑄪𑄌𑄴𑄍𑄚] - ক্রি. পিঠ চাপড়ানো; হাত বুলানো।

**পুচ্যাল** [𑄛𑄪𑄌𑄳𑄠𑄣𑄴] - বি. ওষুধের মাত্রা বিশেষ।

**পুজা** [𑄛𑄪𑄎] - বি. ১.পূজা। ২. স্তুপ ; পুঞ্জ।

**পুজুপুজু** [𑄛𑄪𑄎𑄪𑄛𑄪𑄎𑄪] - অব্য. ফিসফিস ; ফিসিরফিসির; কানে কানে কথা বলা (অন্যের কর্ণগোচর না হয় এমন ভাবে কথা বলার ক্ষেত্রে প্রযোজ্য)।

**পুজুরুংপাজারাং** [𑄛𑄪𑄎𑄪𑄢𑄪𑄁𑄛𑄎𑄢𑄁] - বিণ. আবোলতাবোল (কথার ক্ষেত্রে প্রযোজ্য)।

**পুঝাক** [𑄛𑄪𑄏𑄇𑄴 ] - বি. পুঁইশাক।

**পুঝানা** [𑄛𑄪𑄏𑄚 ] - ক্রি. মুছা।

**পুঝার** [𑄛𑄪𑄏𑄢𑄴] - বি. প্রশ্ন; জিজ্ঞাসা।

**পুণংচান, পুনংচান** [𑄛𑄪𑄕𑄁𑄌𑄚𑄴, 𑄛𑄪𑄚𑄁𑄌𑄚𑄴 ] -বি. ১. পূর্ণিমার চাঁদ; পূর্ণ চন্দ্র। ২.পুরুষের নাম বিশেষ।

**পুণংবি, পুনংবি** [𑄛𑄪𑄕𑄁𑄝𑄨, 𑄛𑄪𑄚𑄁𑄝𑄨 ] - বি. মহিলার নাম বিশেষ।

**পুণ্য** [𑄛𑄪𑄕𑄳𑄠] - **বি.** পূণ্য।

**পুণ্যা** [𑄛𑄪𑄕𑄳𑄠 ] - **বি.** পূণ্যা।

**পুত** [𑄛𑄪𑄖𑄴] - বি. পুত।

**পুত্তিখারা** [𑄛𑄪𑄖𑄴𑄖𑄨𑄈𑄢 ] - বি. গোল্লাছুট জাতীয় খেলাবিশেষ।

**পুদবো** [𑄛𑄪𑄘𑄴𑄝𑄮 ] - বি. পুত্রবধূ।

**পুদি, পুদিমাচ** [𑄛𑄪𑄘𑄨, 𑄛𑄪𑄘𑄨𑄟𑄌𑄴 ] - বি. পুঁটি; পুঁটিমাছ।

**পুদি** [𑄛𑄪𑄘𑄨 ] - স্ত্রীপ্রত্যয়। যেমন, ধনপুদি ( মহিলাদের নামের ক্ষেত্রে প্রযোজ্য) = ধনবতী {তুলনীয় : বতী, পতী। পালি ভাষায় পুত্তবতী অর্থে ব্যবহৃত পুত্তপতী শব্দে। }

**পুদিপুদি** [𑄛𑄪𑄘𑄨𑄛𑄪𑄘𑄨] - ক্রি. বিণ. খুঁটিনাটি।

**পুদিন** [𑄛𑄪𑄘𑄨𑄚𑄴] - বি. ১. প্রপৌত্র (পৌত্রের পুত্র); দৌহিত্রের পুত্র; নাতির ছেলে; নাতনীর ছেলে। ২. প্রপৌত্রী; নাতির মেয়ে; পৌত্রের কন্যা; দৌহিত্রীর কন্যা; নাতনীর মেয়ে।

**পুদুপাদা** [𑄛𑄪𑄘𑄪𑄛𑄘] -বি.শলা-পরামর্শ (সচরাচর গোপনীয় কোনো বিষয়ে সলা পরামর্শ); ফিসফাস

**পুদুমপুলু-তারা/ত্রা** [𑄛𑄪𑄘𑄪𑄟𑄴𑄛𑄪𑄣𑄪-𑄖𑄢/𑄖𑄳𑄢] -বি.চাকমাদের প্রাচীন ধর্মগ্রন্থ আঘরতারা-এর অন্তর্গত একটি *তারা/ত্রা*। এটি পিন্ডোৎসর্গ কালে ব্যবহৃত হতো।

**পুধি** [𑄛𑄪𑄙𑄨 ] - বি. পুঁথি।{উভাগীতের চরণঃ সাবে বান্‌ল্য রন-কুধি। বিদ্যাসুন্দর গম পুধি। কপুদ ঝিভুয়া }

**পুন** [𑄛𑄪𑄚𑄴 ] - **বি. নিতম্ব।**

~ **ফক** [𑄛𑄪𑄚𑄴𑄜𑄇𑄴 ] - **বি. মলদ্বার; গুহ্যদ্বার।** { বর্মী , মারমাঃ পৌঙ = নিতম্ব}

**পুনংচান** [𑄛𑄪𑄚𑄁𑄌𑄚𑄴] - বি. ১. পূর্ণিমার চাঁদ। ২. ব্যক্তির নামবিশেষ।

**পুনেপুনে** [ 𑄛𑄪𑄚𑄬𑄛𑄪𑄚𑄬] - ক্রি.বিণ. পিছেপিছে।

**পুন্দুরি, পুন্দুরী** [𑄛𑄪𑄚𑄴𑄘𑄪𑄢𑄨,𑄛𑄪𑄚𑄴𑄘𑄪𑄢𑄩 ] - বি. ১. পশুপাখির লেজের দিকের অংশ। { ছড়াঃ পুন্দুরি রাঙা জুর্বুয়াপেইক, তম্মা মলে ম'ইধু এইচ।}২. পিছনের দিক।

~ **উভোত** [𑄛𑄪𑄚𑄴𑄘𑄪𑄢𑄨𑄃𑄪𑄞𑄮𑄖𑄴 ] - ক্রি:বিণ. আমূল উল্টনোকৃত।

**পুন্নিমা** [𑄛𑄪𑄚𑄴𑄚𑄨𑄟/𑄛𑄪𑄚𑄴𑄚𑄨𑄟 ] - বি. পূর্ণিমা।

**পুন্যাহ্** [𑄛𑄪𑄚𑄳𑄠𑄦𑄴 ] - পূণ্যাহ।

**পুব, পূগ** [𑄛𑄪𑄝𑄴, 𑄛𑄫𑄉𑄴] - বিণ. পূর্বদিক ।

**পুবুলাক** [𑄛𑄪𑄝𑄪𑄣𑄇𑄴] - বি. তাপরোধক রূপে রান্নাপাতিলার সরর নিচে ব্যবহার্য ছেঁড়া পাতাখন্ড; ঐ জাতীয় কাজে ব্যবহার্য খাদ্যবস্তুর উপরে ঢাকা পাতা ।

**পুয়া** [𑄛𑄪𑄳𑄠, 𑄛𑄪𑄠] - বি. পুত্র; ছেলে ।

~ **কবা** [𑄛𑄪𑄳𑄠-𑄇𑄝] - বি. শিশুকবর ।

~ **ছা** [𑄛𑄪𑄳𑄠-𑄍] - বি. ছেলে সন্তান; সন্তানসন্ততি ।

~ **ঝি** [𑄛𑄪𑄳𑄠-𑄏𑄨] - বি. পুত্রকন্যা ।

~ **পান্যা** [𑄛𑄪𑄳𑄠𑄛𑄚𑄳𑄠] - বিণ. ছেলে বয়সী ।

~ **ফুদানা** [𑄛𑄪𑄳𑄠-𑄜𑄪𑄘𑄚] - ক্রি. সন্তান প্রসব করা ।

~ **ফেলানা** [𑄛𑄪𑄳𑄠-𑄜𑄬𑄣𑄚] - ক্রি. গর্ভপাত করা ।

~ **বাঝানা** [𑄛𑄪𑄳𑄠-𑄝𑄏𑄚] - ক্রি. অবৈধ প্রণযের ফলে গর্ভবতী হওয়া ।

**পুবপোঝিম** [𑄛𑄪𑄝𑄴𑄛𑄮𑄏𑄨𑄟𑄴] - **বিণ.** পূর্বপশ্চিম ।

**পুয়া- গঝা/পুওয়া-গঝা** [𑄛𑄪𑄳𑄠-𑄉𑄏] - বি. চাকমাদের সামাজিক দলবিশেষ । {অতীতে কোনো একসময় কুকি-চিন ভাষী হামলাকারী বিতারণকালে পূর্বপুরুষেরা কিংবা এদের দলীয় নেতা *পুয়া*-বয়সী অর্থাৎ ছেলে বয়েসী ছিলেন বলে এমন নামকরণ হয় ।}

**পুর** [𑄛𑄪𑄢𑄴] - বি. নির্ধারিত দিনক্ষণ; নির্ধারিত মেয়াদেও দিন বা তারিখ ।
{ তুলনীয় **অসমীয়াঃ পর** }

**পুর-বানানা** [𑄛𑄪𑄢𑄴-𑄝𑄚𑄚] - ক্রি. বিবাহের দিন ধার্য করা ।

**পুরা** [𑄛𑄪𑄢] - বিণ. সম্পূর্ণ ।

**পুরান** [𑄛𑄪𑄢𑄚𑄴] - বিণ. পুরাতন; পুরানো ।

**পুরানা** [𑄛𑄪𑄢𑄚] - বিণ. পুরাতন; পুরানো । ক্রি. ১.পুড়ে যাওয়া ।২. পূর্ণ হওয়া ।

**পুরানী, পুরানি** [𑄛𑄪𑄢𑄚𑄩, 𑄛𑄪𑄢𑄚𑄨] - বিণ. পুরাতন; প্রাচীন ।

**পুরি- ফেলানা** [𑄛𑄪𑄢𑄨-𑄜𑄬𑄣𑄚] - ক্রি. ১. পুড়িয়ে ফেলা । ২. ভুলে যাওয়া ।

**পুরুতপুরুত** [𑄛𑄪𑄢𑄪𑄖𑄴𑄛𑄪𑄢𑄪𑄖𑄴] - ক্রি.বিণ. ঘনঘন ( প্রবেশ-বহির্গমনের ক্ষেত্রে প্রযোজ্য; পানিতে ডুবা ওঠার ক্ষেত্রে প্রযোজ্য; হুঁকায় ধূমপানের ক্ষেত্রে প্রযোজ্য ।)

**পুরোন** [𑄛𑄪𑄢𑄮𑄚𑄴] - বিণ. পুরানো; পুরাতন; পরিপূরণ ।

**পুল** [ 𑄛𑄪𑄣𑄴 ] - বি.সাঁকো । bridge .

**পুল-দেনা** [𑄛𑄪𑄣𑄴𑄘𑄬𑄚] - ক্রি. ১. সাঁকো স্থাপন করা । ২. গাছের চারা না বাঁচলে তদস্থলে নতুন চারা লাগানো ।

**পুল্যাঙ, পুল্যাং** [𑄛𑄪𑄣𑄳𑄠𑄋𑄴, 𑄛𑄪𑄣𑄳𑄠𑄁] - বি. বাঁশ থেকে তোলা বেত দিয়ে তৈরি মাঝারি আকারের ঝুড়ি বিশেষ

পূগ [𑄛𑄪𑄉𑄴] - বি. পূর্বদিক।

**পেইক, পেখ [𑄛𑄬𑄄𑄇𑄴, 𑄛𑄬𑄈𑄴]** - বি.পাখি। {< পক্ষী}

~ পাঝা/বাঝ [𑄛𑄬𑄄𑄇𑄴𑄛𑄏, 𑄛𑄬𑄈𑄴𑄛𑄏/𑄝𑄏] - বি.টাবুর আকৃতির ন্যায় আকৃতিবিশিষ্ট ক্ষণস্থায়ী আচ্ছাদন ( সেড) বা আশ্রয়ছাউনি।

**পেইল, পেল [𑄛𑄬𑄄𑄣𑄴, 𑄛𑄬𑄣𑄴]** - বি.কাপড়ের পাড়।

**পেক [𑄛𑄬𑄇𑄴]** - বি. কাদা; ফুট।

**পেক্কুয়া [𑄛𑄬𑄇𑄴𑄇𑄪𑄠]** - বিণ. কর্দমাক্ত।

**পেগাত্যা [𑄛𑄬𑄉𑄖𑄳𑄠]** - বি.নিত্য খাওয়ার ফলে কোনো খাদ্যেও প্রতি অরুচি বা বিতৃঞ্চা। বিণ. কাদাবৎ।

**পেঘেধেই, পেঘেধেই [𑄛𑄬𑄊𑄬𑄙𑄬𑄄𑄛𑄬𑄊𑄬𑄙𑄬𑄄]** - ক্রি:বিণ. আচ্ছা করে (গালি দেওয়ার ক্ষেত্রে ব্যবহৃত।}

**পেঙ্গুল/পিঙ্গুল [𑄛𑄬𑄋𑄴𑄉𑄪𑄣𑄴 / 𑄛𑄨𑄁𑄉𑄪𑄣𑄴, 𑄛𑄨𑄋𑄴𑄉𑄪𑄣]** - বিণ. পিঙ্গল। ২. সুগোল।

**পেচ [𑄛𑄬𑄌𑄴]** - বি. ১.প্যাঁচ। ২. আঁচল; আঁচলের খুঁট।

**পেচ্চাল [𑄛𑄬𑄌𑄴𑄌𑄣𑄴]** - বিণ. স্বাদহীন।

**পেজা [𑄛𑄬𑄎]** - বি. পেঁচা। ক্রি. ( তুমি ) পেঁচাও।

**পেজাঙ, পেজাং [𑄛𑄬𑄎𑄋𑄴, 𑄛𑄬𑄎𑄁]** - বি.মাচাংঘরের পিছনের অংশের চাতাল দাওয়া।

**পেজানা [𑄛𑄬𑄎𑄚]** - ক্রি. **প্যাঁচানো ; পেঁচানো।**

**পেজাল [𑄛𑄬𑄎𑄣𑄴]** - বি. মনের খুঁত খুঁত ভাব। বিণ. খুঁতখুঁতে স্বভাবের।

**পেজেলাং [𑄛𑄬𑄎𑄬𑄣𑄁/𑄛𑄬𑄎𑄬𑄣𑄋𑄴]** - বি. খিটিমিটি ; খুনসুটি।

**পেত, পেট [𑄛𑄬𑄖𑄴, 𑄛𑄬𑄑𑄴]** - বি. পেট।

~ **পুরানা** [𑄛𑄬𑄖𑄴-𑄛𑄪𑄢𑄚, 𑄛𑄬𑄑𑄴-𑄛𑄪𑄢𑄚] - ক্রি.ক্ষুধা অনুভব করা।

~ **তল** [𑄖𑄣𑄴𑄛𑄬𑄖𑄴, 𑄖𑄣𑄴𑄛𑄬𑄑𑄴] - বি. তলপেট।

**পেত্তুয়া, পেট্টুয়া [𑄛𑄬𑄖𑄴𑄖𑄪𑄠, 𑄛𑄬𑄑𑄴𑄑𑄪𑄠]** - বিণ. পেটওয়ালা (স্বাস্থ্যহীন পেটওয়ালাদের ক্ষেত্রে ব্যবহৃত); পেটসর্বস্ব স্বাস্থ্যহীন ব্যক্তি।

**পেত্তুয়া-ণা, পেট্টুয়া-ণা [𑄛𑄬𑄖𑄴𑄖𑄪𑄠-𑄕, 𑄛𑄬𑄑𑄴𑄑𑄪𑄠-𑄕]** - বি. ঐতিহ্যবাহী চাকমা বর্ণমালা অঝাপাঠ-এর ১৫তম বর্ণ বা হরফ।{এই বর্ণটির আকৃতি দেখতে পেটের মত লাগে বলে}

**পেতপাদালা-হ্লা [𑄛𑄬𑄖𑄴𑄛𑄘𑄣-𑄦𑄳𑄣]** - বি. ঐতিহ্যবাহী অঝাপাঠের ৩২ তম বর্ণ। (পেট-পা-দলা= পেটের সাইজের দলা? ) {এটি অঝাপাঠের মধ্যে একমাত্র যুক্ত বর্ণ। মূলত বর্ণটির ধ্বনি লা + হা=ল্হা/হ্লা। অবশ্য চাকমাজাতি (১৯০৯) গ্রন্থেও লেখক শ্রী সতীশ চন্দ্র ঘোষ বর্ণটির অপর নাম লাজিয়ে-হ্লা সংগ্রহ করেছিলেন। }

পেত্যাপাদা [𑄛𑄬𑄖𑄳𑄠𑄛𑄘] - বি. পিঠা তৈরির কাজে পিঠার আবরণ হিসেবে ব্যবহারযোগ্য একপ্রকার পাতা।

**পেদ'দাম [𑄛𑄬𑄘𑄴𑄘𑄟𑄴]** - বি. ( পেটের ) মেদ। {< **পালিঃ মেদো**}

**পেদা [𑄛𑄬𑄘]** - বি. নাড়িভুঁড়ি (সাধারণত মাছের নাড়িভুঁড়ির ক্ষেত্রে ব্যবহার্য)

**পেদানা [𑄛𑄬𑄘𑄚]** - ক্রি. কুড়ানো; সংগ্রহ করা।

**পেদি [𑄛𑄬𑄘𑄨 ]** - বি.১. পেঁটরা। ২. মাছের পেটের অংশ। ৩. পেটওয়ালী (যেমন পেট দেখতে বড় এমন কোনো মেয়ের নাম *বরপেদি* )

**পেদেইয়া [𑄛𑄬𑄘𑄬𑄄𑄠/𑄛𑄬𑄘𑄬𑄠]** -বিণ. ১. ফলমূল সবজি দীর্ঘ দিন ধরে ফেলে রাখার ফলে এগুলির আংশিক নষ্টাবস্থা। ২. টোকাই; জিনিস কুড়িয়ে বেড়ায় এমন ছেলে বা লোক।

**পেদেমুরে [𑄛𑄬𑄘𑄬𑄟𑄪𑄢𑄬]** - বি.গর্ভাবস্থা।

**পেদেভাদে [𑄛𑄬𑄘𑄬𑄞𑄘𑄬]** - বিণ. কেবল ভাত/খানার বিনিময়ে (খাটে এমন লোকের ক্ষেত্রে)

**পেদোলিদাবা [𑄛𑄬𑄘𑄮𑄣𑄨𑄘𑄝]** - বি, পিতলের তৈরি হুঁকা।

**পেদোলিমিলা [𑄛𑄬𑄘𑄮𑄣𑄨𑄟𑄨𑄣 ]** - বি. গর্ভবতী মহিলা।

**পেনজাং, পেনজাঙ [𑄛𑄬𑄚𑄴𑄎𑄁, 𑄛𑄬𑄚𑄴𑄎𑄋𑄴]** - বি. বৌদ্ধভিক্ষু বিশেষ।

**পেন্দুলুং, পেন্দুলুঙ [𑄛𑄬𑄚𑄴𑄘𑄪𑄣𑄪𑄁/𑄛𑄬𑄚𑄴𑄘𑄪𑄣𑄪𑄋𑄴]** - বি. প্যান্ট। pant.

**পেমা-গঝা/ফেমা- গঝা [𑄛𑄬𑄟𑄴, 𑄛𑄬𑄟𑄴 ]** - বি. চাকমাদের সামাজিক দলবিশেষ।
{রাখাইনঃ পেঁওয়াম্রো = রামুশহর(বাসী)। *পেঁই/প্যাঁই* = ফুল। *ওয়া* = হলদে। *ম্রো* = শহর}

**পেরগা [𑄛𑄬𑄢𑄴𑄉 ]** - বি. গায়ের ময়লা।

**পেরপেরানা [𑄛𑄬𑄢𑄴𑄛𑄬𑄢𑄚]** - বি. গালিগালাজ করা।

**পেরবুয়া, পের্বুয়া [𑄛𑄬𑄢𑄴𑄝𑄪𑄠]** - বি. মাটি বহনের কাজে ব্যবহৃত এক প্রকার ঝুড়ি।

**পেরা [𑄛𑄬𑄢]** - বি. বাবুই। ২. বংশদন্ডের এক পার্শ্বে **চিরে** তাতে বেত দিয়ে বুনে তৈরি করা মাছধরার ফাঁদ বিশেষ। ৩. জলাভূমির সন্নিহিত নিম্নভূমি। ক্রি. (তুমি) পেষণ করো।

**পেরাক [ 𑄛𑄬𑄢𑄇𑄴 ]** - বি.বজ্রের গর্জন। **পেরানা [𑄛𑄬𑄢𑄚]** - ক্রি. পিষে রস বের করা

**পেরেক [ 𑄛𑄬𑄢𑄇𑄴 ]** - বি. লৌহার ক্ষুদ্র কীলক।

**পেরেত [𑄛𑄬𑄢𑄬𑄖𑄴 ]** - বি. প্রেত।

**পেরেক [𑄛𑄬𑄢𑄬𑄇𑄴]** - বি. পেরেক।

**পের্বুয়া [𑄛𑄬𑄢𑄴𑄝𑄪𑄠]** - বি. বেতের তৈরি টুকরি বিশেষ।

পেলাংবেই [𑄛𑄬𑄣𑄁/𑄛𑄬𑄣𑄋𑄴] পাত্র বেয়ে বাইওে উপচে পড়া। {মারমাঃ প্লঙ/*প্লং* = বোতল+ চাকমাঃ *বেইনে+ বেয়ে* }

পেদাংছারী-গঝা/পেদংছারী-গঝা [𑄛𑄬𑄘𑄁𑄍𑄢𑄩-𑄉𑄏, 𑄛𑄬𑄘𑄧𑄁𑄍𑄢𑄩-𑄉𑄏 ]

বি. চাকমাদের সামাজিক দলবিশেষ ।(পঝাং ঝুরি কঝা-তন্যা গোছা কোন এক অনুষ্ঠানে এরা পেঝাং থেকে পড়ে গেছিল মূলত এরা তন্যা গোছার মানুষ)

**পেরগা, পের্গা [𑄛𑄬𑄢𑄴𑄉]** - বি. গায়ের ময়লা ।

**পেরপেরানা [ 𑄛𑄬𑄢𑄴𑄛𑄬𑄢𑄚 ]** - ক্রি. বকুনি দেওয়া ।

**পেরা [𑄛𑄬𑄢 ]** - বি. ১. বাবুই । ২. বাঁশের দন্ডের একপ্রান্তে বেত দিয়ে খাঁচার মত করে তৈরি মাছ ধরার ফাঁদবিশেষ । ৩ । অনাবাদী ভেজা জমি ।

**পেরাজাম [ 𑄛𑄬𑄢𑄎𑄟𑄴 ]** - বি. এক জাতীয় ফলবিশেষ ।

**পেল, পেইল [ 𑄛𑄬𑄣𑄴, 𑄛𑄬𑄃𑄨𑄣𑄴 ]** - বি. কাপড়ের পাড় ।

**পেলাংবানা [𑄛𑄬𑄣𑄁𑄝𑄚]** - ক্রি. বিণ. উপচিয়ে পড়া; কোনো পাত্রের কিনার ছাপিয়ে তরলের পড়া

**পেহ্লেপেহ্লে [ 𑄛𑄬𑄣𑄬𑄛𑄬𑄣𑄬 ]** - ক্রি. বিণ. কানায় কানায় ।

**পৈ, পোই [𑄛𑄰, 𑄛𑄮𑄃𑄨 ]** - বি. খালি পায়ে আগত শত্রুর চলাকে প্রতিহত করার উদ্দেশ্যে পথপ্রতিরোধক হিসেবে ব্যবহৃত বেতের তৈরি ত্রিমুখী কাঁটা ।

**পৈদ্যা, পোইদ্যা [𑄛𑄰𑄘𑄳𑄠, 𑄛𑄮𑄃𑄨𑄘𑄳𑄠 ]** -বি. ১. সিঁড়িতে পা রাখার স্থান । ২. পৈতা ।

**পৈধান, পৈদান [𑄛𑄰𑄙𑄚𑄴, 𑄛𑄰𑄘𑄚𑄴]** - বি. পায়ের দিক । (শিধান বিপরীত)

**পোই [𑄛𑄮𑄃𑄨 /𑄛𑄰]** - বি. ১. বাড়া ভাতের পাত্র (বাসন, থালা ইত্যাদি) । **{তুলনীয় রাখাইনঃ পৈ}** । ২. বাঁশের শলার তৈরি ত্রিমুখী চুঁচালো কাঁটা বা শেলযুক্ত জিনিস ।

**পোইদাং, পৈদাং [𑄛𑄮𑄃𑄨𑄘𑄁/ 𑄛𑄰𑄘𑄁]** - বি. থালা উপরে রেখে ভাত খাওয়ার সুবিধার্থে ব্যবহৃত জিনিস ।

**পোগোন [𑄛𑄮𑄉𑄮𑄚𑄴]** - বি. পিঠা বা বিনিভাত বাষ্পের রান্নার কাজে ব্যবহৃত তলায় ছিদ্রযুক্ত মাটির পাতিলা বা পাত্র । **{ তুলনীয় রাখাইনঃ পৌ-ও}**

**পোচপানা, কোচপানা [𑄛𑄮𑄌𑄴𑄛𑄚]** - বি. ভালবাসা ।

**পোঝিচ [𑄛𑄮𑄏𑄨𑄌𑄴 ]** - বি, বিণ. পঁচিশ ।

**পোঝিম [𑄛𑄮𑄏𑄨𑄟𑄴 ]** - বিণ. পশ্চিম ।

**পোতপোত্যা [𑄛𑄮𑄖𑄴𑄛𑄮𑄖𑄳𑄠 ]** - বিণ. প্রাণবন্ত; সজীব । ক্রি. বিণ. **ফুটফুটে** ।

**পোত্তিখারা [𑄛𑄮𑄖𑄴𑄖𑄨𑄈𑄢]** - বি. বউচি খেলা ।

**পোত্তিদিন [𑄛𑄮𑄖𑄴𑄖𑄨𑄘𑄨𑄚𑄴]** - বিণ. প্রতিদিন ।

**পোত্তিবার [𑄛𑄮𑄖𑄴𑄖𑄨𑄝𑄢𑄴]** - বিণ. প্রতিবার ।

**পোত্যানা [𑄛𑄮𑄖𑄳𑄠𑄚 ]** - ক্রি. পস্তানো ।

**পোথ্য [𑄛𑄮𑄗𑄳𑄠 ]** - বি. রোগীর খাদ্য; পথ্য ।

**পোথ্যা [𑄛𑄮𑄖𑄴𑄗𑄳𑄠 ]** - বি. প্রভাত; ভোর ।

~ মাধান [𑄛𑄧𑄖𑄴𑄟𑄙𑄚𑄴] বি.ভোরবেলা।

**পোমা-গঝা/পুঙ'-গঝা** [𑄛𑄧𑄟-𑄉𑄧𑄏, 𑄛𑄪𑄋𑄴-𑄉𑄧𑄏] - বি. চাকমাদের সামাজিক দলবিশেষ।{<শান, মারমাঃ *পোমাঙ/পোমাং* = রাজ্যপতি/ভূপতি?}

**প্যাকপ্যাক** [𑄛𑄳𑄡𑄇𑄴𑄛𑄳𑄡𑄇𑄴] - ক্রি. বিণ. জবজবে ভিজা।

**পোয়ঝা, পোইঝা** [𑄛𑄧𑄠𑄴𑄏, 𑄛𑄧𑄃𑄨𑄏] - বি. পয়সা।

**পোয়ল্যা, পোইল্যা** [𑄛𑄧𑄠𑄴𑄣𑄳𑄡, 𑄛𑄧𑄃𑄨𑄣𑄳𑄡] -বিণ. পহেলা; প্রথমত।

**পোর** [𑄛𑄧𑄢𑄴] - বি. পুকুর; পুষ্করিণী।

**পোরখারা** [𑄛𑄧𑄢𑄴𑄈𑄢] - বি. দাঁড়িয়াবান্ধা খেলা।

**পোরি** [𑄛𑄧𑄢𑄨] - বি. পরী। ক্রি. (আমরা) পড়ি।

~ **খলা** [𑄛𑄧𑄢𑄨𑄈𑄧𑄣] - বি. পর্বতোপরি পরীস্থান।

**পোরী** [𑄛𑄧𑄢𑄩] - বি. পরী।

**পোরখারা** [𑄛𑄧𑄢𑄴𑄈𑄢] - বি. খেলা বিশেষ; দাঁড়িয়াবান্ধা।

**পোরভুয়া, পোর্বুয়া** [𑄛𑄧𑄢𑄴𑄝𑄪𑄠] - বিণ. পড়ুয়া।

~ **পোন্দিত** [𑄛𑄧𑄢𑄴𑄝𑄪𑄠𑄴𑄛𑄧𑄚𑄴𑄘𑄨𑄖𑄴] - বি. পড়ুয়া পন্ডিত।

**পোরোল** [𑄛𑄧𑄢𑄮𑄣𑄴] - বি. সবজি হিসেবে ভোজ্য ফলবিশেষ। (ধন্দুল)

~ **বুব ছেরে** [𑄝𑄪𑄝𑄴𑄍𑄬𑄢𑄬 𑄛𑄧𑄢𑄮𑄣𑄴] - বি. বয়স বেড়ে আইবুড়ো। (বাগধারা)

**পোর্জ্যান, পোচ্যান** [𑄛𑄧𑄢𑄴𑄎𑄳𑄡𑄚𑄴, 𑄛𑄧𑄌𑄳𑄡𑄚𑄴] - বি. পড়েন।

**পোলিম** [𑄛𑄧𑄣𑄨𑄟𑄴] - **বিণ. পহেলা; প্রথম**।

**প্রুরুংপ্রাং** [𑄛𑄳𑄢𑄪𑄁, 𑄛𑄳𑄢𑄁] - বিণ. দুর্বোধ্য ( ভাষা বা বাক্যের ক্ষেত্রে প্রযোজ্য)।

## ফ [𑄜]

**ফঁচ** [𑄜𑄀𑄌𑄴] - অব্য. সাপ ইত্যাদি প্রাণীর শব্দ; হিস। (ধ্বন্যা)

**ফক** [𑄜𑄇𑄴] - বি. ১. ছিদ্র। ২. যোনী (অশ্লীল) {< ভগ}। অব্য. ফাপাওয়ালা জিনিসের হালকা ভাবে ফাটার শব্দ। ( ধ্বন্যা)

~ **পুন** [𑄛𑄪𑄚𑄴𑄜𑄇𑄴] - বি. মলদ্বার; anus. { তুলনীয় **বর্মীঃ পৌঙ / পৌং**}

**ফকফক্যা, ফোকফোক্যা** [𑄜𑄇𑄴𑄜𑄇𑄳𑄡, 𑄜𑄮𑄇𑄴𑄜𑄮𑄇𑄳𑄡] - বি.

**ফগদাং, ফগদাঙ** [𑄜𑄉𑄴𑄘𑄁, 𑄜𑄉𑄴𑄘𑄋𑄴] - বি. ১. গোপন বিষয়ের প্রকাশ। ২.উদ্বোধন; **opening.**

**ফগনা** [𑄜𑄉𑄴𑄚] - বি. ১. ফোৎনা। ২. বেলুন।

**ফগা** [𑄜𑄉] - বি. ফোকর।

**ফঙ/ফং** [𑄜𑄧𑄋𑄴/𑄜𑄧𑄁] - ক্রি.বিণ. কানে কানে (কর্ণগোচর)।

**ফঝা** [𑄜𑄧𑄏] - বি. ফোসকা।

**ফ-দ-র-ত** [𑄜𑄧𑄘𑄧𑄢𑄧𑄖𑄧] - ক্রি.বিণ. বাঁশের হুঁকার শব্দ। ( ধ্বন্যা)

**ফদাফুত্যা, ফদাফুট্যা** [𑄜𑄧𑄘𑄜𑄪𑄖𑄳𑄡, 𑄜𑄧𑄘𑄜𑄪𑄑𑄳𑄡] - বিণ. ফোটাযুক্ত ( শরীরের ক্ষেত্রে প্রযোজ্য); spotted.

**ফদাংতাং** [𑄜𑄧𑄘𑄁𑄖𑄁, 𑄜𑄧𑄘𑄋𑄴𑄖𑄋𑄴] - বিণ. খররৌদ্রময়; তীব্র রৌদ্রময়।

**ফদাচফুদুচ** [𑄜𑄧𑄘𑄌𑄴𑄜𑄪𑄘𑄪𑄌𑄴] - অব্য. চপেটাঘাতের শব্দ; চড়থাপ্পড়ের শব্দ। (ধ্বন্যা)

**ফনা** [𑄜𑄧𑄚] - বি. সাপের ফণা।

**ফনাগুলা** [𑄜𑄧𑄚𑄉𑄪𑄣] - বি. লম্বাটে তিতা স্বাদের ফলবিশেষ।

**ফবানা** [𑄜𑄧𑄝𑄚] - ক্রি. হাফানো।

**ফরফরানা** [𑄜𑄧𑄢𑄧𑄜𑄧𑄢𑄚] - ক্রি. ফরফর করা (দ্রুত কথা বলা ও ডানা ঝাপটানোর ক্ষেত্রে প্রযোজ্য)

**ফরা** [𑄜𑄧𑄢] - বি. ফোঁড়া।

**ফরাগুই** [𑄜𑄧𑄢] - বি. একজাতীয় গোসাপ।

**ফল** [𑄜𑄧𑄣𑄴] - বি. ১. শশা। ২. ফলাফল।

**ফলনা** [𑄜𑄧𑄣𑄧𑄚] -**সর্ব. ওমুক। { তুলনীয় হিন্দিঃ ফলনা}**

**ফ-ল-ল** [𑄜𑄧𑄣𑄧𑄣𑄧] - বিণ. কোনো তরলের বিশেষত পানির উপর লেভেল পর্যন্ত পরিপূর্ণ থাকা অবস্থায় ভাসমান।

**ফ-হ্না** [𑄜𑄧𑄦𑄳𑄚] - ক্রি. বিপরীত দিক থেকে এসে পরস্পরের মুখোমুখী হওয়া।

**ফা** [𑄜] - বি. কোনো বস্তু বা ফলাদিও স্বাভাবিক গুণ বা স্বাদের নষ্ট হওয়া অবস্থা।

**ফাইতং** [𑄜𑄭𑄖𑄧𑄋𑄴 / 𑄜𑄭𑄖𑄧𑄁] - **বি. বান্দরবান জেলার একটি মৌজা (নং ৩০৬)। { মারমা, রাখাইনঃ *ফা*=ব্যাঙ। *তং*=পাহাড়}**

**ফাং/ফাঙ** [𑄜𑄁/𑄜𑄋𑄴] - বি. (গৃহস্থ/দায়ক কর্তৃক বাড়িতে) ভিক্ষু আমন্ত্রণ। {**বর্মী, মারমা, রাখাইনঃ ফাং >**}

**ফাঁত** [𑄜𑄀𑄖𑄴] - ক্রি.বিণ. সবেগে ( নিবে যাওয়া, শুকিয়ে যাওয়া, উড়ে যাওয়া, উবে যাওয়া ইত্যাদি ক্ষেত্রে প্রযোজ্য )।

**ফাক** [𑄜𑄇𑄴] - বিণ. ফাঁক।

**ফাক্কা** [𑄜𑄇𑄴𑄇] - বিণ. বাদ পড়েছে এমন প্রাপ্য জিনিস বা ভাগাংশ থেকে বঞ্চিত।

~ যানা [𑄜𑄇𑄴𑄇-𑄎𑄚] - ক্রি. ভাগাভাগির লভ্যাংশ থেকে বাদ-পড়া।

**ফাকফাক্যা** [𑄜𑄇𑄴𑄜𑄇𑄳𑄡] - বিণ. ১. গোপন না করে কথা বলে এমন ব্যক্তি; ঈষৎ বাচাল। ২. আস্ফালনকারী (নিন্দার্থে ব্যবহৃত)। [ প্রবাদঃ ফাকফাক্যা জাল মারে চুধা হাদে এযে, নিম্মুয়া জাল মারে দুলা ভোরেই আনে।}

**ফাকসা- গঝা** [𑄜𑄇𑄴𑄥-𑄉𑄧𑄏] - বি. চাকমাদের সামাজিক দলবিশেষ। {**ফাস্যাখালি** নদীর নামানুসারে। **মারমাঃ** ***ফাসোয়া* = সোনাব্যাঙ**}

**ফাগত** [𑄜𑄉𑄧𑄖𑄴] - বিণ. দলের অন্তর্গত;দলভুক্ত। ক্রি.বিণ. হাপুস; গপ্ এ জাতীয় অর্থে ব্যবহৃত শব্দ

**ফাগত্তুম** [𑄜𑄉𑄧𑄖𑄴𑄖𑄪𑄟𑄴] - বি. আগেকার দিনে নানাবিধ চর্বি রাখার কাজে ব্যবহৃত লুসাই জাতীয় লোকদের চৌঙ্গা বিশেষ।

**ফাগা** [𑄜𑄉] - বি. ১. ফাঁকযুক্ত গাছের ডাল। ২. বাঁশের মাথা চিত্তে তৈরিকৃত ফাঁকবিশিষ্ট নক্শা।

~ **কালা** [ 𑄜𑄉𑄇𑄣] - বি. বিমর্ষবদন।

~ **মুঅ** [ 𑄟𑄪𑄃𑄧𑄜𑄉] - বি. মুখের ফাঁক / হা।

**ফাগারা** [𑄜𑄉𑄢 ] - বি. কোদাল। বিণ. ফাঁকিবাজ; মিথ্যাবাদী; মিথ্যুক।

**ফাগুত্তুম** [𑄜𑄉𑄪𑄖𑄴𑄖𑄪𑄟𑄴] -বি. কুকি- চিন ভাষাভাষী জাতীয় লোকদের ব্যবহৃত বিভিন্ন প্রাণীজ চর্বি রাখার বাঁশের চোঙ্গা বিশেষ; বিভিন্ন বস্তুর বিশৃঙ্খল মিশ্রণ।

**ফাগুন, ফাগোন** [𑄜𑄉𑄪𑄚𑄴, 𑄜𑄉𑄮𑄚𑄴 ] - বি. ফাল্গুন।

**ফাঘারা** [𑄜𑄊𑄢 ] - বি. কোদাল।

**ফাঝা** [𑄜𑄏 ] - বি. বদভ্যাস; স্বভাব ( নিন্দার্থে প্রযোজ্য)।

**ফাজালা, ফাঝালা** [𑄜𑄎𑄣, 𑄜𑄏𑄣] - বিণ. খেলো; ফাল্টু।

**ফাত্তুয়া** [𑄜𑄖𑄴𑄖𑄪𑄠] - বি. টো টো ঘুরে এমন কেউ (ভবঘুরে) বা কোনো প্রাণী (কুকুর)।

**ফাদা** [𑄜𑄘] - বিণ. ফাটা।

**ফাদানা** [𑄜𑄘𑄚 ] - ক্রি. ফেটে যাওয়া; ছিঁড়ে যাওয়া।

**ফানাচ, ফানাস** [𑄜𑄚𑄌𑄴, 𑄜𑄚𑄥𑄴 ] - বি. ফানুস।

**ফানাচবাত্তি** [𑄜𑄚𑄌𑄴𑄝𑄖𑄴𑄖𑄨 ] - বি. ফানুস; আকাশপ্রদীপ।( ফনস= কাঠাঁল, পালিতে)

**ফা-ফা** [𑄜-𑄜] - বি. তৃষ্ণায় বুকে একজাতীয় শূন্যতার অনুভবতা।

**ফার** [𑄜𑄢𑄴] - বি. কোমর। ক্রি. (তুই কাঠ) চির/ফাড়।

~ **বান্যা** [𑄜𑄢𑄴𑄝𑄚𑄳𑄡 ] - বি. বন্ধনকৃত কোমর। ক্রি.বিণ. কোমর বেঁধে কাজে নামার প্রস্তুতি।

**ফারক** [𑄜𑄢𑄧𑄇𑄴] - বিণ. পৃথক; ফারাক।

**ফারতদোরি** [𑄜𑄢𑄧𑄖𑄴𑄘𑄮𑄢𑄨 ] - বি. কোমর বেষ্টন করে ব্যবহৃত কালো রঙের সুতা।

ফারবান্যা-না [𑄜𑄢𑄴𑄝𑄚𑄳𑄠-𑄚 ] - বি.ঐতিহ্যবাহী চাকমা বর্ণমালা অঝাপাঠ-এর ২২তম বর্ণ বা হরফ (𑄚) । {এই বর্ণটির *ফার* মানে কোমর বাঁধা বলে} । বিণ. কোনো বিষয়ে একেবারে গররাজি ।

**ফারা** [𑄜𑄢 ] - **বিণ. ফাড়া; চেরা/চিরা ।**

**ফারাঙি** [𑄜𑄢𑄋𑄨 ] - বি. **কুষ্ঠ** । {< ফিরিঙ্গী (কর্তৃক সংক্রামিত রোগ ?) }

**ফারাদঝা** [ 𑄜𑄢𑄘𑄴𑄏 ] - বি.ফাড়াদশা; বিপদ ।

**ফারানা** [𑄜𑄢𑄚 ] - ক্রি. (কাঠ) চিরানো; কাঠ বা বাঁশ চেরা ।

**ফারুয়া** [𑄜𑄢𑄪𑄠/𑄜𑄢𑄫] - বি. রাঙ্গাগামাটি জেলার বিলাইছড়ি উপজেলার একটি জায়গার নাম । { মারমা: *ফা*=ব্যাঙ । মারমা, তঞ্চঙ্গ্যা : *রোয়া*=গ্রাম}

**ফারেক** [𑄜𑄢𑄬𑄇𑄴] - বি. পরিত্রাণসূত্র । (পরিত্রান>পরিত্ত>পারিত)

~ **শুনানা** [𑄜𑄢𑄬𑄇𑄴-𑄥𑄪𑄚𑄚] - বি.বৌদ্ধভিক্ষুদের কাছে পরিত্রাণসূত্র শ্রবণ করা ।

**ফাল** [𑄜𑄣𑄴 ] - বি. ১.লাফ । ২. দড়ি জাতীয় জিনিসের তৈরি ফাঁদবিশেষ ।

~ উভা [𑄃𑄪𑄞𑄜𑄣𑄴 ] - বি.উল্লম্ফ ।

**ফালা, ফাল্লা** [𑄜𑄣, 𑄜𑄣𑄴𑄣] - **বি. (বাঁশের) ক্ষুদ্র ফালি; লম্বাভাবে চেরা বাঁশের টুকরা ।**

**ফালুক** [𑄜𑄣𑄪𑄇𑄴] - **ক্রি.বিণ.ভালুক, বিড়াল ইত্যাদি প্রাণীর লাফ দেওয়ার ভঙ্গী ।**

**ফাল্যানা** [𑄜𑄣𑄳𑄠𑄚] - **ক্রি. লাফানো ।**

**ফাস্যা** [𑄜𑄥𑄳𑄠] - **বি. এক জাতীয় মাছ ।**

**ফি, ফী** [𑄜𑄨, 𑄜𑄩] - **বি. আপদ; আপদবিপদ ।**

~ **বলা** [𑄜𑄨𑄝𑄧𑄣 ] - বি.আপদবালাইগ্রস্থ ।

~ **ফেলানা** [ 𑄜𑄨-𑄜𑄬𑄣𑄚 ]- **ক্রি. (ওঝা দিয়ে পূজা সম্পাদন করে) আপদ দূর করা**

~ **বাঝানা** [ 𑄜𑄨-𑄝𑄏𑄚 ] - ক্রি. আপদবিপদ লেগে যাওয়া ।

**ফিগা, ফিয়া** [𑄜𑄨𑄉, 𑄜𑄨𑄠] - **বি. লুসাইদের ঝোলাবিশেষ ।**

**ফিত্তি, ফিরতি** [ 𑄜𑄨𑄢𑄴𑄖𑄨 ] -বি. নদীর বাঁক কোথাও ঘুরে যাওয়ার ফলে সেখানে সৃষ্ট পানির আবর্ত বা জলাশয় ।

**ফিবলক** [𑄜𑄨𑄝𑄧𑄣𑄧𑄇𑄴] -ক্রি.বিণ. পরস্পরের নিকট সাক্ষাতের উদ্দেশ্যে গিয়ে দেখা না হওয়া

**ফিবাক** [𑄜𑄨𑄝𑄇𑄴 ] - বি.মাচান ঘরের বেড়া, খুঁটি ইত্যাদি শক্ত করে ধরে রাখার জন্য আড়াআড়ি ভাবে স্থাপিত দন্ড ।

**ফিরানা** [𑄜𑄨𑄢𑄚 ] - ক্রি. ফেরা; ফিরে আসা ।

**ফিরিঙ, ফিরিং** [𑄜𑄨𑄢𑄨𑄋𑄴, 𑄜𑄨𑄢𑄨𑄁 ] - বি. উড়চুঙ্গা ।

**ফিরিংচান** [𑄜𑄨𑄢𑄨𑄋𑄴𑄌𑄚𑄴 ] - বি.ফিরিংচান্দ । ১৯২৬ সালে প্রকাশিত "আলসি কবিতা" এর রচয়িতা(রাঙামাটি জেলার বরকল উপজেলার হালাম্বা নিবাসী প্রবোধ চন্দ্র চাকমা)

**ফিয়ঙ/ফিয়ং** [𑄜𑄨𑄠𑄋𑄴, 𑄜𑄨𑄠𑄁] - বি.শূকরকে খাবার দেওয়ার জন্য কাঠের তৈরি নৌআকৃতি বিশিষ্ট পাত্র

**ফু** [ 𑄜𑄪 ] - অব্য. মন্ত্র পড়ে কোনো ব্যক্তি, বস্তু বা স্থানের উপর ওঝাদের কর্তৃক মুখ দিয়ে বাতাস বের করে ***ফু*** শব্দ করা ।

**ফুং** [𑄜𑄪𑄁 ] - অব্য. ১. বন্দুর আওয়াজ । ২. আগুনে বাঁশ ফাটার শব্দ ।

**ফুংফাং** [𑄜𑄪𑄁𑄜𑄁 ] - অব্য. ১. গোলাগুলির শব্দ । ২. আগুনে বাঁশ ফাটার শব্দ । (ধ্বন্যা)

**ফুকফাক** [𑄜𑄪𑄇𑄴𑄜𑄇𑄴] - অব্য. ১. মারপিটের শব্দ । ২. কুল উত্যাদি ছোট আকারের ফল বা বস্তুর পতনের শব্দ; টাপুটুপুর ।(ধ্বন্যা)

**ফুকফুক** [𑄜𑄪𑄇𑄴𑄜𑄪𑄇𑄴] - অব্য. পানির বা তরল পদার্থের ফোঁটা পনের শব্দ ।(ধ্বন্যা)

**ফুক্লুং/ফেক্কেলেঙ** [𑄜𑄪𑄇𑄴𑄣𑄪𑄁 / 𑄜𑄬𑄇𑄴𑄇𑄬𑄣𑄬𑄋𑄴] - অব্য. পানিতে ঢিল জাতীয় জিনিস পড়ার শব্দ । (ধ্বন্যা)

**ফু-গরানা** [𑄜𑄪-𑄉𑄧𑄢𑄚] -ক্রি. কোমরতাতে কাপড় বুনা আরাম্ভ করা ।

**ফুগুদিকানা** [𑄜𑄪𑄉𑄪𑄘𑄨𑄇𑄚] -বি. শিথান বা শিয়রের দিকের বেড়াস্থিত বায়ু ও আলো চলাচলের ছিদ্র ।

**ফু-পার্জ্যা** [𑄜𑄪-𑄛𑄢𑄴𑄎𑄳𑄠] - বি, বিণ. গল্পে বর্ণিত নিদ্রারত অবস্থায়ও মুখ থেকে বিড়াল, কাঠবিড়ালী ইত্যাদি প্রাণীর মত শব্দ করা অতিমন্ত্র জানা লোক ( গল্পে এ জাতীয় লোক মৃত্যুর পরে জিন্দালাশ হতো) । {< কুং-ফু ? }

**ফুঝুত** [𑄜𑄪𑄏𑄪𑄖𑄴] - ক্রি.বিণ. চট করে ।

**ফুঙফাঙ/ফুংপাং** [𑄜𑄪𑄋𑄴𑄜𑄋𑄴/𑄜𑄪𑄁𑄛𑄁 ] - অব্য. ১. বাঁশ ফাটার শব্দ । ২. বন্দুকের গোলাগুলির শব্দ । (ধ্বন্যা) ।

**ফুঝি, ফুজি** [𑄜𑄪𑄏𑄨, 𑄜𑄪𑄎𑄨 ] -বি. ধনিয়া পাতা; মশলা জাতীয় ছোট উদ্ভিদবিশেষ ।

**ফুঝুকফাঝাক** [𑄜𑄪𑄏𑄪𑄇𑄴𑄜𑄏𑄇𑄴 ] - বিণ. এলোমেলো ( পোশাকপরিচ্ছদের ক্ষেত্রে প্রযোজ্য); আলুথালু ; উষ্কখুষ্ক ( চুলের ক্ষেত্রে প্রযোজ্য) ।

**ফুঝুলানা** [𑄜𑄪𑄏𑄪𑄣𑄚] -ক্রি. ফুসলানো; প্ররোচিত করা ।

**ফুত** [𑄜𑄪𑄖𑄴] - বি. কাদা; ফুট ।

**ফুদা** [𑄜𑄪𑄘] - বি. ফোঁটা ।

~**এক** [𑄃𑄬𑄇𑄴𑄜𑄪𑄘 ] - বি. ১. একফোঁটা । ২ . চাকমা লিপিতে 'ং' ( অনুস্বার) বর্ণের জন্য ব্যবহৃত চিহ্ন ( ˙ ) ।

~**দি** [ 𑄘𑄨𑄜𑄪𑄘 ] - বি. ১. দু'ফোঁটা । ২ . চাকমা লিপিতে 'ঃ' (বিসর্গ) বর্ণের জন্য ব্যবহৃত চিহ্ন ( ¨ ) ।

~**চান** [ 𑄌𑄚𑄴𑄜𑄪𑄘 ] - বি. ১. চাঁদের মত ফোঁটা । ২. চাকমা লিপিতে ' ˘ ' (চন্দ্রবিন্দু) বর্ণের জন্য ব্যবহৃত চিহ্ন ( ˘ ) ।

ফুদা [𑄜𑄪𑄘 ] বি. ফোটা। বিণ ফতুর ; কপর্দকহীণ।

ফুদাদিয়াত-ঠা [𑄜𑄪𑄘𑄘𑄨𑄠𑄖𑄴-𑄒] - বি.ঐতিহ্যবাহী চাকমা বর্ণমালা অঝাপাঠ-এর ১০ম বর্ণ বা হরফ।{এই বর্ণটির নিম্নের অংশে একটি *ফুদা* মানে ফোটা আছে বলে}।

**ফুদানা** [𑄜𑄪𑄘𑄚 ] - বি. ফুটা; ফুটানো; প্রসব করা।

**ফুদানা** [𑄜𑄪𑄘𑄚 ] - ক্রি. ১. (ফুল) ফোটা। ২. পানি বা কোন তরল পদার্থ উত্তপ্ত হওয়া; ফুটা।

**ফুন** [𑄜𑄪𑄚𑄴 ] - বি. ফুঁ ।

**ফুনি** [𑄜𑄪𑄚𑄨] - বি. চিরনি; চিরুনি।

**ফুন্দুরিচুমা** [𑄜𑄪𑄚𑄴𑄘𑄪𑄢𑄨𑄌𑄪𑄟 ] - বি. (আগুন জ্বালাতে ব্যবহৃত) ফুঁ দেওয়ার চোঙ্গা।

**ফুপার্জ্যা** [𑄜𑄪𑄛𑄢𑄴𑄎𑄳𑄠 ] -বি.অতি মন্ত্র জানার ফলে মৃত্যুর পরে জীন্দালাশে রূপান্তরিত হওয়া মানুষ যারা ঘুমের ঘোরেও মুখ থেকে ফু ফু শব্দ করে। [গল্পে বা উপকথায় বণিত সে জাতীয় চরিত্র]।

**ফু-বাচ** [𑄜𑄪- 𑄝𑄌𑄴 ] -বি. ফুঁ দিয়ে তীর তীর ছোড়ার বাঁশ (ছিদ্রকৃত বাঁশের মধ্যে শেল রেখে ফুঁ দিয়ে তীর ছড়ে পাখি বা ছোট আকৃতির প্রাণী শিকার করার বাঁশ); blowing pipe.

**ফুর** [𑄜𑄪𑄢𑄴 ] - বি. ফোঁড়। ক্রি. ( তুমি ) ফোঁড়ো।

**ফুরবারেং, ফুলবারেং** [𑄜𑄪𑄢𑄴𑄝𑄢𑄬𑄁 , 𑄜𑄪𑄣𑄴𑄝𑄢𑄬𑄁 ] - বি. পোশাকপরিচ্ছদ, অলঙ্কারপত্র রাখার জন্য বেতের তৈরি ফুলাকৃতি বিশিষ্ট এক প্রকার ঝাঁপি।

**ফুরানা** [𑄜𑄪𑄢𑄚 ] - ক্রি. ১. **ফোঁড়া**। ২. ছিদ্র করা। ৩.বদ্ধ করা। ৪. ফুরিয়ে যাওয়া; সমাপ্ত হওয়া; শেষ হওয়া।

**ফুরুংফারাং** [𑄜𑄪𑄢𑄪𑄁𑄜𑄢𑄁 ] - বিণ, দুবোর্ধ্য। ২. যত্রতত্র গজিয়ে ওঠা।

**ফুরোমোন, ফুরামোন** [𑄜𑄪𑄢𑄮𑄟𑄮𑄚𑄴] - বি. রাঙ্গামাটি শহরের পশ্চিম দিকস্থ পর্বত বিশেষঃ ফুরোমোন/ফুরামোন(১৫১৮ ফুট) < ফগির মোন। জনশ্রুতিঃ অতীতে এই পর্বত চূড়ায় কোনো মন্ত্রসিদ্ধ চাকমা ফকীরের আস্তানা থাকার কথা বলা হয়)। তঞ্চঙ্গ্যাঃ ফুরমইন।

**ফুল** [ 𑄜𑄪𑄣𑄴 ] - বি. ফুল।

**ফুলচুজোনি** [𑄜𑄪𑄣𑄴𑄌𑄪𑄎𑄮𑄚𑄨 ] - বি. ফুলে ফুলে উড়ে উড়ে চুষে মধু পান করে এমন এক জাতীয় ছোট্টপাখি। **ফুল ঝুরি পাখি** (harmning bird)

**ফুলজামুরা** [𑄜𑄪𑄣𑄴𑄎𑄟𑄪𑄢] - বি. ফণায় ফুলের আকৃতির চিহ্ন আছে এমন এক জাতীয় গোখরো।

**ফুলবিঝু** [ 𑄜𑄪𑄣𑄴𑄝𑄨𑄏𑄪 ] - বি. ফুলবিঝু উৎসব ;
বর্ষশেষের ( চৈত্রমাসের শেষ দিবসের পূর্বদিনের উৎসব ) ।

**ফুলা** [𑄜𑄪𑄣] - বিণ. ফোলা। ক্রি. ( তুমি ) ফোলাও।

**ফুলানা** [𑄜𑄪𑄣𑄚] - ক্রি. ১. ফুলা; স্ফীত হওয়া। ২. ফোলানো।

**ফুলুফালা** [𑄜𑄪𑄣𑄪𑄜𑄣] - বিণ. আবোলতাবোল।

~ **ভাচ** [𑄜𑄪𑄣𑄪𑄜𑄣-𑄞𑄌𑄴] - বি. দুর্বোধ্য ভাষা; আবোলতাবোল কথা ।

**ফেইয়া, ফিগা** [𑄜𑄬𑄃𑄨𑄠, 𑄜𑄨𑄉] - বি.কাপড়ের তৈরি ক্ষুদ্র ঝোলা ।{ তুলনীয় লুসেইঃ ফিগা}

**ফেউয়া, ফেবো** [𑄜𑄬𑄃𑄪, 𑄜𑄬𑄝𑄮] - বি. ফেউ; পাগল শিয়াল। খেঁক শিয়াল।

**ফেক** [𑄜𑄬𑄇𑄴] - অব্য. পানিপূর্ণ পাত্রে হালকা বস্তু রাখার বা পতনের শব্দ। (ধ্বন্যা)

**ফেচ** [𑄜𑄬𑄌𑄴] - ক্রি. বিদ্রুপ।

**ফেঝা, ফেঝাকঝা** [𑄜𑄬𑄏, 𑄜𑄬𑄏𑄇𑄏] - বি. পাতাকাঁটার **আবর্জনা**।

**ফেদুংসা-গঝা/ফেদুংজা-গঝা** [𑄜𑄬𑄘𑄪𑄁𑄥-𑄉𑄏/𑄜𑄬𑄘𑄪𑄁𑄎-𑄉𑄏] - বি. চাকমাদের সামাজিক দলবিশেষ। {অতীতে কোনো এককালে বান্দরবান জেলার ফাতং/ফাইতং এলাকাবাসীর শাসক অর্থে উদ্ভুত ?}।

**ফেঝা** [ 𑄜𑄬𑄏 ] - বি. খড়কুটা; পাতা জাতীয় আবর্জনা।

~ **কঝা** [𑄜𑄬𑄏𑄇𑄏] - বি. নানারকম আবর্জনা।

~ **মাধা** [𑄟𑄙𑄜𑄬𑄏] - বি. উটকো ঝামেলা;(আক্ষরিক অর্থে মাথার আবর্জনা)।

**ফেঝেতফেঝেত** [𑄜𑄬𑄏𑄬𑄖𑄴𑄜𑄬𑄏𑄬𑄖𑄴] - বিণ. ঝটপট; ফটাফট।

**ফেঝেরা** [𑄜𑄬𑄏𑄬𑄢] - বিণ.আগাছা ও লতাগুল্মে জঙ্গলাকীর্ণ।

**ফেদুংঝা-গঝা** [𑄜𑄬𑄘𑄪𑄁𑄏-𑄉𑄏/𑄜𑄬𑄘𑄪𑄁𑄏-𑄉𑄏] - বি. চাকমাদের সামাজিক দলবিশেষ। { অতীতে কোনো এককালে বর্তমান বান্দরবান জেলার ফাতং/ফাইতং এলাকাবাসীর শাসক অর্থে উদ্ভুত পদাধিকারী ফেদুংঝা; তাঁর দলের নামানুসারে নামাকরণকৃত ।}

**ফেদা** [𑄜𑄬𑄘] - বি. নাকের ময়লা। ২. অব্য. তাচ্ছিল্য প্রকাশক শব্দ।

**ফেধেরা, ফেদেরা** [𑄜𑄬𑄙𑄬𑄢.𑄜𑄬𑄘𑄬𑄢] - বি. ১. মাংসের শ্লেষ্মা বা ঝিল্লীর ন্যায় পদার্থ। ২. মাছের নড়িভুঁড়ি।

**ফেনা** [ 𑄜𑄬𑄚 ] - বি. ফেনা।

**ফেনি, ফেনিগাঙ** [ 𑄜𑄬𑄚𑄨, 𑄜𑄬𑄚𑄨𑄉𑄋𑄴 ] - বি. ফেনী, ফেনী নদী। [ ১৬৬৬ সালে এটি আরাকানী ইতিহাসকারদের কাছে Tenny (তেনী),এই পাহাড়ি নামে লিপিবদ্ধ ছিল Phayre

~ কুল্যা [ 𑄜𑄬𑄚𑄨𑄇𑄪𑄣𑄳𑄠] - বি. ফেনী উপত্যকাবাসী।

**ফের** [𑄜𑄬𑄢𑄴] - বি.দাঁড়িপাল্লার কোনো একটি পাল্লার ওজন অন্য পাল্লার ওজনের তুলনায় কম হলে তা পূরণের জন্য তাতে যে ওজন/বস্তু রাখা হয় ।{ তুলনীয় অসমীয়াঃ ফের }

**ফেরত** [𑄜𑄬𑄢𑄖𑄴] - বি. ফেরত; প্রত্যর্পণ।

**ফেরানা** [𑄜𑄬𑄢𑄚] - ক্রি. (বেত) চেরা ।

**ফেলঙ/ফেলং** [𑄜𑄬𑄣𑄋𑄴/𑄜𑄬𑄣𑄁] - বি. এক জাতীয় ডাল ।

**ফেলাজিয়া** [𑄜𑄬𑄣𑄎𑄨𑄠] - বিণ. ১. পরিত্যক্ত । ২. অবহেলিত ।

**ফেলানা** [𑄜𑄬𑄣𑄚] -ক্রি. ফেলা ।

**ফোগির, ফগির** [𑄜𑄮𑄉𑄨𑄢𑄴] - বি,ফকীর ।

**ফোর** [𑄜𑄮𑄢𑄴] - বি. পালক । [ **? ফারসিঃ পোর >**] ।

**ফোরফোর্জ্যা/ফোরফোজ্যা** [𑄜𑄮𑄢𑄴𑄜𑄮𑄢𑄴𑄎𑄳𑄠 /𑄜𑄮𑄢𑄴𑄜𑄮𑄎𑄳𑄠 ] - বিণ. ১. বাকপটু; কথা-বার্তায় স্বচ্ছন্দ { তুলনীয় অসমীয়াঃ ফরফরীয়া} । ২. ঝরঝরে (ভাতের ক্ষেত্রে প্রযোজ্য)

**ফ্যং/ফ্যঙ** [𑄜𑄳𑄠𑄁 /𑄜𑄳𑄠𑄋𑄴] - বি. কাঠের তৈরি নৌকাকৃতি বিশিষ্ট শূকরের খাদ্যপাত্র । **{মারমাঃ ফয়ং >}**

**ফ্রুংফ্রাং, ফুরুংফারাং** [ 𑄜𑄳𑄢𑄁𑄜𑄳𑄢𑄪𑄁 , 𑄜𑄪𑄢𑄪𑄁𑄜𑄢𑄁] - অব্য. দুর্বোধ্য (ভাষার ক্ষেত্রে প্রযোজ্য) ।

# ব [𑄝]

**ব** [ 𑄝 ] ১. বি.১. বায়ু , বাতাস : ২. মৃদু বায়ু ; সমীরণ { < **হিন্দীঃ বয়ার**} । ৩. সুতা (যেমন ব-দলা=সুতার বান্ডেল) । ৩. ঐ ধরনের লম্বাতে আকৃতির জিনিস । যেমন কোজু-ব = কচুর লতা ।}

~ **কাধি** [𑄝𑄇𑄙𑄨 ] - বি. কোমরতাঁত বেইন-এ নকশার তোলার জন্য সুতা) পেঁচিয়ে রাখার কাজে ব্যবহৃত কাঠিবিশেষ ।

~ **দলা** [𑄝𑄘𑄣 ] - বি.ঢেলাবৎ পেঁচিয়ে রাখা সুতা । {তান্যাবি পালাঃ তান্যাবি বেইন বুনে বেনোর তলে ব-দলা । তান্যাবিরে ধোরি নিলাক কেরেতকাবা মোনতলা}

~ কোজু [ 𑄇𑄮𑄎𑄪-𑄝] - বি.কচুর লতি ।

**বঅচ, বয়চ** [𑄝𑄃𑄌𑄴, 𑄝𑄠𑄌𑄴 ] - বি. বয়স ।

**বক** [𑄝𑄇𑄴] - বি. বাঁখারি ।

**বকচরা** [𑄝𑄇𑄴𑄌𑄢] - বি.পাখির খাদ্যথলি বিশেষ ।

**বগরা** [𑄝𑄉𑄢] - বি. ফোকলা ।

**বগল** [𑄝𑄉𑄣𑄴] - বি. বগল ।

~**কেচ** [𑄝𑄉𑄣𑄴𑄇𑄬𑄌𑄴] - বি. বগলের কেশ ।

**বগা** [𑄝𑄉 ] - বি. বক; সারস ।

**বগাকল** [𑄝𑄉𑄇𑄣𑄴] - বি.কুস্তির প্যাঁচবিশেষ ।

**বগাগঝা** [𑄝𑄉-𑄉𑄏 ] - বি. চাকমাদের সামাজিক দলবিশেষ । [ বান্দরবান ও কক্সবাজার জেলাদ্বয়ের উপর দিয়ে প্রবাহিত নদী বগাখালি (বাগখালি/বাকখালি মৌজা নং ২৭৯) নদীর

নামানুসারে নামকরণকৃত দল। ইংরেজদের লেখাতে এর নাম *বাগোলি* (Bagoli) পাওয়া যায়। D.G.E.Hall: A history of South-East Asia, 1955}

**বগানা** [𑄝𑄉𑄚] - ক্রি.বকুনি দেওয়া; **বকাঝকা** করা।

**বঙকুল, বংকুল** [𑄝𑄋𑄇𑄪𑄣𑄴] - বি. (প্রাচীন ও মধ্যযুগীয়) বঙ্গ।

**বচ** [𑄝𑄌𑄴] - বি. এক প্রকার সুগন্ধীযুক্ত ঔষধি ঘাস। ক্রি. (তুমি) বসো।

**বজং, বজঙ** [𑄝𑄎𑄁, 𑄝𑄎𑄋𑄴] - বিণ. মন্দ; খারাপ।

**বজ্জাত** [𑄝𑄎𑄴𑄎𑄖𑄴] - বিণ. বদ স্বভাববিশিষ্ট।

**বঝর** [𑄝𑄏𑄢𑄴] - বি. বছর; বৎসর।

**বঝানা** [𑄝𑄏𑄚] - ক্রি. বসা; বসানো।

**বট, বত** [𑄝𑄑𑄴, 𑄝𑄖𑄴] -বি. বট।

**বত্তা** [𑄝𑄖𑄴𑄖] - বি. খদির বৃক্ষ দেওয়া ফল বৃক্ষ।

**বদল** [𑄝𑄘𑄣𑄴] - বি. বদল।

**বদলা** [𑄝𑄘𑄣] - বি. কুন্ডলীকৃত পাকানো সুতার দলা।{তান্যাবিব পালাহ্ঃ তান্যাবি বেইন বুনে বেনোর তলে বদলা। তান্যাবিরে ধোরি নিলাক কেরেকাবা মোনতলা }

**বদলানা** [𑄝𑄘𑄣𑄴] - ক্রি. বদলে যাওয়া; বদলানো; পাল্টানো।

**বদা** [𑄝𑄘] - বি. ডিম।

**বদানা** [𑄝𑄘𑄚] - ক্রি. সুতা বা রশি জাতীয় জিনিস কুন্ডলী পাকিয়ে গুটিয়ে ফেলা।

**বদাবোদি** [𑄝𑄘𑄝𑄮𑄘𑄨] - বি. কুস্তি; বলীখেলা।

**বধল** [𑄝𑄙𑄣𑄴] - বি. বোতল; বোটল।

**বন** [𑄝𑄚𑄴] - বি. বন্ধু; মিত্র।

~ **জুরানা** [𑄝𑄚𑄴-𑄎𑄪𑄢𑄚𑄴] - ক্রি. বন্ধুত্ব করা।

**বনবনানা** [𑄝𑄚𑄝𑄚𑄚] - বি. বনবন করা। ( ধ্বন্যা)

**বনজুগি বনযুগি** [𑄝𑄚𑄴𑄎𑄪𑄉𑄨, 𑄝𑄚𑄴𑄡𑄪𑄉𑄨] - বি. বম জাতিগোষ্ঠীর লোক। { < *বমজোয়ে* = সংযুক্ত জাতি: অতীতে মূলত *পাংহয়* এবং *শুনথলা* এদু'টি দলের সংযুক্তিতে সৃষ্ট জাতিগোষ্ঠী।}

~ **ছরাহ্** [𑄝𑄚𑄴𑄡𑄪𑄉𑄨𑄍𑄢𑄦𑄴] - বি. রাঙ্গামাটি জেলার জুড়াছড়ি উপজেলার একটি নদী ও স্থানের নাম। {এককালে বমজাতীয় লোকদের বসবাসের জন্য নামাকরণকৃত।}

**বনা** [𑄝𑄚] - বি. গোছা; বান্ডিল; আঁটি।

**ব'নিঝাচ** [𑄝𑄚𑄨𑄏𑄌𑄴] - বি. দীর্ঘ নিশ্বাস। {< বর + নিঝাচ }

**বন্ধক** [𑄝𑄚𑄴𑄙𑄇𑄴] - বি. মর্টগেজ mortgaze ।

**বম, বোম** [𑄝𑄧𑄟𑄴, 𑄝𑄮𑄟𑄴] - বি. ১. বম জাতিগোষ্ঠীর লোক। (পার্বত্য চট্টগ্রাম, মিজোরাম ও আরাকানের অধিবাসী) {বম,পাংখুয়া, **লুসাই ( মিজো)**: বম (Bawm) }

**বম্মা** [𑄝𑄧𑄟𑄴𑄟] - বি. বাঁশের চোঙায় জ্বালানি রেখে প্রস্তুতকৃত মশাল।

**বর্মা** [𑄝𑄧𑄢𑄴𑄟] - বি. অগ্নি; ব্রহ্মাগ্নি; আগুন ।

**বর** [𑄝𑄧𑄢𑄴] - বি. বড় ।

~ **কবাল্যা** [ 𑄝𑄧𑄢𑄴𑄇𑄝𑄣𑄳𑄠 ] - বি.অতি সৌভাগ্যবান।

~ **খুলা** [ 𑄝𑄧𑄢𑄴𑄈𑄪𑄣 ] - বি.মাথা বড় লোক।

~ **খুলি** [ 𑄝𑄧𑄢𑄴𑄈𑄪𑄣𑄨 ] - বি.মাথা বড় যে স্ত্রীলোকের।

~ **চঘা** [ 𑄝𑄧𑄢𑄴𑄌𑄧𑄊 ] - বি চোখ বড় যে লোকের।

~**চোঘি** [ 𑄝𑄧𑄢𑄴𑄌𑄮𑄊𑄨 ] - বি চোখ বড় যে স্ত্রীলোকের।

~**পুনা** [ 𑄝𑄧𑄢𑄴𑄛𑄪𑄚 ] - বি নিতম্ব বড় যে লোকের।

~**পুনি** [ 𑄝𑄧𑄢𑄴𑄛𑄪𑄚𑄨 ] - বি নিতম্ব বড় যে স্ত্রীলোকের।

~**পরং** [ 𑄝𑄧𑄢𑄴𑄛𑄧𑄢𑄁, 𑄝𑄧𑄢𑄴𑄛𑄧𑄢𑄋𑄴 ] - বি. বিংশ শতকের ৬০-এর দশকের বৃহৎ স্থানান্তর। পেট বড় ।

~**পেদা** [ 𑄝𑄧𑄢𑄴𑄛𑄬𑄘 ] বি. ভুড়িওয়ালা; পেট বড় লোক।

~**পেদি** [ 𑄝𑄧𑄢𑄴𑄛𑄬𑄘𑄨 ] -বি পেট বড় যে স্ত্রীলোকের।

~ **সাপ্যাা** [ 𑄝𑄧𑄢𑄴𑄥𑄛𑄳𑄠 ] - বি. বড় সাহেব।

~ **হ্যাদা** [ 𑄝𑄧𑄢𑄴𑄦𑄳𑄠𑄘 ] - বি. হাত বড় যে লোকের। ২. বর (আশীর্বাদ) । ৩. বরজ ( যেমন পান'বর = পানের বরজ )।

**বরকল** [𑄝𑄧𑄢𑄴𑄇𑄧𑄣𑄴] - রাঙামাটি জেলার একটি উপজেলা বরকল ও এর সদর।

**বরকুরুক-তারা** [𑄝𑄧𑄢𑄴𑄇𑄪𑄢𑄪𑄇𑄴-𑄖𑄢] - বি. চাকমাদের প্রাচীন ধর্মগ্রন্থ আঘরতারা-এর অন্তর্ভুক্ত একটি *তারা* /ত্রা । পূর্বে *লুরি* নামক একশ্রেণীর অধুনালুপ্ত প্রায় বৌদ্ধ পুরোহিতদের দ্বারা মাথা ধুয়ে পবিত্র হওয়ার কার্যে ব্যবহৃত হতো।

**বরগাঙ, বরগাং** [𑄝𑄧𑄢𑄴𑄉𑄋𑄴, 𑄝𑄧𑄢𑄴𑄉𑄁] - বি. ১. বড়নদী । ২. কর্ণফুলী নদী ।
{ রাখাইন,মারমাঃ কেন্‌থাখ্যঙ /কান্‌তাখ্যঙ। ত্রিপুরা, তঞ্চঙ্গ্যা : কানচি। পাংখুয়া : খাউত্‌লাং (Khawthlang). **লুসাই ( মিজো)**: তুইপুই (Tuipui =বড় পানি); তুই= পানি
(এত্রে নদী) আর *পুই* = বড় }

~ **কুল** [ 𑄝𑄧𑄢𑄴𑄉𑄋𑄴𑄇𑄪𑄣𑄴, 𑄝𑄧𑄢𑄴𑄉𑄁𑄇𑄪𑄣𑄴 ] - বি. কর্ণফুলী নদীর উপত্যকা।

~ **কুল্যা** [ 𑄝𑄧𑄢𑄴𑄉𑄋𑄴𑄇𑄪𑄣𑄳𑄠, 𑄝𑄧𑄢𑄴𑄉𑄁𑄇𑄪𑄣𑄳𑄠 ] - বি.কর্ণফুলী নদীর উপত্যকাবাসী; কর্ণফুলী নদীর তীরবাসী।

**বরচেগে-গঝা [𑄝𑄧𑄢𑄴𑄌𑄬𑄉𑄬-𑄉𑄧𑄏 ]** - বি. চাকমাদের সামাজিক দলবিশেষ । [< বর (বড়) + *চেগে* (<বর্মী/রাখাইন/মারমা শব্দ: *চাই* = সৈন্য+ *গ্রী / গ্যি* =বড়) অর্থাৎ উচ্চ পদস্থ সেনাকর্মকর্তা । ]

**বরনিঝাচ, ব-নিঝাচ [𑄝𑄧𑄢𑄴𑄚𑄨𑄏𑄌𑄴, 𑄝-𑄚𑄨𑄏𑄌𑄴 ]** - বি. দীর্ঘশ্বাস ।

**বরমা [𑄝𑄧𑄢𑄴𑄟 ]** - বি. প্রপিতামহী , ২. প্রমাতামহী ।

**বরহোরিনা [𑄝𑄧𑄢𑄴𑄦𑄮𑄢𑄨𑄚]** -বি.**বড়হরিণা নদী** ।{ রাঙ্গামাটি জেলার বাঘাইছড়ি উপজেলার একটি সীমান্তবর্তী নদী । { পাংখুয়া, **লুসাই (মিজো)**: সাজুকলুই (Sazuk-lui). ***সাজুক*** = বড় হরিণ । ***লুই*** = নদী ।}

**বরা [𑄝𑄢]** - বি. ১. বড়া । ২. আঁটি ( যেমন, আমবরা = আমের আঁটি ) ।

**বরাঙা [𑄝𑄢𑄋 ]** - বি. পিতামহী, ২. মাতামহী । (বড় মা> বড় ঙা> বরঙা)

**বরাদাম [𑄝𑄢𑄘𑄟𑄴]** - বি. বড় আকারের কোনো গ্রাম । ২. খাগড়াছড়ি জেলায় ঐ নামের মৌজাবিশেষ (নং ৭৪) ।

**বরাপিধা [𑄝𑄢𑄛𑄨𑄙 ]** - বি. (শূকরের চর্বিতে/)তেলে ভাজা এক প্রকার চালের গুঁড়ার পিঠা

**বরাহ্ , বহ্রা [𑄝𑄢𑄳𑄦 ]** - বিণ. বধির ।

**বরাহ্গুলা, বহ্রাগুলা [𑄝𑄢𑄳𑄦𑄉𑄪𑄣 ]** - বিণ. বহেড়া; বয়রা ।

**বর্ব , বর-ব [𑄝𑄧𑄢𑄴𑄝]** - বি. তুফান; ঘূর্ণিবায়ু ।

**বল [𑄝𑄧𑄣𑄴 ]** - বি. ১. শক্তি; বল । ২. ফুটবল ।

**বলা [𑄝𑄣 ]** - বিণ. উর্বর । ক্রি. (তুমি) বলাও ।

**বলানা [𑄝𑄣𑄚 ]** - ক্রি. ১. আমন্ত্রণ জানানো; বাড়িতে বাড়িতে গিয়ে অবগত করা । ২.বলীয়ান হওয়া । ৩. ব্যাপক ভাঁবে অবগত করা ।

**বলাবল্যা [𑄝𑄣𑄝𑄣𑄳𑄠 ]** - বিণ.পারস্পরিক সাহায্য-সহযোগিতাসম্পন্ন ।

**বলাহ্, বহ্লাপুক [𑄝𑄣𑄳𑄦𑄛𑄪𑄇𑄴, 𑄝𑄣𑄳𑄦𑄛𑄪𑄇𑄴 ]** - বি. বোলতা ।

**বহ্রাগুলা [𑄝𑄢𑄳𑄦𑄉𑄪𑄣]** - বি. **বহেরা** ।

**বরাহ্-শুগর [𑄝𑄢𑄳𑄦𑄥𑄪𑄉𑄧𑄢𑄴]** - বি.ছোট আকারের এক প্রকার শুকর । {< **স. বরাহ** ] ।

**বোলি, বলী [𑄝𑄮𑄣𑄨, 𑄝𑄮𑄣𑄩 ]** - বি, বলী । বিণ. বলশালী ।

**বহ্ , বহ্বহ্ [ 𑄝𑄳𑄦, 𑄝𑄳𑄦𑄝𑄳𑄦 ]** - অব্য. গবাদিপশু দিয়ে হালচাষ করার সময় এদরকে চালিত করার সময় ইঙ্গিত দেওয়ার শব্দ ।

**বাওত্তর, বায়োত্তর [𑄝𑄃𑄮𑄖𑄳𑄖𑄧𑄢𑄴 /𑄝𑄠𑄮𑄖𑄳𑄖𑄧𑄢𑄴/𑄝ó𑄖𑄳𑄖𑄧𑄢𑄴 ]** - বি, বিণ.বায়াত্তর; বাহাত্তর ।

**বাওন্ন, বায়োন্ন [𑄝𑄃𑄮𑄚𑄳𑄚 /𑄝𑄠𑄮𑄚𑄳𑄚 /𑄝ó𑄚𑄳𑄚]** - বি, বিণ. বায়ান্ন ।

**বাং, বাঙ [𑄝𑄁, 𑄝𑄋𑄴 ]** - বিণ. বাম ।

**বাংহুয়া, বাঙহুয়া [𑄝𑄁𑄦𑄪𑄠 , 𑄝𑄋𑄴𑄦𑄪𑄠 ]** - বিণ. বাঁহাতি ।

**বাংলা, বাঙলা, বাঙ্গালা** [𑄝𑄁𑄣, 𑄝𑄋𑄴𑄣, 𑄝𑄋𑄴𑄉𑄣] - বি. বাংলা, বাঙলা, বাঙ্গালা ।

**বাক** [𑄝𑄇𑄴] - বি. ১. বাঁক । ২. বাখারি ।

**বাক্কোন** [𑄝𑄇𑄴𑄇𑄮𑄚𑄴] - বি. বামনাকৃতি বিশিষ্ট ।

**বাগল** [𑄝𑄉𑄧𑄣𑄴] - বি. বাকল; বল্কল; খোসা ।

**বাগা** [𑄝𑄉] - বি. বর্গা ।

**বাগাজিলা** [𑄝𑄉𑄎𑄨𑄣] - বি. এক জাতীয় সাপ, বাগাদিলা ।

**বাগি** [𑄝𑄉𑄨] - বি. ফুটি; বাংগি; বাঙ্গি । বিণ. বাকী ।

**বার্গি, বারগি, বার্গী** [𑄝𑄢𑄴𑄉𑄨, 𑄝𑄢𑄴𑄉𑄩] - বি. বৃহৎ কোনো সাইবেরিয়ান হংসজাতীয় পাখিবিশেষ । (রূপকথায় পাওয়া ঐ জাতীয় পাখি)

~ **নলাবাঝি** [𑄝𑄢𑄴𑄉𑄨𑄚𑄧𑄣𑄝𑄏𑄨] - বি. ঐ জাতীয় পাখির নলা থেকে প্রস্তুতকৃত বাঁশি ।}

**বাগোর, বাঘোর** [𑄝𑄉𑄮𑄢𑄴, 𑄝𑄊𑄮𑄢𑄴] - বি. কাচাবস্থায় মশলা রূপে ব্যবহৃত এক জাতীয় সুগন্ধি পাতা ও ঘাস জাতীয় এর ছোট আকৃতির উদ্ভিদ । (Porsley)

~ **মাচ্ছুয়া** [𑄟𑄌𑄴𑄍𑄪𑄠𑄝𑄉𑄮𑄢𑄴] - বি. কাচা মশলা রূপে ব্যবহৃত একজাতীয় সুগন্ধিপাতা ।

**বাঘ** [𑄝𑄊𑄴] - বি. বাঘ; ব্যাঘ্র; **শার্দুল** ।

**বাঘাইছোরি** [𑄝𑄊𑄭𑄍𑄮𑄢𑄨] - বি. রাঙামাটি জেলার একটি উপজেলা বাঘাইছড়ি, এর সদর এবং ঐ নামের মৌজা (নং ৩৭৯) ।

**বাঘেইমাচ** [𑄝𑄊𑄬𑄭𑄟𑄌𑄴/𑄝𑄊𑄭𑄟𑄌𑄴] - দেহে বাঘের মত ডোরাকাটা দাগযুক্ত এক জাতীয় বড় আকারের মাছ ; বাঘার মাছ । (বাঘা আইড়) (Griant King fish)

**বাঘ্যা** [𑄝𑄊𑄳𑄠] - বি. বাঘা ।

**বাঙভুয়া, বাংভুয়া** [𑄝𑄋𑄴𑄞𑄪𑄠] - বিণ. বাঁহাতি ।

**বাঙাল** [𑄝𑄋𑄣𑄴] - বি. বাঙালি; বাঙালী; বাঙ্গাল; বাংলাভাষী; বঙ্গবাসী ।{তঞ্চঙ্গ্যাঃ *বাঙাল* । মারমাঃ *কোলাহ্/কুলাহ্* ।ত্রিপুরাঃ *ওয়ানজোই* । ম্রোঃ *কোয়ার* । বম, পাংখোয়া; *কর* । খুমীঃ *কোলা* । খিয়াংঃ *ক্রু* । চাকঃ *কলাহ্* ।}

**বাঙোদি** [𑄝𑄋𑄮𑄘𑄨] - বি. বঙ্গললনা । { বঙ্গ + পুদি < বতী }

**বাঙোনমাচ** [𑄝𑄋𑄮𑄚𑄴𑄟𑄌𑄴] - বি.বাইন মাছ ।

**বাঙোমোচ্যা** [𑄝𑄋𑄮𑄟𑄮𑄌𑄳𑄠] - ক্রি. বিণ. আড়াআড়ি ।

**বাচ, বাস** [𑄝𑄌𑄴, 𑄝𑄥𑄴] - বি. গন্ধ । ২. বাঁশ ।

**বাচ্চানা, বাগাচ্ছানা** [𑄝𑄌𑄴𑄍𑄚, 𑄝𑄉𑄌𑄴𑄍𑄚] - বি. রান্নাঘর; পাকঘর ।

**বাচ্ছুরি, ভাচ্ছুরি** [𑄝𑄌𑄴𑄍𑄪𑄢𑄨, 𑄞𑄌𑄴𑄍𑄪𑄢𑄨] - বি. বাঁশকোঁড়ল ।

**বাচ্যানা** [𑄝𑄌𑄳𑄠𑄚] - ক্রি. ১. অপেক্ষা করা ।

**বাজা [𑄝𑄎]** - বি. হারমোনিয়াম। ক্রি. (তুমি) বাজাও।

˜ **মু [ 𑄟𑄪𑄝𑄎]** - বি. মাউথঅর্গেন।

**বাজানা [𑄝𑄎𑄚 ]**-বি. বাজনা। ক্রি. ১. বাঁচা। ২. বাচানো। ৩. বাজানো।

**বাজার [𑄝𑄎𑄢𑄴 ]** - বি. বাজার।

**বাঝকাঙেল [𑄝𑄏𑄴𑄇𑄋𑄬𑄣𑄴]** - বি. চাকমা নক্‌শাকাপড় *আলামের* বাঁশের গ্রন্থির আকৃতির মত দেখতে মোটিফবিশেষ।

**বাঝানা [𑄝𑄏𑄚 ]** - ক্রি. লেগে থাকা বা লেগে যাওয়া।

**বাঝি [𑄝𑄏𑄨]** - বি. বাঁশি; বংশী। [তুলনীয় ত্রিপুরাঃ সুমুর/সুমু/শিমুল। খিয়াংঃ ক্রেই। মারমা; বাঁশের বাঁশি প্রী এবং সানাইয়ের আকৃতিবিশিষ্ট পিতলের তৈরি বাঁশিঃ হ্নে/নেহ। ম্রোঃ বাঁশের বাঁশিঃ প্রুই এবং জংলী লাউয়ের খোল নিয়ে প্রস্তুকৃত বাঁশি বা গার্ডপাইপঃ প্লুং।]

**বাঝুকবুঝুক [𑄝𑄏𑄪𑄇𑄴𑄝𑄪𑄏𑄪𑄇𑄴 ]** -পরিধানে অস্বস্তিকর এমন আঁটসাঁট।

**বাটচানা, বাচ্চানা [𑄝𑄑𑄴𑄌𑄚, 𑄝𑄌𑄴𑄌𑄚]** - ক্রি. অপেক্ষা করা।

**বাত [𑄝𑄖𑄴]** - বি. বাতরোগ। ক্রি. (তুমি) বাটো।

**বাতবাত্যা [𑄝𑄖𑄴𑄝𑄖𑄳𑄠 ]** - বি. ১. একজাতীয় মাছ। ২. একজাতীয় শাক।

**বাত্তি [𑄝𑄖𑄴𑄖𑄨 ]** - বি. বাতি; প্রদীপ।

**বাত্তুয়াপেইক [𑄝𑄖𑄴𑄖𑄪𑄠𑄛𑄬𑄃𑄨𑄇𑄴 ]** - বি.গল্পে ও পালাগানে উল্লেখিত বার্তাবাহক পাখি।

**বাথুয়াশাক [𑄝𑄗𑄪𑄠𑄥𑄇𑄴 ]** - বি. এক জাতীয় শাক।

**বাত্যানা [𑄝𑄖𑄳𑄠𑄚]** - ক্রি. ১.আহবান বা আমন্ত্রণ জানানো। ২. বাতলানো।

**বাথ্যা [𑄝𑄗𑄳𑄠 ]** - বিণ. বেঁটে।

**বাদানা [𑄝𑄘𑄚 ]** - ক্রি. **বাঁটা**।

**বাদাল্যা [𑄝𑄘𑄣𑄳𑄠]** - বিণ. বাদ পড়া; বঞ্চিত।

**বাদালি [𑄝𑄘𑄣𑄨]** - বি. বাটালি; বাটালী।

**বাদি [𑄝𑄘𑄨]** - বিণ. অর্ধপক্ক।

**বাদুর [𑄝𑄘𑄪𑄢𑄴 ]** - বি. বাদুর।

**বাদোই, বাধোই [𑄝𑄘𑄮𑄃𑄨, 𑄝𑄙𑄮𑄃𑄨] - বি. ভাড়ুই, ভাতার (পাখি)।**

**বাদোল [𑄝𑄘𑄮𑄣𑄴]** - বি. ধনুবিশেষ(বাঁটুল বিশেষত মাটির তৈরি গুলি ছুড়ার ধনুবিশেষ)।

**বাধি [𑄝𑄙𑄨 ]** - বিণ. বেঁটে।

**বান [𑄝𑄚𑄴 ]** - বি. বাঁধ। ক্রি. (তুমি ) বাঁধো।

**বানা [𑄝𑄚 ]** - বি. ধাঁধা। ক্রি. বাঁধা। অব্য. অব্য. পুং প্রত্যয় বিশেষ ( যেমন আলসিবানা = অলস পুরুষ)।

**বানানা [𑄝𑄚𑄚 ]** - ক্রি. তৈরি করা ; বানানো।

**বানাহ্ [𑄝𑄚𑄦𑄴]** - বি. ধাঁধা। ক্রি. ১. বাঁধা। ২. নৌকা চালনা করা। অব্য. শুধু; কেবল।

**বানাহ্না [𑄝𑄚𑄦𑄴𑄚]** - ক্রি. বাঁধা।

**বানিমরা [𑄝𑄚𑄨𑄟𑄧𑄢]** - বিণ. যে কয়লার আগুন তাড়াতাড়ি নিভে যায়।

**বান্দর [𑄝𑄚𑄴𑄘𑄧𑄢𑄴]** - বি. বানর; বাঁদর।

~ + ই (স্ত্রীপ্রত্যয়) = **বান্দোরি [𑄝𑄚𑄴𑄘𑄮𑄢𑄨]** - বি. বানরী।

~ **ঘিলা [𑄝𑄚𑄴𑄘𑄧𑄢𑄴-𑄊𑄨𑄣]** - বি. এক জাতীয় জঙ্গলী লতার লম্বাতাকে ধরা ফলের বিচি (গিলা)।

**বান্দরপিরাহ্ [𑄝𑄚𑄴𑄘𑄧𑄢𑄴𑄛𑄨𑄢𑄦𑄴]** - **বি. মৃগীরোগ।**

**বান্দরবান [𑄝𑄚𑄴𑄘𑄧𑄢𑄝𑄚𑄴]** - বি.১. বান্দরবান পার্বত্য জেলা ও সদর। মারমা: **রোয়া-দ।** {স্থানীয় একটি ছোটনদীর মারমা নাম ***ম্যকসেখ্যঙ*** যার আক্ষরিক অনুবাদ বানরবাঁধ নদী। ***ম্যক*** (বানর)+ ***ছে*** (বাঁধ) +***খ্যঙ*** ( নদী)}২. বান্দরবান সদর উপজেলা। ১৮২২ খ্রিস্টাব্দে তৎকালীন মারমাপ্রধান বোমাংগ্রী সেতুংপ্রু তাঁর রাজধানী সুয়ালক থেকে বান্দরবানে স্থানান্তর করেছিলেন।}

**বান্ধানা [𑄝𑄚𑄴𑄙𑄚]** - ক্রি. বাঁধানো।

**বান্ধোই [𑄝𑄚𑄴𑄙𑄮𑄃𑄨 /𑄝𑄚𑄴𑄙𑄰]** - অব্য, সমবেদনাসূচক শব্দ। { তুলনীয় : হায় !}

**বাপ [𑄝𑄛𑄴]** - বি. পিতা; বাবা।

**বাবত্যা, বাবদর [𑄝𑄝𑄴𑄖𑄳𑄠 , 𑄝𑄝𑄴𑄘𑄧𑄢𑄴]** - বি. রকম; প্রকার।

**বাবু [𑄝𑄝𑄪]** - বি. বাবু।

**বাবুরো-গঝা/বাবুরা-গঝা [𑄝𑄝𑄪𑄢𑄮-𑄉𑄧𑄏, 𑄝𑄝𑄪𑄢-𑄉𑄧𑄏]** - বি. চাকমাদের সামাজিক দলবিশেষ।

**বার্বুয়া [𑄝𑄢𑄴𑄝𑄪𑄠]** - বিণ. অহংকারী।

**বাভা [𑄝𑄞]** - বি.পিতা; বাবা। ( সম্বোধনে ব্যবহৃত)

**বাম [𑄝𑄟𑄴]** - বি. এলাকা। (যেমন, প্রবাদ: যা বামত তে দাঙর।)

**বামন [𑄝𑄟𑄧𑄚𑄴]** - বি. ব্রাহ্মণ।

**বামনগুত্থি [𑄝𑄟𑄧𑄚𑄴]** - বি. ব্রাহ্মণগোত্র; চাকমা সমাজের গোত্রবিশেষ (এঁদের ট্যাবু হলো সর্পনিধন থেকে বিরত থাকা)।

**বার্মা [𑄝𑄢𑄴𑄟]** - বি. বার্মা; মায়ানমার: ব্রহ্মদেশ।

**বার্য্যানা [𑄝𑄢𑄴𑄡𑄳𑄠𑄚]** - ক্রি. বাড়ি দেওয়া; কোনো কিছু দ্বারা আঘাত করা

**বায়নি, বাইনি [𑄝𑄠𑄧𑄚𑄨 ,𑄝𑄃𑄨𑄚𑄨]** - বি.প্রশংসা।

**বার [𑄝𑄢𑄴]** - বি, বিণ. বার; দ্বাদশ সংখ্যক।

**বার [𑄝𑄢𑄴]** - বি. ১. বার; দিবসের নাম। ২. অহংকার।

**বারানা, বারাহ্‌না, বাহ্‌রা** [𑄝𑄦𑄳𑄢] - ক্রি. বৃদ্ধি পাওয়া; বড় হওয়া; ভাত পাতে বাড়া।

**বারমাস, বারমাচ** [𑄝𑄢𑄴𑄟𑄥𑄴, 𑄝𑄢𑄴𑄟𑄌𑄴] - বি, বিণ.১.বার মাস। ২. বারমাসী নাম গীতি বা গীতিকাব্য।(মাধারণত কোনো গ্রাম্য সুন্দরী বা নায়িকার বার মাসের সুখদুঃখের কাহিনী}

**বারাহ্‌ , বাহ্‌রা** [𑄝𑄦𑄳𑄢] - বি. **বাহু**। {শিবচরন, গোঝেন'লামাহ্‌ : মুঝুঙ' দাত্তুন হ্‌দ সং। বারাহ্‌ অঝার বুকভরন}

**বারিহ্‌** [𑄝𑄢𑄨𑄦𑄴] - বি. পিটুনীর কাজে ব্যবহারযোগ্য লাঠি।

**বারিঝা** [𑄝𑄢𑄨𑄏] - বি. বর্ষা।

**বারেং, বারেঙ** [𑄝𑄢𑄬𑄂, 𑄝𑄢𑄬𑄋𑄴] - বি. বড় আকারের ঝুড়িবিশেষ।

**বারোচ, বারোজ** [𑄝𑄢𑄮𑄌𑄴, 𑄝𑄢𑄮𑄎𑄴] - বি. বারুদ।

**বারোন** [𑄝𑄢𑄮𑄚𑄴] - বি. বাড়া ভাত-তরকারির থালা বা পাত্র।

**বালা** [𑄝𑄣] -বি. কাজের পালা; term ।{ প্রবাদঃ বালা দিলে বালা পায়, ধারেইয়া বালা কুধু যায়?}

**বালি** [𑄝𑄣𑄨] - বি. নাক বা কানের আংটা সদৃশ অলঙ্কারবিশেষ।

**বালুকাগুত্থি** [𑄝𑄣𑄪𑄇𑄉𑄪𑄖𑄴𑄗𑄨] - বি. চাকমাদের গোত্রবিশেষ।

**বাসোত্তি** [𑄝𑄥𑄮𑄖𑄴𑄖𑄨] - বি, বিণ. বাষট্টি।

**বিগিধি** [𑄝𑄨𑄉𑄨𑄙𑄨] - বি. ঠাট্টা। বিবুধি (শ্রীকৃষ্ণ কীর্তন)

**বিগুন** [𑄝𑄨𑄉𑄪𑄚𑄴] - বি. বেগুন।

**বিগুনবিজি** [𑄝𑄨𑄉𑄪𑄚𑄴𑄝𑄨𑄎𑄨] - বি. ১. বেগুনের বিচি। ২. চাকমা নক্‌শা কাপড় আলামে-এর অন্তর্গত ঐ নামের মোটিফ বিশেষ।

**বিগোত, বিয়োত** [𑄝𑄨𑄉𑄮𑄖𑄴, 𑄝𑄨𑄡𑄮𑄖𑄴] -বি. বিঘত।

**বিগোলবিজি** [𑄝𑄨𑄉𑄮𑄣𑄴𑄝𑄨𑄎𑄨] - বি. তরকারি রূপে খাওয়ার যোগ্য তিতাস্বাদের একজাতীয় ক্ষুদ্র ফল।(Thai brinjal)

**বিচ** [𑄝𑄨𑄌𑄴] - বি. বিষ।

**বিচ্ছাচ** [𑄝𑄨𑄌𑄴𑄍𑄌𑄴] - বি. বিশ্বাস।

**বিচ্ছানা, বিছ্যান** [𑄝𑄨𑄌𑄴𑄍𑄚, 𑄝𑄨𑄍𑄚𑄴] - বি. বিছানা।

বিজংবাজং [𑄝𑄨𑄎𑄂𑄝𑄎𑄂] - ক্রি. বিণ. কাচুমাচু।

বিজ, বিজি [𑄝𑄨𑄎𑄴𑄝𑄨𑄎𑄨] - বি. বীজ; বিচি।

বিজক, বিজগ [𑄝𑄨𑄎𑄇𑄴, 𑄝𑄨𑄎𑄉𑄴] - বি. ১. ইতিহাস {< বিদগত (বর্মী) <পালি. ত্রিপিটক} ২. গুপ্তধনের প্রাচীন নক্‌শা। ৩. বংশ তালিকা (Oral tradition)

বিজা [𑄝𑄨𑄎] -বি. অন্ডকোষ।

~ গুলা [ 𑄝𑄨𑄎𑄉𑄪𑄣 ] - বি. অন্ডকোষ ।

~ পিরাহ্ [ 𑄝𑄨𑄎𑄛𑄨𑄢𑄦𑄴 ] - বি.হার্নিয়া ।

**বিজানা** [**𑄝𑄨𑄎𑄚** ] - ক্রি. পাখা করা ।

**বিজি** [**𑄝𑄨𑄎𑄨** ] - বি. ১.বিচি । ২. নকুল; নেউল; বেজি ।

**বিজিত্যা** [**𑄝𑄨𑄎𑄨𑄖𑄳𑄠** ] - বি. দেহাস্থির বিচ্যুতি । **বিণ. মচকানিকৃত** ।

**বিজিরা** [**𑄝𑄨𑄎𑄨𑄢** ] - বি. গোপনীয়তা । বিণ. গোপনীয়; নিষিদ্ধ ।

**বিঝু** [ **𑄝𑄨𑄏𑄪** ] -বি. বর্ষশেষে ও নববর্ষকে স্বাগত জানিয়ে চাকমাদের তিনদিনব্যাপী বিজু উৎসব (যে উৎসবটি এপ্রিল মাসের মাঝামাঝি সময়ে অনুষ্ঠিত হয়)

**বিজংবাজাং** [**𑄝𑄨𑄎𑄁𑄝𑄎𑄁** ] -বিণ. কাঁচুমাচু ।

**বিজোন** [**𑄝𑄨𑄎𑄮𑄚𑄴**] - বি. হাতপাখা ।

~ **ফুল** [𑄝𑄨𑄎𑄮𑄚𑄴𑄜𑄪𑄣𑄴] - বি. বাঁশের তৈরি বেত দিয়ে বোনা হাতপাখার নক্শা বিশেষ । ২. চাকমা নকশার কাপড় আলামের মোটিফবিশেষ ।

**বিজোর** [**𑄝𑄨𑄎𑄮𑄢𑄴** ] - বিণ. বীজ রূপে সংরক্ষিত বিচি ; বীজ ।

~ রাদা [**𑄝𑄨𑄎𑄮𑄢𑄴𑄢𑄘**] - বি. প্রজননের জন্য সংরক্ষিত মোরগ ।

**বিজোল** [**𑄝𑄨𑄎𑄮𑄣𑄴**] - বিণ.পিচ্ছিল; পিছলা ।

**বিঝা** [**𑄝𑄨𑄏**] - বি. বৃশ্চিক; বিছা; শুঁয়াপোকা । অনুজ্ঞা ( তুমি ) বিছাও ।

**বিঝানা** [**𑄝𑄨𑄏𑄚**] - ক্রি. বিছানো ।

**বিঝার** [**𑄝𑄨𑄏𑄢𑄴**] - বি. জিজ্ঞাসা ।

**বিঝুম** [**𑄝𑄨𑄏𑄪𑄟𑄴** ] - বি. বিষম ।

**বিতদেঘানা** [**𑄝𑄨𑄖𑄴𑄘𑄬𑄊𑄚**] - বি. বিষবৎ দৃষ্টি নিয়ে তাকানো ।

**বিদিযানা** [**𑄝𑄨𑄘𑄨𑄎𑄚** ] - ক্রি. বিগত হওয়া ।

**বিধু** [**𑄝𑄨𑄙𑄪**] - বি. প্রিয়া । (পালাগানে প্রেয়সীকে সম্বোধনের ক্ষেত্রে প্রযোজ্য)

**বিনি** [ **𑄝𑄨𑄚𑄨** ] - বি. বিনিধান । ২. বিনিচাল ।

~ **আধা** [ **𑄝𑄨𑄚𑄨𑄃𑄙, 𑄝𑄨𑄚𑄨𑄃𑄒** ] - বি. বিনিচালের গুঁড়া সিদ্ধ করা থেকে তৈরি আঠা ।

~ **খগা** [ **𑄝𑄨𑄚𑄨𑄈𑄉** ] - বি. কলাপাতায় মোড়ানো বিনিচালের ভাতা ।

~ **চোল** [ **𑄝𑄨𑄚𑄨𑄌𑄮𑄣𑄴** ] - বি. বিনিচাল ।

~ **পিধা** [ **𑄝𑄨𑄚𑄨𑄛𑄨𑄙** ] বি.কলাপাতায় মোড়ানো বিনিচালের গুঁড়া দিয়ে তৈরি পিঠা

~ **ভাত** [ **𑄝𑄨𑄚𑄨𑄞𑄖𑄴** }- বি.বিনি চালের ভাত ।

~ **সুমি** [ **𑄝𑄨𑄚𑄨𑄥𑄪𑄟𑄨** }- বি ঈষৎ বেগুনি রঙের এক জাতীয় শিম ।

**বিন্যা** [𑄝𑄨𑄚𑄳𑄠] - বি. বিহান; বিয়ান; প্রভাত; সকাল; প্রাতঃকাল।

**বিয়ং/ব্যং** [𑄝𑄨𑄠𑄁, 𑄝𑄳𑄠𑄁/𑄝𑄳𑄠𑄋𑄴] - বি. কোমরতাঁতে সুতা ঘন করে বুনার কাজে ব্যবহৃত কাঠের সোর্ড

**বিয়াত্রা** [𑄝𑄨𑄠𑄖𑄳𑄢] - বি.১. বিয়াত্রা নামক দেবতা যিনি স্বর্গলোক থেকে ফসল ও ধনের দেবী মালোকখিমাকে মর্ত্যলোকে নিয়ে এসেছেন। ২. জলদেবী গঙার পুত্র।

**বিয়ানি** [𑄝𑄨𑄠𑄚𑄨] - বি. প্রসূতি

**বিয়াল্লিচ** [𑄝𑄨𑄠𑄣𑄴𑄣𑄨𑄌𑄴] - বি. বিয়াল্লিশ।

**বিয়েই** [𑄝𑄨𑄠𑄬𑄃𑄨] - বি. বেহাই।

**বিয়েনি** [𑄝𑄨𑄠𑄬𑄚𑄨] - বি. বেহাইন।

**বিয়োগ** [𑄝𑄨𑄠𑄮𑄉𑄴] - বি. বিয়োগ।

**বিরবিচ্যা** [𑄝𑄨𑄢𑄴𑄝𑄨𑄌𑄳𑄠] - বিণ. ভারী মসৃণ। (সাধারণত কাপড়ের ক্ষেত্রে প্রযোজ্য)।

**বিরবিরানা** [𑄝𑄨𑄢𑄴𑄝𑄨𑄢𑄚] - ক্রি. বিরবির করা; গায়ে পিঁপড়া নড়াচড়া করলে যেমন অনুভূতি অনুভূত হয় তেমন।

**বিরানোব্বোই** [𑄝𑄨𑄢𑄚𑄮𑄝𑄴𑄝𑄮𑄃𑄨] - বি, বিণ. বিরানব্বই।

**বিরাশি** [𑄝𑄨𑄢𑄥𑄨] - বি, বিণ. বিরাশি।

**বিরিচগাচ** [𑄝𑄨𑄢𑄨𑄌𑄴𑄉𑄌𑄴] - বি. রূপকথায় বর্ণিত বৃহৎ কোনো বৃক্ষ। {চাকমা কবি-ধবি রূপকথায় বর্ণিত}

**বিরিচগোরু** [𑄝𑄨𑄢𑄨𑄌𑄴𑄉𑄮𑄢𑄪] - বি. বৃষ।

**বিরিবানা** [𑄝𑄨𑄢𑄨𑄝𑄚] - বি. তন্তু বা কাপড় কুঞ্চিত হওয়া।

**বিল** [𑄝𑄨𑄣𑄴] - বি.বিল।

**বিলাত, বিলেত** [𑄝𑄨𑄣𑄖𑄴] - বি. বিলাত; বিলেত; ইংল্যান্ড।

**বিলেই** [𑄝𑄨𑄣𑄬𑄃𑄨 / 𑄝𑄨𑄣𑄰] - বি. বিড়াল। {তুলনীয় হিন্দি: বিল্লী}

**বিলেইছোরি** [𑄝𑄨𑄣𑄬𑄃𑄨𑄍𑄮𑄢𑄨] - বি. রাঙ্গামাটি জেলার একটি উপজেলা বিলাইছড়ি ও এর সদর। { < হিন্দি: বিল্লী = বিড়াল + ছোরিহ্ < স.সরিৎ}

বিলুয়াকোজু [𑄝𑄨𑄣𑄪𑄠𑄇𑄮𑄎𑄪] - বি. বিলে জাত একজাতীয় কচু।

বিসুববার, বিসুতবার [𑄝𑄨𑄥𑄪𑄝𑄴𑄝𑄢𑄴, 𑄝𑄨𑄥𑄪𑄖𑄴𑄝𑄢𑄴] - বি. বৃহস্পতিবার।

বিহার [𑄝𑄨𑄦𑄢𑄴] - বি. বৌদ্ধমঠ; বিহার।

বুইয়ার, বৈয়ার, বুয়ার [𑄝𑄪𑄃𑄨𑄠𑄢/𑄝𑄰𑄠𑄢𑄴, 𑄝𑄪𑄠𑄢𑄴] - বি. বাতাস; বায়ু।
{ হিন্দি: বয়ার }

**বুং, বুঙ** [𑄝𑄪𑄁, 𑄝𑄪𑄋𑄴] -বি. ১. পৃষ্ঠদেশের বাম বা ডান অংশ। ২. ধানের গোলাবিশেষ।

বুং-গঝা/বুঙ-গঝা [𑄝𑄪𑄁-𑄉𑄏, 𑄝𑄪𑄋𑄴-𑄉𑄏] - বি. চাকমাদের সামাজিক দলবিশেষ। {অতীতে কোনো এক সময় বান্দরবান জেলার বমু নদীর তীরবাসী অর্থে}

বুংসা-গঝা/বুঙসা-গঝা [𑄝𑄪𑄁𑄥-𑄉𑄏,𑄝𑄪𑄋𑄴𑄥-𑄉𑄏]-বি.চাকমাদের সামাজিক দলবিশেষ।

বুক [𑄝𑄪𑄇𑄴 ] - বি. বুক। ক্রি. (তুমি বুকচাপা দিয়ে) পিঠে চড়ো।

বুক্কুয়া [𑄝𑄪𑄇𑄴𑄇𑄪𑄠] - বি. বাঁশের বুকেরদিকস্থ বেত নিয়ে বোনা পাটি।

বুগতপদলা-মা [𑄝𑄪𑄉𑄖𑄴𑄛𑄘𑄣-𑄟] - বি. চাকমা ঐতিহ্যবাহী অঝাপাঠ-এর ২৫ তম বর্ণ বা হরফ। { এই বর্ণটির বুকে *পদলা* মানে পুটলী আছে বলে ।}

বুগানা [𑄝𑄪𑄉𑄚] - ক্রি. বুকে ভর দিয়ে কারোর পিঠে চড়া।

বুগি [𑄝𑄪𑄉𑄨] - বি. বোঝা; বান্ডেল; bundle. ক্রি. (আমরা) পিঠে তুলে নিই।

~ দারভুয়া [𑄘𑄪-𑄝𑄪𑄉𑄨] - বি. লাকড়ির বোঝা।

বুঝানা [𑄝𑄪𑄏𑄚] - ক্রি. বুঝা; বোঝানো; বোধগম্য হওয়া।

বুত্তি [𑄝𑄪𑄖𑄴𑄖𑄨] - বি. সলতে।

বুদু [𑄝𑄪𑄘𑄪] - বি. বোঁটা।

বুদ্ধ [𑄝𑄪𑄘𑄴𑄙] - বি. গৌতমবুদ্ধ।

বুধবার [𑄝𑄪𑄙𑄴𑄝𑄢𑄴] - বি. বুধবার।

বুনানা [𑄝𑄪𑄚𑄚] - বি. বুনা; বয়ন করা।

বুন্যা [𑄝𑄪𑄚𑄳𑄠] - বি. বুননকৃত।

বুয়ানা [𑄝𑄪𑄠𑄚] -ক্রি. বহন করা।

বুয়ার, বুইয়ার, বোয়ের, বৈয়ের, বয়ার, ব [𑄝𑄪𑄠𑄢𑄴, 𑄝𑄪𑄠𑄬𑄢, 𑄝𑄮𑄠𑄬𑄢𑄴, 𑄝𑄭𑄠𑄢𑄴, 𑄝] -বি. বাতাস; বায়ু। [ < হিন্দী : বয়ার ] ।

বুয়েইয়া [𑄝𑄪𑄠𑄬𑄭𑄠] -বিণ. বহনকারী।

বুর [𑄝𑄪𑄢𑄴] -বি. ডুব। ক্রি. (তুই) ডুব দে।

বুরপারা [𑄝𑄪𑄢𑄴𑄛𑄢] - বি. মাথায় মন্ত্রপূত পবিত্রজল সিঞ্চন করে আপদ বালাই দূর করে পবিত্র হওয়ার পূজাবিশেষ।

বুরানা [𑄝𑄪𑄢𑄚] -ক্রি. ১. ডুব দেওয়া। ২. ডুবানো।

বুরাহ্ [𑄝𑄪𑄢𑄦𑄴] -বি, বিণ. বুড়া; বৃদ্ধ।

বুরিহ্ [𑄝𑄪𑄢𑄨𑄦𑄴] -বি, বিণ. বুড়া; বৃদ্ধ।

বুরুচ [𑄝𑄪𑄢𑄪𑄌𑄴] -বি. তাসখেলার আইটেমবিশেষ; বুরুশখেলা।

বুর্জ্যা, বুজ্যা, বুচ্যা [𑄝𑄪𑄢𑄴𑄎𑄳𑄠, 𑄝𑄪𑄎𑄳𑄠, 𑄝𑄪𑄌𑄳𑄠] -বি. বি, বুড়া; বুড়ো।

বুর্জ্যাআঙুল [𑄝𑄪𑄢𑄴𑄎𑄳𑄠𑄃𑄋𑄪𑄣𑄴, 𑄝𑄪𑄎𑄳𑄠𑄃𑄋𑄪𑄣𑄴, 𑄝𑄪𑄌𑄳𑄠𑄃𑄋𑄪𑄣𑄴] -বি, বৃদ্ধাঙ্গুলি; বুড়ো আঙুল।

বেই [𑄝𑄬𑄃𑄨 /𑄝𑄭] - বি. দিদি। ক্রি. (আমরা) বাহি। অসমাপিকা ক্রি. বেয়ে।

**বেইচ** [𑄝𑄬𑄃𑄨𑄌𑄴 ] - বি. তক্তা চাঁছার কাজে ব্যবহৃত ক্ষুদাকৃতির শাবলবিশেষ ।- বি, বিণ. বাইশ ।

**বেই-দ, বেদো** [𑄝𑄬𑄃𑄨𑄘𑄴/𑄝𑄬𑄘𑄴, 𑄝𑄬𑄘𑄮 ] - বিণ. প্রচুর; বিস্তর; পর্যাপ্ত; বহু ।

**বেইন** [ 𑄝𑄬𑄃𑄨𑄚𑄴 ] - বি. চাকমাদের ঐতিহ্যবাহী কোমরতাঁত ।

**বেং, বেঙ** [𑄝𑄬𑄁, 𑄝𑄬𑄋𑄴 ] - বি. ব্যাঙ ।

**বেক** [𑄝𑄬𑄇𑄴] - বিণ. সব; সকল ।

**বেকুচ্যা** [𑄝𑄬𑄇𑄪𑄌𑄳𑄠] - বিণ. অসুবিধা; অসুবিধাজনক ।

**বেক্কুন** [𑄝𑄬𑄇𑄴𑄇𑄪𑄚𑄴/𑄝𑄬𑄇𑄳𑄇𑄪𑄚𑄴] - সর্ব, বিণ. সবাই; সব ।

**বেক্কানি** [𑄝𑄬𑄇𑄴𑄇𑄚𑄨 ] - বিণ. সবগুলি (চ্যাপ্টা জিনিস গণনার ক্ষেত্রে ব্যবহৃত) ।

**বেক্কুনে** [𑄝𑄬𑄇𑄴𑄇𑄪𑄚𑄬 /𑄝𑄬𑄇𑄳𑄇𑄪𑄚𑄬 ] - সর্ব, বিণ. সকলে ।

**বেকুপ** [𑄝𑄬𑄇𑄪𑄛𑄴] - বি. বোকা ।

**বেগিয়া** [𑄝𑄬𑄉𑄨𑄠, 𑄝𑄬𑄉𑄩𑄠] - বিণ. বেহায়া ।

**বেঘে** [𑄝𑄬𑄊𑄬] - সর্ব, বিণ. সকলে; সবাই ।

**বেঘেনা** [𑄝𑄬𑄊𑄬𑄚] - বি. ব্যাঙাচি ।

**বেঘেনাছোরি** [𑄝𑄬𑄊𑄬𑄚𑄍𑄮𑄢𑄨] - বি. বেগেনাছড়ি মৌজা (নং ২০) ।

**বেঙ** [𑄝𑄬𑄋𑄴, 𑄝𑄬𑄁] - বি. ব্যাঙ; ব্যাং?

˜ **চাগা** [𑄝𑄬𑄋𑄴𑄌𑄉] - ক্রি. বিণ. ব্যাঙবৎ চ্যাপ্টা ।

**বেঙা** [𑄝𑄬𑄋] - বি. বাঁকা ।

**বেঙাখঙা, বেঙাহঙা** [𑄝𑄬𑄋𑄈𑄋] - বিণ. আঁকাবাঁকা; বাঁকাট্যারা ।

**বেচ** [𑄝𑄬𑄌𑄴] - বি. বেশি; অধিক ।

**বেজানা** [𑄝𑄬𑄎𑄚] - বি. বেচা; বিক্রি করা ।

**বেজাযেইয়া** [𑄝𑄬𑄎𑄡𑄬𑄃𑄨𑄠] - বি. বিক্রয়কৃত ।

**বেজার** [𑄝𑄬𑄎𑄢𑄴] - বিণ. বেজার ।

**বেজিয়া** [𑄝𑄬𑄎𑄨𑄠] - বি. বিক্রেতা ।

**বেজুর** [𑄝𑄬𑄎𑄪𑄢𑄴] - বিণ. বেজোড় ।

**বেত** [𑄝𑄬𑄖𑄴] - বি. বেত; বাঁশ থেকে চিরে প্রস্তুতকৃত পাতলা ফালি ।

**বেতছোরি** [𑄝𑄬𑄖𑄴𑄍𑄮𑄢𑄨] - বি. রাঙামাটি জেলায় বেতছড়ি নামক একটি ছোট নদী ও গ্রাম ।{১৭৯৭ খ্রিস্টাব্দেও ফ্রান্সিস বুকানন চেঙ্গীনদীর এই উপনদীটির নাম উল্লেখ করেছেন ।}

**বেদমা** [𑄝𑄬𑄘𑄴𑄟] - বিণ. বোকা ।

বেদাগি [𑄝𑄬𑄘𑄉𑄨] - বি. বেতস লতা।

বেদিঝা [𑄝𑄬𑄘𑄨𑄏] - বিণ. ১. বেদিশা। ২. অসুবিধা।

বেধোক্যা [𑄝𑄬𑄙𑄮𑄇𑄳𑄡] - বিণ. বিশ্রী; অসুন্দর।

বেনবেনিমুপুক [𑄝𑄬𑄚𑄧𑄝𑄬𑄚𑄨𑄟𑄪𑄛𑄪𑄇𑄴] - বি.একজাতীয় মৌমাছি।

বেনা [𑄝𑄬𑄚] - বি. অঙ্গার জ্বালিয়ে রাখার কাজে বেণীর মত খড় দিয়ে পাকানো জিনিস। বেনা (পুং), বেণী (স্ত্রী)

বেনেনেনে [𑄝𑄬𑄚𑄬𑄚𑄬𑄚𑄬] - ক্রি.বিণ. বনবনিয়ে।

বেবেই, বেই [𑄝𑄬𑄝𑄬𑄃𑄨/𑄝𑄬𑄝𑄬𑄃𑄨, 𑄝𑄬𑄃𑄨/𑄝𑄬𑄭] -বি. দিদি। (সম্বোধনে ব্যবহার্য); বয়োজ্যেষ্ঠ বোন/বড় বোন { তুলনীয় ত্রিপুরা: ববই}

বের্মা, বেরমা [𑄝𑄬𑄢𑄧𑄟] - বি. গেঁজানো পুঁটিমাছ; সিদোল। চ্যাপা শুটকী

বের [𑄝𑄬𑄢𑄧] - বি. ১. বেড়া। ২. বেষ্টনি; বেড়; পরিধি।

~চাপা [𑄝𑄬𑄢𑄧𑄌𑄛] - বি.বেড়া বা বেষ্টনিতে ব্যবহৃত বাঁশের তর্জা।

বেরাহ্ [𑄝𑄬𑄢𑄦𑄴] - বি. বেড়া; বেষ্টনি।

বেরানা [𑄝𑄬𑄢𑄚] - ক্রি. পেঁচানো; বেষ্টন করা।

বেরাবেচ্যা [𑄝𑄬𑄢𑄝𑄬𑄌𑄳𑄡] -ক্রি. বিণ. লতায়পাতায় জড়ানো অথবা সে রকম; আষ্টেপৃষ্ঠে বন্ধনবৎ।

বেরবেরানা [𑄝𑄬𑄢𑄧𑄝𑄬𑄢𑄚] - ক্রি. ববকাকাকা কা; গালিগালাজ করা।

বেরবেরেই [𑄝𑄬𑄢𑄧𑄝𑄬𑄢𑄬𑄃𑄨 /𑄝𑄬𑄢𑄧𑄝𑄬𑄢𑄬𑄭] - ক্রি. বিণ. তড়তড়িয়ে।

বেরা, বেরাহ্ [𑄝𑄬𑄢𑄦𑄴] - বি. বেড়া। ক্রি. ১. (তুমি) বেষ্টন করো। ২. ভ্রমণ করো।

বেরানা [ 𑄝𑄬𑄢𑄦𑄴] - ক্রি. ১. বেড়ানো। ২. বেষ্টন করা।

বেল [𑄝𑄬𑄣𑄧] - বি. ১. সূর্য। ২. বেল।

বেলগুলা [𑄝𑄬𑄣𑄧𑄉𑄪𑄣] - বি. বেল (ফল)।

বেলক [𑄝𑄬𑄣𑄴𑄇𑄧] - বিণ. পৃথক। { তুলনীয় অসমীয়া: বেলেগ}

বেলা [𑄝𑄬𑄣] - বি. বেহালা।

বেল্যা, বিল্যা [𑄝𑄬𑄣𑄳𑄡, 𑄝𑄨𑄣𑄳𑄡] - বি. বিকাল; অপরাহ্ন। বিণ. অপরাহ্নকালীন।

~মাধান [𑄝𑄬𑄣𑄳𑄡𑄟𑄙𑄚𑄴] - বি. অপরাহ্ন কাল।

বেসুনজুক/বেসুজ্জুক [𑄝𑄬𑄥𑄪𑄚𑄴𑄎𑄪𑄇𑄴 /𑄝𑄬𑄥𑄪𑄎𑄴𑄎𑄪𑄇𑄴] -বিণ. অস্বস্তিজনক; অসুবিধাজনক।

বৈঝাক/বোইঝাক [𑄝𑄰𑄏𑄇𑄴/𑄝𑄮𑄃𑄨𑄏𑄇𑄴] - বি. বৈশাখ।

বৈঝাক্যাজু [𑄝𑄰𑄏𑄇𑄳𑄡𑄎𑄪] - বি. বেশ সুযোগ।

বো/বউ [𑄝𑄯] - বি. বধূ; বউ; বৌ; কনে।

বোইল্যাগুখি, বোগিলাগুখি [𑄝𑄮𑄃𑄨𑄣𑄳𑄠𑄉𑄪𑄈𑄨 / 𑄝𑄮'𑄣𑄳𑄠𑄉𑄪𑄈𑄨, 𑄝𑄮𑄉𑄨𑄣𑄉𑄪𑄈𑄨 ] - বি. চাকমাদের গোত্রবিশেষ

**বোগোলিক, বগলিক** [𑄝𑄮𑄉𑄮𑄣𑄨𑄇𑄴] - বি. কলাগাছের কান্ডস্থ সারাংশ (মোচা); খোড় ।

**বোর্গি, বর্গী** [𑄝𑄮𑄢𑄴𑄉𑄨, 𑄝𑄮𑄢𑄴𑄉𑄩] - বি. মোটা সুতায় ঐতিহ্যবাহী কোমরতাঁতে বোনা চাদরবিশেষ ।

**বোচ্চি** [𑄝𑄮𑄌𑄴𑄌𑄨 ] - বি. বর্চি ।

**বোত** [ 𑄝𑄮𑄖𑄴 ] - বি, বিণ; বোট । { < পোস্ত }

**বোত্রিচ** [ 𑄝𑄮𑄖𑄳𑄢𑄨𑄌𑄴] - বি, বিণ. বত্রিশ ।

**বোত্যা** [𑄝𑄮𑄖𑄳𑄠 ] - ক্রি. বিণ. পাকানোকৃত; প্যাচানোকৃত ।

**বোদু , বুদু , বুদ্ধু** [ 𑄝𑄮𑄘𑄪, 𑄝𑄪𑄘𑄪, 𑄝𑄪𑄘𑄳𑄙𑄪 ] - বি. বোঁটা ।

**বোন্দুক** [ 𑄝𑄮𑄚𑄴𑄘𑄪𑄇𑄴 ] - বি. বন্দুক ।

**বোমাং/বোমাঙ/পোমাঙ** [𑄝𑄮𑄟𑄁/𑄝𑄮𑄟𑄋𑄴/𑄛𑄮𑄟𑄋𑄴] - বি. বান্দরবানের মারমা প্রধান । {শানজাতীয় লোকদের মধ্যেও প্রচলিত পদবিশেষ *পোমাঙ* ।}

**বোমাংরাজা/বোমাঙরাজা** [𑄝𑄮𑄟𑄁𑄢𑄎, 𑄝𑄮𑄟𑄋𑄴𑄢𑄎] - **বি. বোমাং রাজা/** বোমাঙরাজা ।{পার্বত্য চট্টগ্রামের দক্ষিণাংশে বোমাঙ/বোমাং সার্কেল-এর রাজা/চীফ । অতীতে ইংরেজদের লেখায় এই নামের বানান *Bohmong* কখনও কখনও *Pomang* (পোমাং) রূপেও লিখিত হয়েছিল ।}

**বোমাংরানি/বোমাঙরানি** [𑄝𑄮𑄟𑄁𑄢𑄚𑄨, 𑄝𑄮𑄟𑄋𑄴𑄢𑄚𑄨 ] - বি. বোমাংরানি/বোমাঙরানি ।

**বোমু** [𑄝𑄮𑄟𑄪 ] - বি. বমু । বান্দরবান জেলার একটি মৌজা (নং ৩০০) ও ঐ নামের নদী

**বোরগি, বোর্গি** [𑄝𑄮𑄢𑄴𑄉𑄨] - বি. কোমরতাঁত দিয়ে বোনা চাদরবিশেষ ।

**বোরি** [𑄝𑄮𑄢𑄨] - বি. বড়ি; বটিকা ।

**বোরুনি, বরুনি** [𑄝𑄮𑄢𑄪𑄚𑄨 ] - বি. এক জাতীয় ছোট পাখি ।

**বোরোই** [𑄝𑄮𑄢𑄮𑄃𑄨] - বি. বরই; বদরী ফল; কুল ।

**বোর্বুয়া, বোরুয়া** [𑄝𑄮𑄢𑄴𑄝𑄪 ] - বি. চট্টগ্রাম ও কক্সবাজার জেলায় বসবাসকারী বৌদ্ধধর্মাবলম্বী বড়ুয়া সম্প্রদায় বিশেষ ।

**বোর্বুয়াগঝা/বর্বুয়াগঝা** [𑄝𑄮𑄢𑄴𑄝𑄪-𑄉𑄏 ] - বি. চাকমাদের সামাজিক দলবিশেষ । {পঞ্চদশ ও ষোড়শ শতকে ত্রিপুরার ফা-বংশীয় রাজন্য কর্তৃক চট্টগ্রাম অঞ্চলে নিযুক্ত তিন হাজারী সৈন্যের অধিনায়কের পদ । রাজমালা: শ্রী ধন্যমানিক্য রাজা তদবধি সেনা। । বড়ুয়া পদবী খ্যাতি করিল রচনা ।}

**বোলি, বলী** [𑄝𑄮𑄣𑄨, 𑄝𑄮𑄣𑄩 ] - বি. বলী; কুস্তিগীর ।

~ **খারা** [𑄝𑄮𑄣𑄨𑄈𑄢 ] - বি. কুস্তি । বিণ. বলশালী; উর্বর ।

**ব্যাং/ব্যাঙ** [ 𑄝𑄳𑄠𑄁 /𑄝𑄳𑄠𑄋𑄴] - বি. ঐতিহ্যবাহী চাকমা কোমর তাঁতের সুতা ঘনানোর সোর্ড জাতীয় জিনিস ।

# ভ [ 𑄞𑄧 ]

**ভ [𑄞𑄧]** - অবস্থা । (যেমন, ভ-জুদা = অবস্থা বেগতিক, অন্য রকম পরিস্থিতি ।)

**ভং, ভঙ [𑄞𑄧𑄁, 𑄞𑄧𑄋𑄴 ]** - বি. ভ্রু । বিণ. পশুপাখি ঝাক বা দলের ভীত হয়ে **ছত্রভংগ** হওয়া

**ভক্কাই [𑄞𑄧𑄇𑄳𑄇𑄭/𑄞𑄧𑄇𑄳𑄇𑄭 ]** - অব্য. শিশুকে মজা করার সময় উচ্চারিত শব্দ ।

**ভক্কাত [𑄞𑄧𑄇𑄳𑄇𑄖𑄴 ]** - অব্য. বাটি ইত্যাদির উল্টানোর শব্দ ।

**ভগা [𑄞𑄧𑄉]** - বি. বান্দরবান জেলায় রুমা উপজেলায় পাহাড়চূড়ায় অবস্থিত বিখ্যাত প্রাকৃতিক হ্রদ ।

**ভগাবেঙ [𑄞𑄧𑄉𑄝𑄬𑄋𑄴/𑄞𑄧𑄉𑄝𑄬𑄁]** - বি. সোনাব্যাঙ; কোলাব্যাঙ ।

**ভগাবেঙ, ভবাবেঙ [𑄞𑄧𑄉𑄝𑄬𑄋𑄴, 𑄞𑄧𑄝𑄝𑄬𑄋𑄴 ]** - বি. সোনাব্যাঙ; কলাব্যাঙ ।

**ভঙরা [𑄞𑄧𑄋𑄧𑄢 ]** বি. ভোমরা; ভ্রমর ।

**ভঙানা [𑄞𑄧𑄋𑄚 ]**- ক্রি. ১ পাখিদের ঘুরে ঘুরে উড়া । ২. এখানে সেখানে ঘোরাফেরা করা ।

**ভচযানা [𑄞𑄧𑄌𑄴𑄡𑄚]** - ক্রি. ভস্ম হওয়া ।

**ভজা [𑄞𑄧𑄎] - বি. ভোঁজ, অকেজো । যেমন - ভজা বিলেই ।**

**ভজাচোল [𑄞𑄧𑄎𑄌𑄮𑄣𑄴] - বি. বিশেষ ধরনের চাউল । (দৈনন্দিন খাবার জন্য ব্যবহৃত চাউল । বিপরীত- বিনি চাউল)**

**ভজুদা [𑄞𑄧𑄎𑄪𑄘] - বিণ. বেগতিক ।**

**ভঝমান, ভঝান [𑄞𑄧𑄏𑄟𑄚𑄴, 𑄞𑄧𑄏𑄚𑄴]** - বিণ. বিপুল পরিমাণ, অনেক পরিমাণ ।

**ভত্তা [𑄞𑄧𑄖𑄳𑄖]** - বি. ভর্তা ।

**ভদভদানা [𑄞𑄧𑄘𑄴𑄞𑄧𑄘𑄚]** - ক্রি. বকর বকর করা ।

**ভদঙ, ভদং [𑄞𑄧𑄘𑄧𑄋𑄴, 𑄞𑄧𑄘𑄧𑄁 ]** - বি. বড় আকৃতির বাঁশের তৈরি একপ্রকার হুঁকা ।
{তুলনীয় মার্মা: চিবিদং }

**ভদরাবাচ, ভদরাবাস [ 𑄞𑄧𑄘𑄧𑄢𑄝𑄌𑄴, 𑄞𑄧𑄘𑄧𑄢𑄝𑄥𑄴 ]** - বি.ঝিনঝিনে গন্ধ; বোঁটকা গন্ধ । (সাধারনত ছাগল থেকে যে গন্ধ বের হয়)

**ভঁদা, ভধা [𑄞𑄧𑄀𑄘, 𑄞𑄧𑄙]** - বিণ. ১. ভোঁতা । ২. খাঁদা ।

**ভদানা [𑄞𑄧𑄘𑄚]** - ক্রি. আঙুলের সাহায্যে খামচি দেওয়া ।

**ভনভনানা [𑄞𑄧𑄚𑄴𑄞𑄧𑄚𑄚]** ক্রি. বিণ. মাছি ইত্যাদি পতঙ্গের ভনভন করে ওড়াওড়ি করা ।

**ভনা, ভনাহ্ [𑄞𑄧𑄚, 𑄞𑄧𑄚𑄦𑄴 ]**- বিণ.বড় আকৃতিবিশিষ্ট (কোনো কোনো মাছ জাতীয় প্রাণীর ক্ষেত্রে প্রযোজ্য) ।

**ভ - ভ [ 𑄞𑄧-𑄞𑄧]** - ক্রি.বিণ. সতর্কতার সাথে । ২. সভয়ে ।

**ভরন [𑄞𑄧𑄢𑄚𑄴]** - বিণ. পূর্ণ; ভরা ।

**ভরাতভুরুত [𑄞𑄧𑄢𑄖𑄴𑄞𑄪𑄢𑄪𑄖𑄴 ]** - অব্য. দরজা, বেড়া এ জাতীয় গাছবাঁশের জিনিসপাতি পতনের শব্দ। (ধ্বন্যা)

**ভরানা [𑄞𑄧𑄢𑄚]** - ক্রি. পূর্ণ করা। ২. ঢুকানো।

**ভরাত [𑄞𑄧𑄢𑄖𑄴]** - অব্য.তক্তা, বেড়া জাতীয় জিনিসের পতনের শব্দ। (ধ্বন্যা)

**ভলক্সা [𑄞𑄧𑄣𑄇𑄴𑄥 ]** - বিণ. মোটাসোট ; মেদবহুল ( দেহের ক্ষেতে প্রযোজ্য।।

**ভলা,ভুলা [ 𑄞𑄧𑄣 ]** - বিণ, বোকা।

**ভাইনা [𑄞𑄃𑄨𑄚/𑄞𑄨𑄚 ]** - বি. ভাগিনা (বোনের ছেলে) ।

**ভাইনি [𑄞𑄃𑄨𑄚𑄨/𑄞𑄨𑄚𑄨 ]** - বি. ভাগিনী (বোনের মেয়ে) ।

**ভাং [𑄞𑄁, 𑄞𑄋𑄴]** - বি. ভাং।

**ভাক্তামু [𑄞𑄇𑄴𑄖𑄟𑄪]** - বি. বড় ও চ্যাপ্টাকৃতি মুখমন্ডল।

**ভাগ [𑄞𑄉𑄴]** - বি. ভাগ।

**ভাগযুগ [𑄞𑄉𑄎𑄪𑄉𑄴]** - ক্রি. বিণ. ভাগাভাগি করে।

**ভাগা [𑄞𑄉]** - বি. ভাগকৃত অংশ। যেমন, দ্বভাগা - দু'ভাগ করা হয়েছে এমন।

**ভাগিনা [𑄞𑄉𑄨𑄚]** - বি. ভাগিনা ( বোনের ছেলে) ।

**ভাগিনি [𑄞𑄉𑄨𑄚𑄨 ]** - বি. ভাগিনী ( বোনের মেয়ে) ।

**ভাগুদানা [𑄞𑄉𑄘𑄚]** - ক্রি. আঁচড় মারা; নখ দিয়ে খামচে ধরা।

**ভাগ্য [𑄞𑄉𑄳𑄡]** - বিণ. ভাগ্য।

**ভাগ্যত্যা [𑄞𑄉𑄳𑄡𑄖𑄳𑄡 ]** - বিণ. ভাগ্যবান; ভাগ্যবতী।

**ভাঘতভাগত [𑄞𑄊𑄖𑄴𑄞𑄊𑄖𑄴 ]** - ক্রি. বিণ. গপাগপ (খাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য)।

**ভাঙা [𑄞𑄋]** - বিণ. ভাঙ্গা।

**ভাঙানা [𑄞𑄋𑄚]** - ক্রি.ভাঙ্গা; ভাঙ্গানো।

**ভাচ [𑄞𑄌𑄴]** - বি.১. ভাষা ।২. ভাজ। বিণ. বন্ধ্যা।

**ভাচ্ছুরি, বাচ্ছুরি [𑄞𑄌𑄴𑄍𑄪𑄢𑄨, 𑄝𑄌𑄴𑄍𑄪𑄢𑄨 ]** - বি. বাঁশকোড়ল।

**ভাচ্যতছারা, ভাঝ্যতছারা [𑄞𑄌𑄳𑄡𑄖𑄴𑄍𑄢, 𑄞𑄏𑄳𑄡𑄖𑄴𑄍𑄢]** - বিণ. অপদার্থ; হাবা; গোবেচারা

**ভাজ, ভাচ [𑄞𑄎𑄴, 𑄞𑄌𑄴]** -বি. ভাজ। বিণ. বন্ধ্যা; ভাঁজা।

**ভাজা [𑄞𑄎]** - বিণ. তেলে ভাজা।

**ভাঝানা [𑄞𑄏𑄚]** - বিণ. ভাসা।

**ভাঝাভাঝা [𑄞𑄏𑄞𑄏]** - ক্রি.বিণ. ভাসাভাসা।

**ভাঝাবেঙ** [𑄞𑄏𑄝𑄬𑄋𑄴] - বি. সারাক্ষণপ্রায় ভেসে ভেসে পানিতে থাকে এমন একজাতীয় ছোট ব্যাঙ।

**ভাঝোন্যা, ভাঝন্যা** [𑄞𑄏𑄮𑄚𑄳𑄠] - বিণ. নৌকায় করে যে বা যারা ঘাটে ঘাটে সওদা করে।

~ বেয়ারি [𑄞𑄏𑄮𑄚𑄳𑄠𑄝𑄬𑄠𑄢𑄨] - বি. বিগত শতকের ৫০-এর দশক পর্যন্ত যে সকল চট্টগ্রাম অঞ্চলের বাঙ্গালী ব্যাপারীরা নৌকায় করে ঘাটে ঘাটে পশরা নিয়ে বেচাকেনা করতো তারা এই নামে পরিচিত ছিল।

**ভাঝোন্যা-ওআ / বাঝোন্যা-ওয়া** [𑄞𑄏𑄮𑄚𑄳𑄠 - 0] - বি. চাকমা ঐতিহ্যবাহী অঝাপাঠ-এর ২৯তম বর্ণ বা হরফ।

**ভাঙনি, ভঙোনি** [𑄞𑄋𑄴𑄚𑄨, 𑄞𑄋𑄮𑄚𑄨] - বি. ভাংচি; ভাঙচি।

**ভাত** [𑄞𑄖𑄴] - বি. ভাত।

**ভাতজরা** [𑄞𑄖𑄴𑄎𑄧𑄢] - বি. মুষ্টি পাকিয়ে দেলাকৃত করা দুই মুষ্টিভাত। উভগীত -দিলু ভাতজরা গম্ভারে, মহ্লে মুরিবং সমারে।

**ভাতজরাফুল** [𑄞𑄖𑄴𑄎𑄧𑄢𑄜𑄪𑄣𑄴] -বি. গুচ্ছগুচছ হয়ে ফুটে এমন সাদারঙের একজাতীয় বন্যফুল।

**ভাতপঝা** [𑄞𑄖𑄴𑄛𑄧𑄏] - বি. গলগ্রহ।

**ভাতমজা** [𑄞𑄖𑄴𑄟𑄧𑄎] - বি. ১. কলাপাতায় মোড়ানো ভাত-তরকারি। ২. কলাপাতায় মুড়িয়ে প্রসূতিকে প্রদত্ত ভাত তরকারি; ঐ উদ্দেশ্যে টিফিন ক্যারিয়ারে প্রসূতিকে প্রদত্ত ভাত-তরকারি।

**ভাত্তুয়া** [𑄞𑄖𑄴𑄖𑄪𑄠] - বিণ. ভেতো।

**ভাত্তুয়াবামন** [𑄞𑄖𑄴𑄖𑄪𑄠𑄝𑄟𑄧𑄚𑄴] - বি. ভট্টব্রাহ্মণ।

**ভাত্তুয়ামনা** [𑄞𑄖𑄴𑄖𑄪𑄠𑄟𑄧𑄚] - বি. ঝুটিওয়ালা একজাতীয় শালিক। ভাত শালিক

**ভাতপাদা** [𑄞𑄖𑄴𑄛𑄘] - বি. গরম ভাতে দিয়ে ভাত সুঘ্রাণযুক্ত করার কাজে ব্যবহৃত হয় এমন একজাতীয় পাতা।

**ভাদ, ভাদমাস** [𑄞𑄘𑄴, 𑄞𑄘𑄴𑄟𑄥𑄴] -বি. ভাদ্রমাস।

**ভাদমাস্যা** [𑄞𑄘𑄴𑄟𑄥𑄳𑄠] -বি. ভাদ্রমাসের।

**ভাদরাত** [𑄞𑄘𑄴𑄢𑄖𑄴] - বি. ভাতের অভাব; দুর্ভিক্ষ। { হিন্দিঃ রুঠা }

**ভাদালি** [𑄞𑄘𑄣𑄨] -বি. ১. একপ্রকার ঘাস; ভাঁটুই। ২. চোরাকাঁটা; love torn.

**ভাদি** [𑄞𑄘𑄨] -বি. মদ চুয়ানো কালে এলকোহল মিশ্রিত বাষ্প স্থানান্তর করার কাজে মধ্যবর্তী অবস্থানে ব্যবহৃত কলসি।

**ভাধি** [𑄞𑄙𑄨] -বি. একজাতীয় গাছ।

ভান্নেই, ভান্যা [𑄞𑄚𑄴𑄚𑄬𑄭, 𑄞𑄚𑄳𑄠] - বি. মন্দ; খারাপ।

ভার [𑄞𑄢𑄴] - বি. ভাড় (ওজন); (অর্ধ গোলাকৃতি মাটির তৈরি) বড় আকারের পাত্রবিশেষ; ভাঁড় ।

**ভারবারি** [𑄞𑄢𑄴𑄝𑄢𑄨] -বি.ঢেঁকির অক্ষদন্ড (যে অক্ষদন্ডের উপর ঢেঁকি উঠানামা করে ।}

**ভারভুয়া** [𑄞𑄢𑄴𑄞𑄪] - বি. একই গোত্র বা বংশের দুজন উপরিস্থ আত্মীয়ের বাড়ির মধ্যবর্তী কোনো স্থানে স্বগোত্রীয় অধস্তন কারোর নির্মিত বাড়ি ।

**ভারানা** [𑄞𑄢𑄚] - ক্রি. ঠকানো; ফাঁকিমারা ।

**ভারাল** [𑄞𑄢𑄣𑄴] - বি.পাকস্থলী ।

**ভার্জ্যাবাচ** [𑄞𑄢𑄴𑄎𑄝𑄌𑄴] - বি. একজাতীয় বড় আকারের বাঁশ ।

**ভালকখন** [𑄞𑄣𑄴𑄇𑄴𑄈𑄚𑄴] - বিণ. অনেকক্ষণ ।

**ভালা** [𑄞𑄣] - বিণ. ভাল । {বাগধারাঃ নেই মোগখুন কানামোক ভালা, সবায় ন পেলে রাজাঝি ভালা ।}

**ভালুক** [𑄞𑄣𑄪𑄇𑄴] - বি. ভল্লুক; ভালুক ।

**ভালুক্কুন, ভালোক্কুন** [𑄞𑄣𑄪𑄇𑄴𑄇𑄪𑄚𑄴/𑄞𑄣𑄪𑄇𑄪𑄚𑄴, 𑄞𑄣𑄮𑄇𑄪𑄚𑄴] - বিণ. অনেক ।{তুলনীয় অসমীয়াঃ ভালেকিনি ।}

**ভালুকদূর** [𑄞𑄣𑄪𑄇𑄴𑄘𑄪𑄢𑄴] - বিণ. বহুদূর ।

**ভালুকবিলোন** [𑄞𑄣𑄪𑄇𑄴𑄝𑄨𑄣𑄮𑄚𑄴] - বিণ. অনেকদিন ।

**ভালেত** [𑄞𑄣𑄬𑄖𑄴] - বি. ১. মঙ্গল; ভালাই । ২. সমৃদ্ধি ।

**ভালেতদিন** [𑄞𑄣𑄬𑄖𑄴𑄘𑄨𑄚𑄴] - বি. সুদিন ।

**ভালেদি** [𑄞𑄣𑄬𑄘𑄨] - বি. সমৃদ্ধি ।

**ভালোক্কানি** [𑄞𑄣𑄪𑄇𑄴𑄇𑄚𑄨] - বিণ. অনেকখানি ।

**ভালোক্কুন** [𑄞𑄣𑄪𑄇𑄴𑄇𑄪𑄚𑄴, 𑄞𑄣𑄮𑄇𑄪𑄚𑄴] - বিণ. অনেক ; বহু ।

**ভালোদ্দুর** [𑄞𑄣𑄪𑄖𑄴𑄘𑄪𑄢𑄴] - বিণ.বহুদূর ।

**ভিঙুর** [𑄞𑄨𑄋𑄪𑄢𑄴] - বি. ১. খঞ্জ ।২. ভীমরুল ।

~**পিলা** [𑄛𑄨𑄣𑄞𑄨𑄋𑄪𑄢] - বি. এক জাতীয় ভীমরুল ।

**ভিচ্চানা, ভিচ্ছানা** [𑄞𑄨𑄌𑄴𑄌𑄚, 𑄞𑄨𑄌𑄴𑄍𑄚] - ক্রি.ধরার জন্য থাবা নাড়া বা ঐ জাতীয় ভঙ্গী করা; আক্রমণের ভঙ্গী করা ।

**ভিজা** [𑄞𑄨𑄎] - বিণ. ভেজা ।

**ভিজানা** [𑄞𑄨𑄎𑄚] - ক্রি. ভিজা; ভিজানো ।

**ভিদা** [𑄞𑄨𑄘] - বি. ভিটা ।

**ভিন্দানা** [𑄞𑄨𑄚𑄴𑄘𑄚] - ক্রি. বিদ্ধ করা ।

**ভিরানা** [𑄞𑄨𑄢𑄚] - ক্রি. ১. ভিরে যাওয়া বা ভিড়ানো । ২. টাইট করে বাঁধা; খিঁচে বাঁধা

**ভিরেচ** [𑄞𑄨𑄢𑄬𑄌𑄴] -বি. ভীমরাজ পাখি ।

~ তেলি [ 𑄖𑄬𑄣𑄨𑄞𑄨𑄢𑄬𑄌𑄴] - বি. ফিঙে ।

~ দভাকাধি [𑄘𑄞𑄇𑄙𑄨𑄞𑄨𑄢𑄬𑄌𑄴 ] -বি. একজাতীয় ভীমরাজ । (racket tailed drongo)

**ভিলভিলানা** [𑄞𑄨𑄣𑄴𑄞𑄨𑄣𑄚] - ক্রি. এদিকে ওদিকে ঘনঘন উঁকিঝুঁকি মারা ।

**ভিলি, ভিলে** [𑄞𑄨𑄣𑄨, 𑄞𑄨𑄣𑄬 ] - অব্য. হয়তো ।

**ভুক** [𑄞𑄪𑄇𑄴 ] - বি. কিল । { **তুলনীয় অসমীয়াঃ ভুকু/কিলভুকু**}

**ভুক্যানা** [𑄞𑄪𑄇𑄳𑄠𑄚 ] - ক্রি.কিল মারা ।

**ভুগানা** [𑄞𑄪𑄉𑄚 ]- ক্রি. ১. কুকুরের ঘেউ ঘেউ করা । ২. রোগ যন্ত্রণা ভোগ করা ।

**ভুচ্ছ** [𑄞𑄪𑄌𑄳𑄍 ] - বিণ.

**ভুচ্ছুয়া** [𑄞𑄪𑄌𑄳𑄍𑄪𑄠 ] - বিণ.গায়ের ভারে উঠতে বসতে শ্লথগতিসম্পন্ন ব্যক্তি ।

**লায়** [𑄣𑄠𑄴] - অব্য. জন্য; লাগি যেমন, তল্লায় = তোমার জন্য। তাল্লায় = তার জন্য; তার লাগি।

**লারমা, লার্মা** [𑄣𑄢𑄴𑄟 ] - বি. চাকমা সমাজের গোত্রবিশেষ।

**লারমা-কঝা, লারমা-গঝা, লার্মা-গঝা** [𑄣𑄢𑄴𑄟𑄇𑄏, 𑄣𑄢𑄴𑄟-𑄉𑄏 ] - বি. চাকমা সমাজের গোত্রবিশেষ।

**লারাচারা** [ 𑄣𑄢𑄌𑄢 ] - ক্রি. নড়াচাড়া।

**লারানা** [ 𑄣𑄢𑄚 ] - ক্রি. ১. নড়ানো; নাড়াচাড়া করা।

**লারি-দেনা** [ 𑄣𑄢𑄨-𑄘𑄬𑄚 ] -ক্রি. নেড়ে দেওয়া; নাড়া।

**লারে** [ 𑄣𑄢𑄬 ] -ক্রি.বিণ. ধীরে; আস্তে।

**লারেই** [ 𑄣𑄢𑄬𑄃𑄨 , 𑄣𑄢𑄭 ] -বি. লড়াই; যুদ্ধ; রণ।

**লালচ** [𑄣𑄣𑄴𑄌] - বি. আগ্রহ। (যেমন, জনশ্রুতিঃ এলে মোইসাং লালচ নেই, ন এলে মোইসাং কেলচ নেই। চল বাপভেই চল যেই, চম্পকনগর ফিরি যেই।)

**লাল্লাপুক** [𑄣𑄣𑄴𑄣𑄛𑄪𑄇𑄴 ] - বি. একজাতীয় জলজ পোকা।

**লাহ্** [𑄣𑄳𑄦] - বি.লাক্ষা; আঠা।

**লাহ্ংরাঙ্যা. হ্লাঙহ্লাঙ্যা** [𑄣𑄳𑄦𑄁𑄣𑄋𑄳𑄠, 𑄣𑄳𑄦𑄋𑄴𑄣𑄋𑄳𑄠 ] -ক্রি.বিণ. সঙ্গীহীন খালি খালি ভাবানুভূতি।

**লাহ্ঙা, হ্লাঙা** [ 𑄣𑄋𑄳𑄦, 𑄣𑄳𑄦𑄋 ] - বি.সুতা পাকিয়ে রাখার যন্ত্র।

**লাহ্দিঘলী, লাহ্দিঘলী** [𑄣𑄳𑄦𑄘𑄨𑄊𑄣𑄩 ] - ক্রি.বিণ.দীর্ঘসূত্রী।

**লাহ্রে** [𑄣𑄳𑄦𑄢𑄬 ] - ক্রি. বিণ. আস্তে; ধীরে।

**লাহ্রেলাহ্রে** [𑄣𑄳𑄦𑄢𑄬 ] - ক্রি.বিণ. ধীরে ধীরে । { তুলনীয় অসমীয়াঃ লাহে লাহে}

**লিং, লিঙ** [ 𑄣𑄨𑄁, 𑄣𑄨𑄋𑄴] -বি.ভগাঙ্কুর।

**লিকলিগানা** [𑄣𑄨𑄇𑄴𑄣𑄨𑄉𑄚] - বিণ. কিলবিল করা।

**লিকলিক্যা** [𑄣𑄨𑄇𑄴𑄣𑄨𑄇𑄳𑄠 ] - বিণ. লিকলিকে।

**লিজু** [𑄣𑄨𑄎𑄪] - বি. লিচু।

**লিত্তিং** [𑄣𑄨𑄖𑄴𑄖𑄨𑄁, 𑄣𑄨𑄖𑄴𑄖𑄨𑄋𑄴 ] - বিণ. ক্ষুদ্র । { ইংরেজী: little}

**লিবানা** [𑄣𑄨𑄝𑄚] - ক্রি. লেপন করা।

**লিমু , লেমু** [𑄣𑄨𑄟𑄪, 𑄣𑄬𑄟𑄪 ] - বি. লেবু।

**লিয়ানা** [𑄣𑄨𑄠𑄚] - ক্রি. লেহন করা।

**লুই, লুঈ** [𑄣𑄪𑄃𑄨/𑄣𑄪𑄃𑄩 , 𑄣𑄪𑄃𑄩] - বি. বাঁশ থেকে তৈরি বেত দিয়ে বোনা ত্রিকোনাকৃতি বিশিষ্ট মাছ ধরার ফাঁদ বিশেষ।

**লুংগি, লুঙ্গি** [𑄣𑄪𑄁𑄉𑄨, 𑄣𑄪𑄋𑄴𑄉𑄨] - বি. লুঙ্গী। { বর্মী, রাখাইন, মারমাঃ লুঙ্গি; লুঞ্জি >}

**লুকদেনা** [𑄣𑄪𑄇𑄴𑄘𑄬𑄚] - ক্রি. অদৃশ্য হওয়া; লুপ্ত হওয়া।

**লুগানা** [𑄣𑄪𑄉𑄚 ] - ক্রি. ১.লুকানো। ২.লুকিয়ে ফেলা। ৩. লুপ্ত হওয়া।

**লুঙানা, লুহ্ঙানা** [𑄣𑄪𑄋𑄚 , 𑄣𑄴𑄦𑄪𑄋𑄚] ক্রি. পৌঁছা।

**লুঙি** [𑄣𑄪𑄋𑄨] - বি. নৌকা ঠেলার কাজে ব্যবহৃত বাঁশ বা দন্ড।

~বাচ [𑄣𑄪𑄋𑄨𑄝𑄌𑄴 ] বি. নৌকা ঠেলার বাঁশ, লগি।

**লুঙিহ্-মারানা** [𑄣𑄪𑄋𑄨𑄦𑄴-𑄟𑄢𑄚] - ক্রি. ছুড়ে ফেলা।

**লুচ্চুয়া** [𑄣𑄪𑄌𑄴𑄌𑄪𑄠𑄴 , 𑄣𑄪𑄌𑄴𑄌𑄪𑄠] - বিণ. তোষামুদে; বেহায়া।

**লুজুরক** [𑄣𑄪𑄎𑄪𑄢𑄇𑄴 ] - ক্রি.চট করে নির্লজ্জ ভাবে (শিশুদের বসার ক্ষেত্রে প্রযোজ্য)।

**লুখাক** [𑄣𑄪𑄈𑄴𑄈𑄇𑄴 ] - বি.ভিক্ষু জীবন ত্যাগী গৃহী।

**লুদানা** [𑄣𑄪𑄘𑄚 ] - ক্রি. লুট করা; লুন্টন করা; ডাকাতি করা।

**লুদি** [𑄣𑄪𑄘𑄨 ] - বি. ১.হাম ।২.লতা।

~ -এ বেরানা [𑄣𑄪𑄘𑄨𑄠𑄬 𑄝𑄬𑄢𑄚] - ক্রি. সাপে কাটা (বনের গভীরে প্রযোজ্য সাংকেতিক ভাষা)।

~ কোজু [𑄇𑄮𑄎𑄪𑄣𑄪𑄘𑄨] -বি. কচুর লতা; কচুলতা।

**লুদুপুদু** [𑄣𑄪𑄘𑄪𑄛𑄪𑄘𑄪] - বিণ. মাখামাখি।

**লুধুং, লুধুঙ** [𑄣𑄪𑄙𑄪𑄁,𑄣𑄪𑄙𑄪𑄋𑄴] - বি. লাউয়ের শুকনা খোল (লবণ রাখার কাজে ব্যবহৃত)।

**লুব, লুভ** [𑄣𑄪𑄝𑄴 , 𑄣𑄪𑄞𑄴 ] - বি. লোভ।

**লুম্পুদেনা** [𑄣𑄪𑄟𑄴𑄛𑄪𑄘𑄬𑄚] - ক্রি. কাউকে ঢালরূপে ব্যবহার করা।

**লুলুংগরানা, লুলুঙগরানা** [𑄣𑄪𑄣𑄪𑄁𑄉𑄢𑄚, 𑄣𑄪𑄣𑄪𑄋𑄴𑄉𑄢𑄚 ] - ক্রি. শিশূকে আদর করা।

**লুয়া, লুআ** [𑄣𑄪𑄠, 𑄣𑄪𑄃] - বি. লৌহ।

**লুর** [𑄣𑄪𑄢𑄴] -বি. খোঁয়াড় (১. শুগরলুর-শূকরের খোঁয়াড়। ২.কুহ্রালুর-মুরগীর খুপড়ি)।

**লুরা** [𑄣𑄪𑄢 ] - বি. মশাল।

**লুরি,লুরী,রুরি** [𑄣𑄪𑄢𑄨, 𑄣𑄪𑄢𑄩, 𑄢𑄪𑄢𑄨 ] -বি.(অধুনা লুপ্তপ্রায়)এক শ্রেণীর বৌদ্ধ পুরোহিত। পালিঃ অরহন্ত (অরহত) > রাহান্দ>} রাঁউলি /রাউলী(আরাকানে ১৬৩০ খ্রিস্টাব্দেও রাঁউলী শব্দটি প্রচলিত ছিল বলে পোর্তুগীজ ফাদার ম্যানরিক লিখেছেন )>}

**লুলাং** [𑄣𑄪𑄣𑄁 ] - বি. লালসা।

**লুলুক** [𑄣𑄪𑄣𑄪𑄇𑄴 ] - বি.১. ছাগলের গলায় ঝুলন্ত গলস্তন। ২. নাকের অলঙ্কার বিশেষ।

**লুহ্ঙানা, লুঙানা, লুহ্মানা** [𑄣𑄴𑄦𑄪𑄋𑄚, 𑄣𑄪𑄋𑄚, 𑄣𑄪𑄟𑄚] - বি. পৌঁছা।

লুহ্ঙিমারানা [𑄣𑄪𑄦𑄳𑄋𑄨𑄟𑄢𑄚] ক্রি. ছড়ে ফেলা।

লুহ্দি, লুধিক [𑄣𑄪𑄦𑄳𑄘𑄨, 𑄣𑄪𑄦𑄳𑄘𑄨𑄇𑄴, 𑄣𑄪𑄙𑄨𑄇𑄴] - বি. লাঠি। { স. লট্‌ঠী >}

লুসাই [𑄣𑄪𑄥𑄭] - বি.১. লুসেই। ২. লুসাই পাহাড় বা মিজোরামের লুসেই, পয়, লাখের, স্কার,থাডোকুকি প্রভৃতি জনগোষ্ঠীর লোক।

লুসেই, কুগি [𑄣𑄪𑄥𑄬𑄭, 𑄇𑄪𑄉𑄨] - বি.১. লুসাই। ২. কুকী (লুসেই, পাংখুয়াঃ লুসেই)।

লেই [𑄣𑄬𑄭/𑄣𑄰] - বি.১. বাঁশ থেকে প্রস্তুতকৃত বেত দিয়ে তৈরি ঝুড়িবিশেষ। ২.আস্কারা (লাই)। { প্রবাদ : লেই কুগুরে বেই উধে।}

লেং, লেঙ [𑄣𑄬𑄁, 𑄣𑄬𑄋𑄴] - বিণ. খোঁড়া।

লেঃ, লে [𑄣𑄬𑄂, 𑄣𑄬] - বি. কর্ণপাত। (যেমন, গম কথায় লেঃ ন গরেস্তে = ভাল কথায় কর্ণপাত করছে না।)

লেঘা [𑄣𑄬𑄊] - বি. লেখা; লিপি।

লেঘানা, লিঘানা [𑄣𑄬𑄊𑄚, 𑄣𑄨𑄊𑄚] - ক্রি. লিখা।

লেঘাপরাহ্ [𑄣𑄬𑄊𑄛𑄢𑄦𑄴] - বি. লেখাপড়া।

লেঙুর, লিঙুর [𑄣𑄬𑄋𑄪𑄢𑄴] বি. লেঙুর ; লেজুর। বিণ. লেজবিশিষ্ট।

~ শতান [𑄥𑄧𑄖𑄚𑄴𑄣𑄬𑄋𑄪𑄢𑄴] - বি.গালি বিশেষ [ তুলনীয়: শয়তানের হাড্ডি; পাজি কোথাকার}

লেঙুরা [𑄣𑄬𑄋𑄪𑄢𑄴] - বি. এক প্রকার গুল্ম বা ছোট জংলী উদ্ভিদ, চোর কাঁটা।

লেচ, লেজ [𑄣𑄬𑄌𑄴, 𑄣𑄬𑄎𑄴] - বি. লেজ।

লেচভরাত-চা , লেজভরাত-চা [𑄣𑄬𑄌𑄴𑄞𑄢𑄖𑄴-𑄌, 𑄣𑄬𑄎𑄴𑄞𑄢𑄖𑄴-𑄌] - বি. চাকমা ঐতিহ্যবাহী অঝাপাঠ-এর ১৪ তম বর্ণ বা হরফ। {এই বর্ণটির লেজ ভিতরের দিকে ঢুকানো বলে।}

লেচ্ছর [𑄣𑄬𑄌𑄴𑄍𑄢𑄴] - বিণ.পায়ের গোড়ালী ঢাকা পড়ে এমন ড্রেস পড়নের ধরন।

লেচ্ছুয়া [𑄣𑄬𑄌𑄴𑄍𑄪𑄠] -বি.১.লালাযুক্ত; লালামিশ্রিত। ২. ঐ জাতীয় কোনো খাদ্যপানীয়।

লেজা [𑄣𑄬𑄎] - বি. ১.পাহাড় বা জুমক্ষেত্রের পাদমূল-যেমন, মুরাহ লেজা=পাহাড়ের পাদমূল। ২. ঘুম বা গানের রেশ ( যেমন, ঝরলেজা= বৃষ্টির রেশ।) ৩. ত্রিলৌহফলক নির্মিত মাছ শিকারের বর্শা।

লেজাশামুক [𑄣𑄬𑄎𑄥𑄟𑄪𑄇𑄴] - বি. এক প্রকার লম্বা লেজওয়ালা শামুক।

লেঞ্জর,লেন্‌জর [𑄣𑄬𑄐𑄴𑄎𑄢𑄴, 𑄣𑄬𑄚𑄴𑄎𑄢𑄴] - বিণ. যে স্ত্রীলোকের অল্পবয়সের ছেলেমেয়ে আছে। ছাপোষা।

লেত্তুয়া [𑄣𑄬𑄖𑄴𑄖𑄪𑄠] - বি. লালা।

লেদা [𑄣𑄬𑄘] -বিণ.কাহিল।

লেদাগুরা [𑄣𑄬𑄘𑄉𑄪𑄢] -বি. দুগ্ধপোষ্য শিশু।

লেদানা [𑄣𑄬𑄘𑄚] - ক্রি. লুটানো।

লেদান্যা [𑄣𑄬𑄘𑄚𑄳𑄠] - বিণ. ঢালু।

লেদাপুক [𑄣𑄬𑄘𑄛𑄪𑄇𑄴] - বি. শূককীট; শুঁয়াপোকা।

লেদাপুয়া [𑄣𑄬𑄘𑄛𑄪𑄠/𑄣𑄬𑄘𑄛𑄪𑄠] -বি.দুগ্ধপোষ্য শিশু।

লেদেরা [𑄣𑄬𑄘𑄬𑄢] -বিণ.লুটিয়ে বা কাথাঁয় শুয়ে থাকার বয়স এমন শিশু।

লেধা [ 𑄣𑄬𑄙] - বিণ. ঢিলা স্বভাবের।

লেনজর, লেঞ্জর [𑄣𑄬𑄚𑄴𑄎𑄧𑄢𑄴, 𑄣𑄬𑄐𑄴𑄎𑄧𑄢𑄴] - বি. ছাপোষা।

লেবর [𑄣𑄬𑄝𑄧𑄢𑄴] - বি.পিঁচুটি।

লেবরানা [𑄣𑄬𑄝𑄧𑄢𑄚] - ক্রি.পিঁচুটি পড়া।

লেবাঙ'ফোর [𑄣𑄬𑄝𑄋𑄴𑄜𑄮𑄢𑄴] - বি. মোরগ বা ঐরূপ পাখির পুচ্ছস্থিত দীর্ঘ পালক।

লেবা-গঝা/লেভা-গঝা [𑄣𑄬𑄝-𑄉𑄧𑄏/𑄣𑄬𑄞-𑄉𑄧𑄏] -বি.চাকমাদের সামাজিক দলবিশেষ

লেবেরাঝেবেরা [ 𑄣𑄬𑄝𑄬𑄢𑄏𑄬𑄝𑄬𑄢] - বিণ. লেপটান; অস্পষ্ট (দৃশ্যের ক্ষেত্রে প্রযোজ্য); ঝাপসা। ২. জড়গ্রস্ত জিহ্বার কারণে অস্পষ্ট।

লেভা [𑄣𑄬𑄞 ] - বিণ. জিহ্বা-জড়তাগ্রস্ত ( ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য)।

লেভাং, লেভাঙ [𑄣𑄬𑄞𑄁, 𑄣𑄬𑄞𑄋𑄴 ]- বি. পাখির বা গিরগিটি জাতীয় সরীসৃপের লেজ বা পিছনের অংশ।

লেভানা [𑄣𑄬𑄞𑄚]- ক্রি. লেলিহান শিখায় গ্রাস করা।

লেভালেভা [𑄣𑄬𑄞𑄣𑄬𑄞]- ক্রি.বিণ. জিহ্বার জড়তার সাথে।

লেমু [𑄣𑄬𑄟𑄪] বি. লেবু।

লেমপেদানা [𑄣𑄬𑄟𑄴-𑄛𑄬𑄘𑄚] - ক্রি. খোশামোদ করা।

লেম্ফ [𑄣𑄬𑄟𑄴𑄛𑄴] - বি. হারিকেন; lamp.

লের [𑄣𑄬𑄢𑄴]- বি.বীর্য।[ সংস্কৃত রেতঃ > ]

লেলমপাদা [𑄣𑄬𑄣𑄧𑄟𑄴𑄛𑄘] - বি. শাকজাতীয় এক প্রকার পাতা।

লে-লে [𑄣𑄬𑄣𑄬] - অব্য. (খাবার দেওয়ার সময়) শূকর ডাকার শব্দ।{ বর্মী,রাখাইন,মারমাঃ *লে* ( = আয় ) >}

লেলেবি/হ্লেহ্লে বি [𑄣𑄬𑄣𑄬𑄝𑄨/𑄦𑄳𑄣𑄬𑄦𑄳𑄣𑄬𑄝𑄨 ] - বি. ট্রিগার।{ পাংখুয়া, বমঃ হ্লেই =তীর}

লেহ্ই, হ্লেই [𑄣𑄬𑄦𑄴𑄃𑄨 / 𑄦𑄳𑄣𑄬𑄃𑄨] -বি.এক প্রকার ধনু।[ তুলনীয় বমঃ হ্লেই=ধনু ] লেহ্বাং, লেভাং, লেভাঙ [𑄣𑄬𑄦𑄴𑄝𑄁 / 𑄣𑄬𑄦𑄴𑄝𑄋𑄴, 𑄣𑄬𑄞𑄁, 𑄣𑄬𑄞𑄋𑄴] -বি.লাঙ্গুল;

~ ফোর [𑄣𑄬𑄞𑄋𑄴𑄜𑄮𑄢𑄴] - বি. মুরগীর পুচ্ছের পালক।

**লেহ্বানা** [𑄣𑄬𑄦𑄴𑄝𑄚] - ক্রি.  লেলিহান শিখা বা আগুন কর্তৃক গ্রাস করা ।

**লো** [ 𑄣𑄮 ]  - বি. রক্ত; লোহু ।

**লোংগুর, লোঙ্গুর** [ 𑄣𑄮𑄁𑄉𑄪𑄢𑄴 , 𑄣𑄮𑄋𑄴𑄉𑄪𑄢𑄴]  - বিণ. থুখুরে ।

**লোক্কো** [𑄣𑄮𑄇𑄴𑄇𑄮 ] -অব্য. কারোর প্রতি প্রিয় সম্বোধন ।

**লোকখি** [ 𑄣𑄮 ]  - বি. মহিলার নাম বিশেষ । ২. সুশীলা মহিলা ।

**লোকখিছোরি** [ 𑄣𑄮𑄇𑄴𑄈𑄨𑄍𑄮𑄢𑄨 ]  - বি. খাগড়াছড়ি জেলার লক্ষ্মীছড়ি নামক উপজেলা, এর  সদর, মৌজাবিশেষ ( নং ৮৯) ও  ঐ নামের নদী । }

**লোগাঙ, লোগাং** [ 𑄣𑄮𑄉𑄋𑄴/ 𑄣𑄮𑄉𑄁 ]  - বি. লোগাঙ নদী । ( খাগড়াছড়ি জেলায় প্রবাহিত চেংগি নদীর একটি উপনদী)  ও ঐ নামের মৌজাবিশেষ ( নং ২৪৪) ।

**লোট্যা, লোত্যা** [ 𑄣𑄮𑄑𑄳𑄡, 𑄣𑄮𑄖𑄳𑄡] -বি. এক প্রকার লম্বাটে নরম জাতীয় সামদ্রিক মাছ  ও এর শুঁটকি ।

**লোবিয়ত, লবিয়ত** [𑄣𑄮𑄝𑄨𑄠𑄧𑄖𑄴]  - বি. আপ্যায়ন ।

**লোর্বুয়া** [𑄣𑄮𑄢𑄴𑄝𑄪𑄠] - বি. যোদ্ধা । বিণ. লড়াকু ।

## শ [𑄥]

**শ, শত** [𑄥, 𑄥𑄖𑄴 ] - বি, বিণ. শত ।

**শঅর** [ 𑄥𑄃𑄧𑄢𑄴] - বি. শহর ।

**শঙ্খ**  [ 𑄥𑄋𑄴𑄈, 𑄥𑄁𑄈] - বি শঙ্খ । {  মারমা: রেগ্রেঞ্‌খ্যঙ /রেগ্রেংখ্যং}

**শঙ্খগাঙ,সাংগুগাঙ** [𑄥𑄋𑄴𑄈𑄉𑄋𑄴, 𑄥𑄁𑄉𑄪𑄉𑄋𑄴] - বি. বান্দরবান ও চট্টগ্রাম জেলায় প্রবাহিত সাংগুনদী) ।{তুলনীয় মারমা:*রেগ্রেংখ্যঙ=স্বচ্ছ* জলের নদী ।পাংখুয়া,লুসাই:*সালুত* (Salut)}

**শঝানা** [𑄥𑄏𑄚 ] - ক্রি.বিণ. শোঁ শোঁ শব্দ করা । (ধ্বন্যা.)

**শন** [𑄥𑄧𑄚𑄴 ] - বি.শন; ছন ।  ]

~ খোলা [𑄥𑄧𑄚𑄴𑄈𑄮𑄣 ] - বি. শনখোলা ।

**শনফুল** [𑄥𑄧𑄚𑄴𑄜𑄪𑄣𑄴] -বি. হলদে রঙের এক জাতীয় ছোট ফুল । {উভাগীতের চরণ: বুয়ারে উরেল শণফুল । ভাবি ন পেলুং কোনো কুল }

**শমক, সমক** [𑄥𑄧𑄟𑄧𑄇𑄴] - বি. শপথ ।

**শলা** [𑄥𑄣 ]  বি. শলাকা ।

~ ঘর [𑄥𑄣𑄊𑄧𑄢𑄴 ] - বি. দেশলাই ।

**শলাশলি** [𑄥𑄣𑄥𑄣𑄨 ] - বি ছোঁ মারামারি ।

**শাওন** [𑄥𑄤𑄮𑄚𑄴] - বি. শ্রাবণ ।

**শাচ, শাস** [ 𑄥𑄌𑄴, 𑄥𑄥𑄴] -বি. শাঁস।

**শামুক** [𑄥𑄟𑄪𑄇𑄴] - বি. শামুক। [স. শম্বুক >  ]

**শারি** [𑄥𑄢𑄨] - বি. শাড়ি।

**শাল** [ 𑄥𑄣𑄴] - বি. ১. দেহে বিদ্ধ কাঁটা বা গাছবাঁশের ক্ষুদ্র টুকরা। ২. শাল কাপড়।

**শালা** [ 𑄥𑄣] - বি. শালা।

**শালি** [𑄥𑄣𑄨 ] - বি.শালী।

**শিং, শিঙ** [𑄥𑄨𑄁, 𑄥𑄨𑄋𑄴 ] - বি. শিং। [ < স. শৃঙ্গ]।

~বলা [𑄥𑄨𑄁𑄝𑄣, 𑄥𑄨𑄋𑄴𑄝𑄣] - বিণ.শিংওয়ালা।

**শিংপুক** [𑄥𑄨𑄁𑄛𑄪𑄇𑄴, 𑄥𑄨𑄋𑄴𑄛𑄪𑄇𑄴] - বিণ] -বি. কালো রঙের শিংওয়ালা এক প্রকার পোকা।

**শিক, শিচ** [𑄥𑄨𑄇𑄴, 𑄥𑄨𑄥𑄴 ] - বি. শিস। খিয়াং

~ [𑄈𑄨𑄠𑄁𑄥𑄨𑄇𑄴] - অব্য. তীব্র স্বরের তীক্ষ্ণধ্বনির শিসবিশেষ।

**শিগল, শিগোল** [𑄥𑄨𑄉𑄣𑄴, 𑄥𑄨𑄉𑄮𑄣𑄴 ] - বি. শিকল।

**শিগারি** [𑄥𑄨𑄉𑄢𑄨 ] - বি. ১.শিকারী। ২. বাজপাখি।

~কুহ্‌রা [𑄥𑄨𑄉𑄢𑄨𑄇𑄪𑄦𑄳𑄢 ] - বি. শিকারী মোরগ।

**শিঙ, শিঙমাচ** [𑄥𑄨𑄋𑄴, 𑄥𑄨𑄋𑄴𑄟𑄌𑄴] - বি. শিঙ্গিমাছ, শিঙিমাছ। [ স. শৃঙ্গী ]।

**শিঙা** [𑄥𑄨𑄋] - বি. শিঙ্গা । [ স. শৃঙ্গী ]।

**শিঙাল** [𑄥𑄨𑄋𑄣𑄴] - বি. শিংওয়ালা হরিণ; পুরুষ হরিণ।

**শিঙোর, শিঙর** [𑄥𑄨𑄋𑄮𑄢𑄴, 𑄥𑄨𑄋𑄬𑄢𑄴] - বি. শিকড়; গাছের মূল।

**শিচ্ছানা** [𑄥𑄨𑄌𑄴𑄍𑄚] - ক্রি. মুখ থেকে শিষধ্বনি বের করা বা হওয়া।

**শিজি** [ 𑄥𑄨𑄎𑄨 ] - বি. পেত্নী। { বর্মী / রাখাইন / মারমাঃ সিজি = ভূত }

**শিঝিরি** [ 𑄥𑄨𑄏𑄨𑄢𑄨] - বি. শিশি।

**শিধান** [𑄥𑄨𑄙𑄚𑄴] - বি. ১. শিথান। ২.মাচাং ঘরের পিছনের বেড়ার দিক।

**শিবঙ, শিবং** [𑄥𑄨𑄝𑄋𑄴, 𑄥𑄨𑄝𑄁 ] - বি. বয়ন কাজে ব্যবহৃত হাড়ের তৈরি কাঁটা বিশেষ।

**শিয়াল** [𑄥𑄨𑄠𑄣𑄴 ] - বি. শিয়াল ; শৃগাল ।

**শিয়ালিনি** [𑄥𑄨𑄠𑄣𑄨𑄚𑄨 ] - বি. স্ত্রী শিয়াল।

**শিয়ালদাই-লুই** [𑄥𑄨𑄠𑄣𑄴𑄘𑄭𑄣𑄪𑄭] - বি. রাঙামাটি জেলার একটি ছোট নদীর নাম।
{পাংখুয়া, লুসাইঃ *শিয়াল* (= গয়াল )+ *দাই* (=কাটা)+ *লুই* = নদী ।}

**শিয়ালবুক্যা** [𑄥𑄨𑄠𑄣𑄴𑄝𑄪𑄇𑄳𑄡 ] - বি. বেতবুনিয়া। [ শিয়ালবুক্যা-রাঙামাটি জেলার কলমপতি উপজেলার একটি স্থানের নাম। পাংখুয়া, লুসাইঃ *সিয়ালবুক* = গয়ালের খোঁয়ার। সিয়াল (Sial) = গয়াল। *বোক* (*Búk*) = খোঁয়াড়]।

**শিরা** [ 𑄥𑄨𑄢] - বি.শিরা।

~ খুল [𑄥𑄨𑄢𑄈𑄪𑄣𑄴 ] - বি. মাথার খুলি।

**শিরি** [ 𑄥𑄨𑄢𑄨] - বি. চেহারাসুরত (শ্রী)।

**শিল** [𑄥𑄨𑄣𑄴 ] - বি. ১.পাথর, শিলা। ২. বৌদ্ধধর্মীয় পঞ্চশীল, অষ্টশীল ও দশশীল।

**শিলক** [𑄥𑄨𑄣𑄧𑄇𑄴] - বি.শিলক ।{ {< *শিয়াল* = গয়াল+ *লক* = নদী অর্থে }

**শিলচাদারা** [𑄥𑄨𑄣𑄴𑄌𑄘𑄢] - শিলাময় তলদেশ।

**শুওর** [ 𑄥𑄪𑄅𑄢𑄴, 𑄥𑄪𑄃𑄮𑄢𑄴 ] - বি. শুকর।

**শুওল, সুওল** [ 𑄥𑄪𑄅𑄣𑄴, 𑄥𑄪𑄃𑄮𑄣𑄴] - বি.সওয়াল; সুওয়াল।

**শুওল, শুওলমাচ** [ 𑄥𑄪𑄅𑄣𑄴, 𑄥𑄪𑄃𑄮𑄣𑄴𑄟𑄌𑄴 ] - বি.এক জাতীয় মাছ।

**শিলা** [ 𑄥𑄨𑄣 ] - বি. শীল (বৌদ্ধধর্মীয় পঞ্চশীল, অষ্টশীল ও দশশীল )।

**শুওরমাচ** [𑄥𑄪𑄅𑄢𑄧𑄟𑄌𑄴 ,𑄥𑄪𑄃𑄮𑄢𑄧𑄟𑄌𑄴] - বি. ডলফিন জাতীয় জলজপ্রাণী বিশেষ; শুশুক।

**শুওল, শুয়োল** [𑄥𑄪𑄅𑄣𑄴,𑄥𑄪𑄃𑄮𑄣𑄴, 𑄥𑄪𑄠𑄮𑄣𑄴] - বি. ১. তর্ক। ২.সওয়াল (জেরা) ।

**শুক্করবার** [𑄥𑄪𑄇𑄴𑄇𑄧𑄢𑄴𑄝𑄢𑄴/ 𑄥𑄪𑄇𑄴𑄢𑄴𑄝𑄢𑄴 ] - বি. শুক্রবার।

**শুগর, শুওর** [𑄥𑄪𑄉𑄧𑄢𑄴 , 𑄥𑄪𑄃𑄮𑄢𑄴 ] - বি. শুকর।

~ বরাহ্ [𑄝𑄢𑄦𑄴𑄥𑄪𑄉𑄧𑄢𑄴]] একজাতীয় ছোট আকৃতির শূকর ।{ < বরাহ }

**শুগরছোরি** [𑄥𑄪𑄉𑄧𑄢𑄴𑄍𑄮𑄢𑄨] - বি.-শুকরছড়ি-[ রাঙামাটি জেলার ১১০নং মৌজা ও ঐ নামের গ্রাম।

**শুগরপিরাহ্** [𑄥𑄪𑄉𑄧𑄢𑄴𑄛𑄨𑄢𑄦𑄴] - বি. Mumps.

**শুগানা-** [𑄥𑄪𑄉𑄚] - ক্রি. শুকানো।

**শুগুনি** [𑄥𑄪𑄉𑄪𑄚𑄨] - ক্রি. শুঁটকি।

**শুগুনো** [𑄥𑄪𑄉𑄪𑄚𑄮] - বিণ. শুকনো।

**শুগুরিশাক, শুউরিশাক** [𑄥𑄪𑄉𑄪𑄢𑄨𑄥𑄇𑄴, 𑄥𑄪𑄅𑄢𑄨𑄥𑄇𑄴 ] - বি.মিষ্টিকুমড়া লতার শাক।

**শুনানা-** [𑄥𑄪𑄚𑄚] - ক্রি. শুনা ; শ্রবণ করা।

**শুনাশুনি-** [𑄥𑄪𑄚𑄥𑄪𑄚𑄨] - ক্রিঃ বি. শোনাশুনি।

**শুমি, সুমি** [𑄥𑄪𑄟𑄨 ] - বি. শিম, বরবটি।

**শুয়া** (𑄥𑄪𑄠, 𑄥𑄪) - বি. মুরগী তাড়ানোর কাজে ব্যবহৃত বাঁশের ছোট কঞ্চি।

**শুলানা-** [𑄥𑄪𑄣𑄚] - ক্রি. শূলবেদনা অনুভব করা বা অনুভূত হওয়া।

**শেল** [𑄥𑄬𑄣𑄴 ]-বি. তীর; শেল।

~ বোন্দুক [𑄥𑄬𑄣𑄴𑄝𑄮𑄚𑄴𑄘𑄪𑄇𑄴 ] - বি.তীর ছোড়ার বন্দুক; Cross bow.

শোগোন, শোগুন, সোগোন [𑄥𑄮𑄉𑄮𑄚𑄴, 𑄥𑄮𑄉𑄪𑄚𑄴] -বি. শকুন।{< পালিঃ সকুনো= পাখি}

শোনিবার [𑄥𑄧𑄚𑄨𑄝𑄢𑄴] - বি. শনিবার।
শোত্তুর [𑄥𑄧𑄖𑄴𑄖𑄪𑄢𑄴 𑄥𑄧𑄖𑄳𑄖𑄪𑄢𑄴 ] -বি. শত্রু।
শোর [𑄥𑄧𑄢𑄴] -বি. শ্বশুর। শোগুন, সোগুন।
শোরি [𑄥𑄧𑄢𑄨] -বি. শাশুড়ি।

## স [𑄥]

**স, ছ** [ 𑄥, 𑄍 ] - বি. বাচ্চা; ছানা।
**সং, সঙ** [𑄥𑄁, 𑄥𑄋𑄴] - বিণ. সমান; সম ।
~ গুল্যা [𑄥𑄁𑄉𑄪𑄣𑄳𑄠, 𑄥𑄋𑄴𑄉𑄪𑄣𑄳𑄠 ] - বি. সমান আকৃতিবিশিষ্ট।
~ জাগা [𑄥𑄁𑄎𑄉, 𑄥𑄋𑄴𑄎𑄉 ] - বি. সমতল স্থান।
~ পরানা [𑄥𑄁𑄛𑄢𑄚] - বি. সমভাবাপন্ন সঙ্গী হওয়া।
~ বল্যা [𑄥𑄁𑄝𑄣𑄳𑄠 , 𑄥𑄋𑄴𑄝𑄣𑄳𑄠 ] - বি. সমান বলশালী; একই রকম স্বাস্থ্য ও দৈহিক শক্তি নিয়ে উঠতি বয়সের অধিকারী।
~ ভাগ [𑄥𑄁𑄞𑄉𑄴,𑄥𑄋𑄴𑄞𑄉𑄴] -বি. সমান ভাগে ভাগ।
~ ভাগা [𑄥𑄁𑄞𑄉, 𑄥𑄋𑄴𑄞𑄉] - বি. সমান ভাগের অংশ।
**সংসমার্জ্যা** [𑄥𑄁𑄥𑄟𑄢𑄴𑄎𑄳𑄠] - বিণ.সঙ্গীসাথী।
**সংঘ, চংগ** [𑄥𑄁𑄊, 𑄥𑄋𑄴𑄊] - বি. বৌদ্ধভিক্ষুদের ৫ সদস্যবিশিষ্ট সংঘ।
**সংঘর** [𑄥𑄁𑄊𑄢𑄴] - বি.মূলঘরের সংলগ্ন সম্মুখে বা পার্শ্বে অপর একটি ঘর।
**সক** [𑄥𑄇𑄴] - বি. বিশেষ কোনো খাদ্যের প্রতি অস্বস্তি বোধ।
**সকজুর** [𑄥𑄇𑄴𑄎𑄪𑄢𑄴] - বি. শঙ্খচূড়।
**সঙর** [𑄥𑄋𑄧𑄢𑄴] -বি.ভূট্টার আবরণের নিচে থাকা অভ্যন্তরস্থ তন্তু জাতীয় জিনিস।
**সচ** [𑄥𑄌𑄴] - বিণ. ১. ঢিলা। ২.সহজ ।
**সচতা** [𑄥𑄌𑄴𑄖] - বিণ. সস্তা।
**সজপদর** [𑄥𑄎𑄴𑄛𑄘𑄢𑄴] - বি. কোমরতাঁতের সাজসরজ্ঞাম।
**সজাক** [𑄥𑄎𑄇𑄴] - বিণ. ১.সজাগ ; জাগ্রত। ২.সতর্ক।
**সঝানা** [𑄥𑄏𑄚] -ক্রি.১.বাতাসের শোঁ শোঁ শব্দ করা। ২.সর্পের ফোসফাস শব্দ করা।
**সতর, সদর** [𑄥𑄖𑄧𑄢𑄴, 𑄥𑄘𑄧𑄢𑄴] - বি,বিণ. সতের।
**সতসত** [𑄥𑄖𑄴𑄥𑄖𑄴 ] অব্য.মন্ত্র উচ্চারণের সময় উচ্চারণকৃত শব্দ।{ ? স্বস্তি > }
**সত্তাপাগল** [𑄥𑄖𑄴𑄖𑄛𑄉𑄣𑄴] - বি. ক্ষেপা স্বভাবের পাগল।
**সত্তাপেইক** [𑄥𑄖𑄴𑄖𑄛𑄬𑄭𑄇𑄴 ] - বি. ছাতারপাখি।
**সত্য, সোত্য** [𑄥𑄧𑄖𑄳𑄠 ] - বি. সত্য।

**সত্রং, সত্রঙ, সদরক [𑄥𑄧𑄖𑄳𑄢𑄧𑄁, 𑄥𑄧𑄖𑄳𑄢𑄧𑄋𑄴, 𑄥𑄧𑄘𑄧𑄢𑄧𑄇𑄴 ]** - বি. গাঁদাফুল; মেরিগোল্ড।

**সদর [𑄥𑄧𑄘𑄧𑄢𑄴 ]** - বিণ.১.সহোদর। ২.আপন।

**সদরক, সত্রঙ, সত্রং [𑄥𑄧𑄘𑄧𑄢𑄧𑄇𑄴, 𑄥𑄧𑄖𑄳𑄢𑄧𑄋𑄴, 𑄥𑄧𑄖𑄳𑄢𑄧𑄁 ]** - বি. গাদা ফুলবিশেষ।

**সদাগর [𑄥𑄧𑄘𑄉𑄧𑄢𑄴 ]** - বি. ১. দেবী পরমেশ্বরীর স্বামীদেবতা। ২. সওদাগর।

**সদিন [𑄥𑄧𑄘𑄨𑄚𑄴]** - বি. সতীন; সপত্নী।

**সন [𑄥𑄧𑄚𑄴 ]** - বি. সন। বি. মঘি/মঘী

~ [ 𑄟𑄧𑄉𑄩-𑄥𑄧𑄚𑄴 /𑄟𑄧𑄊𑄩-𑄥𑄧𑄚𑄴 ] - বি. বর্মী ও রাখাইন সন। (সাধারণত এর সাথে ৬৩৮ যোগ করে খ্রিস্টাব্দ পাওয়া যায়।)

**সনা [𑄥𑄧𑄚]** - বি. সোনা; স্বর্ণ।

~ মুঘী [𑄥𑄧𑄚𑄟𑄪𑄊𑄩 ] - বি. স্বর্ণমুখী (কোনো স্ত্রীলোকের নাম হিসেবে ব্যবহৃত)।

**সনাকান্দিফুল [𑄥𑄧𑄚𑄇𑄚𑄴𑄘𑄨𑄜𑄪𑄣𑄴]** -বি.ছোট আকৃতির সোনাবরণ এক প্রকারের বন্য ফুল

**সনাক্কু [𑄥𑄧𑄚𑄇𑄴𑄇𑄪]** - বি. চাকমা মহিলার নামবিশেষ; সোনার মেয়ে।

**সনাত্তালি [𑄥𑄧𑄚𑄖𑄴𑄖𑄣𑄨]** - বি. মাঝারি আকারের নীলরঙ বিশিষ্ট এক প্রকার পাখি।

**সনাত্তুক [𑄥𑄧𑄚𑄖𑄪𑄇𑄴]** - বি. সোনার মুকুট।

**সনাধন [𑄥𑄧𑄚𑄙𑄧𑄚𑄴]** - বি. চাকমা ছেলের নামবিশেষ।{ সনা+ধন =সনাধন}

**সনাবি [𑄥𑄧𑄚𑄝𑄨]** - বি. মহিলার নামবিশেষ। { সনা+ বি (স্ত্রী প্রত্যয়)=সনাবি}

**স-ন্দ-র-ম-ন্দ-র [𑄥𑄧𑄚𑄴𑄘𑄧𑄢𑄧𑄟𑄧𑄚𑄴𑄘𑄧𑄢𑄧 ]** - বিণ. পাগলাটে; আধাপাগল।

**সপ্পান [𑄥𑄧𑄛𑄴𑄛𑄚𑄴]** - বিণ. সবখান; সবটুকু।

**সবথ [𑄥𑄧𑄝𑄧𑄗𑄴]** - বি. শপথ ।

**সবন [𑄥𑄧𑄝𑄧𑄚𑄴]** - বি. স্বপ্ন; স্বপন।

**সবাই, সবায় [𑄥𑄧𑄝𑄭, 𑄥𑄧𑄝𑄠𑄴 ]** - অব্য. মোটেও।

**সমক [𑄥𑄧𑄟𑄧𑄇𑄴]** - বি. শপথ।

**সমরানা [𑄥𑄧𑄟𑄧𑄢𑄚]** - ক্রি. গুছিয়ে রাখা।

**সমরাসমরি [𑄥𑄧𑄟𑄧𑄢𑄥𑄧𑄟𑄧𑄢𑄨]** - বি. সঙ্গীসাথী মিলে একত্রে।

**সমার [𑄥𑄧𑄟𑄢𑄴]** - বি. সাথী; সঙ্গী।

**সমারি, সমারী [𑄥𑄧𑄟𑄢𑄨, 𑄥𑄧𑄟𑄢𑄩]** = সঙ্গিনী।{ ।+ই/ঈ = সমারি/সমারী = সঙ্গিনী।

**সমানা [𑄥𑄧𑄟𑄚]** - ক্রি. প্রবেশ করা, ২. ঢুকা।

**সমানে [𑄥𑄧𑄟𑄚𑄬]** - বিণ. সর্বদা; সর্বদায়।

**সমার, সমার্জ্যা [𑄥𑄧𑄟𑄢𑄴, 𑄥𑄧𑄟𑄢𑄴𑄎𑄳𑄡 ]** - সঙ্গী ; সাথী।

**স-র [𑄥𑄧𑄢𑄧]** - বি. সরা; মৃৎপাত্রের ঢাকনি। ক্রি. ( তোমরা ) সরে যাও।

**সরদা [𑄥𑄢𑄴𑄘]** - বি.জাঁতি ।২. শুঁড় (যেমন হাতির শুঁড়)।

**সরানা [𑄥𑄢𑄚]** - ক্রি. ১. সরে যাওয়া। ২.সরিয়ে নেওয়া।

**স-র-ব-র [𑄥𑄢𑄝𑄢]** - বিণ.সরোবর বৎ; ভিজে নাজেহাল।

**সরল [𑄥𑄢𑄣𑄴]** - বিণ. সোজা।

**সলং, সলঙ [𑄥𑄣𑄁, 𑄥𑄣𑄋𑄴]** - বি. সাপের খোলস; খোলস।

**সলক [𑄥𑄣𑄇𑄴]** - বি.এক প্রকারের উড়ুক্কু কাঠবিড়ালী।

**সলকদুয়ার [𑄥𑄣𑄇𑄴𑄘𑄪𑄠𑄢𑄴]** - বি. ১.সলক নদীর মোহনা। ২. রাঙামাটি জেলার সুবলং নদীর মোহনার নিকটবর্তী স্থান।

**সলাঘর, শলাঘর [𑄥𑄣𑄊𑄢𑄴]** - বি. দেশলাই।

**সল্লা [𑄥𑄣𑄴𑄣]** - বি. সলাপরামর্শ।

**সসাগর [𑄥𑄥𑄉𑄢𑄴]** - বিণ. অজস্র; অসংখ্য।

**সহ্চ [𑄥𑄦𑄴𑄌𑄴]** - বিণ. ঢিলা; নরম স্বভাববিশিষ্ট ( প্রবাদঃ সহ্চ সহ্চ পেলে হ্যর' খাঙ, দরহ্ পেলে কা-য় ন যাঙ।}।

**সাইচাল [𑄥𑄃𑄨𑄌𑄣𑄴, 𑄥𑄭𑄌𑄣𑄴]** - বি.রাঙামাটি পার্বত্য জেলার সাইচাল নামক একটি মৌজা ( নং ১৬৭) এবং ঐ নামের একটি পর্বত শ্রেণীর নাম। {পাংখুয়া, লুসাইঃ *সাই* = হাতি + *চাল* = পুরুষ/ মর্দা }

**সাং, সাঙ [𑄥𑄁 / 𑄥𑄋𑄴]** - বি. ১.কাপড়ের উপর পড়া এক প্রকার ছত্রাক। ২. হাম।

**সাংখানা, সাঙখানা [𑄥𑄁𑄈𑄚/𑄥𑄋𑄴𑄈𑄚]** - ক্রি. মনে মনে মিল হওয়া।

**সাংসাঙ্যা, সাঙসাঙ্যা [𑄥𑄋𑄴𑄥𑄋𑄳𑄠, 𑄥𑄁𑄥𑄋𑄳𑄠]** - ক্রি.বিণ. ঝরঝরে।

**সাঁচ [𑄥𑄀𑄌𑄴]** -বি. সাঁঝ; সন্ধ্যা।

**সাক্কোন [𑄥𑄇𑄴𑄇𑄮𑄚𑄴 / 𑄥𑄇𑄳𑄇𑄮𑄚𑄴]** - বি. সেগুন; সেগুনগাছ।

**সাকখি [𑄥𑄇𑄴𑄈𑄨]** - বি.সাক্ষী।

**সাক্য, শাক্য [ 𑄥𑄇𑄳𑄠 ]** - বি. শাক্যবংশ, শাক্যবংশ।[ বুদ্ধধর্মের প্রবর্তক গৌতমবুদ্ধ সাক্যবংশে জন্মগ্রহণ করেছিলেন ]।

**সাগর [𑄥𑄉𑄢𑄴]** - বি. সমুদ্র; সাগর ।বিণ. বিস্তর; অনেক ।( যেমন সাগর জিনিচ = অনেক জিনিস)।

**সাগা, ছাগা [𑄥𑄉, 𑄍𑄉]** - বি.মাটিতে বাঁশের একটি টুকরা পুঁতে আড়াআড়ি ভাবে তার উপর আরো একটি বাঁশের টুকরা বেঁধে নতুন জুমের জন্য নির্বাচিত জায়গায় কিংবা সদ্য গজানো ব্যাঙের ছাতা বা বন্য কোন জিনিসের পাশে অধিকার দাবী বিষয়ক প্রদত্ত চিহ্ন। { ত্রিপুরা রাজমালাঃ ছাকা }

**সাগিন [𑄥𑄉𑄨𑄚𑄴]** - বি. সাকিন; ঠিকানা।

**সাগোন [ 𑄥𑄉𑄮𑄚𑄴]** - বি. সাবান ।

**সাঙচফুলু-তারা [𑄥𑄋𑄴𑄌𑄴𑄜𑄪𑄣𑄪-𑄖𑄢]** - বি.চাকমাদের প্রাচীন ধর্মগ্রন্থ *আঘরতারা*-এর একটি *তারা/ত্রা* ।

**সাঙু [𑄥𑄋𑄪]** - বি. মই; মাচাংঘরে ওঠার জন্য ব্যবহৃত গাছ বাঁশের সিঁড়ি বিশেষ ।

**সাঙেত [ 𑄥𑄋𑄬𑄖𑄴]** - বি. সঙ্গদান ।

**সাচ [𑄥𑄌𑄴]** - বি. ১. flesh , যেমন হে্রাসাচ= মাংস বহুল অংশ ।২. ফল বা বীজের সারাংশ, যেমন নারিকুল' সাচ = নারকেলের শাঁ্স] ।

**সাজানা [𑄥𑄎𑄚]** - ক্রি. ১.সাজা; সাজগোছ করা ।২. সাজানো ।

**সাজুরানা, সাঝুরানা [𑄥𑄎𑄪𑄢𑄚, 𑄥𑄏𑄪𑄢𑄚]** - ক্রি. ১ সাঁতার কাটা ।২. রোগব্যাধি সংক্রামিত হওয়া ।

**সাঝ [ 𑄥𑄏𑄴]** - বিণ. সন্ধ্যা ।

**সাঝোন্যা [ 𑄥𑄏𑄮𑄚𑄳𑄠]** - বিণ. সন্ধ্যাকালীন ।

**সাত [𑄥𑄖𑄴]** - বি, বিণ. সাত ; সপ্ত ।

**সাতচোল্লিচ [𑄥𑄖𑄴𑄌𑄮𑄣𑄴𑄣𑄨𑄌𑄴 , 𑄥𑄖𑄴𑄌𑄮𑄣𑄨𑄌𑄴, 𑄥𑄖𑄴𑄌𑄮𑄣𑄴𑄣𑄨𑄥𑄴 ]** -বি, বিণ. সাতচল্লিশ ।

**সাতদিন্যা [ 𑄥𑄖𑄴𑄘𑄨𑄚𑄳𑄠]** - বি. (মৃতের জন্য তার মৃত্যুও সপ্তদিবস পরবর্তী ) শ্রাদ্ধক্রিয়ানুষ্ঠান । বিণ. সপ্ত দিবস ঘটিত ।

**সাতনাল-সুদা [ 𑄥𑄖𑄴𑄚𑄣𑄴-𑄥𑄪𑄘]** -বি. সাতলা্নযুক্ত সুতা ।

~ ছিনানা [𑄥𑄖𑄴𑄚𑄣𑄴𑄥𑄪𑄘-𑄍𑄨𑄚𑄚] - ক্রি. সম্পর্ক ছিন্ন করার উদ্দেশ্যে সাতলাইনযুক্ত সুতার গুচ্ছ ছিন্নকরণ ।

**সাতসোত্তি [𑄥𑄖𑄴𑄥𑄮𑄖𑄴𑄖𑄨, 𑄥𑄖𑄴𑄥𑄮𑄖𑄨 ]** - বি,বিণ.সাতষট্টি ।

**সাতাত্তর, সাদাত্তর [𑄥𑄖𑄖𑄴𑄖𑄧𑄢𑄴, 𑄥𑄖𑄖𑄴𑄖𑄮𑄢𑄴 , 𑄥𑄘𑄖𑄴𑄖𑄧𑄢𑄴 ]** -বি, বিণ. সাতাত্তর ।

**সাতান্ন, সাদান্ন [𑄥𑄖𑄚𑄴𑄚𑄧 / 𑄥𑄖𑄚𑄴𑄚 , 𑄥𑄘𑄚𑄴𑄚𑄧 ]** -বি, বিণ. সাতান্ন ।

**সাতানোব্বোই, সাদানোব্বোই [𑄥𑄖𑄚𑄮𑄝𑄴𑄝𑄮𑄃𑄨 , 𑄥𑄘𑄚𑄮𑄝𑄴𑄝𑄮𑄃𑄨]** -বি, বিণ. সাতানোব্বোই, সাদানোব্বোই ।

**সাতাশি, সাদাঝি [ 𑄥𑄖𑄥𑄨, 𑄥𑄘𑄏𑄨]** - বি, বিণ. সাতাশি ।

**সাত্রিচ [ 𑄥𑄖𑄳𑄢𑄨𑄌𑄴]** - বি, বিণ. সাঁইত্রিশ ।

**সাদাং, সাদাঙ [𑄥𑄘𑄁, 𑄥𑄘𑄋𑄴 ]** - বি. বৌদ্ধধর্মীয় অনুশাসন অনুযায়ী নির্দিষ্ট কোনো তিথিতে শীল পালন অনুষ্ঠান ।

**সাদাঙা [ 𑄥𑄘𑄋]** - বি. সৎ; বৈমাত্রেয় ।

~ ঝি [𑄥𑄘𑄋- 𑄏𑄨] - বি. সৎ কন্যা ।

~ পুয়া [𑄥𑄘𑄋-𑄛𑄪𑄠/𑄛𑄪] - বি. সৎ পুত্র ।

~ বাপ [𑄥𑄖𑄬-𑄝𑄛𑄴] - বি. সৎ পিতা ।

~ ভেই [𑄥𑄖𑄬-𑄝𑄛𑄴] - বি. সৎ পিতা ।

~ ভোন [𑄥𑄖𑄬-𑄞𑄮𑄚𑄴 ] - বি. সৎ বোন ।

~ মা [𑄥𑄖𑄬-𑄟] - বি. সৎমা ।

**সাদারিগাদারি [ 𑄥𑄘𑄢𑄨𑄉𑄘𑄢𑄨]** -বিণ. অখাদ্য কুখাদ্য ।

**সাদেইয়া [ 𑄥𑄘𑄬𑄃𑄨𑄠 , 𑄥𑄘𑄭𑄠 ]** - বিণ. ১.সাদাতে । ২. ফ্যাকাসে ।

**সাদেচ, সাদেইচ [ 𑄥𑄘𑄬𑄌𑄴, 𑄥𑄘𑄭𑄌𑄴 ]** - বি, বিণ. সাঁতাইশ; সাতাশ ।

**সাধেংগিরি-তারা, সাধেংগ্রী [𑄥𑄙𑄬𑄋𑄴𑄉𑄨𑄢𑄨-𑄖𑄢, 𑄥𑄙𑄬𑄋𑄴𑄉𑄳𑄢𑄩]** - বি. চাকমাদের প্রাচীন ধর্মগ্রন্থ আঘরতারা-এর অন্তর্গত এই নামের একটি *তারা /ত্রা* । (এতে সাধেংগিরি /সাধেংগ্রী নামক একজন রাজার সশরীরে স্বর্গারোহণের কাহিনী আছে । শ্মশানে মরদেহ দাহ করার সময় ব্যবহৃত হতো ।

**সান [𑄥𑄚𑄴]** - অব্য. মতন । ( যেমন *তা' সান* = তার মতন / তার মতো ।)

**সানেইফুল [ 𑄥𑄚𑄬𑄃𑄨𑄜𑄪𑄣𑄴, 𑄥𑄚𑄭𑄜𑄪𑄣𑄴 ] - বি.**সানাইয়ের আকৃতিবিশিষ্ট এক প্রকার হলদে রঙের ফুল । সানেংফুলু-তারা [ বি. চাকমাদের প্রাচীন ধর্মগ্রন্থ *আঘরতারা*-এর অন্তর্ভুক্ত একটি *তারা/ত্রা* । পিন্ডদানে ও চন্দ্রাতপ (চান্নুয়া) উৎসর্গকালে পঠিত হতো ।

সান্নিক, সাহ্নিক [ 𑄥𑄚𑄴𑄚𑄨𑄇𑄴 ] - বি. দাঁতের পীড়া (দাঁতশুলানি ) ।

**সান্দাল [ 𑄥𑄚𑄴𑄘𑄣𑄴 ]** - বি.সাঁওতাল; সান্তাল (ভারতের সাঁওতাল পরগনার লোক) ।

**সান্যাপিধা [ 𑄥𑄚𑄴𑄚𑄳𑄠𑄛𑄨𑄙 ]** - বি.চালের গুঁড়ার তৈরি চৌকোনাকৃতি পিঠাবিশেষ ।

~ জু [ 𑄥𑄚𑄴𑄚𑄳𑄠𑄛𑄨𑄙 ] - বি.চাকমা নক্‌শাকাপড় *আলামের* ঐ আকৃতির মোটিফ ।

**সাপ [ 𑄥𑄛𑄴 ]** - বি, সাপ; সর্প ।

**সাপ্তা [𑄥𑄛𑄴𑄖]** - বি. ১.সপ্তাহ । ২. লাঙ্গলচাষে ব্যবহৃত মই ।

**সাপ্যা [ 𑄥𑄛𑄳𑄠 ]** - বি. সহেব । বিণ. সাহেবের ।

**সাবকাঙেল [𑄥𑄝𑄴𑄇𑄋𑄬𑄣𑄴 ]** - বি.১.সর্পের মেরুদন্ড । ২. চাকমা মহিলাদের ঐতিহ্যবাহী নকশাযুক্ত কাপড় *আলামের* সর্পের মেরুদন্ড আকৃতিবিশিষ্ট মোটিফ বিশেষ ।

**সাবারাং [𑄥𑄝𑄢𑄁, 𑄥𑄝𑄢𑄋𑄴]** - বি.তুলসির ন্যায় এক জাতীয় মশলা জাতীয় উদ্ভিদ ।

**সাবালা, ছাবালা [𑄥𑄝𑄣, 𑄍𑄝𑄣 ]** - বি. ছায়লা বা ছায়লী । যে ব্যক্তি বিবাহ অনুষ্ঠানে বরকনের সঙ্গী ও সহকারী হিসেবে মূল অনুষ্ঠানে শুভ্রবস্ত্র দিয়ে তাদেরকে যুক্ত করে ।

সার্বুয়া [𑄥𑄢𑄴𑄝𑄪𑄠] - বি. শেওরা গাছ ।

**সামলক [ 𑄥𑄟𑄴𑄣𑄧𑄇𑄴]** - বি. একজাতীয় ছোট আকারের গিরগিটি ।

**সামা, ছাবা [ 𑄥𑄟, 𑄍𑄝]** - বি. ছায়া ।

সামালানা [ 𑄥𑄟𑄣𑄚] - বি. সামলানো ।

**সাম্পান [𑄥𑄟𑄴𑄛𑄚𑄴]** - বি,সাম্পান; ছাম্পান; বিশেষ ধরনের নৌযান।

**সাম্মুয়া [𑄥𑄟𑄴𑄟𑄪𑄠]** -বি. বেতের তৈরি ক্ষুদ্র পাত্রবিশেষ বা ক্ষুদ্র আধারবিশেষ (যাতে পূর্বে ক্ষুদ্র অলঙ্কার রাখা হতো)।

**সাম্মুয়াউল [𑄥𑄟𑄴𑄟𑄪𑄠𑄃𑄪𑄣𑄴]** -বি.এক প্রকার সুস্বাদু মাশরুম।

**সারাঘর [𑄥𑄢𑄊𑄧𑄢𑄴]** - বি. জনহীন গৃহ।

**সারানা [𑄥𑄢𑄚]** - ক্রি. কাজ চালানো যায় এমন।

**সারাহ্ [𑄥𑄢𑄳𑄦]** - বি. শেষ; সমাপ্ত।

**সারাহ্ঘর্ [𑄥𑄢𑄳𑄦𑄊𑄧𑄢𑄴]** - বি.জনশূন্য গৃহ।

**সারাল্যাচিল [𑄥𑄢𑄣𑄳𑄠𑄌𑄨𑄣𑄴]** - বি.একজাতীয় শিকারি চিল।

**সালাং [ 𑄥𑄣𑄁]** - বি. এক প্রকার মাছ।

**সালাম [ 𑄥𑄣𑄟𑄴]** - বি. সালাম; নমস্কার ; প্রণাম।

**সালে, সালেন [ 𑄥𑄣𑄬, 𑄥𑄣𑄬𑄚𑄴]** - অব্য. তাহলে।

**সালুয়া, ছালুয়া [ 𑄥𑄣𑄴𑄣𑄪𑄠 , 𑄍𑄣𑄴𑄣𑄪𑄠]** - বিণ.ছালযুক্ত।

**সাল্যাং, সাল্যাঙ, সাল্যেং [𑄥𑄣𑄳𑄠𑄁, 𑄥𑄣𑄳𑄠𑄋𑄴, 𑄥𑄣𑄳𑄠𑄬𑄁 ]** - বি. ঘিলাখারা নামক একটি খেলার বিশেষ একটি পর্ব।

**সাহ্ব [𑄥𑄳𑄦𑄝𑄴 ]** -বি. সাহেব।

**সিওং, সিওঙ [𑄥𑄨𑄃𑄮𑄁, 𑄥𑄨𑄃𑄮𑄋𑄴]** -বি.কাপড় বুননকাজে ব্যবহৃত শিং-এর তৈরি কাঁটাবিশেষ

**সিওনশাক, সিয়োনশাক [𑄥𑄨𑄃𑄮𑄚𑄴𑄥𑄇𑄴, 𑄥𑄨𑄠𑄮𑄚𑄴𑄥𑄇𑄴]** - বি. এক প্রকারের শাক।

**সিংকবা, সিংগবা, সিঙ্গবা [ 𑄥𑄨𑄁𑄉𑄧𑄝/ 𑄥𑄨𑄋𑄴𑄉𑄧𑄝, 𑄥𑄨𑄋𑄴𑄉𑄧𑄝 ]** - বি. বৈঠকখানা; ড্রয়িং রুম; বাড়িতে মূল অংশে প্রবেশের সাথে সাথে যে কক্ষের দেখা মিলে।
{ < পালি : সিংঘাটক = দরজার চৌকাঠ}

**সিংগ, সিংঘ [𑄥𑄨𑄁𑄉𑄧 , 𑄥𑄨𑄁𑄊𑄧, 𑄥𑄨𑄋𑄴𑄊𑄧]** - বি. সিংহ।

**সিংপুক, সিনপুক [ 𑄥𑄨𑄁𑄛𑄪𑄇𑄴, 𑄥𑄨𑄚𑄴𑄛𑄪𑄇𑄴]** - বি. কালো রঙের এক প্রকার কাঁচ পোকা।

**সিগল [ 𑄥𑄨𑄉𑄧𑄣𑄴]** - বি. শিকল।

**সিগলমঙ্গল-তারা [ 𑄥𑄨𑄉𑄧𑄣𑄴𑄟𑄧𑄋𑄴𑄉𑄧𑄣𑄴-𑄖𑄢]** - বি.চাকমাদের প্রাচীন ধর্মগ্রন্থ *আঘরতারা*-এর অন্তর্ভুক্ত একটি *তারা/ত্রা*। এটি চৈত্যপূজায় (*জাদীপূজায়*) এবং রাজপুরুষদের বিবাহে কিংবা অভিজাত ব্যক্তিদের বিবাহ অনুষ্ঠানে গঠিত হতো।

**সিগুন [ 𑄥𑄨𑄉𑄪𑄚𑄴]** - সর্ব. সেইগুলি; ঐগুলি।

**সিগুলি [ 𑄥𑄨𑄉𑄪𑄣𑄨]** - বি. বিবাহ অনুষ্ঠানে বরকনেকে উপহার (ভাবী জীবনে সাহায্য) হিসেবে প্রদত্ত অর্থ।

**সিগোন, সিঘোন [ 𑄥𑄨𑄉𑄮𑄚𑄴, 𑄥𑄨𑄊𑄮𑄚𑄴 ]** - বি. শ্লেষ্মা; নাকের ময়লা; সিকনি।

সিঘানা [ 𑄥𑄨𑄊𑄚] - ক্রি. সেঁকা।

সিঙিরি, সেঙোরি [𑄥𑄨𑄋𑄨𑄢𑄨 , 𑄥𑄬𑄋𑄮𑄢𑄨 ] - ক্রি.বিণ. সেইভাবে; তেমন করে।

সিঙোর [𑄥𑄨𑄋𑄮𑄢𑄴] - বি. শিকড়।

সিচ্ছিরানা [𑄥𑄨𑄌𑄳𑄍𑄨𑄢𑄚] - ক্রি. দাঁত শিরশির করা।

সিজক [ 𑄥𑄨𑄎𑄧𑄇𑄴] - বি. সিজক নদী। ( রাঙামাটি জেলায় বাঘাইছড়ি উপজেলায় প্রবাহিত একটি পাহাড়ি নদী ও ইউনিয়ন) {< *পাংখুয়া, লুসাই: সাজুক=বড় হরিণ* বিশেষ। তবে তাদের ভাষায় ঐ নদীর নাম *সেইভা (Seiva)* }

সিজানা [ 𑄥𑄨𑄎𑄚] - ক্রি. সিদ্ধ হওয়া বা করা।

সিজ্জত [ 𑄥𑄨𑄎𑄴𑄎𑄧𑄖𑄴, 𑄥𑄨𑄎𑄳𑄎𑄧𑄖𑄴] - বি. কষ্ট; দুর্গতি; দুরবস্থা।

সিঝা [ 𑄥𑄨𑄏] - বি. সিসা। ক্রি. (তুমি) সিদ্ধ করো; সিদ্ধ কর।

সিঝানা [ 𑄥𑄨𑄏𑄚] - ক্রি. সিদ্ধ করা।

সিঝি, শিঝি [ 𑄥𑄨𑄏𑄨] - বি. পেত্নী। { রাখাইন, মারমা: সিঝি}

সিতিলা [𑄥𑄨𑄖𑄨𑄣 ] -বি. বসন্তরোগ । { ? শীতলা > }

সিত্তুম, সিত্তুমা [𑄥𑄨𑄖𑄴𑄖𑄪𑄟𑄴 , 𑄥𑄨𑄖𑄴𑄖𑄪𑄟𑄴 , 𑄥𑄨𑄖𑄴𑄖𑄪𑄟] বিণ. তত বড়।

সিত্যেই,সিত্যায়,সিদ্যেই, সিদ্যায় [𑄥𑄨𑄖𑄳𑄠𑄬𑄭 ,𑄥𑄨𑄖𑄳𑄠𑄠𑄴 ,𑄥𑄨𑄘𑄳𑄠𑄬𑄭 , 𑄥𑄨𑄘𑄳𑄠𑄠𑄴 ] - বিণ. সেজন্য; তজ্জন্য।

সিদিম [𑄥𑄨𑄘𑄨𑄟𑄴 ] -বি. কষ্ট। ২. অসুবিধা।

সিদোল, সিধোল [𑄥𑄨𑄘𑄮𑄣𑄴, 𑄥𑄨𑄙𑄮𑄣𑄴 ] - বি. ছোট ছোট মাছ বা চিংড়ি ইত্যাদি চূর্ণ করে প্রস্তুতকৃত খাবারবিশেষ; ঙাঃপি/নাপ্পি।[ বর্মী,মারমা, রাখাইনঃ ঙাঃপী।
{ *ঙাঃ* = মাছ + *পী* = চূর্ণ}

সিদোলচুমা [𑄥𑄨𑄘𑄮𑄣𑄴𑄌𑄪𑄟] - বি. সোঁডালিয়া ফুল ও ঐ ফুলের গাছ।

সিদোলপঙা [𑄥𑄨𑄘𑄮𑄣𑄴𑄛𑄋] - বি. ঙাপি/নাপ্পি রাখার বেতের খাঁচাজাতীয় ঝুড়ি।

সিধান [𑄥𑄨𑄙𑄚𑄴] - বি. শিথান।

সিধিক্যা, সেধোক্যা [𑄥𑄨𑄙𑄨𑄇𑄳𑄠 , 𑄥𑄬𑄙𑄮𑄇𑄳𑄠] - বিণ. সেরকম; সে ধরনের।

সিধু, সিয়ত [𑄥𑄨𑄙𑄪, 𑄥𑄨𑄠𑄧𑄖𑄴] - বিণ. সেখানে; সেথা।

সি-ধু-গ [𑄥𑄨𑄙𑄪𑄉𑄧] - বিণ. সেথাকার।

সিন্দি [𑄥𑄨𑄚𑄴𑄘𑄨] - ক্রিঃ বিণ. সেদিকে।

সিন্দুকছোরি [𑄥𑄨𑄚𑄴𑄘𑄪𑄇𑄴𑄍𑄮𑄢𑄨 ] - বি. সিন্দুকছড়ি।
{ খাগড়াছড়ি জেলার একটি নদী ও এলাকার নাম।}

সিন্নি [𑄥𑄨𑄚𑄴𑄚𑄨] বি. শিরনি

সিবিদি, ছিবিদি [𑄥𑄨𑄝𑄨𑄘𑄨, 𑄍𑄨𑄝𑄨𑄘𑄨 ] - বি. চুন।

সিভা [ 𑄥𑄨𑄞 ] -সর্ব. সেটি; সেটা; ওটা; তাহা ।

সিভিল [ 𑄥𑄨𑄞𑄨𑄣𑄴 ] -বিণ. সভ্য; ভদ্র ।

**সিমেইআলু** [𑄥𑄨𑄟𑄬𑄃𑄨𑄃𑄣𑄪 / 𑄥𑄨𑄟𑄰𑄃𑄣𑄪] - বি. কাসাবা ।

**সিমেইতুলা** [𑄥𑄨𑄟𑄬𑄃𑄨𑄖𑄪𑄣 / 𑄥𑄨𑄟𑄰𑄖𑄪𑄣] - বি. শিমুলতূলা ।

~ গাচ [𑄥𑄨𑄟𑄬𑄃𑄨𑄖𑄪𑄣𑄉𑄌𑄴] - বি. শিমুল গাছ ।

**সিয়ত** [𑄥𑄨𑄠𑄖𑄴] - বিণ. সেথা; সেথায় ।

**সিয়ান** [𑄥𑄨𑄠𑄚𑄴, 𑄥𑄨𑄉𑄚𑄴, 𑄥𑄨𑄃𑄚𑄴] - **বি.** সেইখানা; সেইখানি; সেটি ।

**সিয়ানি** [𑄥𑄨𑄠𑄚𑄨, 𑄥𑄨𑄃𑄚𑄨 ] - সর্ব. সেইগুলি; ঐগুলি ।

**সিয়োনশাক**, সিওনশাক [𑄥𑄨𑄠𑄮𑄚𑄴𑄥𑄇𑄴, 𑄥𑄨𑄃𑄮𑄚𑄴𑄥𑄇𑄴] - বি.পাহাড়ী কচু শাক বিশেষ ।

**সিরানা** [𑄥𑄨𑄢𑄚] - ক্রি. সমাপ্ত করা ।

**সিরিত্তি** [𑄥𑄨𑄢𑄨𑄖𑄴𑄖𑄨] - বি. সৃষ্টি । [ *শিবচরন, গোঝেন’ লামাহ্* : উজানি ছরা লামোনি ধার । ন’ এইল সিরিত্তি জলতকার ]

**সিরিফল** [𑄥𑄨𑄢𑄨𑄜𑄣𑄴, 𑄥𑄳𑄢𑄨𑄜𑄣𑄴 ] - বি.ছোট আকারের বেলজাতীয় ফলবিশেষ; শ্রীফল

**সিলানা** [ 𑄥𑄨𑄣𑄚] - ক্রি. সেলাই করা ।

**সিলুম, সুলুম** [𑄥𑄨𑄣𑄪𑄟𑄴, 𑄥𑄪𑄣𑄪𑄟𑄴] - বি. জামা ।

~ জুম্মুয়া [𑄎𑄪𑄟𑄴𑄟𑄪𑄠-𑄥𑄨𑄣𑄪𑄟𑄴 ] -বি.জুমের কাজে ব্যবহৃত একপ্রকার জামা ।

**সিলোন** [𑄥𑄨𑄣𑄮𑄚𑄴] - বি.ঝিনুক ।

**সুংসুঙি, সুঙসুঙি** [𑄥𑄪𑄁𑄥𑄪𑄋𑄨 , 𑄥𑄪𑄋𑄴𑄥𑄪𑄋𑄨] -১. বাঁশের আবরণের উপর ঘুনের মত এক প্রকার জিনিস যার স্পর্শে চুলকায় । ২. শুঁয়ার ন্যায় মিহি কাঁটা ।

**সুকপানা** [𑄥𑄪𑄇𑄴𑄛𑄚 ] - ক্রি. খোঁজ পাওয়া ।

**সুকবিলাস** [𑄥𑄪𑄇𑄴𑄝𑄨𑄣𑄥𑄴 ] - বি. ১৮শতকের দ্বিতীয়ার্ধের প্রথম দশকে চাকমাদের অন্যতম প্রধানকেন্দ্র; চাকমা প্রিন্স শুকদেব রায়ের রাজধানী । বর্তমানে চট্টগ্রাম জেলাস্থিত রাঙ্গুনীয়া উপজেলার সুখবিলাস ।

**সুখ** [𑄥𑄪𑄈𑄴] - বি. সুখ ।

**সুখ্যা** [𑄥𑄪𑄈𑄳𑄠] - বি. সুখী ।

**সুগুরি আলু** [𑄥𑄪𑄉𑄪𑄢𑄨 𑄃𑄣𑄪 ] - মিষ্টি আলু ।

**সুগুরিগুলা** [𑄥𑄪𑄉𑄪𑄢𑄨𑄉𑄪𑄣] - বি. মিষ্টিকুমড়া ।

**সুগুরিদাদি** [𑄥𑄪𑄉𑄪𑄢𑄨𑄘𑄘𑄨] - বি. মিষ্টিকুমড়া লতার ডাঁটা ।

**সুচ** [𑄥𑄪𑄌𑄴] - বি. সুচ; সেলাই করার শলাকা ।

**সুচ্চুরানা** [𑄥𑄪𑄌𑄴𑄌𑄪𑄢𑄚 / 𑄥𑄪𑄌𑄳𑄌𑄪𑄢𑄚] - ক্রি. সুড়সুড়ি লাগা ।

**সুচ্চেকবাচ, সুচ্চেকবাচ [𑄥𑄪𑄌𑄴𑄌𑄬𑄇𑄴𑄝𑄌𑄴/ 𑄥𑄪𑄌𑄳𑄌𑄬𑄇𑄴𑄝𑄌𑄴]** - বি. চাকমা কোমর তাঁতের সরঞ্জামের সুঁচালোওয়ালা প্রান্তবিশিষ্ট বংশদন্ড বিশেষ ।

**সুজুরসুজুর [𑄥𑄪𑄎𑄪𑄢𑄴𑄥𑄪𑄎𑄪𑄢𑄴]** - বি. দেহের উপর পিঁপড়া চলাচল করলে যে রককম সুড়সুড়ি অনুভূতি হয় তেমন ।

**সুঝানা, শুঝানা [𑄥𑄪𑄏𑄚]** - ক্রি. শোধ করা; পরিশোধ করা ।

**সুঝি [𑄥𑄪𑄏𑄨]** - বি. বাঁশের ছোট নলী ।

**সুদত্তুবি, সুদোত্তুবি [𑄥𑄪𑄘𑄖𑄴𑄖𑄪𑄝𑄨, 𑄥𑄪𑄘𑄮𑄖𑄴𑄖𑄪𑄝𑄨]** - বি. টুনটুনি; একপ্রকার ছোটো পাখি ।

**সুদা, সুদো [𑄥𑄪𑄘, 𑄥𑄪𑄘𑄮 ]** - বি. সুতা; সূতা ।

**সুদাম, সুদোম [𑄥𑄪𑄘𑄟𑄴, 𑄥𑄪𑄘𑄮𑄟𑄴]** - বি. ঐতিহ্যবাহী প্রথা; রীতিনীতি ।

**সুদানা [𑄥𑄪𑄘𑄚]** - ক্রি. আগাছা সাফ করা ।

**সুদিন [𑄥𑄪𑄘𑄨𑄚𑄴 ]** - বি. প্রপৌত্রের পুত্র বা কন্যা; প্রপৌত্রীর পুত্র বা কন্যা । নাতির নাতি বা নাতির নাতনী । কোনো ব্যক্তির ৪র্থ স্তরের অধঃস্তন বংশধর ২. শুভদিন; সুখের দিন

**সুদাম, সুদোম [𑄥𑄪𑄘𑄟𑄴, 𑄥𑄪𑄘𑄮𑄟𑄴 ]** - বি. ঐতিহ্যবাহী রীতিনীতি; প্রথা ।

**সুদিন [𑄥𑄪𑄘𑄨𑄚𑄴 ]** - বি. ১. প্রপৌত্রের বা প্রপৌত্রীর পুত্র বা কন্যা । ২. সুদিমাগুরুম **[𑄥𑄪𑄘𑄨𑄟𑄉𑄪𑄢𑄪𑄟𑄴 ]** - বি. ছোট মাগুরুম বা ছোট মহাপ্রুম নদী ।

**সুদো [𑄥𑄪𑄘𑄮]** - বি. ১. সুতা; সূত্র । ২. ছুতো ; অছিলা ।

**সুদ্ধসাঙ্গ [𑄥𑄪𑄘𑄴𑄙𑄥𑄋𑄴𑄉𑄴]** - বিণ. পবিত্র ; শুদ্ধ ; পাকসাফ ।

**সুধুরা [𑄥𑄪𑄙𑄪𑄢]** - বিণ. শুচিবাইগ্রস্ত ।

**সুনজুক,সুনঝুক [𑄥𑄪𑄚𑄴𑄎𑄪𑄇𑄴, 𑄥𑄪𑄚𑄴𑄏𑄪𑄇𑄴]** - বি.স্বস্তিঃ স্বস্তিবোধ; আরামবোধ । বিণ. স্বস্তিকর ।

**সুন্দুক, সিন্দুক [ 𑄥𑄪𑄚𑄴𑄘𑄪𑄇𑄴, 𑄥𑄨𑄚𑄴𑄘𑄪𑄇𑄴]** - বি.সিন্দুক ।

**সুন্দুরি [ 𑄥𑄪𑄚𑄴𑄘𑄪𑄢𑄨 ]** - বি. *ফানেল* ।

**সুবাদিজা-তারা [ 𑄥𑄪𑄝𑄘𑄨𑄎-𑄖𑄢 ]** - বি. চাকমাদের প্রাচীন ধর্মগ্রন্থ *আঘরতারা*-এর একটি *তারা/ত্রা* ।

**সুবারি, সুবোরি [ 𑄥𑄪𑄝𑄢𑄨, 𑄥𑄪𑄝𑄮𑄢𑄨]** - বি.সুপারি বা সুপুরি ফল বা গাছ; গুয়া; গুবাক ।

**সুমযানা [𑄥𑄪𑄟𑄴𑄎𑄚 ]** - ক্রি. বরবাদ হওয়া; নষ্ট হওয়া ।

**সুমসুম [𑄥𑄪𑄟𑄴𑄥𑄪𑄟𑄴]** - ক্রি.বিণ. অনর্থক; শুধু শুধু ।

**সুমি [𑄥𑄪𑄟𑄨]** - বি. শিম ।

~ বিজি [𑄥𑄪𑄟𑄨𑄝𑄨𑄎𑄨] - বি. শিমের বীচি ।

~ শাক [𑄥𑄪𑄟𑄨𑄥𑄇𑄴] বি. শিমলতার শাক ।

**সুয়াই [𑄥𑄪𑄠𑄭]** - অব্য. মুরগি তাড়ানোর শব্দ ।

**সুয়াকেগর** [𑄥𑄪𑄠𑄇𑄬𑄉𑄧𑄢𑄴] বিণ. সামান্য ট্যারা।

**সুয়াত, সুয়াদ** [𑄥𑄪𑄠𑄖𑄴 , 𑄥𑄪𑄠𑄘𑄴] - বিণ. সুস্বাদু।

**সুয়ানা** [𑄥𑄪𑄠𑄚] - ক্রি. ১. সহ্য করা। ২. স্পর্শ করা ; ছোঁয়া।

**সুয়ালক** [ 𑄥𑄪𑄠𑄣𑄧𑄇𑄴/𑄥𑄪𑄣𑄧𑄇𑄴 ] - বি.সুয়ালক। { বান্দরবান জেলার একটি মৌজা (নং ৩১৪) । পার্বত্য চট্টগ্রামের প্রথম বোমাংরাজা কংহ্লাপ্রু-এর বাড়ি ১৮৯৭ খ্রিস্টাব্দে সোয়ালক নামক এলাকায় ছিল।}

**সুর** [ 𑄥𑄪𑄢𑄴] - বি.গানের সুর। ২. line.

**সুরকাগোচ, সুরকাগোজ** [ 𑄥𑄪𑄢𑄧𑄇𑄉𑄮𑄌𑄴, 𑄥𑄪𑄢𑄧𑄇𑄉𑄮𑄎𑄴] - বি. বিবাহবন্ধন ছিন্ন করার ছাড়পত্র; বিচ্ছেদপত্র; divorce letter.

**সুরচান** [ 𑄥𑄪𑄢𑄴𑄌𑄚𑄴] - বি.স্বর্ণগন্ধা।{ উচ্চরক্তচাপ জনিত রোগে বনজ ঔষধ রূপে ব্যবহার্য এক প্রকার করা ঔষধিবৃক্ষ।}

**সুরনধারা, সুরোনধরা, চুরোনধারা** [𑄥𑄪𑄢𑄧𑄚𑄴𑄙𑄢 , 𑄥𑄪𑄢𑄮𑄚𑄴𑄙𑄧𑄢, 𑄌𑄪𑄢𑄮𑄚𑄴𑄙𑄢] - বি.ফুলঝাড়ু।

**সুরবোত্যা** [𑄥𑄪𑄢𑄴𑄝𑄮𑄖𑄳𑄠 ] - ক্রিঃ বিণ. সারি বদ্ধভাবে

**সুরুং, সুরুঙ** [𑄥𑄪𑄢𑄪𑄁 , 𑄥𑄪𑄢𑄪𑄋𑄴] - বি. ১.সুরঙ্গ। ২. ফোকর। বিণ.কথা গোপন করে রাখতে পারে না এমন; সরল প্রকৃতিবিশিষ্ট ( ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য)।

**সুরোন** [𑄥𑄪𑄢𑄮𑄚𑄴] - বি. ফুলঝাড়ু।

**সু-ল** [𑄥𑄪𑄣𑄴] -বি, বিণ. ষোল। ক্রি. (তোমরা ) খোসা ছাড়াও।

**সুলি** [𑄥𑄪𑄣𑄨] - বি. পাকানো সুতার ক্ষুদ্রগুচ্ছ।

**সুলিসুলি** [ 𑄥𑄪𑄣𑄨𑄥𑄪𑄣𑄨] - বি.সারিসারি; লাইনে লাইনে। [ উভাগীত-এর চরণ: সুলি সুলি পৈ পাদং।
বিধু , চিধা ন গোরিচ মুই আঘং।]

**সুলানা, ছুলানা** [ 𑄥𑄪𑄣𑄚 , 𑄍𑄪𑄣𑄚] - ক্রি. খোসা ছাড়ানো।

**সুলুম, সিলুম** [ 𑄥𑄪𑄣𑄪𑄟𑄴, 𑄥𑄨𑄣𑄪𑄟𑄴] - বি. জুমের কাজে ব্যবহৃত এক প্রকার জামা (এ জাতীয় জামার কাপড় চর্কায় সুতা কেটে কোমরতাঁতে বুনা হয়)।

**সুল্লুক** [𑄥𑄪𑄣𑄴𑄣𑄪𑄇𑄴] - বি. শলা পরামর্শ।

**সেইর, সের** [ 𑄥𑄬𑄃𑄨𑄢𑄴, 𑄥𑄬𑄢𑄴] - বি. ময়না।

**সেকখে** [𑄥𑄬𑄇𑄴𑄈𑄬 ] - বিণ. তখন; তৎক্ষণে; সেই সময়ে।

**সেগানা** [ 𑄥𑄬𑄉𑄚] - ক্রি. (আগুনে) সেঁকা।

**সেচ্ছেনাগুলা** [𑄥𑄬𑄌𑄴𑄍𑄬𑄚𑄉𑄪𑄣] - বি.সজনি গাছের ফল।

**সেচ্ছেনাশাক** [𑄥𑄬𑄌𑄴𑄍𑄬𑄚𑄥𑄇𑄴] - বি. শাকবিশেষ ( সজনিপাতা )।

**সেজকশাক [𑄥𑄬𑄎𑄇𑄴𑄥𑄇𑄴]** - বি. গায়ে ঘন সুংযুক্ত এক জাতীয় লতার পাতা যা শাক রূপে খাওয়া হয়। শাকবিশেষ ।

**সেজা [𑄥𑄬𑄎]** - বি. পিটুনি।

**সেজানা [𑄥𑄬𑄎𑄚]** - ক্রি. পিটুনি দেওয়া ।

**সেতদবা,সেত্তবা [𑄥𑄬𑄖𑄴𑄘𑄝, 𑄥𑄬𑄖𑄴𑄖𑄝]** - বি. একজাতীয় পাখি, নীল কণ্ঠ পাখি ।

**সেতভেত [𑄥𑄬𑄖𑄴𑄞𑄬𑄖𑄴]** - বি.সতর্কতা।

**সেত্তবা [𑄥𑄬𑄖𑄴𑄖𑄝]** - বি. এক প্রকার পাখি, নীল কণ্ঠ পাখি ।

**সেত্তমান [𑄥𑄬𑄖𑄴𑄖𑄟𑄚𑄴]** - বিণ. ততখানি; সেই পরিমাণ; তৎ পরিমাণ ।

**সেত্তুমুয়া [𑄥𑄬𑄖𑄴𑄖𑄪𑄟𑄪𑄠,𑄥𑄬𑄖𑄴𑄖𑄪𑄟𑄳𑄠 ]** - বিণ. তৎবৎ; সেই পরিমাণ ।

**সেত্তেরা [𑄥𑄬𑄖𑄴𑄖𑄬𑄢]** - বিণ. বিক্ষিপ্ত; ছড়ানো ছিটানো ।

**সেদা [𑄥𑄬𑄘]** - বি. যোনী। (অশ্লীল)

**সেদাম [𑄥𑄬𑄘𑄟𑄴]** - বি.সক্ষমতা; ক্ষেমতা; মুরোদ ।

~ ছারা [𑄥𑄬𑄘𑄟𑄴𑄍𑄢] - বি.গালি বিশেষ (আক্ষরিক অর্থে অক্ষম; ক্ষমতাহীন ) ।

~ নেইয়া [𑄥𑄬𑄘𑄟𑄴𑄚𑄬𑄅𑄠/ 𑄥𑄬𑄘𑄟𑄴𑄚𑄬𑄠] - বি.অক্ষম; ক্ষমতাহীন ।

**সেধক [𑄥𑄬𑄙𑄇𑄴]** - বিণ, অব্য. সেই রকম; তেমন ।

**সেন [𑄥𑄬𑄚𑄴 ]** - বিণ, অব্য. তেমন ।

**সেনঝান [𑄥𑄬𑄚𑄴𑄏𑄚𑄴 ]** - বিণ, অব্য. তেমন; সেই রকম ।

**সেনত্যে [𑄥𑄬𑄚𑄴𑄖𑄳𑄠𑄬 ]** - বিণ, অব্য. তৎজন্য; তজ্জন্য ।

**সেনে [𑄥𑄬𑄚𑄬 ]** - অব্য. তাহলে।

**সেনেবাদে [𑄥𑄬𑄚𑄬𑄝𑄘𑄬]** - ক্রি.বিণ. সেই অবস্থায় ।

**সেপ, ছেপ [𑄥𑄬𑄛𑄴, 𑄍𑄬𑄛𑄴 ]** - বি. থুতু ।

**সেপবত্তা, ছেপবত্তা [𑄥𑄬𑄛𑄴𑄝𑄖𑄴𑄖 , 𑄍𑄬𑄛𑄴𑄝𑄖𑄴𑄖 ]** - বি.আশীর্বাদ ।

**সেবা [𑄥𑄬𑄝]** - বি. সর্দি ।

**সেবেদে [𑄥𑄬𑄝𑄬𑄘𑄬]** - ক্রি.বিণ. ততবস্থায় ।

**সেম, ছেম [𑄥𑄬𑄟𑄴, 𑄥𑄬𑄟]** - বি. মূলগাছের মূলের পার্শ্বে গজানো ঐ গাছেরই চারা ।

**সেম্ভা [𑄥𑄬𑄟𑄴𑄞]** - বিণ. ততবড় ।

**সের, শের [𑄥𑄬𑄢𑄴 ]** - বি. ১. ওজন মাপার একক বিশেষ (এককেজি থেকে কিঞ্চিত কম) ১৬ ছটাক পরিমাণ ওজন। ২. কিঞ্চিত অবসর ।

**সের [𑄥𑄬𑄢𑄴 ]** - বি. ময়না। { সারি >} ।

**সের [𑄥𑄬𑄢𑄴 ]** - বি. বিরতি; ফাঁক ।

**সেরানা [𑄥𑄬𑄢𑄚 ]** - ক্রি. পাতলা পায়খানা করা ।

**সোগুন, শোগুন [𑄥𑄮𑄉𑄪𑄚𑄴]** - বি.শকুন ।[ < পালি. সকুনা = পাখি] ।

**সোচ, সোজ [𑄥𑄮𑄌𑄴, 𑄥𑄮𑄎𑄴]** - বিণ. হালকা নীল ।

**সোঝ্য [𑄥𑄮𑄏𑄳𑄠 ]** - বি. সহ্য; সহনশীলতা । ২. সরিষা ।

**সোর্ঝ্য [𑄥𑄮𑄢𑄴𑄏𑄳𑄠]** - বি.সরিষা ।

~ বিজি [𑄥𑄮𑄢𑄴𑄏𑄳𑄠𑄝𑄨𑄎𑄨]- সরিষা বিচি ।

~ শাক [𑄥𑄮𑄢𑄴𑄏𑄳𑄠𑄥𑄇𑄴]- সরিষা শাক ।

**সোত্তোর [𑄥𑄮𑄖𑄴𑄖𑄮𑄢𑄴 / 𑄥𑄮𑄖𑄳𑄖𑄮𑄢𑄴 ]** - বি.সত্তর ।

**সোত্য, সত্য [𑄥𑄮𑄖𑄳𑄠 ]** - বি. সত্য ।

**সোদ্যা [𑄥𑄮𑄘𑄳𑄠]** - বি. সুস্বাদু তরকারি । বিণ. স্বাদযুক্ত ।

**সোন্নুয়াহ্‌রিং, সোন্নুয়াহোরিঙ [ 𑄥𑄮𑄚𑄴𑄚𑄪𑄠𑄦𑄢𑄨𑄁, 𑄥𑄮𑄚𑄴𑄚𑄪𑄠𑄦𑄮𑄢𑄨𑄋𑄴 ]** - চিতল হরিণ ।

**সোর্দেংছরাহ্ [𑄥𑄮𑄢𑄴𑄘𑄬𑄁𑄍𑄢𑄦𑄴]** - বি. খাগড়াছড়ি জেলার মৌজাবিশেষ ( নং ৬৭) এবং ঐ নামের নদী ।

**সোর্বুয়াআমিলা [𑄥𑄮𑄢𑄴𑄝𑄪𑄠𑄃𑄟𑄨𑄣 ]** - বি.একজাতীয় কাঁটাওয়ালা উদ্ভিদ । {*সোর্বুয়া আমিলার* সাথে *মুয়া* নামক কাঁকড়া বেঁধে কোনো কোনো জন্ডিসের ওষুধ তৈরী কর হয় ।}

**সোমবার [𑄥𑄮𑄟𑄴𑄝𑄢𑄴 ]** - বি. সোমবার ।

**সোর-গরানা [𑄥𑄮𑄢𑄴𑄉𑄢𑄚 ]** - ক্রি. মেরামত করা ; শোধরানো ।

**স্যাং, স্যাঙ [𑄥𑄳𑄠𑄁, 𑄥𑄳𑄠𑄋𑄴]** - বি. বৌদ্ধভিক্ষুদেরকে দানকৃত আহার ।
{ তুলনীয়ঃ বর্মী, রাখাইন, মারমাঃ স্যাং / স্যাঙ /সোয়াইং}

**স্যাংস্যাং, সিয়েন সিয়েন [𑄥𑄳𑄠𑄁𑄥𑄳𑄠𑄁 𑄥𑄨𑄠𑄬𑄚𑄴 𑄥𑄨𑄠𑄬𑄚 ]** - ক্রিঃ বিণ. ত্রস্থ অবস্থায় ।

**সোর্বেক [𑄥𑄮𑄢𑄴𑄝𑄬𑄇𑄴]** - বি.এক জাতীয় গাছ ।

~ গুলা [𑄥𑄮𑄢𑄴𑄝𑄬𑄇𑄴𑄉𑄪𑄣] - বি. ঐগাছের ফল ।(ডুমুর জাতীয় ফল)

**স্যাঙসামা, স্যাংসামা [ 𑄥𑄳𑄠𑄋𑄴𑄥𑄟 , 𑄥𑄳𑄠𑄁𑄥𑄟 ]** - বি. দ্বিধাদন্ধ; সংশয় ।

**স্যামা [ 𑄥𑄳𑄠𑄟 ]** - বি. ১. কলাগাছের থোড় মিশ্রিত তেল দিয়ে রান্নাকৃত শূকরের বা হরিণের কলিজা ও মাংসের খন্ড মিশ্রিত খাবার বিশেষ । ২. পশুর নাড়িভুঁড়ি থেকে প্রস্তুত ব্যঞ্জন ।

## হ [𑄦]

**হগরা, খগরা [𑄦𑄉𑄢, 𑄈𑄉𑄢]** - বি. হাঁটুর বিপরীত দিকের অংশ ।

**হবাহবা কবাকবা [𑄦𑄝𑄦𑄝 𑄇𑄝𑄇𑄝]** - বিণ. অসহায় অবস্থা; জবুথবু বৎ ।

**হরপিবিরা, হরপিয়ারি [ 𑄦𑄢𑄴𑄛𑄨𑄝𑄨𑄢, 𑄦𑄢𑄴𑄛𑄨𑄠𑄢𑄨 ]** -বি. এক প্রকারের লাল পিঁপড়া ।

**হলানা, খলানা** [𑄦𑄣𑄚] - ক্রি. জাহির করা ।

**হিঝাহিচ্যা, খিঝাখিচ্যা** [𑄦𑄨𑄏𑄦𑄨𑄌𑄳𑄠 , 𑄈𑄨𑄏𑄈𑄨𑄌𑄳𑄠 ] - ক্রি.বিণ. তাড়াতাড়ি ।

**হিল-চাদিগাঙ, হিল-চাদিগাং, মুরাল্যা-চাদিগাঙ** [𑄦𑄨𑄣𑄴𑄌𑄘𑄨𑄉𑄋𑄴 , 𑄦𑄨𑄣𑄴𑄌𑄘𑄨𑄉𑄁, 𑄟𑄪𑄢𑄣𑄳𑄠-𑄌𑄘𑄨𑄉𑄋𑄴 ] -বি. পার্বত্য চট্টগ্রাম; Chittagong Hill Tracts.

**হিল্ল , হিল্লুয়া** [𑄦𑄨𑄣𑄴𑄣𑄪 ] - বিণ. পাহাড়ি; Hillman /Hillman ; পাহাড় সম্পর্কীয় ।

**হিল্লমিলা** [𑄦𑄨𑄣𑄴𑄣𑄪𑄟𑄨𑄣] - বিণ. পাহাড়ি মেয়ে ।

**হিলহিলানা** [𑄦𑄨𑄣𑄴𑄦𑄨𑄣𑄚 ] - ক্রি. অন্দরে বাইরে ঘনঘন যাতায়াত করা ।

**হুয়াং** [𑄦𑄪𑄠𑄁] - বি. পর্বতকন্দর; দুই পাহাড়ের মধ্যবর্তী স্থান ।

**হেংগরং** [𑄦𑄬𑄁𑄉𑄧𑄢𑄧𑄁] - বি. একফালি বাঁশের টুকরা দিয়ে তৈরি একপ্রকার মাউথঅর্গ্যান বিশেষ ।

**হেগাতাগল,খেগাতাগল** [𑄦𑄬𑄉𑄖𑄉𑄧𑄣𑄴, 𑄈𑄬𑄉𑄖𑄉𑄧𑄣𑄴] -বি.ভোঁতা দা; ভোঁতা দাও ।

**হেঙেদা, খেঙেদা** [𑄦𑄬𑄋𑄬𑄘, 𑄈𑄬𑄋𑄬𑄘 ] - বিণ. ক্ষীণকায় ।

**হেত, হেট** [𑄦𑄬𑄖𑄴, 𑄦𑄬𑄑𑄴] - বি, বিণ. ষাট ।

## হ্ [𑄦𑄧]

***[ ইংরেজীর (h) ধ্বনি hour,honour শব্দকে যেভাবে উচ্চারিত হয়, এর উচ্চারণ ও তদনুরূপ ]***

**হ্গলক** [ 𑄦𑄧𑄉𑄧𑄣𑄧𑄇𑄴 ] - বি.এক প্রকার ছোট আকারের সবুজ পালকওয়ালা পাখি, বসন্ত বাউরী ।

**হ্ঝরানা** [𑄦𑄧𑄏𑄢𑄚 ] - ক্রি. খসে পড়া ।

**হ্ঝানা, অহ্ঝানা** [𑄦𑄧𑄏𑄚 ] - ক্রি. কাউকে কোনো কাজ করতে নির্দেশ দেওয়া ।

**হ্দানা** [ 𑄦𑄧𑄘𑄚 ] - ক্রি. হেরে যাওয়া; পরাজিত হওয়া ।

**হ্না** [ 𑄦𑄧𑄚 ] - ক্রি. হওয়া ।

**হ্মা** [ 𑄦𑄧𑄟] - ক্রি. বড়; মস্ত; মহা ।

**হ্ম্ব** [ 𑄦𑄧𑄟𑄴𑄝 ] - অব্য. গরুর হাম্বা রব । (ধ্বন্যা)

**হ্রান** [ 𑄦𑄧𑄢𑄚𑄴] - বি. হয়রান; পরিশ্রান্ত; ক্লান্ত ।

**হ্রিং, হোরিঙ** [𑄦𑄧𑄢𑄨, 𑄦𑄧𑄢𑄨𑄋𑄴,𑄦𑄮𑄢𑄨𑄋𑄴, ] - বি. হরিন, জেত [ 𑄎𑄬𑄖𑄴 𑄦𑄧𑄢𑄨𑄋𑄴 ]- বি. মায়ামৃগ ।

~ সোনুয়া [ 𑄥𑄮𑄚𑄪𑄠 𑄦𑄧𑄢𑄨𑄋𑄴 ] - বি. চিত্রল হরিন ।

**হ্লং** [ 𑄦𑄧𑄣𑄧𑄁] - বি. চক্ষু হরিদ্রাভ হয় এমন রোগ; কামলারোগ ।

**হ্লা, হ্লাবিলেই** [ 𑄦𑄧𑄣, 𑄦𑄧𑄣𑄝𑄨𑄣𑄬𑄭 / 𑄦𑄧𑄣𑄝𑄨𑄣𑄬 ] - বি. হুলো, হুলোবিড়াল ।

হ্লি, হ্লি-বিলেই [ 𑄦𑄳𑄣𑄨, 𑄦𑄳𑄣𑄨𑄝𑄨𑄣𑄬𑄭 ] - বি, বিড়ালী, মাদীবিড়াল ।

হাইয়- গঝা [ 𑄦𑄭𑄠𑄴 - 𑄉𑄏 ] - বি. চাকমাদের সামাজিক দলবিশেষ ।

হ্াওচ [𑄦𑄮𑄌𑄴, 𑄦𑄧𑄤𑄌𑄴] - বি. সাধ ।

হ্াগানা [ 𑄦𑄉𑄚] - ক্রি.পায়খানা করা; মলত্যাগ করা ।

হ্াগুদানা [ 𑄦𑄉𑄪𑄘𑄚]-ক্রি. কারোর প্রতি বন্ধুত্ব, প্রীতি বা স্নেহবশত আগ্রহবোধ করা ।

হ্াঘরতোলি [ 𑄦𑄊𑄢𑄴𑄖𑄮𑄣𑄨 ] - বি.বগল; কাঁখতল ।

হ্াঘানা, হ্াগানা [ 𑄦𑄊𑄚 , 𑄦𑄉𑄚] - ক্রি. মলত্যাগ করা ।

হ্াঘারাপীরা [ 𑄦𑄊𑄢𑄛𑄩𑄢] - ক্রি. গ্রহণীরোগ ।

হ্াঘালাক, হ্াগালাক [ 𑄦𑄊𑄣𑄇𑄴, 𑄦𑄉𑄣𑄇𑄴 ] - বিণ. ফাঁক অবস্থা ।

হ্াঙর [𑄦𑄋𑄢𑄴] - বি.১. হাঙ্গর । ২. দাঁত উঁচু এমন কেউ ।

হ্াঙরকুল [𑄦𑄋𑄢𑄴𑄇𑄪𑄣𑄴] -বি হাঙ্গরকুল এলাকা । {বান্দরবান জেলার উত্তর হাঙ্গর মৌজা নং ৩০৮ নং মৌজা এবং দক্ষিণ হাঙ্গর মৌজানং ৩০৯ নং মৌজা; এগুলির পার্শ্ববর্তী চট্টগ্রাম জেলার সাতকানিয়া (<সাক্‌কান্যা = জনৈক চাকমা-রাজকন্যার বসতিস্থান) সহ অন্যান্য এলাকা (মোটামুটি ভাবে কর্ণফুলী নদীর দক্ষিণ তীর থেকে মামুরি (বর্তমান মাতামুহুরী) নদীর উত্তর তীর পর্যন্ত) অতীতে চাকমাদের কাছে হাঙ্গরকুল নামে পরিচিত ছিল । ১৬২৯ খ্রিস্টাব্দে পোর্তুগীজ ফাদার ম্যানরিক ও অন্যান্য পোর্তুগীজ নাবিকদের বর্ণনায় *আঙ্গরকেলে* (Angarcale) নামক স্থানের বর্ণনা পাওয়া যায় ।

হ্াঙানা [𑄦𑄋𑄚] - বি.জ্বলা ।

হ্াচফিরিং, হ্াসফিরিঙ [𑄦𑄌𑄴𑄜𑄨𑄢𑄨𑄁 , 𑄦𑄌𑄴𑄜𑄨𑄢𑄨𑄋𑄴 , 𑄦𑄥𑄴𑄜𑄨𑄢𑄨𑄋𑄴 ] - বি.এক প্রকার ফড়িং; কাঠফড়িং ।

হ্াচ্ছি [𑄦𑄌𑄴𑄍𑄨] - বি. হেঁচকি; হাঁচি ।

~ পরানা [𑄦𑄌𑄴𑄍𑄨𑄛𑄧𑄢𑄚 ]-ক্রি.হাঁচি দেওয়া; হাঁচা

হ্াজার [𑄦𑄎𑄢𑄴 ] - বি,বিণ. হাজার ।

হাঝা [ 𑄦𑄏] - বি. ১. লবণাক্ত স্থান ।{তুলনীয় ত্রিপুরা *হাজা*: লবণাক্ত জলা জায়গা ।}
২. হংস ।

হাঝাগাচ [ 𑄦𑄏𑄉𑄌𑄴] - বি.একজাতীয় গাছ ।

হ্াঝাছরাহ্ [ 𑄦𑄏𑄍𑄢] - বি. হাজাছড়া । [রাঙামাটি জেলার বাঘাইছড়ি উপজেলার সাজেক ইউনিয়নের বাঘাইহাট এলাকায় অবস্থিত একটি ছোট নদী । পাহাড়ির ঝর্ণার জন্য খ্যাত] ।

হাঝাছোরি [ 𑄦𑄏𑄍𑄮𑄢𑄨] - বি.হাজাছড়ি ।
{ রাঙামাটি জেলায় এই নামের ছোটনদী ও এলাকা সমূহ }

হাঝানা [ 𑄦𑄏𑄚] - ক্রি. ১. হাসা; হাস্য করা । ২. হারিয়ে ফেলা ।

**হ্যাঝি** [ 𑄦𑄏𑄨] - বি. ১.হংসী ।২. হাসি । ক্রি. ( আমরা ) হাসি ।

**হ্যাঝুলি** [𑄦𑄏𑄪𑄣𑄨 ] - বি. ১. হাঁসুলি; হাসলি; অর্ধচন্দ্রাকার হার । ২.কাঁধ ও বাহুর সংযোগস্থ গ্রন্থি বিচ্যুত হওয়া ।

**হ্যাত** [ 𑄦𑄖𑄴] - বি. হাত ।

**হ্যাতকাবর** [ 𑄦𑄖𑄇𑄝𑄢𑄴] - বি. চাদর; শাল ।

**হ্যাত্যাকলা** [ 𑄦𑄖𑄳𑄠𑄇𑄧𑄣] - বি. একপ্রকার বিচিযুক্ত কলা এবং ঐ জাতীয় কলার গাছ ।

**হ্যাদগাভি** [ 𑄦𑄘𑄴𑄉𑄞𑄨] - বি. হাতের মনিবন্ধ ।

**হ্যাদপাদা** [ 𑄦𑄘𑄴𑄛𑄘] - বি.করতল ।

**হ্যাদা** [ 𑄦𑄘] - বি. ( হাতে বহনযোগ্য ) ডালাবিশেষ ।

**হ্যাদারা** [ 𑄦𑄘𑄢] - বিণ. হাঁটার বয়স হয়েছে এমন ( শিশুদের ক্ষেত্রে প্রযোজ্য) ।

**হ্যাদাহ্যাত্যা** [ 𑄦𑄘𑄦𑄖𑄳𑄠] - ক্রি.বিণ. হাতেহাতে ।

**হ্যাদানা** [ 𑄦𑄘𑄚] - ক্রি. হাঁটা ।

**হ্যাদারা** [ 𑄦𑄘𑄢] - বি. একটু একটু হাঁটতে শিখেছে এমন (শিশুর ক্ষেত্রে প্রযোজ্য) ।

**হ্যাদু** [ 𑄦𑄘𑄪] - বি.হাঁটু ।

~ ঘিলা [𑄦𑄘𑄪𑄊𑄨𑄣] বি. হাঁটুস্থিত গোলাকৃতি অংশবিশেষ ।

**হ্যাদুভাঙাত-ডা** [𑄦𑄘𑄪𑄞𑄋𑄖𑄴-𑄓 ] - বি. চাকমা ঐতিহ্যবাহী অঝাপাঠ-এর ৩১তম বর্ণ বা হরফ । { এই বর্ণটির *হ্যাদু* মানে হাঁটু ভাঙ্গা দেখায় বলে ।}

**হ্যাবা** [ 𑄦𑄝 ] - বি. হাওয়া; বায়ু; বাতাস ।

**হ্যাবাই** [ 𑄦𑄝𑄭 ] - বি. হাউই ।

**হ্যাবাংপাং** [𑄦𑄝𑄁𑄛𑄁 ] - বিণ. পুরোপুরি ভাবে খোলা বা উন্মুক্ত ।

**হ্যাবিলাস** [ 𑄦𑄝𑄨𑄣𑄥𑄴 ] - বি. ১. হাহুতাস । ২. অভিলাষ ।

**হ্যাবুলাং** [ 𑄦𑄝𑄪𑄣𑄁 𑄦𑄝𑄪𑄣𑄋𑄴 ] - বি.কুকি-চিনভাষীদের দলবিশেষ; হাওলং ।
{ অষ্টাদশ শতকে ইংরেজদের লেখায় Hawlong নামক লুসাইদের দলবিশেষ ।}

**হ্যার্বুয়া** [𑄦𑄢𑄴𑄝𑄪𑄠/𑄦𑄢𑄴𑄝𑄪𑄠 ] - বিণ. আপনাআপনি মাটিতে গজিয়েছে এমন ।

**হ্যার্বুয়ামোন** [𑄦𑄢𑄴𑄝𑄪𑄠𑄟𑄮𑄚𑄴/𑄦𑄢𑄴𑄝𑄪𑄠𑄟𑄮𑄚𑄴 ] - বি. উপপর্বত ।

**হ্যাম** [ 𑄦𑄟𑄴] - বি. আমাশয়; ডিসেন্ট্রি ।

**হ্যামতল** [ 𑄦𑄟𑄴𑄖𑄣𑄴] - বি. মাচাংঘরের তল ।

**হ্যামুয়া** [𑄦𑄟𑄪𑄠, 𑄦𑄟𑄪𑄠 ] - বি. মুখ হা করে থাকে এমন লোক ।

**হ্যামুরানা** [𑄦𑄟𑄪𑄢𑄚] - ক্রি.হামাগুড়ি দেওয়া

**হ্যাম্যানা** [𑄦𑄟𑄳𑄠𑄚] - ক্রি. হাই তোলা ।

**হ্যার** [ 𑄦𑄢𑄴] - বি.হাড় ।

~ করাহ্ [ 𑄦𑄢𑄴𑄇𑄢𑄦𑄴 ] - বি. হাড়গোড় ।

**হ্যারানা** [ 𑄦𑄢𑄚 ] - বি. হারানো; হারিয়ে ফেলা ।

**হ্যারিকুরি** [ 𑄦𑄢𑄨𑄇𑄪𑄢𑄨 ] - বি. হাড়িকুড়ি ।

**হ্যাল** [ 𑄦𑄣𑄴] - বি. ১. হাল (চাষাবাদে ব্যবহৃত হাল) ।

~ চুয়ানা [𑄦𑄣𑄴-𑄌𑄪𑄠𑄚 ] -ক্রি. লাঙ্গল দিয়ে হালচাষ করা । ২.অবস্থা ।

~বে [𑄝𑄬𑄦𑄣𑄴] -বিণ.বেহাল ।

**হ্যালছরা** [ 𑄦𑄣𑄴𑄍𑄢] - বি. মুদ্রার তৈয়ারি মালাবৎ অলঙ্কার; চন্দ্রাহার ।

**হ্যালপালনি, হ্যালপালোনি** [ 𑄦𑄣𑄴𑄛𑄣𑄴𑄚𑄨, 𑄦𑄣𑄴𑄛𑄣𑄮𑄚𑄨 ] - বি.উৎসব বিশেষ ।
আষাঢ় মাসের ৭ তারিখ হালচাষ থেকে বিরত থেকে ধান্য ও ফসলের দেবী *মালোকখিমা* কে অন্ন দিয়ে পূজা করার অনুষ্ঠান ও উৎসব ।

**হ্যালাংহুলাং** [ 𑄦𑄣𑄁𑄦𑄪𑄣𑄁] - ক্রি.বিণ. হেলেদুলে ।

**হ্যালিগাথ্যা** [𑄦𑄣𑄨𑄉𑄗𑄳𑄠 ] - ক্রি.বিণ. মালার ন্যায় গাথা হয়েছে এমন; মালাবৎ গ্রথিত ।

**হ্যাল্যা** [ 𑄦𑄣𑄳𑄠] - বি.কৃষক; হালচাষী ; চাষা ।

**হ্যাস, হ্যাচ** [ 𑄦𑄥𑄴, 𑄦𑄌𑄴] - বি.হাঁস; হংস । ক্রি. ( তুমি ) হাসো ।

**হি , ই** [𑄦𑄨𑄂, 𑄄𑄂 ] - অব্য. আকস্মিক বিস্ময়বোধক ধ্বনিবিশেষ ।

**হিঁ** [𑄦𑄨𑄀𑄂] - অব্য. ঘৃণা প্রকাশক ধ্বনিবিশেষ ।

**হিজানা, ঈজানা** [𑄦𑄨𑄎𑄚, 𑄄𑄎𑄚] - ক্রি. সেচন করা ।

**হিদী,ঈদি** [𑄦𑄨𑄘𑄨, 𑄄𑄘𑄨] -বি. ছোট আকারের পশু ও বন্যপাখি ধরার ফাঁসবিশিষ্ট ফাঁদবিশেষ

**হিনানা** [𑄦𑄨𑄚𑄚] - ক্রি. শিং দিয়ে গুঁতা মারা ।

**হিন্দু** [𑄦𑄨𑄚𑄴𑄘𑄪] - বি. হিন্দুধর্ম; হিন্দুধর্মাবলম্বী; বাঙালি হিন্দু ।

**হিন্দুনি** [𑄦𑄨𑄚𑄴𑄘𑄪𑄚𑄨 ] - বি. হিন্দুমহিলা ।

**হিন্দুস্তান** [𑄦𑄨𑄚𑄴𑄘𑄪𑄥𑄴𑄖𑄚𑄴] - বি. হিন্দুস্তান; ভারত; ইন্ডিয়া

**হিম, ঈম** [𑄦𑄨𑄟𑄴, 𑄄𑄟𑄴] - বি. হীম ।

**হিয়োর, ঈয়োর** [𑄦𑄨𑄠𑄮𑄢𑄴, 𑄄𑄠𑄮𑄢𑄴] - বি. প্রকান্ড ছেঁদা । { হিন্দিঃ ওয়ার > }

**হিল, ঈল** [𑄦𑄨𑄣𑄴, 𑄄𑄣𑄴 ] - ক্রি.তৃপ্তি হওয়া ।

~ হ্না [𑄦𑄨𑄣𑄴-𑄦𑄳𑄚, 𑄄𑄣𑄴-𑄦𑄳𑄚] ক্রি.তৃপ্তি হওয়া ।

**হি্লাল্লা [𑄦𑄨𑄣𑄣𑄣]** - বিণ. ১. ভাবনাচিন্তাহীন। ২. অরক্ষিত অবস্থায়।

**হি্লেপাধারে [𑄦𑄨𑄣𑄬𑄛𑄙𑄢𑄬]** - বিণ. ১. যত্রতত্র। ২. বিশৃঙ্খল অবস্থায় অবস্থিত হওয়া।

**হুচ, হুস [𑄦𑄪𑄌𑄴, 𑄦𑄪𑄥𑄴]** - বি. হুঁশ; চৈতন্য।

**হুদুমদুমা [𑄦𑄪𑄘𑄪𑄟𑄴𑄘𑄪𑄟]** - ক্রি:বিণ. ১. আগুপিছু না ভেবে; হুট করে। ২. সশব্দে কাজ করার শব্দ। (ধ্বন্যা)

**হুবুজুবু [𑄦𑄪𑄝𑄪𑄎𑄪𑄝𑄪]** - বিণ. হট্টগোল।

**হুয়াং, হুয়াঙ [𑄦𑄪𑄠𑄁, 𑄦𑄪𑄠𑄋𑄴]** -বি.এক প্রকার তীক্ষ্ণ নখরওয়ালা নিশাচর হুতুম পেঁচা।

**হুরানা [𑄦𑄪𑄢𑄚]** - বি. পায়ে দলা বা মাড়ানো।

**হুরাহুরি [𑄦𑄪𑄢𑄦𑄪𑄢𑄨]** - বি. পায়ে দলাদলি।

**হুরাহুরি-ঝা, উরাউরি-ঝা [𑄦𑄪𑄢𑄦𑄪𑄢𑄨-𑄏, 𑄅𑄪𑄢𑄅𑄪𑄢𑄨-𑄏]** - বি. চাকমা ঐতিহ্যবাহী অঝাপাঠের নবম বর্ণ (𑄏)।

**হুরুম [𑄦𑄪𑄢𑄪𑄟𑄴]** - বি. মুড়ি।

**হুল [𑄦𑄪𑄣𑄴]** - বি. ১. অন্ডকোষ। ২. হুল।

**হে্ইত [𑄦𑄬𑄃𑄨𑄖𑄴, 𑄦𑄬𑄖𑄴, 𑄦𑄭𑄖𑄴]** - বি. হাতি; হস্তী।

**হেক্কানা [𑄦𑄬𑄇𑄴𑄇𑄚]** - ক্রি. ঢেঁকুর ওঠা।

**হে্গত [𑄦𑄬𑄉𑄖𑄴, 𑄦𑄭𑄉𑄖𑄴]** - অব্য. হঠাৎ।

**হে্জাল [𑄦𑄬𑄎𑄣𑄴]** - বি. অন্যের কাজে সহযোগিতা।

**হে্ত [ 𑄦𑄬𑄖𑄴 ]** - বি. হাতি। [ সং: হস্তী / পালি: হত্তি > ]।

**হে্তদাগা, হে্তডাগা [𑄦𑄬𑄖𑄴𑄘𑄉, 𑄦𑄬𑄖𑄴𑄓𑄉]** - বি.হরিয়াল (পাখি)।

**হে্দে [𑄦𑄬𑄘𑄬]** - বি.ভাটিতে; নদীর নিম্ন দিকে।

**হে্ভেলা [𑄦𑄬𑄞𑄬𑄣]** - বিণ. এইধারে; এইপাশে; এই পাড়ে।

**হে্মান [𑄦𑄬𑄟𑄚𑄴]** - বি. ১. পশু। ২. গালিবিশেষ।

**হে্রা [𑄦𑄬𑄢]** - বি.মাংস।

~ খেইয়া [𑄦𑄬𑄢𑄈𑄬𑄃𑄨𑄠/𑄦𑄬𑄢𑄈𑄭𑄠]- বিণ. মাংসাশী; মাংসখেকো।

{বাগধারা: হে্রাখেইয়া বাঘ' ডরে চিতখেইয়া বাঘ লাঘত পানা।}

**হে্রাকোজু, হে্রাকুজু [𑄦𑄬𑄢𑄇𑄮𑄎𑄪, 𑄦𑄬𑄢𑄇𑄪𑄎𑄪]** - বি.এক প্রকারের কচু।

**হে্ল [ 𑄦𑄬𑄣𑄴]** - বিণ. ১. শ্যামল। ২. হরিদ্রাভ। ৩. হালকা সবুজ।

~ চুকচুকা[𑄦𑄬𑄣𑄴-𑄌𑄪𑄇𑄴𑄌𑄪𑄇𑄴]-বিণ.উজ্জ্বল সবুজ;কচুপাতার গাঢ় সবুজ রঙের মত রং।

হোচ, হোস [ 𑄦𑄧𑄌𑄴, 𑄦𑄧𑄥𑄴 ] - বি. সাধ; সখ।

হোত্যা [ 𑄦𑄧𑄖𑄳𑄠 ] - বিণ. পরাজিত।

হোত্যাল [ 𑄦𑄧𑄖𑄳𑄠 ] - বি. হরিতকী।

হোম্বিচ [ 𑄦𑄧𑄖𑄳𑄠 ] - বি. আক্ষেপ; হাহুতাশ।

হোরিং, হোরিঙ, হুরিং [ 𑄦𑄧𑄢𑄨𑄁, 𑄦𑄧𑄢𑄨𑄋𑄴 ] - বি.হরিণ।

হোরিংজামুরা, হোরিঙজমুরা [ 𑄦𑄧𑄢𑄨𑄁𑄎𑄟𑄪𑄢, 𑄦𑄧𑄢𑄨𑄋𑄴𑄎𑄟𑄪𑄢 ] - বি. লাল রঙের এক জাতীয় বিষধর সাপ।

হোরিপ [ 𑄦𑄧𑄢𑄨𑄛𑄴 ] - বি. হরীপ; ফাঁকিবাজ। [ < আরবী:হরীফ= চালাক ]।

হোলি, হোলি-বিলেই [ 𑄦𑄧𑄣𑄨, 𑄦𑄧𑄣𑄨𑄝𑄨𑄣𑄬𑄄 ] - বি, বিড়ালী, মাদীবিড়াল।

হোলোঝোলো [ 𑄦𑄧𑄣𑄧𑄏𑄧𑄣𑄧 ] - বিণ. গোলমেলে; এলোমেলো।

হোলোদ [ 𑄦𑄧𑄣𑄧𑄘𑄴 ] - বি, ১. হলুদ {স. হলদ্দা}। ২. হলদে রং।

হোলোদ্যা [ 𑄦𑄧𑄣𑄧𑄘𑄳𑄠 ] - বিণ. হলদে।

হুয়েই [ 𑄦𑄪𑄠𑄬𑄄 ] অব্য. কুকুর তাড়ানোর শব্দ। (ধ্বন্যা)

হ্রংহ্রাং, রংরাং, রঙরাঙ [ 𑄦𑄳𑄢𑄧𑄁𑄦𑄳𑄢𑄁, 𑄢𑄧𑄁𑄢𑄁, 𑄢𑄧𑄋𑄴𑄢𑄋𑄴 ] - বি. ধনেশ।

হ্লাংহ্লাঙ্যা [ 𑄦𑄳𑄣𑄁𑄦𑄳𑄣𑄋𑄳𑄠 ] - বি. উলঙ্গবোধ।

